

বৰ্ণালী ৭০, মহাত্মা গান্ধী ব্ৰেষ্ট্ৰিচ্ছঞ্ কলিকা**ভা**-৯ প্রকাশক:
কান্তি রঞ্জন ঘোষ
৭৩, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা-১

প্রকাশ কাল: মহালয়া—১৩৭০

প্রচ্ছদ: প্রপন মণ্ডঙ্গ

মৃত্যক : সাধন চক্রবর্তী নৰীন প্রিক্তিং ওয়ার্কস্ ২৩, ডাঃ কার্ত্তিক বোস খ্রীট কলিকাভা-৯

সান্তাষ কুমার ঘোষ

শ্রদাষ্পদেষু

লেখকের অক্যান্য বই
নীলকণ্ঠ পাথির থোঁজে
রাজা যায় বনবাসে
একটি জলের রেখা
স্থা রাজপুত্র
সমুদ্র মান্থব
ভাকবাংলো
বিদেশিনী
নীল্ডিমি
শেষ দুশ্য

খরা, প্রচণ্ড খবা। কবে কোন বছরে একবার রৃষ্টি হয়েছিল এ অঞ্চলে, কবে কোন বছরে সবুজ শ্রামল মাঠ ছিল এ অঞ্চলে—মামুরের। যেন সব তা ভূলে গেছে। গ্রাম মাঠ খা খা কবছে। নদী-নালা সব হেজে মজে গেছে। শুকনো গাতাস আর মাঠে মাঠে শুধু ধুলো উড়ছে।

ফাল্পন মাস, বৃষ্টি ২চেছ না। মনে হয় কোন দিন আৰ বৃষ্টি হবে না, মাঠে শুধু ধুলো উড়ছিল। গ্ৰু-বাছুর নিয়ে দেশ ছেড়ে মাশ্বষের। সব চলে যাছে। তুর্ভিক্ষের মত ধান-চাল নেই, মাঠে শশু নেই। তু'সাল হল তুর্ভিক্ষের মত চলেছে।

গ্রামের পর গ্রাম, মাঠের পর মাঠ ধব জলবিছীন। নদী যেখানে গভীব ছিল দেখানে সামান্ত মাটি খুঁড়ে গত সালেও জল পাওয়া যেত— এবাব তাও নেই।

যা কিছু অবশিষ্ট মানুষ গ্রামে রয়েছে, নারী যুবক-যুবতী, ছেলে-বুড়ো সকলে মাটি খুঁড়ছিল নদীর ভিতর। ভিতর থেকে যদি সামাঞ্চ পরিমাণ জল পাওয়া যায়। সামাগ্র জল পেলে ওরা সংরক্ষণ করে বাখবে। অস্তত আগামী বর্ষা পর্যন্ত ওরা সেই জল নিয়ে বেঁচে থাকতে পারবে।

সবচেয়ে বৃদ্ধ মানুষটি সকলের আগে আগে কাজ করছিল। ভার হাতে যেন গুপুধন আবিদ্ধারের চাবিকাঠি। সে দাগ দিয়ে যাচ্ছিল লাঠি দিয়ে। বালির ওপর একটা করে গুপু চিহ্ন রেখে যাচ্ছে। আর প্রতিটি গুপু চিহ্ন প্রায় ত্রিশ হাত থেকে চল্লিশ হাত দূরে, এঁকে-বেঁকে গেছে অনেকটা সাপের মত—কারণ কেউ জানে না নদী কোখায়

টুকুনের অহ্থ

অন্তঃসলীলা। এ নদী যদি মরে যায়, মামুষরা তবে সব মরে যাবে। ওদের হাতে সামান্ত শস্তু—হ'সাল আগের সামান্য শস্তু—সঞ্চিত শস্তু এখন প্রায় নিংশেষ, তবু এই জল পেলে তৃষ্ণার হাত থেকে বাঁচবে, জল পেলে পাতা ঘাস এবং অন্য যা কিছু আছে এ অঞ্চলে, পাহাডে, ছোট পাহাড় অঞ্চলে এখনও যেসব লতাগুলা রয়েছে, তার শিকড়-বাকড় আছে, বনআলু রয়েছে, জল পেলে যে কোনভাবে সিদ্ধ করা যাবে, খাওয়া যাবে, খেলে পরে এ বর্ষাকাল পর্যন্ত অপেকা করা যাবে।

এই মাটি, বাপ-পিতামহের মাটি। সোনার ফদল হত মাটিতে। পব ফদল হায় কোথায় এখন অদৃশ্য হয়ে গেছে। বৃদ্ধ লোকটির হাতে লাঠি। সে হেঁটে হেঁটে যাচ্ছে। নদীর ছু'ধারে ছোট ছোট পাহাড়। ঝরনার জল আর নামছে না। গাছে গাছে কোন পাখির দদ্ধান পাওয়া যাচ্ছে না। দকলেই যেন মন্বন্তরের ভয়ে গ্রাম ছেড়ে দেশ ছেড়ে পালাচ্ছে।

বৃদ্ধ হেঁটে যাচ্ছেন, মাটিতে ক্রেস চিহ্ন একে দিচ্ছেন। একজন করে মানুষ কেউ চিহ্নের ওপর বসে পড়ছে মাট থোঁড়ার জন্য। যেখানে জণের সন্ধান পাওয়া যাবে সেখানেই পরদিন জড় হবে স্ব অন্য মানুষেরা -- সারাদিন খেটে জল বের করবে। নিজেরা জল ভরে রাখবে ঘড়ালে। জলের জন্ম ওরা প্রায় মাটির ওপর উপুড় হয়ে পড়ল।

বৃদ্ধ মানুষ্টিকে মোজেদের মত মনে হচ্ছিল। লম্ব। আলখেল্লাব মত জামা গায়, পায়ে নাগরী জুতা, মাথায় ফেটি বাঁধা। উচু লম্বা মানুষ, চুল ছোট করে ছাঁটা, শক্ত চোয়াল মানুষ্টার। রোদে, জলে অথবা ধরার সময়ে মুখে শক্ত সব রেখা— যেন দেখলেই মনে হয় মানুষ্টা আজ হোক কাল হোক এ অঞ্চলে জল নিয়ে আসবে।

গেরন্থের বৌরা, বিবিরা, যুবক যুবভীরা ছোট-বড় সকলে লম্বা লাইন দিয়ে এঁকে বেঁকে জলের জন্ম মাটি খুঁড়তে বসে গেছে। বৃদ্ধ যেখানে পাহাড়ের ঢালু জায়গাটা ছিল, সেখানে উঠে দাড়ালে, পেছনে প্রায় গ্র-ভিন মাইল পর্যস্ত শুধু নদীর বালি চোখে পড়ে—খরার জন্ম, গ্রীদ্ধ্য জন্য বালি চিক্ চিক্ করছিল। নদীটাকে এখন মরা একটা দাপ মনে হয়। আবার মনে হয়—চিত হয়ে আছে অধ্বগরটা। এক লম্বা অজগর—ছ-তিন মাইল লম্বা, চার মাইল লম্বা, আরও কত লম্বা হবে কে জানে, দিগস্তের দিকে ছুটে গেছে—যেন নদীটা কোথায় গিয়ে শেষ হয়েছে কারু জানা নেই।

পাহাড়ের পর পাহাড়, কোথাও সমতল মাঠ আবার পাহাড়, ছোট পাহাড়, কত রকমের লাল-নীল পাথর, পাহাড়ে কত রকমের গাছ-গাছালি, গুণ্মলতা আর কত রকমের পাথি ছিল। সব পাথিরা উড়ে চলে গেছে। গাছের পাতা ঝরে যাছে। গাছগুলো মুতের মত পাহাড়ময় দাঁড়িয়ে—সমতল ভূমিতে সব কুঁড়ে ঘর, খড়ের চাল। ঝোপে-জঙ্গলে শুধু শুকনো পাতার থস থস শব্দ। ঘাস আর নেই। মাটির নীচে ঘাসের শেকড় মরে যাছে। বৃদ্ধের মুখে ছ্শ্চিন্তার রেখা।

ঠিক সামনেই বালুবেলাতে এই অঞ্লের ছোট ছেলেটি বসে মাটি থুঁড়ছিল। বৃদ্ধ দেখল ছোট ছেলেটি সকলের শেষে মাটি খুঁড়তে বসেছে। ওর গায়ে লম্বা ঝুলের জামা। জামাটি ওর নয়, স্থুদিনে কি ছুদিনে ওর বাবা হয়তো তৈরি করেছিল। পার্বনের দিনে ওর মা-বাপ একবার মেলাফ গিয়েছিল এবং পরে, এই মাস ছই পরে হবে, ওলাওঠায় বাপ-মা ছু'জনই গেছে। তখনও সামান্য জল ছিল পাতকুঁয়াতে, সামান্য জল ভূলে রাখা যেত। এখন এই সামান্য বালক হাতে একটা খুরপি। পিঠের নীচে বাশের এক হাত লম্বা একটা চোঙ। ভিতরে কিছু যত্ন করে রেখে দিয়েছে মনে হয়। বালিমাটি খোঁড়ার কাঁকে কাঁকে সেই লম্বা চোঙ থেকে ম্যাজিকের মত ছোট একটা পাখি বের করে আনছিল এবং বোধ হয় শুকনো বটকল খাওয়াছিল। সে, এই বালক কাজে কাঁকি দিচ্ছে দেখে পাহাড়ের ঢালু থেকে হেঁকে উঠল—হেই স্থবল।

দূরে দূরে এই হাঁক ভেসে যাচ্ছিল। পাহাড়ে পাহাড়ে প্রতিধানি

টুকুনের অহুখ

স্বল তাড়ান্তাড়ি পাথিটাকে বাঁশের চোঙের ভেতর ভরে মুখটা সামাশ্য একটা ছোট্ট কাঠ দিয়ে তেকে দিল, তারপর আপন মনে এবং এক নাগাড়ে দে মাটি খুঁড়তে থাকল। দলের লোকেরা মাটি খুঁড়ছে। ওদের কোচড়ে শুকনো চানা ছিল। ক্ষুধার জন্ম ওরা শুকনো চানা চিবিয়ে থাচ্ছিল। শুকনো চানা গালে এবং দাতের ফাঁকে সাদা অথবা হলুদ রঙের ফেনা তুলছে। দেখলেই বোঝা যায় ভরা জলের বিনিময়ে নিজের রক্ত চুষে তৃষ্ণা নিবারণ করছে। মানুষগুলোর মুখ, যুবতীর মুখ, বৌ-বিবিদের মুখ, মিঞা-মাভব্বরদের মুখ যন্ত্রণায় ছটফট করছিল, রুদ্ধের জন্ম ওরা এখনও গ্রাম ছেড়ে পালায় নি, যেন একা বৃদ্ধ সকলকে আটকে রেখেছে। সকলকে বলছে—কোথাও না কোথাও নদীর অস্তঃস্তলে জল আছে, আমাদের এই জল অনুসন্ধান করে বের করতে হবে।

নদী অন্তঃসলীলা। বৃদ্ধ বড় একটা অজুনি গাছের নীচে দাঁডি,য ভারেল, নদী অন্তঃগলীলা। নদী কোথাও না কোথাও এইসব লোকালয়ের জন্ম জল সঞ্চয় করে রেখে দিয়েছে। কি এমন পাঁপ ছিল, কি এমন জন্ম অপরাধ ছিল মামুষের, যার জন্ম হায়, ঈশ্বর বাধ সাধলেন। বৃদ্ধ ঈশ্বর বিশ্বাসী। ঈশ্বর মঙ্গলময়। তিনি মানুষের ছঃখ অনস্তকাল ধরে সহা করেন না। তিনি নিশ্চয় সরল এবং গরীব এই মানুষগুলোর জন্ম নদীর বালুগর্ভে জল সঞ্চয় করে রেখেছেন।

শুধু এখন প্রচেষ্টা। সমবেত প্রচেষ্টা। আজ প্রায় পনের দিন ধরে এই সমবেত প্রচেষ্টা—জলের জন্য সপ্তাহে যে মোষের গাড়ি তিনটি আদে, যারা জল আনতে বিশ ক্রোশ দূরে যার—ভাদেরও ক'দিন খরে আঃ দেখা নেই। লোকগুলো জলের অভাবে মরে যাবে এবার।

শহর অনেক দূরে—শহুরের দিকে যে গেছে সে সার ফেরে।ন। ক্রেমশ এক-তৃই করে গ্রামের মানুষেরা সরে পড়ছে। বুদ্ধের তু'টোখ বালা এবং যন্ত্রণায় বলছিল। মানুষগুলো বলে দিরেছে আজই হুরা শেষ চেষ্টা করবে, জল না পেলে শহুরের দিকে চলে যাবে। গ্রা আর একজন মানুষও থাকবে না। মাঠ এবং নদী ভেক্তে ওরা সকলে শহরের দিকে চলে যাবে।

তুপুর পর্যন্ত জল পাওয়া গেল না। বালিয়াড়ি তেতে উঠেছে। উত্তপ্ত এই বালিয়াড়িতে মানুষগুলো বদে থাকতে পারছিল না। ওরা বালি খুঁড়ে খুঁড়ে আট-দশ-বারো হাত পর্যন্ত গর্ভ করে ফেলেছে, ভিতরে ঠাণ্ডা ভাব, অথচ জলের কোন চিহ্ন নেই।

পাহাড়ের ওপারে রেল লাইন। তুপুরের গাড়ি চলে যাচ্ছে। পাহাড় এবং মাঠ অথবা দিগস্তের ওপারে ওই রেলের হুইসল ওদের বুকে বেঁচে থাকার প্রেরণা যেন। ওরা এক সঙ্গে উঠে দাঁড়াল—এই ট্রেনে উঠলে অনেক দ্রে এক শহর আছে, বড় শহর, বড় ইটের সব বাড়ি, আকাশ ছুঁয়ে আছে সেই সব উচু বাড়ি, কলকারখানা এবং নদীর ওপারে বড় জাহাজ, নদীতে কড় জল, জলের জন্ম বালি খুঁড়ে মরতে হয় না, স্থতরাং সেই বড় শহরে চলে যাবার হাতছানি ওদের মাহঝ মাঝে অস্থামনস্ক করে দিছিল।

বৃদ্ধ মানুষটি অর্জুনগাছের নীচে বসে দূরে, বহু দূরে যাদের এখান থেকে পিঁপড়ের মত মনে হচ্ছিল—লম্বা বালিয়াড়ি, দিগস্থে ভেসেগছে এই নদী, সোজা, কোথাও সামাশ্য বেঁকে নদীর বালুবেলা সুর্যের উত্তাপে আগুনের মত ঝলসে যাচ্ছিল। মানুষগুলোকে কালো কালো কীট-পতক্ষের মত মনে হচ্ছে। যেন একটা বড় পিঁপড়ের সারি নদীর মোহনা খোঁজার জন্ম নদীর ঢালুতে নেমে যাচ্ছে। পাহাড় উচু বলে এবং এখানে সামাশ্য ছায়া রয়েছে বলে, ঝোপজঙ্গলের শেষ স্ব্যাট্কুনষ্ট হয় নি। বৃদ্ধ কোথায় এবং কোনদিকে গেলে বনআলু প্রচুর সংগ্রহ করা যেতে পারে—অর্থাৎ এই মানুষ যিনি আপ্রাণ তার মানুষের বেঁচে ধাকার এলাদ সংগ্রহের জন্ম ভেবে চলেছেন।

কবে একবার এ-অঞ্চলে মহারানীর মত এক সম্রাজ্ঞী এসেছিল— অঞ্চল তিনি দেখে গেছেন। বড় বড় পরিকল্পনা হচ্ছে।

টুকনের অহণ

মান্থবের অসাধ্য কিছুই নেই—জল এ অঞ্চলে আজ কোক কাল কোক আসবে। মান্থবগুলো সমাজ্ঞীর কথায় প্রাণের ভিতর জীবনধারণের আকৃল ইচ্ছায় গ্রাম ছেড়ে পালায় নি। ওরা দিনের পর দিন জলের জন্ম অপেকা করছে। জল আসবে। এই গ্রীম্মের ধরা রোদ আজ হোক কাল হোক মরে যাবে। ওরা সকলে একবার আকাশের দিকে চোথ মেলে তাকাল, কোন দিগন্তে যদি সামান্য মেঘের আভাস চোথে পড়ে। কোথাও কোন মেঘের আভাস নেই। খালি আকাশ। নীল হরিজাভ বর্ণ, যা শুধু মাঠের ওপর এবং ঘাসের ওপর আগুন ছড়াচেছ।

ঘাদ নেই, শুকিয়ে কবে ধুলোবালির সঙ্গে গুঁড়োগুঁড়ো সয়ে অক্য কোন নদী অথবা মাঠের ছায়ার সঙ্গে যেন বাতাদে ভেসে চলে গেছে। মামুষগুলো এখন কোন মেষপালকের মত আঞ্চপ্তবি স্বপ্ন দেখছিল। কারণ ছপুরের রোদে, কবে একবার ওরা পেট পুরে তৃষ্ণার জল পান কর্মছিল মনে নেই—মামুষগুলো সব ঝিমিয়ে পড়ছে। ওদের কাত অসাড় হয়ে পড়ছে। চোখে প্রায় কিছুই দেখতে পাচ্ছে না। মাথা ঘুরছে। ওরা উঠে দাড়াতে পর্যন্ত পারছিল না। কারণ সারাদিন মাটি খুঁড়ে ওরা জলের সন্ধান পেল না। ওরা ক্রান্ত। এবং প্রায় হতচেতন। ওরা প্রায় কিছুই ভাবতে পারছিল না। ওরা বালি-য়াড়িতে মুখ থুবড়ে পড়ে আছে এবং এক আজগুবি স্বপ্ন দেই মেষ-পালকের মত। হাতে বড় এক শক্ত লাঠি মেষপালকের—আগুন, লাঠি তুললে আগুন। জল, লাঠি তুললে জল। অম্ববন্ত্র, লাঠি তুললে অম্ববন্ত্র। এমন এক মামুষ কি তাদের জল্য কোণাও অপেক্ষা করছে না। যে তাদের জন্ম এই মাটিতে জল নিয়ে আসবে। অম্ববন্ত্র নিয়ে আসবে।

ঠিক তথনই অর্জুনগাছের নীচ থেকে বৃদ্ধ চিৎকার করে উঠল। বলস, ভোমরা সকলে উঠে এস।

সেই শব্দ আবার পাহাড়ের সঙ্গে সমতল ভূমিতে এবং ঢালু

বালিয়াড়িতে প্রতিধ্বনি তুলে নেমে গেল। মামুষগুলো কোন স্বপ্ন লক্ষ আদেশের মত দেই উচু পাছাডের দিকে যেতে থাকল।

সেই বালকটি তার পাথিটাকে চোঙের ভিতরে রেখে পিঠে ছোট্ট একটা হুক দিয়ে ঝুলিয়ে দিল। তার সঙ্গে টিনের থালা-মগ ছিল একটা এবং সামান্য কাপড়জামা। কালো নোংরা পুঁটলিটা সে পিঠের বাঁ দিকে ঝুলিয়ে সকলের সঙ্গে উঠে ষেতে লাগল পাহাড়ের দিকে।

বৃদ্ধ পাহাড়ের নীচে সামান্ত এক সমতলভূমিতে দাঁড়িয়ে ছিল।
সে অমুসন্ধান করে এই স্থানটুকু আবিষ্কার করেছে। কিছু গুলালতা
দেখে সে বুঝে নিয়েছিল এই মাটির নীচে বসাল এক রকমের শিকড়
রয়েছে। স্বভরাং খুঁড়ে খুঁড়ে এক পাহাড় রসাল শেকড় তুলে রেখেছে।
তার শক্ত বাজ কাজ করার জন্য বড় বেশি পাথরের মত কঠিন মনে
ছচ্চিল।

রদ্ধ সকলকে প্রায় সমানভাবে ভাগ করে দিল। এবং বলল, চুয়ে খাও। তোমাদের তেষ্টা নিবারণ হবে।

মানুষগুলোর কাছে এই বৃদ্ধ মোজেসের মত। এই ছুর্দিনে এই একমাত্র মানুষ যে তাদের আশা দিয়ে বাঁচবার জন্ম অনুপ্রেরণা দিচ্ছে। তিনি কেবল বঙ্গছেন, জল হবে। এবার বর্ষায় জল হবে। জল হলে নদীর সব জল আমরা নেমে যেতে দেব না। বাঁধ দিয়ে আমরা জল আটকে রেখে দেব। স্থাদিনে ছুর্দিনে জল আমাদের কাজে আসবে।

বৃদ্ধ আরও বলছিল, এই মাটি সোনার ফসল দেবে। এই মাটি ছেড়ে কোন শহরে চলে যাবি—ভিথারি বনে যাবি, এই মাটিতে জ্বল হলে আমরা সকলে মিলে সোনার ফসল ফ্বলাতে পারি। বৃদ্ধ এইটুকু বলে পিতামহের আমলের এক মহন্তরের গল্প শোনাল।

স্থল কান খাড়া করে রাখল। নানা রকমের বীভৎস দৃশ্য চোখের ওপর ভাসছিল স্ববলের। বৃদ্ধ পুরাতন এক মহস্তরের গল্প শুনিয়ে

টুকুনের অহুধ

বলল, সংসারে এমন হয় মাঝে মাঝে। তাতে ভেক্সে পড়লে চলে না। মামুষ, গরু-বাছুর পথে-ঘাটে মরে পড়ে থাকে। ঘরের ভিতর মৃতের হর্গন্ধ। মহামারী আসে। গ্রামের পর গ্রাম ক্রমশ খালি হয়ে যায়।

পাহাড়ে পাহাড়ে ধৃলোর ঝড় উঠেছে। ওরা দলবেঁধে হাঁটডে থাকল। ওরা জানতো, এই সামনের ঢালু বেয়ে নেমে গেলে বড় এক পাকা রাজ্ঞা পাওয়া যাবে। তারপর ত্ব'ক্রোশের মত হেঁটে গেলে রেল-লাইন, লাইনের ধারে লঙ্গরখানা থুলেছে সরকার, সেখানে পৌছুতে পারলে এক হাতা থিচুরি পাওয়া যাবে। এই সামাগ্য আহার সারা রাত্রির জন্ম ওদের সামান্য শান্তি দেবে। ভারপর ফের আগামীকাল নদীর ঢালুতে জলের সন্ধান চলবে। ক্রমশ এভাবে চলবে। কডদিন চলবে এভাবে ওদের জানা ছিল না। শুধু বৃদ্ধ আগে আগে হাঁটছে। হাতে লাঠি। সে মাঝে মাঝে হাতের লাঠি আকাশের দিকে তুলে দিচ্ছে, পথে-ঘাটে গরু-বাছুর মরে পড়ে ছিল, পচা তুর্গন্ধ। কোন গ্রামে ওরা মানুষের চিহ্ন দেখতে পেল না। কেবল দুরে ট্রেনের ছইসল শোনা যাচ্ছিল মাঝে মাঝে মাঝে।

ওরা সন্ধ্যায় সন্ধ্যায় রেল-লাইনের ধারে পৌছাল। গ্রামটাকে উৎসবের মত মনে হচ্ছিল। বড় বড় কড়াইয়ে খিচুরি রাল্লা হচ্ছে। দূর দূর গ্রাম থেকে সব মাল্লফেরা এসে বসে রয়েছে। বড় বড় অজুনি গাছের নীচে খড়-।বচালি বিছিয়ে বৌ-বিবিরা শুয়ে আছে, খাবার হয়ে গেলে টিনের থালা এবং মগ নিয়ে সকলে লাইন দেবে। অবশ্য শিশুদের এবং বালক-বালিকাদের খাবার দেওয়া হয়ে গেছে। ওরা খেলে খাবে বুড়ো-বুড়িরা, এবং বৌ-বিবিরা। তারপর যুবক এবং মরদ মালুষেরা।

উৎসবের মত এই গ্রাম। ব্যাজ পরা একদল মামুষ। বড় বড় তাঁৰু খাটানো হচ্ছে। ডে-লাইট ঘলছে, কোন পরিত্যক্ত ধনী গৃছদ্বের বাগানবাড়ি হবে এটা। প্রায় দশ-বারোটা উন্নুনে শোহার বড় বড় কড়াইয়ে থিচুরি ফুটছে। ত্রিপাল গোল করে মাটির গতে থিচুরি রাখা হচ্ছে। বড় বড় কাঠের হাতা নিয়ে বড় বড় বালতি নিয়ে ব্যাজ্ঞ পরা মানুষগুলো ছুটোছুটি করছে। কিছু লোক কোথায় গগুলোল পাকাচ্ছে, একদল স্বেচ্ছাদেবক দেদিকে ছুটল। ওরা লুকিয়ে খাবার চুরি করে নিয়ে যাচ্ছে।

বড় বড় মোষের গাড়িতে শহর থেকে জল এসেছে। বড় বড় মাটির জালা জল ভর্তি ছিল, এখন সেই জল নিংশেষ। কেউ থিচুরি খাবার পর এক কোঁটা জল খেতে পারছে না। মানুষগুলোর মুখে বিরক্তির ছাপ এবং উত্তেজনা দেখা দিচ্ছে।

জল নেই, থাবার জল নেই। এই অঞ্চলে—পাঁচ-সান্ত ক্রোশ এমন কি দশ ক্রোশ হবে জল নেই—থাবার জল নেই, পাতকুঁয়াতে কোথায় সামান্ত জল একজন গেরস্থ মামুষ লুকিয়ে রেখেছিল—সেখানে খণ্ডযুদ্ধ মামুষের সঙ্গে মানুষের। কারণ কে যেন বলছিল এই ছুর্দিনে জল লুকিয়ে রাখতে নেই।

তথন তাঁবৃতে তাঁবৃতে সরকাবের লোক সব ফিরে যাচ্ছিল।
জলের কথা বললে ওরা না শুনি না শুনি করে পেতল-কাঁসা
যা ছিল কিছু সামনে তা দিয়ে কান ঢেকে দিল। অর্থাৎ ওরা কিছু
শুনতে চাইল না। উপরস্ত তাঁবৃ থেকে হাট পরা মাক্সটা ক্রুবর হয়ে
বলল, কাল থেকে লঙ্গরখানা বন্ধ: কতদিন বন্ধ থাকুবে জানা নেই,
শুদামখানায় চাল-ডালের মজুত শেষ। আবার কোথা থেকে গম
আসছে, আদার যদি কথা থাকে তবে এখানে হু'চারদিন ক্লটি মিলতে
পারে আবার নাও মিলতে পারে। সরকারের লোকটি নিজের দায়দায়িত্ব ঝেড়ে কেলে তাঁবুর ভিতর চুকে গেল।

মানুষগুলো, কত মানুষ হবে—প্রায় হাজার মানুষ, ছেল্-বৈ-বিবি নিয়ে হাজারের ওপর হুতে পারে, বিশেষ করে স্থবল, যার বাঁশের

টুকুনের অহুধ

ভেতর ময়না পাথির বাচ্চা, বাচ্চাটাকে স্থবল কটা মবা গাছের নীচে কুড়িয়ে পেয়েছিল। কারণ পাথিরা পর্যন্ত ভয়ে দেশ ছেড়ে চলে গেছে, জলের অভাবে, শস্তের অভাবে এখন আর কোন পাখি পর্যন্ত ডাকে না—স্থবল সেই মরা গাছের ডালে একটা ভাঙা বাদা দেখেছিল। বোধ হয় পাথিটা বাদা থেকে পড়ে গেছে। পাথিটা জলের জন্ম অথবা ক্ষ্পায় হ' ঠোঁট ফাঁক করে দিচ্ছিল—স্থবল পাথি নিয়ে ছুটে ছুটে ওর যে শেষ দামান্ত সঞ্চিত জল ছোট কাঁচের শিশিতে লুকিয়ে বেখোছল, সেই জল থেকে প্রায় মধুর মত একটু একটু করে জল দিতেই পাথির বাচ্চাটা যেন প্রাণ ফিবে পেল। স্থবল হাতে তালি বাজাল এবং এত বড় থরা চলেছে, মন্বন্তর এদে গেল দেশে—এই পাথি মিলে যাওয়ায় ওর ভয় যেন দব কেটে গেল। সেই স্থবল যাকে দেখলে এখন ভিড়ের মধ্যে মনে হল বড় কাঙ্গাল, সরল সহজ—গোবেচারা স্থবল পিঠে বাঁশের ভেতরে পাথি নিয়ে এগিয়ে গেল। বলল, আমরা খেতে না পেলে মরে যাব।

তাঁবুর ভিতরে বােধ হয় কি নিয়ে হাসি-মসকরা হচ্ছিল। ওরা
থুব জােরে হাসছে। ওরা স্থালের কথা শুনতে পায় নি। স্তরাং
স্থবল পেছনের দিকে তাকাতেই দেখল সেই বৃদ্ধ লাঠি উচু করে
রেখেছে। যেন এই লাঠিতে মােজেসের প্রাণ আছে। লাঠি এখন
ওদের সয় আশা পূরণ করবে। সে লাঠি তুলে ওপরে কি নির্দেশ
করতেই সকলে বুঝে নিল, ওদের এবার এ স্থান পরিত্যাগ করতে
হবে। ওরা বুদ্ধের কথামত পিছনে পিছনে চলতে থাকল। তাঁবুর
চারিপাশে পুলিশ ছিল কিছু…ওদের হাতে বন্দুক ছিল, গ্রামের
মানুরেরা হিংশ্রে, ভয়য়র হিংশ্র হয়ে উঠছে অথচ এই বন্দুক দেখলে
তাদের প্রাণ শুকিয়ে যায়—ওরা অর্থাৎ এই—এই মানুষেরা, যারা
হা-য়ায়ের জয় মাটি কামড়ে পড়ে থাকছে, তাদের নীরবে অন্ধকারে
নেমে যাওয়া ছাড়া গভ্যক্তর থাকল না।

অন্ধকারে বৃদ্ধ বলল, আমরা কোথায় যাচ্ছি স্থবল ?

- ---জানি না কর্তা।
- —আমরা কোথাও যাচ্ছি না। আমরা এই পাহাড়ের ওপর আগুন ছেলে দেব। সব পুড়িয়ে দেব। যখন মাটি এত নেমকহারাম ঈশ্বর এত বেইমান—যখন বৃষ্টি হচ্ছে না, যখন ঘাসমাটি পুড়ে গেল সব তখন আমরা আগুন ছেলে বাকি যা আছে সব পুড়িয়ে দিয়ে চলে যাব শহরে।

কিন্তু ভিতর থেকে কে যেন রুখে উঠল। বলস, আমরা ঞ্চল থেতে চাই কর্তা। তুমি সারাদিন বালুর ভিতর পুরে রেখেছিলে জল দেবে বলে, কিন্তু জল কই গু

দলের ভিতর শিশুদের কান্না, জল খাব। ওদের সকলের ভয়ন্বব তেষ্টা। বৃদ্ধ নিজেও তেষ্টায় মরে যাচ্ছে। ভিতরে এক ভয়ন্তর হিংস্রতা কাজ করছে। ক্ষণে ক্ষণে বৃদ্ধি পাল্টায়। মনে ইয় এই। মাটি সোনার ফসল দেবে, আবার মনে হয় জল বৃঝি এখানে আর কোন দিন হবে না, মাটি আর সোনার ফসল দেবে না। সব শুকিয়ে যাবে তারপর একদিন এই অঞ্চল মক্ষভূমি গ্রাস করে নেবে।

তথন দূরে ট্রেনের হুইসল। বড একটা ট্রেন বিহাৎ বেগে ছুটে আসছে। কোথায় এক দিল্লী বলে শহর আছে, কোথায় এক কলকাতা বলে নগর আছে, সেথানে ট্রেনটা যাবে। দিল্লী থেকে কলকাতা। বৃদ্ধ এবার লাঠিটা শক্ত করে ধরে কেলল। তারপর সকলকে উদ্দেশ্য করে বলল, তোমরা এই লাইনের ওপর বসে যাও। শহর থেকে নগরে যাবার জন্য বড় ট্রেন আসছে। আজ আমরা ট্রেনটা থামিয়ে দেখব কি আছে, যদি ভিতরে জল থাকে, তবে আমরা জল নিয়ে চলে যাব। জলের জন্য অন্নের জন্য আমাদের এই দন্যুবৃদ্ধি। আমাদের কোন পাপ হবে না।

স্বলের ভয় ছিল ট্রেনটা হুড়মুড় করে এলে ওপরে উঠে বেজে

টুকুনের স্বস্থ

পারে। সে ভয়ে ভয়ে বলল, কর্তা, আমরা যে ভবে দব মরে যাব।

- —মরে যাবে কেন ?
- ট্রেনটা আমাদের ওপর দিয়ে চলে যাবে।
- —আবে না, ট্রেন মান্তবের ওপর দিয়ে যায় না। এতগুলো লোক দেখলেই ড্রাইভার ট্রেন থামিয়ে দেবে।

কর্তামানুষ এই বৃদ্ধ, এ অঞ্চলের পুরোহিত মানুষ, বিভায় বৃদ্ধিতে সকলের চেয়ে প্রবল স্বভরাং স্ববলের আর কোন ভয় থাকল ना। म তার পাথি পিঠে রেখে দিল, সে তার ঝোলাঝুলি, বগলের নীচে ঝুলিয়ে রাখল। স্থৰল অন্ধকারে টিপে টিপে দেখল ঝোলাঝুলিতে ওর সংগ্রহ করা পোকামাকড়গুলো রয়েছে কিনা! কারণ সে খব ভোরে উঠে পোকামাকড় সংগ্রহ করে রেখেছে পাখিটার জন্ম! খুব ভোরে উঠে সে পাথিটাকে আকাশে ওড়াবার চেষ্টা করেছে। কারণ তথন প্রবল থরা থাকে না, ঠাণ্ডা ঠাণ্ডা ভাব থাকে, এবং থুব ভোরেই পাথিটা যেন সামাত্র সতেজ থাকে। তারপর সূর্য ওঠার সঙ্গে পাখিটা গরমে ছটফট করতে থাকে। স্ববলের মনে হয় তথন সে পাখিটাকে আর বুঝি বাঁচাতে পারবে না। সে যখনই সামাত্র অবসর পায় পাথিটাকে বাঁশের চোঙ থেকে তুলে এনে হাতের ওপর বিসমে রাখে। এবং নিজে সূর্যের দিকে পিঠ রেখে পাথিটাকে ছায়। দেয়। যদি **ফুরফু**রে হাওয়া থাকে তবে পাখিটাকে হাওয়া^{*}লাগাবার জন্য হাতের কজিতে বসিয়ে সে আপন মনে শিষ দিতে থাকে এবং গ্রাম্য কোন সঙ্গীত অথবা লোকগাথা সে কবিতার মত উচ্চারণ করতে করতে এই প্রবল থরা, মন্বন্তর আসছে, ছর্ভিক সারা দেশে, আবার ওলাওঠা মহামারীর আকারে দেখা দিচ্ছে, স্থবল পাখিটাকে রক্ষা করার জন্য সবকিছু ছেড়েছুঁড়ে দিয়ে এখন সে অনা কোথাও পালাতে পারলে বাঁচে।

ভয়ঙ্কর অন্ধকার। এতগুলো মানুষ নি:শব্দে হাঁটছে। শুক্নো পাতার শুধু খদ খদ শব্দ উঠছিল। গুরা প্রায় সকলেই বনবেরালের মত চুপি চুপি রেল-লাইনের দিকে এগিয়ে যাচ্ছে। শিশুদের কান্না মাঝে মাঝে বড় ভয়ন্কর শোনাচ্ছিল।

শাল গাছের জঙ্গল সামনে। জঙ্গল পার হলে রেল-লাইন। শাল গাছগুলো প্রায় মৃতের মত দাঁড়িয়ে আছে। অস্ককারে গাছের ডাল-পালাগুলোকে খুব ভূতুড়ে মনে হচ্ছিল। কোথাও কোন আলো জ্বলছে না। কোন গ্রাম থেকে একটা কুকুর পর্যন্ত ডাকছে না। মাঝে মাঝে শেয়ালের চিংকার রাতের অস্ককারকে তীক্ষ্ণ খোঁচা মারছিল—কারণ দূরে অথবা আশে-পাশে শেয়ালের চিংকার—আর এক ঝিল্লির ডাক, মনে হয় এই সংসারে জীবনধারণের উপযোগী আর কিছু থাকল না, কোন আলো অথবা হাওয়া, স্বত্ত ভ্য়াবহ মৃতের গন্ধ শুধু।

বৃদ্ধ পুরোহিত রেল-লাইনে ওঠার আগে বললেন, বিবি-বৌদের এবং শিশুদের আলাদা রেখে দাও। ওরা বড় কছুই গাছের নীচে বসে থাকুক।

বৃদ্ধ এবার যুবকদের উদ্দেশ করে বললেন, ভোমরা হাতে সামান্ত কাপড় নাও। ট্রেনের আলো দেখার সঙ্গে সঙ্গে হাত ওপরে তুলে গাড়ি থামাবার নির্দেশ দেবে। বৃদ্ধ পুরোহিত এইসব বলে রেলের লাইনে কি মুয়ে যেন দেখল। তারপর সে সকলের আগে হাতে সেই লাঠি, পুরোহিত নিজের হাতে লাঠি নিয়ে সামান্ত সময় স্থির হয়ে দাড়াল। অপলক সে যেন কিছু দেখছে,—অন্ধকার, না এই জগং-সংসার, না পূর্বস্থৃতি তার কাজ করছিল। কি ছিল এই অঞ্চলে। বড় মাঠে সোনার ফসল ছিল, বারো মাসে তেরো পার্বণ ছিল, গোরালে বড় বড় গরু, মোষ ছিল, শীতের সময়ে রামায়ণ-গা্ন ছিল। এখন গ্রীম্বকালে ঢোলের বাজনা ছিল, রামাহই রামাহই গান ছিল। এখন

টুকুনের অক্থ

সব নিংশেষ। কেবল ভয়, যা কিছু সামান্ত মানুষ আছে তারাও চলে যাবে সব বাড়ি ছেড়ে। ভয়, মহামারী, মন্বন্তর এসে গেল। সামান্ত খয়রাতি সাহায্য বন্ধ হয়ে যাচ্ছে। তবে আর কি থাকল মানুষগুলোর, কি জন্ত আর অপেকা করা। এই মাটি কামড়ে পড়ে থাকলে মানুষগুলো বৃঝি নিশ্চিক্ত হয়ে যাবে। রন্ধ পুরোহিত অন্ধকারের ভিতর কোন আলোর চিক্ত দেখতে পাচেছ না।

ট্রেনটা বোধ হয় তখন নদী পার হচ্ছিল, কোন বড় সেতু পাব হচ্ছিল, অথবা বাঁকের মুখে কোন পাহাড়ের ভিতর ট্রেনটা ঢুকে যাচ্ছে— স্থতরাং গম গম, খুব দূর থেকে গম গম শব্দ, মনে হয় খুব দূর থেকে ভেসে আসছে শব্দ, যেন হাওয়ায় ভর করে শব্দটা কানেব পাশে ভেসে বেড়াচ্ছে।

ভারপর দেই আলো, ট্রেনের আলো, দূর থেকে ওরা ট্রেনেব আলো দেখতে পেল। ট্রেনটা যত ক্রত এগিয়ে আসছে তত ওদের বুক ভয়ে হুরু হুরু করছিল। তত ওরা মরিয়া হয়ে উঠছে। যেন ওরা কোন দীর্ঘ মরুভূমি পার হবে এখন—স্কুতরাং সকলের মৃত্যুর সঙ্গে লড়াই, সকলের রক্তে এক অমামুষিক উত্তাপ সঞ্চিত হচ্ছে।

হাড়গোড় বের করা মানুষগুলোর দিকে এখন আর তাকানো যাচ্ছে না। লাইনের ওপর যেন শত শত কল্পাল দাঁড়িয়ে আছে। পুরুষদের মুখে থোঁচা থোঁচা দাড়ি, স্নান না করার জন্য চুল শনের মন্ত হয়ে গেছে, গায়ে খড়ি ওঠা, পেটের ভিতর যন্ত্রণা, ক্ষুধার যন্ত্রণা। সামান্ত লক্ষরখানার দান এই সামান্ত পথটুকু অতিক্রম করতেই হন্ধম হয়ে গেছে।

ওরা সকলে আলোটা দেখে ভয় পাচ্ছে। ওরা এই ভয়ের হাত থেকে নিষ্কৃতি পাবার জন্য কি করবে ভেবে পাচ্ছিল না। ওরা অন্ধকারে পরস্পর মুখের দিকে তাকাল। বৃদ্ধ পুরোহিত পর্যস্ত ভন্ন পেয়ে গেছেন। দৈত্যের মত ঝড়ের বেগে ট্রেনটা ছুটে আসছে, পাহাড়ের ওপর পড়লে রক্ষা থাকছে না। সব মামুষগুলোর রক্তে এই লাইন ভেদে যাবে, শকুনের আর্তনাদ শোনা যাবে দূরে—বৃদ্ধ ভয় থেকে রক্ষা পাবার জন্য যেন ডেকে উঠল, জল চাই, আমরা জল চাই।

সঙ্গে সঙ্গে স্থবল ওর পাথিটাকে বুকের কাছে এনে বলল, হাঁ।, মামরা জল চাই, জল চাই।

যুবক-যুবতীরা বলল, জল চাই, জল চাই।

কড়ুই গাছের নাচ থেকে বৌ-বিবিরা চিৎকার করে উঠল, জল চাই।

ভূতের ভয় থেকে রক্ষা পাবার জন্য যেন ওই মানুষগুলো জল চাই, জল চাই বলে হরি নামের মত মন্ত্র উচ্চারণ করছে। এই উচ্চারণ কেবল দার্ঘ মাঠে শব বহনকারী মানুষের কান্নার মত শোনাচ্ছে। বড় মাঠ সামনে, লাইনের পাশে বড় পাহাড়, শাল গাছের মাথায় ভাঙ্গা চাদের আবছা অন্ধকার, এতগুলো মানুষের ভয়াবহ কণ্ঠ চারপাশের পরিবেশকে খুব বিষণ্ণ করে তুলছে।

ট্রেনটা হুইসল দিচ্ছে, ড্রাইভার টের পেয়ে গেছে বুঝি। আবছা আবছা কি যেন দেখা যাচ্ছে লাইনের ওপর। প্রথম কুয়াশার মত মনে হচ্ছে, তারপর মনে হচ্ছে মরীচিকার মত হাজার সরল রেখা পুতৃল নাচের দড়িতে ঝুলছে।

জাইভার চোথ মুছে নিল। এই অঞ্চলে ভয়ন্বর খরা চলছে, এই অঞ্চলে দীর্ঘকাল বৃষ্টিপাত নেই এবং এই অঞ্চলে মহামারী আরম্ভ হয়ে গেছে—জাইভার চোথ মুছে ভাল করে দেখে নিল। কিছুদিন আগে জাইভার দেখেছে দ্রের মাঠে সব মৃত গরু-বাছুর-মোষ, হাজার হবে প্রায়, লাইনের ধারে ধারে মরে আছে। মাঝে মাঝে সে মৃত মানুষের মৃথও দেখেছে। লোকালয়ে আর কোন লোক নেই, সকলে শহরে গঞ্চে চা-বাগানে এবং দ্রদেশে চলে যাচছে। ভয়ন্বর ত্রদিন মানুষের।

रू**र्न पश्य**

আর সঙ্গে ট্রেনটা বাঁক নিলে ড্রাইভার টের পেল, শত শত করাল যেন লাইনের ওপর দাঁড়িয়ে ভূতের মত নৃত্য করছে। সে এবার প্রাণপণে রড চেপে ধরল, প্রাণপণে সে হুইসল বাজাতে থাকল। এরা সব মারুষের কল্পাল, চোথ-মুখ কোটরাগত, লাইন থেকে একটা প্রাণী সরছে না এবং ড্রাইভার ভূতের ভয়ে প্রথম ভাবল যদি ওরা যথার্থই মারুষের অভূক্ত আত্মা হয় তবে আর ট্রেন থামিয়ে কি হবে, বরং সে জোরে বের হয়ে যাবে, ট্রেন থামালে মৃত আত্মারা ওর ট্রেনটাকে এই নির্জন মাঠে আটকে দিতে পারে। স্বতরাং কের চাকা ঘ্রারয়ে দিতে গেলে—ফায়ারম্যান শক্ত হাতে বাধা দিল, বলল, না। ওগুলো ভূত নয় দাদা। ওগুলো মারুষ। সে ড্রাইভারকে সরিয়ে দিয়ে ধীরে ধীরে ট্রেনটা থামিয়ে দিল।

মানুষগুলো কোলাহল করতে থাকল, জল চাই, জল চাই। মানুষগুলো কামরায় কামরায় উঠে গেল। বলল, জল চাই, জল চাই।

ভিতরের যাত্রীরা ভয় পেয়ে গেছে। সব কয়ালের মত মান্থ্যের চেহারা, ক্ষার্ড, চোথ কোটরাগত, হাত-পা শীর্ণ, ক্লান্ত এবং অবসন্ধ এই সব মান্থ্যের শরীরে জীর্ণ-বাস, ময়লার জন্য তুর্গন্ধ, ভয়য়র তুর্গন্ধ, যাত্রীরা সকলে নাকে কাপড় দিছে। ভয়ে ওরা কথা বলতে পারছে না। যেন শয়তানের প্রতীক এইসব মান্থ্যেরা। যাত্রীদের স্থূল্যর মৃদ্র্য কামরার প্রাচুর্য ওদের পৈশাচিক করে তুলছে। ওরা প্রেতের মন্ত ভিতরে চুকে তু' হাত ওপরে তুলে জলের জয়, জল চাই, জল চাই, বলে নাম কীর্তনের মন্ত নাচতে থাকল।

ষাত্রীদের মনে হল, ক্ষ্ধার্ত সব রাক্ষস অথবা ডাইনীর মত মাক্ষ্যগুলো আকাশে বাডাসে হৃথের ধবর পাঠাচ্ছে, ওরা ভিতরে চুকে সব তছনছ করে দিছিল। জল কোথায়, জলের জন্য ওরা ওদের মগ থালা এবং চামড়ার ব্যাগ খুলে রেখেছে, অধচ ঋল কোথায়, ব্ পুরোহিত শুধু জানতেন জল কোথায়, তিনি সকলকে ত্' হাত তুলে শান্ত থাকতে বলেছেন, সামাগ্য জলটুকু সকলকে সমান ভাগ করে দিতে হবে। তিনি প্রতি কামরায় একজন করে যুবককে জলের কল দেখিয়ে দিলেন, কি করে খুলতে হবে বন্ধ করতে হবে দেখিয়ে দিলেন, প্রত্যেককে লাইন দিয়ে যেমন মানুষগুলো সরকারের লক্ষরখানাতে লাইন দিয়ে খাগ্যবস্ত্র থালায় নিত তেমন লাইন দিয়ে সামাগ্য জলটুকু সকলকে সমান ভাগে ভাগ করে দিতে বললেন।

স্বলের কামরায় খুব অল্প মানুষ। সুখী মানুষ, তাঁর স্ত্রী এবং রুগ্ন এক বালিকা নিয়ে কলকাত। যাচ্ছে। এতবড় কামরা—রিজার্ভ প্রথম শ্রেণীর কামর।, মাত্র তিনজন মানুষ। রুগু বালিকা মোমের মত সাদা। माना চান্তর শরীর তেকে রেখেছে। মাথায় আলো অলছিল। খুব অমুজ্জ্বল আলো ৷ ওরা সকলে ভয়ে কেমন চোখ-মুখ সাদা করে রেখেছে। বালিকাটি পর্যন্ত মুখ নাক দেখে আঁৎকে উঠেছে। স্থবলের পিছনে বড় বড় সব মানুষ। মানুষ বলে চেনা যায় না। যেন বড় এক রা**জপু**রী। স্থন্দর সব বাদামী রঙের গাছ। গাছে হীরে-পান্নার ফুল। নীচে রাজকন্তা আঙুর খেতে খেতে কোন রাজপুত্রের জন্ম অন্তমনস্ক। অথবা এও হতে পারে রাজকতার জানা ছিল না, রাজ্যের কোথাও ত্রভিক হচ্ছে। জানা ছিল না, রাজ্যের রাজা বনের হরিণ অমুসদ্ধানে মত। রাজা, রাজ্যের খবর রাখছে না। হাজার হাজার গ্রামে মড়ক লেগেছে। অনাবৃষ্টির জন্য ফদল ফলছে না। অল্প বৃষ্টির জন্য মাটি ক্রমশ মরুভূমি হয়ে যাচ্ছে। হায়, তখনও রাজা মনোরম রাজপ্রাসাদে নৃতন অরণ্যের সৃষ্টি করছে। কারণ ওর প্রিয় ছরিণটি এই বনের **ভিতর হারিয়ে যাবে। সে সেই হরিণের জন্য শুধু ব্যস্ত থাকবে।** রাজকার্যের জন্য বনের ছরিণটি ওর বড় প্রিয়। মরীচিকার পেছনে ছোটার মত রাজা ওর্ছুটছেন। তথন রাজকতা দেখতে পেল হাজার

ट्रॅक्टनव जन्नथ

হাজার কন্ধালপ্রায় মান্ত্র্য তাকে বিরে ফেলেছে, হাউ মাউ কাঁউ মান্ত্র্যের গন্ধ পাঁউ—এই সব কথা বলছে।

স্থবল হাতের ইশার। করলে সকলে দরজার সামনে দাঁড়িয়ে পড়ল।

সুখী মানুষটি প্রথম খুব চেঁচামেচি করছিল, পুলিশের ভয় দেখাচ্ছিল, কিন্তু এত বড় নির্জন মাঠ, এক দিকে দীর্ঘ পাহাড়, অগ্র-দিকে এক মরা নদী, নদীতে মানুষগুলো জলের জন্ম দিন নেই, রাজ নেই মাটি খুঁড়ে চলেছিল, অথচ জল নেই, জল নেই, হাহাকার জলের জন্য। স্থতরাং সামান্য পুলিশের ভয় স্থবল অথবা এইসব কন্ধালপ্রায় মানুষদের এতটুকু বিচলিত করতে পারল না।

বরং মামুবগুলো, সুদৃশ্য এই কামরা, আসবাবপত্র দেখে কৌতুক বোধ করতে থাকল। ওরা সুবলকে অগ্রাহ্য করার চেষ্টা করছে। অথবা সুবলকে অনুনয়ে বলছে, ওরা এই কামরার ক্ষতি করবে না। শুধু চুকে দেখবে, মোটা গদী, এবং আলোর কাছে হাত রেখে দেখবে —কেমন ভিতরে অনুভূতি জন্মায়। সুবল ওদের এক এক করে জল খেতে দিছে, আর এক এক জন কামরার ভিতর চুকে দেওয়ালে হাত রাখল, অথবা একটু আরাম করে গদিতে বদে শুয়ে কেমন লাগে দেখতে থাকল। বা বেশ তো, ওদের কেউ কেউ যেন চোখ বুজে আরামট্কু অনুভব করছে। বাংকের ওপর বদে, হাঁটু মুড়ে বদে শুধু চারিদিকের দৃশ্য,—জানালা দিয়ে শুধু অন্ধকার মাঠ, পেছনের করিডোরে মান্ত্র্যের হেঁটে যাচেছ, কোলাহল করছে। গার্ডের লাল-বাতি, যেন মাঠ, মরা নদী অথবা শুকনো পাহাড়ের উদ্দেশ্যে লাল বাতি জেলে গার্ড বসে আছে।

কামরার ভিতর সুখী মামুষ, তাঁর স্ত্রী এবং রুগ্ন বালিকা ভয়ে ধর ধর করে কাঁপছে, ওরা ভয়ে কামরার এক পাশে, যেন ভয়ঙ্কর কোন ছর্ঘটনার অপেকায় আছে ওরা।

ডাইভার নিচে নেমে দেখল, পিপী।লকার মত মামুবগুলো কামরায়
চামরায়, ছাদের ওপরে উঠে হৈ-হুল্লড় করছে। শিশুদের মত
চংকার, যেন এই ট্রেন ওদের কাছে খেলনার মত অথবা খুদ্ধে
প্রতিপক্ষের পরিত্যক্ত কামান, কামানের গোলাগুলি শেষ, গ্রামের ছণ্ট
ালকবালিকারা কামানটা টেনেহিঁচড়ে নিয়ে যাচ্ছে। ডাইভার
াত্রীদের পার হয়ে গার্ডের ঘরে গিয়ে দেখছে, ভয়ে গার্ড সাহেব
ালবাতি জ্বেলে বদে রয়েছে।

এবার ড্রাইভার মরিয়া হয়ে বলল, এবার নীলবাতি আলুন, ট্রেন হড়ে দিই, একটা মানুষও লাইনের ওপর আর নেই। শালা সকলকে নয়ে ঞাবার স্টেশনে নিয়ে ফেলি।

ড়াইছভারের চিৎকারে গার্ডসাঙ্কেব ভয়ে তিরিঙ তিরিঙ করতে াকল। বিভার করে কেমন মাতালের মত কিছুক্ষণ নেচে বেড়াল। াইভার কুঝল গার্ডসাঙ্কেব ভয়ে ভিরমি খেয়েছে। সে বলল, গার্ড-াহেব, বেশি দেরি করলে বয়লার থেকে জল ঢেলে নেবে। ট্রেন ভবে ার চলবে না।

গার্ড সাংহ্র কি যেন ভাবলেন। -- এদের এত তেষ্টা ?

- —ভেষ্টা, কি যে জল থাচ্ছে! কেবল জল খাচ্ছে।
- —কেবল জল খাচেছ ?
- —কেবল জল খাচেছ। জল খাচেছ। জল খাচেছ। কেবল জল চিছে।
 - —অশু কিছু না ?
 - —না, কিছু না। কোন দিকে আর জকেপ নেই। বড় সজ্জন।
- —ভবে এবার শালা সজ্জনদের চল শহরে নিয়ে ভূলি। বলে জনি বলে টুক করে লাল বাভিটাকে নীল করে দিলেন।

ডাইভার নামার সময় বলে এল, আপনি সাব ছইসল বাজাবেন না।
নামি সেকেণ্ডে এমুন গতি বাড়িয়ে দেব না, শালা একটাকেও নামতে

টুকুনের অহ্থ

দেব না। বলে ডাইভার অন্ধকারের ভিতর নিচু হয়ে হাঁটতে থাকল।
এবং দেখল ট্রেনের নীচে আবার কেউ বসে রয়েছে কিনা। সে কোন
মানুষ দেখতে পেল না। কেবল মনে হল নীচে ঠিক বড় একটা গাছের
অন্ধকারে একজন অলখেল্লা পরা মানুষ দাঁড়িয়ে তুঃখী লোকদের যেন
জলপান দেখছে।

ড়াইভার বলল, শালা, তুমি লিডার আছে। তোমাকে ফেন্টো দেখ শালা, কেমন সব ফাঁক করে দিই! তুমি শালা এখানে পড়ে পার্টড় এবার ঘাস থাও। মুরগী খাও। মুরগীর নাম মনে হতেই ড্রাইভারের জিভে জল এসে গেল।

ধ্দের এত জলতেষ্টা যে, কোথায় ড্রাইভার, কোথায় ফায়ার্ক্সমান দেখবার ফুরসত নেই। আর এতগুলো মানুষ একসঙ্গে ট্রেইন উঠে পড়বে দেও, কেউ ভাবে নি।

বৃদ্ধ পুরোহিত ওদের জল খেতে দেখে, ওদের হৈ চৈ দৈখে খুব খুশি। দীর্ঘদিন পর জল পান, তৃঞ্চার জল কতদিন পর পান করা গেল! তিনি নিজেও জল এনে গাছের নীচে পান করছেন। ননে ছচ্ছিল পেটে আর জায়গা নেই, তবু মনে হচ্ছিল জলের হার এক নাম জীবন, এই জল এবং জীবনকে চেটে চেটে খাবার জন্ম তিনি কিছুক্ষণ পর পরই গলায় জল ঢেলে দিচ্ছেন, এবং জল খাবার সময় খেন আছ্কারে টের পেলেন, ট্রেনটা নড়ছে, ট্রেনটা সহসা এত গতি বাড়িয়ে দিল যে, তিনি অনুমানই করতে পারলেন না কি করে চোখের পলকে এতগুলো লোক নিয়ে ট্রেনটা অদৃশ্য হয়ে গেল।

তিনি চিংকার করতে করতে ট্রেনটার পিছনে ছুট্ দিলেন। তিনি অক্ষকারেও দেখতে পেলেন দেইসব হুঃখী মামুষদের হাত—ওরা যেন বলছিল, দেখ দেখ, কেমন বেইমান এই ট্রেন, আমাদের নিয়ে চলে যাছে। তিনি শুধু চিংকার করছিলেন, তোরা সব নেমে পড়। তোদের নিয়ে ট্রেনটা চলে যাছে, তোরা লাফি যে পড়।

কিন্তু স্থবল ট্রেনের ভেতর জানালাতে সামাক্ত সময়ের জক্ত উঁকি
দিয়েছিল। অন্ধকারে গাছপালা আবছা আবছা, সে কোন মানুষকে
কোন বড় গাছের নীচে দাঁডিয়ে থাকতে দেখে নি। সে ভেবেছিল হয়তো
ছ: একজন পড়ে থাকল—আর সকলকে নিয়েই ট্রেনটা মোটামুটি শহরে
পৌছে যাবে। কারণ এই মন্বন্তর মানুষের আত্মবিশ্বাস হরণ করে
নিয়েছে। ট্রেন ছেড়ে দিলে কেউ লাফিয়ে পড়ার চেষ্টা করেনি।
সকলে যেন মোটামুটি ভিতরে ভিতরে খুলি।

ট্রেনটা ওদেবকে কোন না কোন শহরে পৌছে দেবে। অন্ন জ্বল এবং বস্ত্রের অভাব হবে না। একবার শুধু পৌছে যাওয়া। সেখানে পুলিশের ভয় সামান্য থাকবে। স্থতরাং ওরা সকলেই প্রায় ভদ্রলোকের মত কামরায় কামরায় টিকিটবিহীন যাত্রীর মত বসে থাকল। ওরা আর কিছু ভছনছ করছে না। যাত্রীদের মনে সাহস ফিরে এসেছে। ক্ষ্পাত মানুষগুলোকে বড় নিস্তেজ মনে হচ্ছিল। শরীর শক্তিবিহীন। অনেকের ট্রেনের ঝাঁকুনিতে ঘুম পাচ্ছিল।

স্থবল প্রথম শ্রেণীর যাত্রীর ঘরে এক কোণায় চুপচাপ বসে থাকল। সাদা মোমের মত বালিকার মুখ। চোথ বড় বড়। স্থবলকে বালিকাটি দেখছে। ঘরে অক্স যারা ছিল তারা জল খেয়ে চলে গেছে।

এই কামরায় অবশিষ্ট জলটুকু নিংশেষ। প্রোঢ় মান্নুষটি কি ষেন বই পড়ছিলেন। তাকে এখন আর উদ্বিগ্ন দেখা যাচ্ছে না। এমন কি তিনি যেন ভেবে নিয়েছেন, এইসব দেহাতি মান্নুষেরা কোন কিছু আর অনিষ্ট করবে না। ফাঁক বুঝে জলের জন্ম ট্রেন আক্রমণ করতে এসে ট্রেনে চড়ে শহরে চলে বাচ্ছে। এক ঢিলে হুই পাধি। রথও দেখা হল, কলাও বেচা হল। সুবলের মুখ দেখে ডাই মনে হয়।

স্বল এখন ট্রেনে চড়ে কোথাও চলৈ যেতে পারছে ভেবে খুশি। অস্ততঃ জলের জন্ম আর মাঠ-থাঠ খুরে মরতে হবে না। স্থবলের মুখ দেখলে তাই মনে হয়। বালিকাটি অস্ত্রহ। সাদা মোমের মন্ত মুখে

টুকুনের অহ্থ

শুর্ চোথ তুটোই অবশিষ্ট। চোয়ালে সামাগ্য মাংস। হাত-পা বড় শীর্ণ। শুর্ মুখে সামাগ্য সতেজ ভাব। চোথ তুটো বড় টল টল করছিল: স্থবলের আশ্চর্য লাগছে — এই মুখ, সুন্দর সতেজ মুখ রুগ্ধ এবং পীড়িত। ভিতরে ভিতরে অসামাগ্য কষ্ট। শিয়রে বসে আছেন যিনি—বালিকাটির মা হবে নিশ্চয়ই। তিনি বুক পর্যন্ত সিল্কের চাদরটা মাঝে মাঝে টেনে দিচ্ছেন। যারা পরে তৃঞ্চার জল খেতে এসেছিল— অবশিষ্ট জল, এমন কি এই রুগ্ধ বালিকার জন্য যে মাটির জ্ঞারে অল্প জল ছিল, জলের স্থাদ পেয়ে সবটুকু জল খেয়ে গেছে। বোঝা যাচ্ছিল, বালিকার এখন তৃঞ্চা পেয়েছে। বালিকা তৃঞ্চায় জলের জন্য ঠোট চাটছে। শিয়রে মা বসে। তিনি উদ্বিগ্ধ চিত্তে বললেন, টুকুন জল খেতে চাইছে।

প্রোঢ় মানুষটি উঠে বসলেন, তিনি দেখলেন জল কোপাও নেই।
দরজার গোড়ায় স্থবল বসে বসে ঝিমুচ্ছে। এখন আর স্টেশন না
এলে জল পাওয়া যাবে না। কোন বয়কে ডেকে অথবা থাবার ঘরে
অমুসন্ধান করলে হয়। তিনি স্থবলকে অতিক্রম করে বাইরে বের
হতেই দেখলেন বারান্দায় সেইসব দেহাতী মানুষেরা ক্লান্তিতে শুয়ে
পড়েছে। কোথাও এতটুকু স্থান নেই যে, তিনি পা ফেলে ভাদের
অতিক্রম করে যাবেন। এবং এইসব দেহাতী মানুষদের দেখেই মনে
হল, জল কোথাও আর অবশিষ্ট নেই। শুধু এনজিনে জল আছে এবং
* তিনি ঈশ্বরের নিকট কেমন অক্রমনস্কভাবে হাত জোড় করে ফেললেন।
বললেন, ঈশ্বর, এই নির্জন মাঠে ট্রেন ক্বের থেমে পড়লে মেয়েটাকে
আর জল দিতে পারব না। জল না পেলে বড় ছটফট

সুবল বিমুচ্ছিল। সহসা আর্তনাদে সুবলের ঘুম ভাবটা কেটে গেল। সুবল দেখল সেই ফুলর সভেজ মুখ বালিকার, অথচ চিংকার করছে, আমাকে ছেড়ে দাও, আমি কোথাও চলে যাব, কষ্ট আর সহা হয় না মা। কি যে এক ভীষণ রোগ মেয়ের, মা পর্যন্ত তার ছঃখে আর্ত নাদ করছিলেন।

বড় শহরে যাচ্ছে মা-বাবা, মেয়েকে নিয়ে বড় ডাক্তার দেখাতে যাচ্ছে। অথবা মনে হচ্ছিল এই মেয়ের জ্বস্তই মা বাবা প্রবাস ছেড়ে নিজ্বের দেশে চলেছেন। অনেক ডাক্তার দেখানো হল। জলবায়ু পরিবর্তন করা হল। কত টোটকা, কবিরাজী কি-না করেছেন প্রোঢ় মানুষটি, হায়, মনের অস্থুখ মেয়ের, কেউ কিছু করতে পারছে না। কণে কণে বালিকার শুধু জলতেষ্টা পায়।

ছেঁড়া জামা স্থবলের গায়ে। স্থবলের পরনে প্রায় নেংটির মত একটু কাপড়। জামাটা হাঁটু পর্যন্ত স্থবলের ফুলে-ফেঁপে ছিল। দেখলে মনে হবে, ছটো স্থবলকে ভিতরে পুরে রাখা যায়।

স্বল উঠে দাঁড়াল এবং ওর মাথায় লম্বা টিকি দেখে মেয়েটি প্রথমে চিংকার থামিয়ে দিল। স্বলের বড় বড় চুল, প্রায় চুলে মুখ ঢেকে যাচ্ছে, স্বলের শরীরে ঘাম এবং ময়লায় অথবা বলা যেতে পারে অপরিচ্ছন্নভার গন্ধ। স্বলকে দেখে মেয়েটি এবার ভয়ে যেন গুটিয়ে যাচ্ছে ফের। সে সন্তর্পণে মায়ের কোলে মুখ লুকিয়ে ফেলল।

স্থবল বলল, মা, আমার একটু জ্বল আছে। জ্বলটা ওকে দিতে পারি মা। ওর খুব তেষ্টা পেয়েছে।

মা বললেন, তুমি জল দেবে কি বাছা! জল তোমার কোথায় ? *
সূবল বলল, এই যে। সে একটা বাঁশের চোঙ বের করে
দেখালো।

— এই চোঙায় জল আছে মা। আমার একটা পাখি আছে মা! পাখির জন্ম একটু জল নিয়েছি মা

মা বললেন্, না বাছা। জল তোমার বড় নোংরা। স্থবল কোন কথা বলল না। সে ভার পাখিটাকে পাশের পকেট

हेक्र नद व्यञ्च

থেকে তুলে এনে হাতের কজিতে বসাল। নিচে ছোট ছোট পুঁটলী স্বলের। সংসার বলতে যা-কিছু সবই শেষদিকে স্বলের সঙ্গে সঙ্গে থাকত। কারণ ওদের কোন ঠিক ছিল না কখন কোথায় ওরা থাকবে। বৃদ্ধ পুরোহিত মানুষটি তাদের সকলকে নিয়ে স্থানে স্থানে জলের জন্ম ঘুবে রেড়িয়েছেন। বৃদ্ধের কথা মনে হতেই অন্ত একটা চোঙে পাখিটাকে পুরে রাখল। পোকামাকড় যা-কিছু পাথিটার জন্ম, পোঁটলা খুলে দেখলো। পোঁটলা খুলতেই পোকামাকড়গুলো পর পর ছিদ্য়ে পড়ল। বৃদ্ধের কথা মনে পড়ছে, কামরায় কামরায় খুঁজে দেখলে হয়, কোন কামরায় তিনি হয়তো আছেন। কারণ স্বল ভেবেছে ভিড়ের সঙ্গে তিনি নিশ্চয়ই উঠে এসেছেন। কিন্তু পোকামাকডগুলো ছড়াতেই যাত্রী তিনজন, বিশেষ করে রুগ্ন মেয়েটি হৈ-চৈ বাধিয়ে দিল ভয়ে।

পোকামাকড়গুলো লাফিয়ে লাফিয়ে পড়ছে। আলোর ভিডর ওরা চোখে দেখতে পাচ্ছে না—বালিকার অথবা প্রোঢ় ব্যক্তিটির পিঠে শরীরে মুখে বেয়ে বেয়ে উঠে যাচ্ছে। স্থবল ভয়ে কি করবে ভেবে পাচ্ছিল না। এমনটা হবে জানা ছিল না। ট্রেনের ঝাকুনিতে হাত খেকে পোঁটলা খসে পড়বে এবং ঘরময় কীটপতঙ্গ ছড়িয়ে পড়বে ভাবতে পারে নি স্থবল।

ট্রেন বেগে চলছে, মাঝে মাঝে ট্রেনের হুইসল্ কানে বড় বেশি
ক্ষেত্রছে! পাখিটা স্বলের মাথায় হাতে এবং ঘাড়ে উড়ে উড়ে বসছে।
পাখিটাকে দেখে মেয়েটি ওর সব হুঃখ যেন ভূলে যাচ্ছে। এমন কি
এই যে কীটপতঙ্গ মেঝের ওপর, দেয়ালে দেয়ালে ছড়িয়ে পড়ছে, তাতে
জাক্ষেপ নেই। কি স্থানর পাখি, সোনার রডের ঠোঁট, পায়ে সব্জ্
ঘাসের রঙ, পাখা কালো, গলার নীচে লাল রিবন যেন বাঁধা, নরম
এবং কোমল পাখি। স্বলকে অস্বস্থিতে পড়তে দেখে পাখিটা,
পাখিটার বয়স আর কত, পাখিটা উড়ে উড়ে দেয়ালের দিকে চলে ষেডে

থাকল এবং একটা একটা করে কীটপতঙ্গ ধরে এনে স্থবলের জেব ভরে দিতে থাকল।

স্থবল দেখল, তার পোষা পাখিটা বড় তাড়াতাড়ি বড় ছয়ে গেছে। সে যেন ইচ্ছা করলে এই পাখি নিয়ে সকলকে এখন খেল। দেখাতে পারে।

সুতরাং এখন কামরায় চার জন। বিশেষ করে মা-বাবা এই পাথিয়ালা সুবলকে আর ঘৃণার চোখে দেখতে পারছে না। মেয়েটা এই যে এতক্ষণ কেবল ছটফট করছিল—আমার কিছু ভাল লাগছে না মা, ভোমরা আমাকে ছেড়ে দাও, আমি কোথাও চলে যাব মা, মা আমাকে ছেড়ে দিচ্ছ না কেন ? এইসব হুঃখকর কথা আর বলছে না। একটা পাখি, সাধারণ পাথি আর এক পাথিয়ালা, কোথাকার এক পাথিয়ালা, ময়লা, বিশীর্ণ চেছারা, দেছাতী—কোন আশা-আকাজ্কা নেই, শুধু যেন এই পাখি বেঁচে থাক, পাখি থাকলেই সব থাকল, পাথির খেলা দেখিয়ে সে সকলকে বুঝি মুগ্ধ করছে চায়।

টুকুন বল্ল, এই পাথিয়ালা। স্থবল চোখ তুলে তাকাল।

—পাধিয়ালা, দেখ এখানে একটা লম্বা গলাফডিঙ।

পাথি কি দেখল, সুবল পাথিকে কি বলল বোঝা গোল না। পাখি উড়ে গিয়ে কড়িউটাকে ঠোঁটে ঠেসে ধরল। সঙ্গে সঙ্গে টুকুন অভীব আনন্দে হাততালি দিতে থাকল। আর সঙ্গে সঙ্গে মান্ধের চোখে জল এসে গোল। যেন বলতে চাইল—পাখিয়ালা, তুমি জাহুকের, জাহু তোমার হাতের খেলনা। এই মেয়ে কতকাল তার হাসি ভূলে ছিল, কতকাল এই মেয়ে আমার হাততালি দেয় না, আনন্দ করে না। পাখিয়ালা, তুমি আমার এই মেয়ের মুখে হাসি ফুটিয়েছ, তুমি বুঝি জাহুকর!

টুকুনেৰ অহুধ

এই করে এখন আর কোন বেদনার চিহ্ন আঁকা নেই। কোন জলতেষ্টা নেই।

টুকুন বলল, পাখিয়ালা, তুমি এই পাখি কোথায় পেলে ?

- -গাছের নীচে দিদিমণি।
- —কি গাছ ছিল ওটা ?
- —একটা শিরিস গাছ ছিল।
- --পাখিটার বুঝি কেউ ছিল না ?
- কেউ ছিল না। ওর মা-বাবা ওকে ফেলে রেখে চলে গেছে। কী ধরা আমাদের দেশে! কী রোদ ছিল, কী ছঃখ! আমাদের লোকগুলো টুকুন দিদিমণি, ভোমাকে কি বলব, আমাদের লোকগুলো সভেরো আঠারো দিন জল খেতে পায় নি।

বাবা বললেন, স্থবল, ভোমাদের কোন সরকারী সাহায্য মেলেনি ?

সুবল কি বলবে ভেবে পেল না, কিছুদিন কিছু লোক বড় বড় গাড়ি করে পাছাড়ী অঞ্চলে ঘুরেফিরে গেছে, বড় বড় পরিকল্পনার কথা বলে গেছে। ঐ সব পরিকল্পনার কথা স্থবল বোঝে না। বড় বড় নেতাগোছের মান্থ্য এসেছিল। দেশের জননী এসেছিলেন। তিনি খিচুড়ি মুখে দিয়ে কেমন খিচুড়ি দেওয়া হচ্ছে সকলকে, তার স্বাদ চেখে গেছেন। কিন্তু মান্থবের বুঝি ডেঙা দেখে যান নি।

হায়, সুবল যেন বলতে পারত, এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো স্থার। পর-ভেড়া নিয়ে মানুষেরা চলে যাছে, মাটি কেটে গেছে, শুকনো উদ্ভাপ, লু বইছে এবং গাছে মৃত ভাল শুধু, মাঝে মাঝে কোন পাহাড়ের পায়ে দাবানল অলতে দেখা গেছে। এক বুড়ো ঠাকুর সেই দাবানল দেখে বলেছে, দেশের পাপ, এত পাপ আর ধরণী সক্ত করবেন না। পাপে পাপে দেশ ছেয়ে গেছে, অল্প নেই, বল্প নেই, মক্ষভূমির মত হাহাকার করছে গোটা দেশ। বুড়ো ঠাকুর

এই বলতে বলতে একটা গাছের ডালে নিজের বস্ত্র বেঁধে আত্মছত্যা করেছিল।

আর কি দেখেছিল! দেখেছিল সেই চৌবেজীর বৌকে। বৌটা এমন খরা দেখে পাগল হয়ে গিয়েছিল। অভাব দেখে চৌবেজীর বৌ অন্ন-বস্ত্রেব সব আশা ভ্যাগ করা যায় কিনা তার পরীকা করত। সে অন্ন পেলে বলত, বিষ্ঠা খেতে নেই, জল পেলে বলত, বিষ, বিষ খেতে নেই। কাপড় পরতে দিলে বলত, আগুন, আগুন পরতে নেই। চৌবেজীর বৌটা রাতে মাঠে নেমে উলক্ষ হয়ে নাচত। ভরে বিশ্ময়ে সকলে একদিন দেখেছে, চৌবেজীর বৌ শরীরে আগুন দিয়ে আগুহত্যা করেছে।

সবই অভাবের জন্ম এবং অন্নের জন্ম। সারা গ্রামময় যখন ওলাওঠা, তখন মহাবীর মা শীতলার একটা মূর্তি বানিয়ে দিনরাত অশথ গাছটার নীচে বসে থাকত। মূর্তিটাকে সে সবসময় বগলের নীচে চেপে রাথত। যেন বগল থেকে ছেড়ে দিলে তার শরীরে মায়ের দয়া হবে। বগল থেকে ছেড়ে দিলেই মা শীতলা ওর ভিতরে চুকে ওলাওঠা বানিয়ে দেবে।

বস্তুত মহাবীর অভাবের জন্ম, অন্নের জন্ম, এবং এমন অনার্ষ্টি আর আকাল দেখে পাগল হয়ে গিয়েছিল। সে সেই খড়ের তৈরি মা শীতলাকে বগলে চেপে সারাদিন চুপচাপ বসে থাকত। বিড় বিড় করে বকত। তারপর একদিন সকলে দেখল মহাবীর মার্ষীয় পাগড়ী বেঁধে মা শীতলাকে বগল তলায় রেখে উত্তরের দিকে চলে যাচছে। লোকটা আর এ-অঞ্চলে ফিরে এল না। লোকটা অভাবের জন্ম, খরার জন্ম পাগল হয়ে গেল, নিক্দেশ হয়ে গেল।

স্থবল খুব নিবিষ্টমনে পোঁটলা'টা বাঁধছে। এখন আর একটাও পোকামাকড় কামরার ভিতর উড়ে বেড়াচ্ছে না। পাখিটা উড়ে উড়ে

টুকুনের অহুধ

সব ক'টি পোকামাকড় ধরে দিয়েছে স্থবলকে। তারপর বড় জেবের ভিতর ফুর ফুর করে উড়তে উড়তে ঢুকে গেছে।

ট্রেন চলছিল। বেগে চলছিল। জানালা খুলে সুবল দেখল সারা মাঠে শুধু অন্ধকার। মাঝে মাঝে কোথাও আলো দেখা যাছে। বোধহয় দ্বে কোথাও অহ্য ট্রেন লাইন আছে। দ্বে একটা ট্রেন বাঁক নিচ্ছে। ঠিক একটা আলোর মালা, স্থবলের এই আলোর মালা দেখতে বড় ভাল লাগছিল।

ওর ঘুম পাচ্ছে, মিষ্টি ঠাণ্ডা বাতাস মনে হচ্ছিল ভিতরে ঢুকছে— বোধহয় রাত শেষ হয়ে আসছে। এই শেষ রাতটুকুতে মনেই হয় না কোথাও কোন অঞ্চল এখন জ্বলাভাবে পুড়ে ষেতে পারে। স্থবলের চোথে ঘুম এসে গেল। জেবের ভিতর পাথিটা পর্যস্ত ঘুমিয়ে পড়ল।

অতর্কিতে এই ট্রেনটা চলে যাওয়া— যেন নিমেষে এক বড সংসার নিয়ে ট্রেনটা উধাও হয়ে গেল। পুরোহিত মামুবটি কি করবেন ভেবে পেলেন না। তিনি ধীরে ধীরে পাছাড়ের দিকে উঠে ধেতে থাকলেন। এত চেষ্টা সত্ত্বেও কোন মানুষ অথবা পরিবারকে ধরে রাখতে পারলেন না৷ তিনি ভিন্ন ভিন্ন আশার কথা শোনাতেন, হা অন্নের জন্ম, জলের জন্য এবং অনাবৃষ্টির জন্ম যখন মন্বস্তর আসে তখন হাজার হাজার লোক মরে যায়, মহামারী দেখা দেয়, গরু-বাছুর সব বিক্রি করে দিতে হয়, গুধু সামান্য কুঁড়েঘর পড়ে থাকে অবশিষ্ট—কিন্তু তারপর ঈশ্বর মঙ্গলময়, তারপর সব পাপের সংসার আগুনে পুড়ে গেলে ঘন বৃষ্টি। বৃষ্টি হলেই নতুন গাছগাছালি, মাঠে সবুজ ঘাস দেখা দেয়, কোথা থেকে সব পাথি উডে আসে তখন। কোথা থেকে সব বন্য প্রাণী নেমে আসে। এবং ধীরে ধীরে কঞ্চলটা তপোবনের মত হয়ে ষায়। তথন আর পাপ থাকে না, শুধু পুণ্য পড়ে থাকে, এই পুল্যের জন্য আবার শতবর্ষ ধরে ফসল ফলাও, ঘরে উৎসব, জন্ম, মৃত্যু, বিবাহ। তারপর ফের পাপ, ফের হা অন্তের সম্মুখীন হওয়া।

বস্তুত এই বৃদ্ধ পুরোহিত ভোর হলেই আকাশ দেখতেন, তিনি প্রায় দব সময় আকাশের দিকে তাকিয়ে থাকতেন। একটু মেঘ দেখলে চিত্ত চঞ্চল হয়ে উঠত। বৃথি আজই বৃষ্টি হবে। কিন্তু তারপর কোথায় বৃষ্টি, সামান্য মেঘটুকু ফুসমস্তরে আকাশের ভিতর অদৃশ্য হয়ে যেত। তিনি তখন ফের অন্য এক টুকরো মেঘের সন্ধানে পাহাড়ের টিলাতে উঠে বেতেন। যেন মৃত দব গাছগাছালি, কুঁড়েঘর অথবা

টুকুনের অহুধ

উত্তর-পশ্চিমের পাহাড় যাবতীয় মেঘকে তার দৃষ্টির আড়ালে রেখে দিয়েছে।

তিনি ভেবেছিলেন মান্তবের অসীম ছঃখ-কষ্টের দিন শেষ হয়ে আসছে। এবার এ অঞ্চলে ঈশ্বরের করুণার ধার। ক্রত নেমে এসে মাঠ-ঘাট ভাসিয়ে দেবে। তিনি সেই আশায় পাহাড়ের টিলাতে দাঁড়িয়ে দিগস্তে সামাশ্ত মেঘের অন্তসন্ধান করতেন।

বাধার এক ট্রেন এসে এ অঞ্চলের সব লোকজন নিয়ে চলে গেল। শহরের দিকে ট্রেন চলে গেছে। জলের জন্য ট্রেন ধরতে আসা, আর সেই ট্রেনে চড়ে মামুষজনেরা সব চলে গেল!

শাহাড়ের উৎরাই ভেঙ্গে উঠতে ভীষণ কট। পথ, অন্ধকারে স্পষ্ট নয়। চাঁদের মান আলোটুকু নিভে গেছে। ইতন্তত: কিছু কুঁড়েঘরে ছোট ছোট পাহাড়ী-উপত্যকা—তিনি পাহাড়ী-উপত্যকায় নেমে গেলেন। পথের হ'ধারে শুন্য সব কুঁড়েঘর। একটা কুকুর পর্যন্ত ভাকছে না। অন্ধকার এবং মৃত অরণ্য কেবল ভয়ের সঞ্চার করছে। তিনি চলতে চলতে কিছু কীটপতক্ষের আওয়াজ পাচ্ছিলেন। ওরা সামান্ত জীব মাত্র, এত বড় লোকালয় এখন একেবারে জনহীন।

তিনি হাঁটতে হাঁটতে কেমন অন্যমনস্ক হয়ে পড়েছিলেন। কে বা কারা সারাক্ষণ পাহাড়ের নীচে দৌড়াচ্ছে মনে হল। যেন কোন বন্য জন্তর দল ক্লপ ক্লপ শব্দ তুলে খুরে, অনবরত সমতল মাঠে ছুটছে। তিনি ক্রত পাহাড়ের ঢালুতে নেমে এলেন, মনে হল ভোরের হাওয়া বইছে। মনে হল এবার পুবের আকাশ ফর্সা হয়ে গেছে। আর মনে হল শাস্ত এক ভাব ধরণীর কোলে। এইসব মনে হওয়ার সলে সল্লে তিনি একটা গাছের গুঁড়িতে পিঠ রেখে বঙ্গে পড়লেন। তাঁর ঘুম এসে গেল। শ্বল কিসের শব্দে জেগে গেল। সঙ্গে সঙ্গে ওর হাত জেবের ভিতর, পাথিটা পোষা এবং ভালবাসার পাথিটা কি করছে দেখতে থাকল। চারিদিকে কোলাহল। ট্রেন বড় একটা স্টেশনে থেমে আছে। কেবল ফুঁসছে ট্রেনটা, সে জানালাতে মুথ রাখতেই দেখল, দেহাতী মামুষগুলো সারা রাস্তায় ট্রেন আটকে জল শুষে নিয়েছে, সেই মামুষগুলো স্টেশনের প্ল্যাটকরমে পাগলের মত ছোটাছুটি করছে। গোটা স্টেশনে একদল পুলিশ। দেখলে মনে হবে না ওদের এই মামুষগুলো সম্পর্কে কোন কৌতৃহল আছে। নির্বিকার ভাবে যেন একদল বন্ত মানুষকে ঘেরাও করে নিয়ে যাওয়া হচ্ছে। স্বাই পালাবার চেষ্টা করছে, কিন্তু হাতে বন্দুক, কিছু ফাঁকা আওয়াজ ওদ্পের সম্বস্ত করছিল।

সুবল এবার জত নেমে যাবার জন্য দরজা টানতেই দেখল দরজা খুলছে না। সে এবার কামরার ভিতরটা দেখল। এত কোলাহলেব ভিতরও টুকুন এবং টুকুনের মা-বাবা অঘোরে ঘুমুছে। সে ভেবে পেল না এখন কি করবে! সে পুলিশের ভয়ে, নিশ্চয়ই ওরা এসে দরজা খুলে ওকে ধরে নিয়ে যাবে, সে কি করবে ভেবে পেল না! নিশ্চয়ই ওরা এসে ওর হাত ধরে হিড় হিড় করে টেনে নামাবে। ওর ভয়ে কালা পাছিল প্রায়।

ঠিক তখন টুকুন জেগে গেছে। এই সব শক্ষে, টুকুন জেগে দেখল স্বল দরজা খুলতে পারছে না। টুকুন বাবাকে দেখেছিল দরজা লক করে দিতে। স্তরাং স্বল দরজা খুলতে পারছে না। সে স্বলকে কিছু বলার জন্য উঠে বসতেই জানালায় দেখতে পেল একজন পুলিশ ওদের কামরার দিকে ছুটে আসছে। প্লাটকরমে হৈ-চৈ। মান্তবের ছোটাছুটি, এবং কালা। যারা জল চুরি করেছিল অথবা লুট করেছিল ভাদের এখন ধরে নিয়ে যাওয়া হচ্ছে। টুকুন ব্যাপারটা বৃশতে

টুক্**নের অহ্**থ

পেরেই ডাকল, সুবল, সুবল। দরজা খুলবে না। দরজা খুললে ওরা ঢুকে পড়বে মরে।

স্থবল বলল, আমাকে ওরা ধরে নিয়ে যাবে!

টুকুন বলল, তাড়াতাড়ি এদিকে এস স্থবল। বলে, সে বাংকের নিচে স্থবলকে ঢুকিয়ে দিল। তারপর লম্বা চাদর দিয়ে পর্দার মত একটা আড়াল সৃষ্টি করে স্থবলকে অদৃশ্য করে দিল।

স্বল সব পোঁটলাগুলো শিয়রের দিকে রেখে দিল। জেবের ভিতর পাঁথিটা আছে, স্তরাং স্বল পাখিটাকে একটু আলগা করে রেখে দিল পাশো। পাখিটা এখন প্রায় জড় পদার্থের মত যেন শীতে ভয়ানক কট্ট পাচ্ছে অথবা পাখিটার ঘুম পাচ্ছিল বোধহয়—থুব জড়সড় হয়ে স্বর্লের শিয়রে বলে রয়েছে। টুকুন তার বিছানার চাদরটা নিচে ঝুলিয়ে দিয়েছে। টুকুন কয় এবং ছবল। টুকুন কোন রক্মে উঠে বসল এবং চাদর ঠিক মেঝের সঙ্গে মিলে আছে কিনা, স্বলের হাতপা এবং অহ্য কোন অংশ বাইরে থেকে দেখা যাচ্ছে কিনা দেখবার জন্য উঠে দাড়াল। টুকুন বড় ছবল, কীণকায়। সিল্লের দামী ফ্রক গায়ে চল চল করছে। শুধু সামান্য মুখে সড়েজ স্থলর চোখ কালো জলের মত গভীর মনে হয়, বেদনার চিহ্ন এই চোখে। দরজায় ঠক ঠক শব্দ হছে। টুকুন কি করবে ভেবে পাচ্ছিল না। মা এবং বাবা শেষ রাতের ঠাওঃ বাডাসটুকু পেয়ে অঘোরে ঘুমুচ্ছেন। স্বতরাং টুকুন নিজে ধীরে ধীরে উঠে গেল এবং দরজা খুলে দিল— লম্বা এক পুলিশের মুখ, গোটা দরজা জুড়ে দাঁ ড়িয়ে আছে।

টুকুন খুব আন্তে আন্তে বলগ, কেউ নেই।

- —কেউ ভোমাদের কামরায় চুকে লুকিয়ে নেই ভো <u>!</u>
- -ना
- —বড় স্বালাতন করছে এইসব দেহাতী মাতুষগুলো।
 টুকুন কোন জবাব দিল না। কারণ সে বেশিক্ষণ দাঁড়িয়ে থাকছে

পাবছে না। তার শরীর এত তুর্বদ যে, মনে হচ্ছিল মাথা ঘুরে নিচে পড়ে যাবে। দে পুলিশের কথা প্রায় শুনতে পাচ্ছিল না। এটা প্রথম শ্রেণী, ওরা প্রথম শ্রেণীর যাত্রী। পুলিশের গার্ড এসেছিল, দেটশন মাস্টার এসেছিল, ওদেব কামরাতে এইসব দেহাতী মানুষ্ণুলো উপদ্রব করে গেছে কিনা, অথবা কোন তুর্ঘটনার জন্ম এই দেহাতী মানুষ্ণুলো দায়ী কিনা অনুসন্ধানের চেষ্টায় আছে।

টুকুন এবাব শক্ত গলায় বলল, এ ঘরে কেউ আদে নি গার্ড লাহেব। বলে, দে মুখের উপর দরজা বন্ধ করে দিল। তারপর বাংকে কোনক্রমে ছুটে গিয়ে শুয়ে পড়ল। আর অবাক টুকুন, কি বিশ্বয় টুকুনের, আজ প্রথম কতদিন পর দে নিজে বিভানা ছেড়ে উঠে পড়তে পেরেছে। সে কতদিন পর নিজের পায়েব উপব ভর করে দাঁড়াতে পেবেছে। দে নিজেকে বিশ্বাদ করতে পারছিল না। মা-বাবা ঘুমুচ্ছেন। মা-বাবা দেখতে পেলেন না টুকুন নিজে উঠে বসেছে এবং নিজে উঠে গিয়ে দবজা খুলে দিয়েছে। দরজা বন্ধ করেছে।

দে মা-বাবাকে ডাকে নি, কারণ মা-বাবা হয়তো ঘুম থেকে উঠে দরজা খুলে দিয়ে সন বলে দিতেন। হাঁা, এসেছিল, স্বল এক পাথিয়ালা, সেই পাথিয়ালা এসেছিল দলবল নিয়ে, সে তার দলবল নিয়ে এই ঘরের শেষ জলটুকু নিংশেষ করে গেছে। মাকে হয়তো বোঝাতেই পারত না, স্বল এক পাথিয়ালা এসে টুকুন নামে এক রুগ্ন হবির বালিকার পায়ে শক্তি সঞ্চার করতে সাহায্য করেছে। টুকুন মাকে বাবাকে তার এই বিশায় দেখানোর জন্ম ডাকল, মা, মা!

সে ডাকল, বাবা, বাবা!

ট্রেন চলছে। ভোর হয়ে আসছে। জ্বানালা দিয়ে আবার বড় মাঠ দেখা যাচেছ। ট্রেনের ভার দেখা যাচেছ। পাধিরা ভোরের নালোভে উড়ে যাচিছল। এই মাঠ দেখলে এখন আর কোন জলকষ্টের কথা মনে পড়ছে না। কিছুটা সবক্ত আভা এখন দেখা যাচেছ। গ্রামে

টুকুনের অহংখ

মান্থবের চালাঘর, গরুবাছুর এবং মাঠে সামাশ্য শস্য দেখা যাচ্ছিল। টুকুন খুব ধীরে ধীরে তখনও ডাকছে, মা, বাবা, দেখো দেখো। মা, বাবা, ওঠো ওঠো। দেখো ভোমরা, ভোমরা দেখো, টুকুন শুয়ে নিজের মায়ের ওপর কোমল হাত রাখল।

সুবল বাংকের নিচে চুপ মেরে শুয়ে আছে। এখন বের হলে যে কোন, আর ভয় নেই সে তা ধরতে পারছে না। ওর ধারণা পুলিশ এখনও এই ট্রেনে দলবল নিয়ে ঘুরছে। সে এতটুকু নড়ছিল না। সে পাথিটাকে পর্যন্ত হাতের ইশারাতে তৃষ্টুমি করতে বারণ করে দিল। কারণ ভোর হয়ে গেছে বোধয়য় আর থরা অঞ্চলের ওপর দিয়ে ট্রেন যাছে না। সে ট্রেনে শুয়ে শস্তের গদ্ধ পেল। এই শস্তের গদ্ধ পোয়ে পাথিটা কেমন শক্তি পাছে ভিতরে। ওর ফুর ফুর করে উড়তে ইচ্ছা হচ্ছিল। সে এত উত্তেজিত যে বাংকের নিচেই ত্'বার ফুর ফুর করে উড়ে মাথায়-মুথে এসে সুবলের বসে পড়ল।

সুবল এতটুকু নড়ছিল না। সে পাখিটার ছাইুমি ধরতে পেরে বাঁশের অ্ব্যু একটা চোঙ টেনে আনল সন্তর্পণে। তারপর পাখিটাকে চোঙের ভিতর ঢুকিয়ে দিল। এবং মুখ বন্ধ করে বলল, বড় বজ্জাত পাজি তুই। বড় শহরে না গেলে তোমাকে আর ছেড়ে দিচ্ছি না।

টুকুন নিজের পায়ের ওপর চোখ রেখেছিল বিশ্বয়ে। মা-বাবা উঠে গেছেন। টুকুন ওদের দিকে তাকিয়ে বলল, মা, আমি উঠে দরজা পর্যন্ত গেছি, দরজা খুলে দিয়েছি।

ন, এত বিশ্বিত যে কথা বলতে পারছিলেন না। বোধহয় টুকুন স্বপ্নের কথা বলতে

—বাবা, পুলিশ এসেছিল

বাবা টুকুনকে দেখতে থাকলেন। কথা বলভে পারছিলেন না।

—বাবা, সভিয় আমি উঠে গিয়ে দরজা খুলে দিয়েছি। পুরী স্ববলকে ধরতে এসেছিল। আমি বলেছি এখানে কেউ নেই। বাবা এবার দরজার দিকে চোথ তুলে দেখলেন, দরক্ষা তেমনি লক্
করা আছে। তিনি ভাবলেন টুকুন হয়তো কোন স্বপ্ন দেখেছে। টুকুন
ক্ষা দেখেছে কোন মাঠ অথবা ওর প্রিয় লেবুতলায় সে হেঁটে হেঁটে
যাক্ষে। ওর শরীরের সমস্ত শিরা-উপশিরা শুকিয়ে আসছে। পারে য়র
কোথাও আব কোন শক্তি অবশিষ্ট নেই। কেমন ক্রমশঃ টুকুন স্থবির
হয়ে যাচ্ছিল। কোথাও কোন জায়গা নেই, বড় ডাজার নেই ষেখানে
তিনি টুকুনকে নিয়ে না গেছেন। হতাশা এখন সম্বল। মেয়েটা
ক্রমশঃ পঙ্গু হযে যাবে তারপব সতেজ মুখে আর কোন বিষয়ে ছবি বুলে
থাকবে না। টুকুন মরে যাবে। বাবা তার এই স্বপ্লুকু ভেঙ্গে দিতে
চাইলেন না।—বাং, বেশতো টুকুন, তুমি হেঁটে গিয়েছ, বাং, বেশতো।
আমিতো বলোছ, তুমি আজ হোক কাল হোক হাটতে পারবে। তুমিঁ
রেঁটে হেঁটে কোথাও না কোথাও চলে যেতে পাববে।

—বাবা, আমি হেঁটে হেঁটে এই বাংকে এসে শুয়ে পড়েছি। আমি স্বলকে পর্দার আড়ালে রেখে দিয়েছি, সব আমি বাবা নিজের হাতে করেছি। আমি পায়ে হেঁটে করেছি। বলে টুকুন ফের উঠে বাবাকে দেখাতে চাইল, আমি ইাটতে পারি, মাকে দেখাতে চাইল, এই দেখ আমার পায়ে কেমন শক্তি, কিন্তু হায়, টুকুন শত চেষ্টা করেও পায়ের ওপর ভর করে দাড়াতে পারল না, অতীব আশার উত্তেজনা ওকে বড় অসহায় করে তুলছে। তবে কি সব ভোজবাজির মত হয়ে গেল! টুকুন কত চেষ্টা করল। কতভাবে চেষ্টা করল। প্রাণে সকল আবেগ ঢেলে চেষ্টা করল, কিন্তু হায়, টুকুন কিছুতেই আর নিজের চেষ্টায় উঠে বসতে পারল না। টুকুন ভয়ন্তর হতাশায় ফের কেনে ফেলল, মা, আমার কিছু ভাল লাগে না, ভোমরা আমাকে ছেড়ে দাও, কোথাও আমি চলে যাব।

্বহায়, মেয়েটার দিকে এখন আর তাকানো যাচ্ছে না। সতেজ মুখে চোখের,জল গড়িয়ে পড়ছে। সাদা জামা, চোখের জলে ভিজে গেল।

টুকুনের অহুধ

সারাজীবন ধরে কালা। কি এক গুরারোগ্য ব্যাধি, কি এক অসীম হুডাশা এই পরিবারকে ক্রমশঃ গ্রাস করছে। টুকুন ক্রমশঃ পঙ্গু হয়ে যাচ্ছে। হাত-পা অচল হয়ে যাচ্ছে। ভিতরের শিরা-উপশিরা শুকিয়ে যাচ্ছে, রোগের কোন কারণ নির্ণয় করা যাচ্ছে না।

ট্রেন চলছিল। পাথি উড়ছিল আকাশে। লাইনের তারে কিছু
শালিথ পাথি দেখতে পেল ওরা। কত গ্রাম-মাঠ ফেলে ট্রেন ছুটছে।
জানালায় ছোট ছোট কুঁড়েঘর, বড় দীঘি, কালো জল, সবুজ মাঠ ভেসে
উঠছিল। যত ট্রেন বড শহরের কাছাকাছি চলে যাচ্ছে, তত লোকালয়,
ইউ-কাঠের বাড়ি, কারখানার চিমনি এবং লোহার পুল। সুবল বাংকের
নিচে থেতে উঠে এলে দেখতে পেত সব। বোধ হয় সুবল ফের ঘুমিয়ে
পড়েছে বাংকের নিচে। সুবলকে ঘুমোতে দেখে পাথিটা চোঙের
ভিতর কিচ্মিচ, করছিল। ছটফট করছিল ভিতরে। ফুর ফুর করে
ভেতর কিচ্মিচ, করছিল। ছটফট করছিল ভিতরে। ফুর ফুর করে
ভেত্বার ইচ্ছা পাথির, পাখি কেন আর এখন চোঙের ভিতর থাকবে
ছেই পাখি স্বলের কানের কাছে চোঙের ভেতর থেকে বের হবার জন্য
কিচ্মিচ্করে প্রায় কোলাহল জুড়ে দিল।

বোধ হয় সূবল পুলিশের ভয়ে ঘাপটি মেরে আছে। নড়ছে না।
পাথিটা চোঙের ভেতর থেকে ভাবছে সুবল ঘুমোছে। টুকুন ভাবছে
স্থবল ঘুমোছে। মা-বাবা এ ঘরে সুবল আছে বিশ্বাসই করতে পারছিলেন
না। কারণ ওঁরা স্থবলকে দেখতে পাচ্ছেন না। চাদরটা মেঝেতে
গড়াণাড়ি বাচ্ছে। স্থবলের হাত-পা-মুখ কিছু দেখা যাচ্ছে না। সবটাই
স্থপ্ন টুকুনের। স্থবল, পাথিয়ালা সুবল চলে গেছে।

আর ঠিক তক্ষ্নি স্থবল চাদর ফাঁক করে কচ্ছপের মত মুখ বাব করে বলস, মা, পুলিশ দরজায় দাঁড়িয়ে নেই তো। মা, আমরা আর কতক্ষণ ট্রেনে? পুলিশ আমাকে ধরবে না ভো!

টুকুন শুয়ে শুয়ে বলল, তুমি কতদুর যাবে সুবল ।
—আমি কলকাভা যাব দিদিমণি।

- —সেখানে কে আছে স্থবল ?
- আপন বলতে কেউ নেই। বলে সুবল হামাগুড়ি দিয়ে চাদরটা সরিয়ে বের হয়ে এল। নোংরা জামাকাপড় বলে সে এক কোণায় মেঝের ওপর জব্থবু হয়ে বসল। সে ছ'হাত জোড় করে বলল, মা, পাখিটা আমার বের হতে চাইছে। বের করব ং পাখিটা একটু উড়তে চাইছে।

পাথিটা হেগে-মুতে দিতে পারে এই ভয়ে প্রোঢ় মানুষটি কিঞ্ছিৎ সংশয় প্রকাশ করছিলেন। নােংরা সুবলকে দহা করতে পারছিলেন না। যেথানে স্থবল বদছে ঠিক দেখানেই নােংরা লাগাচ্ছে। কিন্তু টুকুন পাথির নাম শুনেই বলল, সুবল, তুমি এখন পাখি ছেড়ে দিলে মাঠে উড়ে যাবে ?

- —না দিদিমণি। পাথি আমার পোষা। পাথির মা নেই বাবা নেই, আমার মত পাথির কেউ নেই। আমাকে ফেলে পাথি আর কোথাও যাবে না দিদিমণি।
 - —দেখি, কেমন যায় না!
- —কেন দিদিমণি, তুমি দেখ নি পাখিটা আমাকে কেমন সব পোক^{শি} নাক্ড ধরে দিয়েছে ?
 - —তা দিয়েছে তোমার পাখি।
- —তবে এই দেখ। বলে চোঙের মুখ খুলে দিল সুবল। সেই পাখি সোনার ঠোঁটে কিচমিচ করে উঠল। পেটের দিকে সাদা রঙ, পাখা কালো আর ধন সবৃদ্ধ রঙ পাখির পাথে। পাথিটা প্রায় নেচে নেচে বেড়াল সারা কামরাময়। পাথিটা দেয়ালে উড়ে গিয়ে বসল, ওপরের বাংকে বসে উকি দিয়ে যেন গাছের ডালে বসে উকি দিছেছ তেমনি পাথিটা নিচে টুকুনকে দেখল। টুকুন পাথিটাকে দেখল, মাঠের ভিতর খোলা আকাশের নিচে এই পাথি কত স্থল্যর দেখাত—স্বল এক পাথিয়ালা কলকাতা যাছে, যেন বলছে, দেখা দেখা, খেলা দেখা,

हेक्टनद अञ्र

পাধি আমার খেলা দেখাবে, নাচবে, গাইবে, ছাওয়ায় উড়বে, ঘাঁড় গরুর মত, ভালুক অথবা বাঁদর নাচের মত, সুবল এক পাথিয়ালা কলকাতা নগরীতে অম্লসংস্থানের জন্ম যাচেছ।

পাথিটা জানালায় বদল, পাথিটা টুকুনের শিয়বে বদে লেজ নাড়ল। আর পাথিটাকে টুকুন সামাগ্র আপেলের টুকরো দিল থেতে। শিয়রে বদে টুকুনের হাত থেকে পাথিটা ফলের নরম অংশ ঠুকরে ঠুকরে থেল।

তথন সুবল বদেছিল নিচে। ওর পোঁটলার ভিতর লুকনো বটফল, এক মুঠো ফল মুখে ফেলে দিয়ে চিবৃতে থাকল। প্রায় যখন ফেনা উঠে গেছে মুখে তথন দলাটা কোঁৎ করে গিলে ফেলল সুবল। ফের এক মুঠো, ফের ফেনা ওঠা পিষ্টক দে খেয়ে সামাশ্য পাথিটার জন্য রেখে দিল হাতে।

স্বলের এই নোংরা স্বভাব দেথে টুকুনের মা ঘূণায় মুখ কোঁচকাল, ঘূণায় একবার চেকারবাবৃকে ডেকে বলবে কিনা ভাবল, এখন তো আর খরা অঞ্চল নেই, এখন ছভিক্ষপীড়িত মামুষদের ভয় কি! স্থভরাং এবার প্রায় টুকুনের মা ধমক দিয়ে বলল, সামনের স্টেশনে তুমি বাপুনেম যাবে।

স্ববল বলল, তাই যাব মা। স্টেশনের কি নাম?

- স্টেশনের নাম ব্যাণ্ডেল।
- —যাব মা। সেথান থেকে কলকাতা কতদূর মা?

অত কথা শুনতে ভাল লাগল না। কোথাকার কোন এক মামুষ, উটকো মামুষ মা মা বলে একেবারে কামরাটাকে কদাকার করে তুলছে। সে বলল, মা, আমি ভো আপনাদের কোন অনিষ্ট করছি না।

টুকুন শুনছিল সব। সে দেখল স্থবল ভয়ে কেমন চুপ মেরে গেছে। স্থবল ওর সব সম্বল নিয়ে এসেছে বলে পোঁটলা খুলে দেখল, ছোট ছোট পোঁটলার কোনটায় চন্দনের বীচি, কোনটাতে পুঁতির মালা।

ভার মা একবার মেলা থেকে একটা পুঁভির মালা কিনে দিয়েছিল

টুকুনের অহথ

আর রঙ-বেরঙের সব পাথর, সে সেইসব পাথর পাহাড়ের মুড়িপাথর থেকে সংগ্রহ করেছে। সে কিছুই ফেলে না। যা ভাল লাগে, যা কিছু ভাল লাগে—সবই সঞ্চয়ের সামিল এই ভেবে সব সে সঞ্চয়ের রুড়িতে জমা রেখে দিত। চন্দনের বীচি, কুঁচফল এবং ভিন্ন ভিন্ন পাথরের উজ্জল রঙ টুকুনকে পুলকিত করাছল। টুকুন মাকে ভয় পায়, মা সুবলকে নেমে যেতে বলেছেন, টুকুনের কন্ত হচ্ছিল। খুব কন্ত হচ্ছিল টুকুনের, কারণ স্বলের কেউ নেই—কত আর বয়েস সুবলের, সে সময় পেলে পাথির খেলা দেখায়। অথবা কোন কোন সময় ঋষি-পুত্রের মত মনে হয় খন স্বলকে, সবচেয়ে বড় আশ্চর্য, সুবলের জক্ষ টুকুন দরজা পর্যন্ত হেঁটে যেতে পেরেছিল। যেন এক দৈবশক্তি ভার করেছিল টুকুনের পায়ে। অথবা সুবল মন্ত্র-তন্ত্র পড়ে টুকুনকে হাঁটতে সাহায্য কবেছে। এই সুবল চলে গেলে সে সত্যই পজু হয়ে যাবে। আর কোনদিন সে হেঁটে গিয়ে জানালায় দাঁড়াতে পারবে না, কোন-দিন সে খোলা আকাশের নিচে আর দৌড়তে পারবে না।

তথন খোলা আকাশের নিচে একটা গাছ, কি গাছ হবে, চডুই গাছ অথবা অজুন গাছ হতে পারে। গাছে পাতা নেই, রোদ এসে মুখের ওপর পড়ছে, প্রথমে মনে হচ্ছিল কেউ অন্ধকার রাতে ওর সামনে মালো বহন করে এনেছে, সে সচকিত হয়ে চোখ খুলল, মাথার ওপর প্রথম রোদ, সামনে খোলা মাঠ, শুধু ধু করছে মাঠের রোদ। বিল্লীর আকা-বাঁকা রেখা দিগন্তে পাখির মত উড়ে উড়ে যাচ্ছে। মরিচীকার মত মনে হচ্ছিল। বৃদ্ধ পুরোহিত প্রথমে শরীরের আলখেলা খুলে ফেললেন। মরিচীকার মত এই জলের চিহ্ন তিনি দেখতে পাচ্ছেন, মাঠ পার হয়ে হয়তো আকাশের নিচে কোথাও কোন মেঘের টুকরো উঠে আসছে, তিনি জলের সন্ধানে এই মরুভূমির মত প্রান্তরে ছুটতে থাকলেন। তাঁর কোন জ্ঞান ছিল না। তিনি প্রায় পাগলের মত ছুটে চলেছেন, যদি কোথাও কোন জলের উৎস খুঁজে পাওয়া যায়।

্র আর তিনি ঠিক নিচে এসে যেখানে গতকাল মানুষেরা নদীর ঢালুতে জল অনুসন্ধান করে গেছে, সেখানে থমকে দাঁড়ালেন। দক্ষিণ অঞ্চল থেকে একটি ছোট্ট পাহাড়ের শিরা বের হয়ে এসেছে। হু'দিকে পাহাড়ের উপত্যকা গিরিখাতের মত সৃষ্টি করেছে। তারই নিচে ছোট পাতকোর মত গর্ত। বালুর পাহাড় চারধারে। একের পর এক এই সব গর্ত গতকাল তার দলের মানুষেরা করে গেছে। কোন গর্তেই জল নেই, তিনি তা জানতেন। শুধু দুরে দেখলেন তিনটি ছোট ছোট প্রাণী একটা গর্তের চারধারে কেবল ঘুরছে। এই খরা অঞ্চলে, জলের আভাবের জন্ম যেখানে কোন পাধপাখালি পর্যন্ত নেই, যেখানে কোন কান প্রাণী দেখে বিশ্বিত পোট

তিনি যত এগুচ্ছিলেন তত এইসব ছোট ছোট প্রাণীগুলোকে কেমন চঞ্চল দেখাচ্ছিল। কাছে গেলে বুঝতে পারলেন ছটো হরিণ শিশু জলের জন্ম পাশের সংরক্ষিত বন থেকে এখানে ছুটে এসেছে। ওঁকে দেখে তারা ছুটে পালাল না! শুধু সামান্ম লাফ দিয়ে একটু সরে দাঁড়াল। তিনি গর্তের পাশে দাঁড়ালে আরও বিস্মিত হলেন—একটা বড় হরিণ গর্তের ভিতর পড়ে গেছে, হরিণটার হাঁটু পর্যন্ত জল, সে তার শিশুদের জল দেবার জন্ম নিচে লাফিয়ে পড়েছে। আর উঠতে পারছে না। কেবল ভিতরে ঘুরপাক খাচেছ। বৃদ্ধকে দেখে কেমন কঁকিয়ে একটু শব্দ করল তারপর বৃদ্ধকে অপলক দেখতে থাকল।

তিনি এবার হরিণ শিশুদের অতিক্রম করে সেই গর্তে নেমে গেলেন। নিচে নেমে হরিণটাকে পাড়ে উঠতে সাহায্য করলেন। তারপর আলথেলাটা জলে ভেজালেন। হরিণী একটু দূরে দাড়িয়ে বাচ্চাগুলোর জন্ম অপেক্ষা করছে। জলের পিপাসা ওদের এত বেশি যে, ওরা জল থাবার জন্ম ঝুঁকে পড়ছিল গর্তে। প্রাণের মায়া ছিল না। বন্ধ আলথেলা ভিজিয়ে জল তুলে আনলেন। একটু একটু করে তিনি সেই তিনটি শিশুকে আলথেলা চিপে জল খেতে দিলেন। ওরা জল খেল, লাফাল, তারপর হরিণীর সঙ্গে সেই বনের দিকে ছুটে যাবার জন্ম পাহাডের কোলে উঠে গেল।

যতক্ষণ না ওরা তিনজন হারিয়ে গেল ততক্ষণ বৃদ্ধ সেই পাহাড়ের দিকে তাকিয়ে থাকলেন। এখন আর যেন কিছু করণীয় নেই। বালির নিচে চোরা স্রোত, এই স্রোতের সন্ধান যদি তিনি গতকাল পেতেন তবে বৃধি এইসব অঞ্চলের অস্ততঃ কিছু কিছু মামুষকে শস্ত এবং সুদিনের আশাস দিয়ে ধরে রাখতে পারতেন। কিন্ত হায়, ওরা এখন সব বিবাগী। ওদের ছোট ছোট কুঁড়েঘর পড়ে আছে। পাহাড়ী উপত্যকাতে এই সময় অফ্যাম্য বছর যখন বর্ষার জলে মাটি ভিজতে থাকে তখন এক মেলা হয়, উৎসব হয়, উৎসবে তিনি প্রধান মানুষ।

ट्रेक्टनद अञ्चर

এই উৎসব শস্তের জন্ম, সম্পদের জন্ম, কতকাল থেকে পৈতৃক এই ব্যবসা তার । সকলের বিশ্বাস এখন তিনিই একমাত্র মামুষ যার মস্ত্রের উচ্চারণে আর তেমন শক্তি নেই । হোমে তিনি যে বিশ্বপত্র দান করেন এখন তা আর তেমন পবিত্র নয়—নিশ্চয় কোথাও না কোথাও তিনি তার পবিত্র জীবন থেকে বিচ্যুত হয়েছেন। মানুষের বিশ্বাসভঙ্গের দায়ভাগ তাঁর ওপর।

রদ্ধ পুরোহিতের নাম জনার্দন চক্রবর্তী। তিনি জলের ভিতর তাঁর মুখ দেখে আংকে উঠলেন। চোখে-মুখে অবসাদ, বড় বড় দাড়িতে মুখ চেকে গেছে, তিনি ক্রমশঃ কেমন বহা জীবের মত হয়ে যাচ্ছেন। তাঁকে বনমান্থবের মত মনে হচ্ছে। তিনি রোদের জহা ওপরে দাড়াতে পারছিলেন না। তিনি উলঙ্গ হলেন এবং সেই হাঁটুজলে নেমে শরীরে মুখে জল চেলে দিলেন। সমস্ত ক্রান্তি এবং অবসাদ শরীরের ক্রমশঃ কেমন উবে যাচ্ছিল। দীর্ঘাদন পর ঠাণ্ডা জলের এই স্নান তাঁকে সুখী এবং তাজা যুবকের মত কের সেই পুরানো মন্দিরে উঠে যেতে প্রেরণা দিচ্ছে। তাঁর সেই স্বপ্নের কথা মনে ২ল, জলের জহা অনুসন্ধান, স্বপ্নে কেন বলঙ্গ—অনুসন্ধান কর, কোথান্ত না কোথান্ত নদীর চালুতে চোরা স্রোত রয়েছে, তুমি তাই খুঁজে বের কর।

সে আবার চিংকার করে উঠল, মা সুবচনী, তোর জয় হোক।
কিন্তু মা তোর মনে কি এই ছিল ? তোর মাটিতে মা ফদল ফলে না,
তোর মাটিতে মা আর পালা-পার্বণ নেই, সব খা খা করছে, সব জনহীন
প্রাণীহীন মা, আমি এখন এই জলে কি করব মা। তোর জলে তুই
ছুবে মল। তুই ডাইনী। সকলের হাড়-মাংস খেয়ে তুই সুবচনী এখন
ধেই ধেই করে নাচছিস।

জনার্দন পারে উঠে আলখেল্লা এবং পরনের কাপড়টা কাঁধে কেলে একবার চারিদিকে ভাকালেন। কবে সব মামুষজনদের নিয়ে ভিনি জলের সন্ধানে মাঠের পর মাঠ পার হয়ে চলে এসেছিলেন, এখন যেন আর তা মনে পড়ছে না। ভালবাসার মাটি সকলে ছেড়ে চলে গেলে কি আর থাকল। জনার্দন, এই মাটি ছেড়ে সকলে কোথাও চলে যাবে ভাবতেই জলের জন্মে হতাশ হয়ে মরছিল। পারে উঠে দেখল—তার আবাস অনেক দূর। এত দূর তিনি হেঁটেযেতে পারবেন না, বিশেষ করে এই খরার রোদে। তিনি বালুর ওপর আর পা রাখতে পারছিলেন না, সূর্য যত ওপরে উঠে আসছে তত পায়ের নিচের উত্তাপ প্রথর মনে হচ্ছে। তিনি তাড়াতাড়ি কোন নিকটবর্তী গ্রামে উঠে যাবার জন্ম প্রায় ছুটে চললেন। পরিত্যক্ত কুঁড়েঘরে এখন অন্ধতঃ সময়টা কাটিয়ে বেলা পড়ে এলে পর ছোট পাহাড়ে চলে যাবেন।

গ্রামের ভিতর ঢুকতেই জনাদনের বুকটা জাঁাৎ করে উঠল। এখন আর এখানে মানুষের কোন সাড়া পাওয়া যাচ্ছে না। প্রিয় কদমকুল গাছটা মরে গেছে। পুকুরের মাটি ফেটে গেছে। সব কেমন আলে-পুড়ে থা খা করছিল। কোথা থেকে পচা তুর্গন্ধ আসছিল। জনাদন ছোট একটা কুঁড়েঘর দেখে ভিতরে ঢুকে গেলেন। বস্তুত জনার্দ ন ভয় পাচ্ছিলেন ৷ তিনি দেখলেন দরজার পাশে একটা ছেঁড়া গামছা ঝুলছে এবং বাতাসে গামছাটা নড্ছিল। জনাদ ন ভয়ে দর্জা বন্ধ করে বঙ্গে পড়লেন। মনে মনে বললেন, মা সুবচনী, এত ভয় কেন প্রাণের জন্ম। কিসের ভয় মা। আর তো কেউ নেই মা। আমি পুত্র-কন্তাবিংীন। শুধু এক অহন্ধার ছিল মা। অহন্ধার আমার এই উপবীতের। তিনি তার উপবীতে হাত রাখলেন। পুরুষামুক্রমিক এই উপবীত, উপবীতের অহস্কার, কে যেন হেঁকে গেল মাঠে, ঠাকুরমশাই, মেয়ের বিয়ে কোন মাসে দেব, ঠাকুরমশাই মাথা চুলকে কি দেখলেন, তারপর বইয়ের পাতায় कि পড়লেন, শেষে বলে দিলেন, সাভাশে প্রাবণ। সম্ভানের कि नाम शरत, जिनि नाम तरल पिरजन, भूख शरत ना कका शरत, जिनि বলে দিতেন, জমিতে ধান চাষ হবে—তিনি বলে দিতেন, কালবৈশাখীর ঝড় থেকে বক্ষার জন্ম ভৈরব ঠাকুরের পূজা দিতেন। রৃষ্টি না হলে ছোম-

টুকুনের অক্থ

করতেন। সময়ে অসময়ে বৃষ্টি ঝরে পড়ত। জলে ভেসে যেত মাটি। লাঙ্গল কাঁথে তুলে স্বচনীর মন্দিরে চাষী মানুষেরা যেত, তিনি লাঙ্গলের ফলাতে স্বচনীর তেল-সিঁত্র মেখে দিতেন, গৃহস্থগণ চাষ করে আপন ঘরে সমংসর সোনার ফসল তুলত।

জনাদন ঘর অন্ধকার করে বসে থাকলেন। ঘরের সব দরজা জানালা বন্ধ. ঘরের ভিতর একটা ছেঁড়া বালিশ — তিনি তার ওপর মাথারেখে শুয়ে পড়লেন। দিনের বেলাতে আর বের হওয়া যাবে না বোধ হয়, চারিদিকে লু বইছে। মাধায় মুখে কাপড় জড়িয়ে হাঁটতে হচ্ছে। তিনি স্থির করলেন, দিনের বেলাতে স্থবচনীর মন্দিরে নিজা যাবেন, রাতের বেলাতে উঠে থাল অন্থেমণ এবং অন্থাম্ম কাজ, কি করে এই মাটিকে ফের উর্বর করা যায়, কি করে ফের মস্তের অনোঘ শক্তিতে রৃষ্টিপাত ঘটানো যায়, দে সবের চেষ্টা।

কারণ জনার্দন ঠাকুরের মন্ত্রের ওপর বড় বিশ্বাস ছিল। এই অঞ্চলের দেবী স্বচনী, এই অঞ্চলের রক্ষার দায়িত্ব তার। আর জনার্দনি ঠাকুর পুরুষান্ত্রক্রমিক দেবীর সেবাইত। পুরুষান্ত্রক্রমিক বিশ্বাস, অঞ্চলের মানুষদের বিষয় সম্পর্কে জনার্দনি ঠাকুর—প্রায় যেন ঈশ্বরের কাছের মানুষ। অশিক্ষিত গ্রাম্য এবং পুর্ণিয়া অথবা বিহার-বাংলার সীমান্ত অঞ্চলের মানুষ এরা। কিছু পাহাড়ী আদিবাসী। কিছু বাঙ্গালী। ভাষা, বিহার-বাংলার সীমান্ত অঞ্চলের। বড় গরীব মানুষগুলো। যা ফসল ফলত মাঠে, ওরা সোনার ফসল ভেবে নিত। এ-ভাবে ওদের বছরের পর বছর কেটে গেছে। জলের কই ছিল, কিন্তু জ্বলের অভাবে গরু-বাছুর মরে যায় নি, অন্নের কই ছিল মানুষের—কিন্তু ক্রানার থাকে না। মা সুবচনী, বড় জ্বাগ্রত, বড় লক্ষ্য তাঁর সন্তানের ওপর।

বিস্তীর্ণ পাছাড় আছে, শাল-শিমুলের গাছ আছে, বনে পাথি আছে, ছরিণ আছে, আর কত রকমের মূল আছে গাছের যা তুলে কুধায় খেলে আন্নকন্ত দূর হয়, শরীরে শক্তি সঞ্চার হয়। গৃহস্থের সোনার ফসল, গরীবের মুনীষ থেটে খাওয়া, কাজ না থাকলে, বনে-পাহাড়ে ঘুরে বেড়াও সকল আন্নকন্ত দূর হয়ে যাবে। তেমন অঞ্চলে পর পর তিন বছর খরা গেল—স্কলে তৃঃস্থা দেখল—বুঝি এই অঞ্চল মক্তৃমি গ্রাদ করে খাচেছ।

স্বতরাং মানুষেরা যাদের সহায়-সম্বল আছে তারা শহরে চলে গেল, মডকে কিছু লোক সাফ হয়ে গেল আর বাকি যারা ছিল এতদিন তাদের জনাদান ঠাকুর নানা রকম আশ্বাস দিয়ে ধরে রেখেছিলেন, কিন্তু হায়, কোথাকার এক ট্রেন এসে তাদেরও নিয়ে চলে গেল। জনার্দ ন ছঃখে হতাশায় ভেঙ্গে পড়লেন। তুবু হায়, জনার্দন ঠাকুরের এই মাটির জন্ম আশ্চর্য এক ভালবাসা। এমন মাটি, ভালবাসার মাটি, কোথাও যেন তাঁর নেই। তিনি এখানে রাজার মত ছিলেন, মানুষের কাছে তিনি এখানে পীরের মত। সেই মান্তবেরা চলে গেছে। সেই সব ভালবাসার মানুষেরা চলে গেছে। তিনি তাদের আর কিছুতেই বুঝি ফেরাতে পারবেন না। তাঁর বাপ-পিতামছের গল্প, দেবীর সব পৌরাণিক ইতিহাস, এবং যা চমকপ্রদ, ঈশ্বরপ্রাপ্তির প্রবাদ এই মাটির সঙ্গে মিশে যাবে। কেউ আর স্মরণ করবে না, জনার্দ স ঠাকুরের পরিবার দশ পুরুষ আগে পূর্ববাংলার কোন প্রত্যঙ্গ অঞ্চল থেকে এসে এখানে স্থবচনী দেবীর মন্দির প্রতিষ্ঠা করেছিল। তখন এত লোকালয় ছিল না. দেবীর আশীর্বাদ পাবার লোভে মামুষেরা এই পাহাড়ের নিচে বস্তি স্থাপন করেছিল। তারপর থেকে এই জ্বনার্দ্র এবং তাঁর পরিবার পৌরাণিক ধর্ম বিশ্বাদের মত।

জনাদন ছেঁড়া মাহুরে শুয়ে ফের উপবীতে ছাত রেখে বিড় বিড় করে কি যেন আওড়ালেন, যেন তিনি শপথ করছেন। কিসের শপথ স্পাষ্ট বোঝা গেল না। তবু তাঁকে দেখলে মনে হল আমৃত্যু এই মাটির সঙ্গে তাঁর লড়াই। দেবীর সঙ্গে তাঁর লড়াই। উষর এই দেশকে উর্বর করে তোলার জন্ম তাঁর সংগ্রামকে বড় স্বাস্থ্যকর মনে হবে।.

টুকুনের অন্বথ

কিন্তু তাঁর মুখের ছবি, চোখের দৃঢ়তা এবং উপবীতেব অহস্কার তাঁকে যেন বড় এক লম্বা দৈতোর মত বড় করে ফেলেছে! ভয়ঙ্কর খরা, বাইরের লু আর উষর প্রঞ্তি তাঁকে নিরস্ত করতে পারল না।

শরীন-মন-প্রাণ শক্ত করার জন্ম তিনি বিড়বিড় করে দেবী স্থবচনীর পাঁচালী পড়তে থাকলেন, স্থবচনী মায়গ বাড়ি বাড়ি যায়, বাড়ি বাড়ি গেলে মায়গ ধান-দূর্বা পায়। আরও কি বলার ইচ্ছা যেন। যেন বলার ইচ্ছা মা, তোর এত ছেলে আছে, আর তুই তোর মাটির ছেলেদের সব একসঙ্গে গ্রাস করে ফেললি! জনাদ্দি চিৎকার করে উঠলেন, স্থবচনী মায়গ আমার বড় দয়াময়, ছেলে কোলে লইয়া ঘোরে পাড়াময়। জনাদ্দি আবছা অন্ধকারের ভিতর উঠে বসলেন, বললেন, তুই যদি দয়ায়য়ী হস মা তবে তোর এই রাক্ষ্মী মুখ দেখতে পাড়িছ কেন গ

তথন সারা মাঠ থা খা করছিল। চিতার মত জ্বলছে গ্রাম-মাঠ গাছ-গাছালি। জনাদ ন পরিত্যক্ত এক কুঁড়েঘরে বসে আছেন। তিনি ভিজা আলখেল্লাটা গায়ের ওপর রেখে দিয়েছিলেন, এখন সেই আলখেল্লা এবং কাপড় ছাই-ই শুকিয়ে প্রায় শক্ত কাঠ।

তিনি কি করবেন ভেবে পাচ্ছিলেন না। বিশ-ত্রিশ ক্রোশ হেঁটে শহরের দিকে চলে যাবেন—কিন্তু যা থবর সেথানেও লোক নেই। লোক সব শহর-গঞ্জ ছেড়ে দিচ্ছে। সরকার থেকে যা সামাগ্য সাহায্য আসছে তাও বন্ধ। সরকার থেকে যে পাতকুঁয়ো গ্রামের মাঠে কাটা হয়েছিল, তাতে এল নেই। স্কুতরাং জনার্দনি ক্রেমশং ভেঙ্গে পড়ছেন। ওঁর প্রবল আবেগ, উষর জনি উর্বর করে তোলার আবেগ ক্রমশং মরে যাচ্ছিল। কারণ সর্বত্র এই হাহাকারের দৃশ্য—জনার্দনি এবার পাগলের মত দরজা খুলে দিলেন এবং তপ্ত মাঠের ওপর দিয়ে লুএর ভিতর দিয়ে শাশানের মত এক সামাজ্য শুধু চারিদিকে—জনার্দনি চোধ-মুখ বন্ধ করে উর্বেশ্বাসে সেই পাহাড়ের উদ্দেশে ছুটছেন।

তথন ট্রেনটা ব্যাণ্ডেল স্টেশন থেকে ছাড়ব ছাড়ব করছে। স্থবল কামরা থেকে নেমে গিয়েছিল, নেমে গিয়ে দেখল বড় একটা চোড দিয়ে আকাশ ফুঁড়ে যেন জল পড়ছে। এত জল! সে অবাক হয়ে তাকাল পশ্চিমের দিকে, সেখানেও বড় একটা চোঙ থেকে জল পড়ছে আকাশ থেকে। এত জল! স্থবল দেখল নিচে ছোট ছোট টিপকল, কেবল জল আর জল। সে তাড়াতাড়ি পোঁটলাপুঁটলি রেথে জলে সান করে নিল। জল আর জল। চোথে-মুখে জল পড়তেই শরীরের সব অবসাদ কেটে গেল। যেন সমস্ত শরীরে ঈশ্বর তাঁর ঠাণ্ডা হাতের স্পর্শ দিচ্ছেন। সে কলের নিচে শুয়ে বসে লাফিয়ে সান করল। ওঃ, কি ঠাণ্ডা জল! ৩ঃ, কি আরাম!

কিন্তু একজন নীল উর্দিপরা লোক এসে হেঁকে উঠতেই সে ভয়ে ভয়ে কলের নিচ থেকে বের হয়ে গা-শরীর মুছে যখন প্ল্যাটফরম ধরে ইাটছিল তখনও ট্রেনটা দাঁড়িয়ে আছে। জেবের ভিতর পাখিটা আছে কিনা দেখে নিল স্থবল, তারপর ছুটে গিয়ে সেই কামরার জানালায় দাঁড়িয়ে হাঁকল, টুকুন দিদিমণি, আমি স্লানটা সেরে নিলাম।

স্বলের মুথ কি সতেজ, আর কি এক গ্রাম্য সরলতা—আশ্চর্ষ সরল চোথ স্বলের। স্নান করার জন্ম চুল থেকে এখনও টুপটাপ জলের ফোঁটা মুখে শরীরে পড়ছে। সেই লম্বা জামা গায়ে, পোঁটলা-পুঁটলি কাঁখের ছ'ধারে ঝোলানো—প্রায় তীর্থযাত্রীর মত দেখতে। একটা শুকনো ডাল হাতে এবং বাঁশের চোঙটা পিঠের ডানদিকে ঝুলাছল।

টুকুন ওর সরঙ্গ গ্রাম্য চোখের দিকে কিছুকণ অপলক তাকিরে থাকল। তারপর বঙ্গল, স্থবল, তুমি কলকাতায় গেলে আমাদের বাড়িতে এস।

টুকুনের অহুধ

- —যাব দিদিমণি।
- —তোমার পাথিটা কোথায় স্থবল ?
- —পাথিটা জেবের ভিতর বটফল খাচ্ছে দিদিমণি।
- —তোমার পাখিটা আর একবার উড়বে না ?
- ---উড়বে না কেন ! বলে সে হাত দিল পকেটে। ভারপর পাখিটাকে কাঁধে বসিষ্ণে দিল। তারপর এই গ্ল্যাটফরমে পাখিটা স্থবলের মাথার চার পাশে ঘুরে ঘুরে ফের জেবের ভিতর ঢুকে গেল।

টুকুন বলল, তুমি আমাদের বাড়িতে গেলে আমি আবার পাখির খেলা দেখব। বলতেই ট্রেনটা ছেড়ে দিল। স্থবল একটু সময় গাড়িটাপ্ন সঙ্গে হেঁটে হেঁটে গেল। স্থবল, টুকুন দিদিমণিকে একটা চন্দনের বীচি, একটি পাথর এবং দেই ছুমূল্য কুঁচফল দেবে ভেবেছিল, এত ভাড়াভাড়ি ট্রেন ছেড়ে দেবে তার মনে হয় নি। সে পোঁটলা খুলে দিতে গিয়ে দেখল ট্রেনটা সামান্ত চলছে! সে দাঁড়িয়ে থাকল। চারিদিকে অপরিচিত জন, পাখিটা জেবের ভিতর খুঁটে খুঁটে কেবল ছোলা খাছে, আর একটা ট্রেন এসে এই মাত্র থামল প্লাটফরমে। সব মালুষেরা গাড়ি থেকে লাফিয়ে নামছে কিন্তু বড় নিজনি মনে হল জায়গাটা। যেন সেই পরিত্যক্ত মাঠ এবং পাহাড়ের মত এই প্লাটফরমে শুধু হাহাকারের দৃশ্য। কোথাকার একটা ট্রেন তার প্রিয় দিদিমণিকে নিয়ে চলে গেল।

স্বলের দীর্ঘদিন পর আজ মা'র কথা মনে হল। মেলার কথা মনে হল। স্বচনী দেবীর মন্দিরে ফসল ঘরে এনে যে উৎসব হত তার কথা মনে হল—সেই মেলায় বিদেশ থেকে কত লোক আসত, বাজীকর আসত, সাপের পেটে মানুষের মুখ, একটা মানুষের তিনটে মুখ, তিনটে মানুষের একটা মুখ, বড় বড় কাঁচের বৈয়াম, আর ভার ভিতর বিস্তৃত কিমাকার সব মানুষ, অথবা মাঠের শেষ দিকে বড় ভার, সার্কাদের থেলা, হাতি, বাঘ, সিংহ, একটা মেয়ে ভারে ঝুলে

খেলা দেখাত। একটা ট্রেন গাড়ি তার টুকুন দিদিমণিকে নিয়ে চলে গেল—এ-সব দৃশ্য চোখের ওপর ভাসতে থাকল স্থবলের। আর একটা ট্রেন এসে থেমেছে। ট্রেন চলে যাবে এবার। স্থবল ধীরে ধীরে প্রাটফরমে বসে ওর পোঁটলাগুলো কের বেঁধে নিল। তারপর যাকে সামনে পেল তাকেই শুধাল, এই ট্রেন, কর্তা, কলকাতা যাবে না গ

কে যেন বলল, যাবে।

সে সঙ্গে সঙ্গে ট্রেনে উঠে গেল। ট্রেনটা নীল রঙেল। বড হাতল ঝুলছে। সুবল বয়েস অমুযায়ী লম্বা এবং পায়ের পেশী পাহাড়ে ওঠা-নামার জন্ম বড় শক্ত। সে এক পাশে ভিড়ের ভিতর একটা হাতল ধরে দাঁড়িয়ে থাকল। এখন আর মনে কোন গ্লানি নেই। ট্রেনটা ওকে কলকাতা নিয়ে গেলে সে টুকুন দিদিমণির কাছে চলে যেতে পাববৈ।

আর এ-সময়ই সুবলেব মনে হল ভীষণ ক্ষুধা পেটে। সে তার সঙ্গের শুকনো বটফল খেকে একটা হুটো করে মুখে পুরে দিভে থাকল। দে বটফল চিবুছেে আর হু' পাশের বড় বড় কলকারখানা দেখে কেবল বিশ্বিত হুছে। মনে ২ুছে সে যেন কোন এক রাজার দেশে চলে এসেছে। যেন এখানে অরের অভাব নেই। আর চাইলেই আর ! জলের অভাব নেই, জল চাইলেই জল। আর ভালবাসার অভাব নেই, টুকুন দিদিমণি রাজ্যের সব ভালবাসা তার জন্ম সঞ্চয় করে রেখেছে। তার মনে হল, কলকাভায় পা দিলেই সে রাজা বনে যাবে।

স্থবল দেখল তার গাড়ি আশ্চর্য এক নগরীর ভিতর চুকে যাচছে।
দে চোখ মেলে যত দেখছে তত বিস্মিত হচ্ছে। বড় আশ্চর্য এক
নগরী—চারিদিকে বড় বড় প্রাসাদের মত বাড়ি, সেই স্থদনের
রাজবাড়ির মত, কবে একবার বাবা তাকে রাজবাড়ি দেখাড়ে নিয়ে
গিয়েছিল, কবে একবার সে ছোটবেলায় গল্পের বইয়ে রাজবাড়ির গল্প
পড়েছিল, চারিদিকে বড় বড় অট্টালিকা, চারিদিকে বাঁধানো রাজ্ঞা।

हेर्टान चक्थ

বড় বড় দেবদারু গাছ, গাছে গাছে রূপোর পাড়া, সোনার ফল, নীচে বনের ভিতর সোনার হরিণ—এ যেন সেই রাজার দেশ, লাইনের ওপর ভার, আর আশ্চর্য এক লম্বা ঘরের ভিতর ভার গাড়ি চুকে গেছে, নানারকমের নীল-লাল রঙের বাভি, বেগুনী রঙের বাভি, কত হাজার হাজার লোক, সব রাজবাড়ির রাজপুত্রদের মত ফিটফাট, কোথাও কোন অপরিচ্ছন্নতা নেই, ঝক ঝক করছে সবকিছু।

অথচ কেউ দাঁড়িয়ে এক মুহূর্ত গল্প করছে না, সকলে নিজের মত হেঁটে যাচছে। সকলে ব্যস্ত। সকলে যেন কোথাও কোন নিমন্ত্রণ রক্ষা করতে যাচছে। অথবা কোথাও বড় এক রাজবাড়ি আছে, সকলে সেই রাজবাড়ির উদ্দেশে ছুটছে।

স্বল ভিড়ের ভিতর দেখল ডান পাশের লোহার গেটে চেকারবাব্ কার সঙ্গে পয়সার হিসাব করছেন গোপনে, মনে হল, চেকারবাব্র হাতে কে পয়সা গুঁজে দিল। স্ববল দাঁড়িয়ে থাকল। ওর কাছে পয়সা নেই, টিকিট নেই। এখন টুকুন দিদিমণি নেই ষে ওকে গেট পার করে দেবে। এই লোহার দরজাটার কাছে এসেই স্বলের ভয়েয় পা সরছিল না। সে একপাশে চুপচাপ দাঁড়িয়ে থাকল, ভিড় কমলে চেকারবাব্কে বলবে, বাব্ আমার পয়সা নেই, আমার কিছু বটফল আছে, কিছু পাধর আছে আর আছে এক পাধি। আমি বাব্ আমার পাধির খেলা দেখাতে পারি। বাব্ পাথির খেলা দেখলে আপনি খুলি হবেন। খুলি হলে বাব্ ওকে ছেড়ে দেবে এই ভেবে স্বল একট্ পেছনের দিকে সরে ভাকাতেই দেখল—ট্রেন, মেলা ট্রেন, কেবল ভোঁদ ভোঁদ করছে ট্রেন। মানুষ আর লটবছর চারিদিকে। লোহার রেলিং পার হলে ফলের দোকান। চারিদিকে এত প্রাচুর্য, এত সম্পদ, এত মানুষ, এত জল—স্বল ক্রেমশঃ কেমন বিহলে হয়ে পড়ছে।

তথন চেকারবাবু ডাকলেন, এই ছোকরা, ওখানে কি হচ্ছে। টিকিট কোথায় ?

—বাবু টিকিট নেই।

চেকারবাবু দেখলেন স্থবলকে এবং চেহারা দেখে না হেসে পারলেন না। ভিথারীর মত জামাকাপড় গায়ে কতরকমের পোঁটলা ঝুলছে কাঁধে, হাতে লাঠি এবং পিঠে বাঁশের চোঙ। একেবারে বহুরূপী।

অন্য চেকারবাবু বললেন, ঠিক শালা ধরা অঞ্জের লোক। উপদ্রব বাড়ছে।

- কি করে হবে ! ওরা তো সব দল বেঁধে আসছে । এ তো একা।
- —দল ছুট। দেখে বুঝতে পারছ না ?

সুবল দেখল বাবু ছ'জন ওকে দেখে খুব হাসাহাসি করছে। সুবল বেন সাহস পেল এবার। কাছে গিয়ে বলল, বাবু আমাকে ছেড়ে দিন। আমার পয়সা নেই। এই দেখুন বলে সে তার জেব উল্টে দেখাতে গেলে পাখিটা উড়ে এসে ওর মাধার ওপর বসল। আর সঙ্গে সংস্কা চেকারবাবু ছ'জন বলল, শালা ভোজবাজি জানে। জেব উল্টে পয়সা নেই দেখাতে গেল আর শালার জেব থেকে পাথি উড়ে এসে মাধায় বসল। পয়সার বদলে পাথি!

চেকারবাবু বললেন, খুব তো ভোজবাজি শিখেছ।

—ন। কর্তা। কোন ভোজবাজি নেই। পাথি আমার পোষা। ও জেবের ভিতর থাকে। খুব নাছোড়বান্দা ন। হলে চোঙের ভিতর ভরে রাখি না। বলে সে পিঠ থেকে বাঁনের চোঙা এনে উল্টে দেখাল। তারপর একটু হেসে খুব বিনীতভাবে বলল, যাব কর্তা ? শুকনো বটফল ছিল পোঁটলাতে, কথা বলতে বলতে ত্টো একটা বটফল মুখে পুরে দিচ্ছিল।

এখন যথার্থই যেন স্বলের কোন ভয় ছিল না। কোন ভর ছিল না। চেকারবাবুরা ওকে কোন আর ভয়ও দেখাছে না, কেমন আলা করে পথ ছেড়ে দিলেন। স্বল পাধির খেলা দেখানোর জন্ম চেকারবাব্ ছ'জন বোধহয় খুশি। সে প্রার চুপি চুপি বের হয়ে সোজা স্টেশনের

টুকুনের অহব

কাউন্টার পর্যস্ত হৈটে এল। প্রায় মৃক্ত এখন স্থবল। সে স্থুরে কিরে এত বড় স্টেশন দেখতে থাকল। চারিদিকের এই প্রাচুর্য ওকে জীবন বাপন সম্পর্কে আর কোন ভয় উদ্রেক করতে পারল না। যথন এত প্রাচুর্য, এত জল আর এত সুখী মামুষের ভিড় তথন সামাস্ত এক স্থবলের আহারের জন্ত ভাবনা কি। সে প্রায় লাফিয়ে লাফিয়ে হাঁটতে থাকল, ঘুরতে থাকল এবং ছবির মত, রাজারানীর মত আর নদীর জলের মত পরিচ্ছন্ন এই স্টেশনের চারিদিকটা দেখতে পেয়ে সে আনন্দে প্রায় শিস্ দিয়ে উঠল।

কোন গ্রাম্য সঙ্গীত ও শিসে বাজাছিল। আর ওর মুখের শিস শুনে পাথি পর্যন্ত আত্মহারা। পাথি এবং সুবল এমন একটা দেশে চলে এসেছে—এমন প্রাচুর্যের দেশ, ভাবল সে। বাইরে বের হতেই দেখল বড় বড় দোতালা সব বাসগাড়ি, ট্রামগাড়ি দৈত্যের মত—সেই যেন আলাদীনের প্রদীপ, যা চাওয়া যায় তাই পাওয়া যায়। আলাদীনের পোষা দৈত্যের মত সব ট্রামগাড়ি। বাসগাড়ি স্ববলের জন্ম এবং ওর পাথির জন্ম প্রতীকা করছে। সুবল বলল, বোস। আমরা আসছি। কারণ ভানদিকে কিছুদূর হেঁটে গেলে জল, টিপবল থেকে কেবল জল পড়ছে।

সে জলের নীচে ফের ছুটে গিয়ে দাঁড়াল। পাখিকে জল খাওয়াল, স্থান করাল। এবং শান্তশিষ্ট বালকের মত সে তার ভিজা নেংটি কাপড়, স্থামা সব রেলিঙে শুকোতে দিলে।

এখন নদীর জ্বলের ওপর সব বড় জাহাজ ভাসছে, কোথাও আঁকাশের নীচে লম্বা ম্যাচ বাক্সের মত বাড়ি, ডানদিকে বড় এক পুল, মাথায় সারি সারি সব পাখি বসে রহেছে আর সব ঠেলাগাড়িতে আলু, কপি, ফুলকপি, শাকসজি হরেক রকমের কত তরমূজ এবং ফল যাচছে। সে অপলক দেখতে দেখতে সেই বৃদ্ধ পুরোহিতের কথা ভাবল। ভিনি সামাত্য জলের জন্ম কি না-করেছেন। পাগলের মত পাহাড়ের নীচে, সমতলভূমিতে, নদীর ঢালু অঞ্চলে এবং পাহাড়ের গিরিপথে জলের জ্বস্থে হত্যে হয়ে ঘুরেছেন। হায়, যদি মানুষরা কলকাতার এত প্রাচুর্ষের কথা জানতে পারত। তা হলে বুঝি তিনি সব ফেলে, তার সুবচনী মন্দিরে তেলসিঁহর ধান-হুর্বা ফেলে এখানে চলে আসতেন।

ঠিক তক্ষুনি এক বৃদ্ধ যেন সেই জনার্দন চক্রবর্তী, সে কাছে গিয়ে ভাল করে দেখাব চেষ্টা করল—না, জনার্দন ঠাকুর নয়, অহা মামুষ, তেমনি লম্বা জোয়ান মামুষ, মাথায় সাদা চুল, চোথ বড় বড়, পায়ে হরেক রকমের রং-বেরঙের কানি বাঁধা, হাতে পায়ে গলায়! ঠিক ফকির দরবেশের মত মুখ—কেবল হেঁকে যাচেছ। কি হাঁকছিল বোঝা যাচেছ না—খুব সন্তর্পণে কান পাতলে ওর অস্পত্ত কথা ধরা যাচেছ। সে হ' হাত ওপরে তুলে নাচছিল, গাইছিল এবং মাঝে মাঝে কলকাতা শহরকে যেন সে জরীপ করছে—একটা ফিতা ছিল হাতে, সে ফিতা দিয়ে কি যেন কেবল মাপছে মাঝে মাঝে। স্বল বুঝল মানুষটা তবে জনাদ্দি চক্রবর্তী নয়। স্বল রেলিঙ থেকে ওর জামাকাপড় তুলে নিল। তারপর এক অনির্দিষ্ট যাত্রা। এই শহর এত বড় শহর ঘুরে ঘুরে দেখা। কিছু আহারের ব্যবস্থা করতে হয়। স্বল আহার সংস্থানের নিমিন্ত চারিদিকে সতর্ক দৃষ্টি রেখে হাঁটতে থাকল।

তথন টুকুন হাসপাতালের এক ঘরে শুয়ে ছিল। জানালার পাশে টুকুনের বিছানা। স্প্রিঙের খাট। মাধার দিকটা একটু ওপরের দিকে ভোলা। টুকুন সামনের জানালা দিয়ে মাঠ দেখতে পাচ্ছিল। জানালার নীচে পথ, পথের ওপর এক ফুচকাওয়ালা ফুচকা বিক্রি করছে। বজ্ গরম চারিদিকে। বৃষ্টি নেই, টুকুন গরমে হাঁসফাঁস করছিল তুপুর থেকে।

এখন বিকেল স্তরাং এখন ফুচকাঁ, প্রয়ালা ফুচকা নিয়ে বের হয়েছে।
এখন বিকেল স্তরাং মাঠে মাঠে খেলার দৃগু আর পার্কের ভিতরে ছোট
বড় ছেলেমেরে সব খেলতে এসেছে। ওরা ঘাসের ওপর ছটাছটি
করছিল।

টুকুনের অহব

টুকুন জানালা থেকে সব দেখতে পাছে। একটা গাছে কিছু ফুল ফুটে আছে— কি ফুল হবে, বোধহয় নাগেশ্বর ফুল, ফুলের সৌরভের জন্ম পার্কটা কেমন আমোদিত এবং বোধ হয় এই সব ফুলের সৌরভের জন্ম নানা রকমের পাথি উড়ে এসেছে, পাথিগুলো উড়ছিল, পাতা উড়ছিল, পাথিগুলো উড়ে উড়ে ডালে বসছে, ঠিক যেন সব স্থবলের পাথি! স্থবল, এক পাথিওয়ালা স্থবল এই শহরে এসে নানা জাতের সব পাথিছেড়ে দিয়েছে আকাশে।

কিন্তু রাস্তার অস্ত দৃশ্য। রাস্তার ওপর বড় মিছিল। মিছিলের আগে একটা মানুষ লাঠি ছাতে হেঁটে যাচ্ছে। পেছন একদল মানুষ, ওদের ছাতে নানা রঙের ফেন্টুন, ভিন্ন ভিন্ন লেখা, বাঁচার মত খাত্য দিতে ছবে, চোরাকারবারী বন্ধ করতে হবে, অথবা যেন বলার ইচ্ছা সকলের, আমাদের দাবী মানতে হবে, না মানলে সংসারে সব আগুন লাগিয়ে দেব।

অযথা টুকুন মাঝে মাঝে এমন সব দৃশ্য দেখতে পায় যা মনকে ব্যথিত করে। সামনে একটা—বোধ হয় ওটা শাল-শিমুল জাতীয় গাছ, গাছের নীচে প্রায় উলঙ্গ সব কাচ্চাবাচ্চা, প্রায় নগ্ন সব যুবক যুবতী রাতে শুয়ে থাকে। ভোর হলেই ওরা কোথায় যেন অদৃশ্য হয়ে যায়। আর টুকুনের চোখে ঘুম নেই বলে, শেষ রাতের দিকে কেবল মনে হয় ঘোড়ার গাড়িতে অথবা গরুর গাড়িতে কারা যেন শহরে কেবল কি সব ভোজাদ্রব্য নিয়ে আসছে চুরি করে। অথবা মাঝে মাঝে রাত গভীরে শহরের সব অলিগলিতে কিসের যেন কিসফিস শব্দ, ওরা যেন এক বড়যন্ত করছে।

ভোর হলেই টুকুন দেখতে পায় এক ছোট্ট বালক কাঁধে মই
নিয়ে দেয়ালে দেয়ালে কেবল পোন্টার মেরে যাচছে। ওর একদিন
বলুতে ইচ্ছা—এই পোন্টারয়ালা, ভোমার পোন্টারে কি লেজঃ
আহে ?

হয়তো সেই পোন্টারয়ালা জবাব দেবে—কি করে বাঁচতে হয় তার কথা লেখা আছে।

আমার পায়ে শক্তি নেই, আমার শরীর ক্ষীণ হয়ে আসছে, আমি আর বাঁচব না বুঝি। পোন্টারয়ালা, ভোমার পোন্টারে আমার বাঁচার কথা লেখা নেই ? টুকুনের আরও যেন কি সব প্রশ্ন করার ইচ্ছা। শাল-শিমুলের নীচে যুবক-যুবতীরা কেন রাতে শুয়ে থাকে, অন্ধ গলিতে বাতে কারা ফিসফিস করে কথা বলে, কত রকমের ভোজ্যজব্য চুরি যাচ্ছে শহরে, গ্রামে, কেবল মানুষেরা আপন স্বার্থের জন্ম সঞ্চয় করে যাচ্ছে, অক্ষের জন্ম ভাবনা নেই, এমন কেন হয়, টুকুনের ঘুম আসে না রাতে, কেবল ত্রুম্বর।

় মা-বাবা বিকালে আসেন, ওঁদের মুখ বড় করুণ, বাবা সারাদিন অফিস করেন, কত হাজার টাকা বাবা রোজগার করেন, বাবা টুকুনের কাছে বীরপুরুষের মত, মা বাবাকে আদৌ সমীছ করেন না, মা কেমন গোমরামুখো অথবা বাবা টুকুনকে এই যে নানা রকমের খেলনা কিনে দিয়ে যাচ্ছে— গোটা ঘর ভর্তি খেলনা, রাতে ওরা টুকুনের সঙ্গে কেবল কথা বলতে চায়, কিন্তু টুকুন সামাগ্র ভাজা মুখ নিয়ে টুকুন যখন কথা বলতে থাকে তখন বড় বেড়ালটা মিউ মিউ করে কাঁদে। টুকুনের রাগ হয়। তুমি কাঁদবে না, কাঁদলে ভোমাকে বাছা জলে ফেলে দেব।

গোটা ঘর ভর্তি খেলনা। টুকুনের মাঝে মাঝে মনে হয় খেলনা-গুলো সব নড়ে চড়ে বেড়াচেছ। হাসি-মসকরা করছে। যেন টুকুনই এখন ওদের খেলনা হয়ে গেছে। কারণ টুকুন বিছানা ছেড়ে ওদের কাছে যেতে পারে না, হাঁটতে পারে না। দিনের বেলায় শুধু জানালা দিয়ে সামনের মাঠ দেখে, এবং মাঠ, শ্লাছ, পাখি আর পথের বিচিত্র সব মামুবদের দেখতে দেখতে তশ্ময় হয়ে যায়। ওর তখন সব ছেড়েছুঁড়ে ছুটতে ইচ্ছা হয়। কিন্তু হায়, পায়ে একেবারে শক্তি পালেছ না। হায়, সেই পাখিয়ালা যে টুকুনকে হাসিয়েছিল, যার শুকু টুকুন ভালি

हेर्द्रवर चर्च

বাজিয়েছিল এবং বে মামুৰের জন্ত টুকুন দরজা পর্যন্ত হৈটে যেতে পেরেছিল, সেই মামুষের আর দেখা নেই।

টুকুনের বাঁ-দিকে বড় একটা পুতৃল ছিল, টুকুন দেখল পুতৃলটা যেন ওর দিকে তাকিয়ে মিটি মিটি হাসছে। সামাক্স গোঁকের রেখা আছে পুতৃলটার মুখে, পুতৃলটার নামও আছে একটা, টুকুন চীংকার করে উঠল, রাজা, এক থাপ্পর মারব। খুব হাসা হচ্ছে! সব খেলনাগুলো ভয়ে যেন কাঠ হয়ে গেল।

টুকুন সকলের দিকে চোথ বৃলিয়ে নিল। তারপর বালিশের নীচ থেকে চন্দনের বিচি, পাথর এবং কুঁচ ফল বের করে দেখাল রাজাকে এবং অক্তান্ত পুতৃলগুলিও ওর দিকে যেন চন্দনের বিচি, লাল-মীল পাথর, কুঁচ ফল দেখার জল্য এগিয়ে এল। টুকুন এবার বলল, বুঝলি রাজা আমি নিধ্যা বলি না। এই দেখ, স্বল আমাকে কত কিছু দিয়েছে। স্বলকে পুলিশ ধরতে এসেছিল, আমি নিজে পায়ে হেঁটে গিয়ে দরজা বন্ধ করে দিয়েছি। সঙ্গেদ রাজা এবং কুত্নাদী বিড়াল সকলের হয়ে আদাব দিল টুকুনকে। তারপর টুকুন তাচ্ছিলাভরে ওদের শোনাল, দেখিস স্বল এলে আমি ভোদের হেঁটে দেখাব। স্বল জাতুকর, সে জাতুর পাধি রেখেছে কাঁধে। সে পাধি উড়িয়ে দিলেই আমি তোদের কাছে হেঁটে চলে যেতে পারব।

সেই এক জাহকরের জন্ম জনাদন চক্রবর্তীও ঘুরছে। মাঠময় ঘুরছে। একা নি:সঙ্গ মাঠে জনাদন চক্রবর্তী রাতের অন্ধকারে অথবা ভাররাতের দিকে ঘুরছে। থরা থেকে এই মাটিকে রক্ষা করার জন্ম ঘুরছে। এক প্রচণ্ড অসমিকা জনাদনের। স্বচনী দেবীর মন্দিরে মাধা কুটছে, মা জল দাও। জল দাও। মা, জলে তুমি মাটি ভাসিয়ে দাও। মা, তোমার সন্তানেরা সব দেশ ছেড়ে চলে গেল। কেউ আর ফিরে এল না, আমি মরে গেলে তোকে কে আর ফুল-জল দেবে! কিন্তুর স্বচনী দেবী, করালবদনী ভাইনী মুখ ব্যাদান করে আছে। লন্ধা জিভে যেন জনাদনিকে ভেংচি কাটছে। শাশানের মত মন্দিরের চার পাশে শুধু আগুনের মত রোদ।

জনাদন মাঝে মাঝে দেবীর কপালে হাত রাখত, কপাল ঘামছে কিনা দেখত, কপাল ঘামলে দেবী প্রসন্না হবেন।

সে দেবীকে প্রসন্ধ করার জন্ম এক রাতে হাজার বিল্পত সংগ্রহের জন্ম বের হয়ে দেখল, গাছে কোন বিল্পত্র নেই। সে দেবীকে প্রসন্ধ করার জন্ম জল তুলে আনল নদীর গর্ড থেকে কিন্তু এমন মরুভূমির মত স্থান যে জলের রঙ ক্রমশ গাঢ় হয়ে রক্তবর্ণ ধারণ করল। দেবী হা হা করে হেসে উঠে যেন ভয় দেখালেন জনার্দ নিকে। জনার্দ নি ক্ষেপে গিয়ে বলল, বল মাগি, কবে বৃষ্টি হবে, তোর কোন মরদকে ধরে আনতে হবে করু বলে সেই নয় সন্মালী অথবা স্থাপালিকের মত চেহারা যে জনার্দ ন মুখু বড় দাড়ি, নাসিকা লম্বা, আর কোটরাগত চোথ থেকে আন্তন করে, সেই জনার্দ ন হা হা করে লাঠি তুলে ভেড়ে গেল দেবীর কাছে এবং টীংকার করে উঠল, জল, জল চাই, জল না হলে শালী ভোর

টুবুনের অহুধ

একদিন কি আমার একদিন। এই ছাখ, বলে সে বড় শক্ত বাঁশের লাঠি ঘরের কোণে তুলে রাখল, জল না হলে ভোর মাথা ছু' ভাগ করে দেব। ভোর ছেইলা কোলে নিয়া বেড়ানোর স্থ ভেক্নে দেব।

মন্দিরের দরজা বন্ধ। স্কুতরাং ভিতরে উত্তাপ কম। প্রায় সারাটা দিন এই মন্দিরে জনার্দন পড়ে থাকে। প্রায় সারাটা দিন জনার্দন দেবীর সঙ্গে বচসা কবে, কথা বলে, মার্জনা ভিক্ষা করে, অথবা উপবীতের অহঙ্কার দেখায়। পাথরের দেয়াল বলে এবং জায়গাটা পাহাড়ের গুহার ভিতর বলে ওর চীৎকার অথবা মার্জনা ভিক্ষা কোন কাকপক্ষী পর্যন্ত টের পায় না। কোন লোক চলাচল আর নেই এ অঞ্চলে।

সে মাঝে মাঝে পাছাড়ের ওপরে উঠে দূরে ট্রেনের শব্দ শোনার চেষ্টা করে অথবা কখনও দেবীর গায়ের কাছে পড়ে থেকে মা মা বলে কাঁদতে থাকে—মা, সোনার দেশে ফসল ফলাবি না মা? কোন পাপে মাগো ভোর মাটিতে আর ফসল ফলে না, বৃষ্টি হয় না।

দেবীর মুখ তেমনি নির্বিকার। ছেলের মুখ দেবীর স্তনের কাছে।
কালো পাথরের মৃতি। এক ফুটের মত লম্বা। পায়ে কপালে এত
সিঁছর যে এখন আর মুখ এবং স্তনের প্রভেদ খুঁজে পাওয়া যায় না।
নীচে বেদী। বেদীমূলে কিছু ধান-ছ্র্বা, শুকনো ধান-ছ্র্বা, শংখ
কোষাকুসি, ঢোল ঢাক, বড় কাসি আর বাঘের কি হরিণের চামড়া,
ব্যবহারে সর্ব লোম উঠে গেছে, স্মৃতরাং বাঘ অথবা হরিণ না অক্ত জীবজন্তর চামড়ায় তৈরি এই আসন বোঝা যায় না। তেল-সিঁত্রের অক্ত
দেবীর মুখ সব সময়ই চক চক করছে।

জনাদন ভিক্ত হয়ে দেবীর মুখে হটো বুড়ো আঙ্গল ঠেসে ধরুল। বলল, খা, কাঁচকলা খা। বস্তুত জনাদন পেটে ক্ষিধে থাকলে এমন্ করতে থাকে। কোন খাদ্যজব্য নেই। সে গত রাজে বসের ভিতর বন-আধুর মত লভার সন্ধানে ছিল, সে কিছু খুঁজে পার নি। লভার সন্ধান পেলে সে মাটি খুঁড়ে অনেক নীচ থেকে বড় থামের মত আসু তুলে আনতে পারত।

সে সুতরাং সারাদিন উপোসী থেকে দেবীর ওপর তিক্ত হয়ে পড়ছে।
নিজের উপবাসই দেবীর উপবাস। নিজের হুংখই দেবীর হুংখ।—িক
আর খাবি মা। হয়তো কিছু বটফল সংগ্রহ করেছে জনাদ্ন, তাই মুখে
ফেলে বলল, খা মাগো, খা, এই খেয়ে পেট ভরে ফেল। কেমন লাগে
মা খেতে! সে নিজে বটফল চিবিয়ে বলত, কেমন লাগে! ভাল লাগে!
খা, ভাল লাগলে অমৃত বলে খেয়ে নে। সে কোঁৎ করে একটা ঢোঁক
গিলত তারপর। তারপরে দেবীর মুখেব দিকে ফ্যাকাসে চোখ নিয়ে
তাকিয়ে থাকত কিছুক্লণ, একসময়ে হা হা করে হেসে উঠত ফের।—
কেমন লাগে, অন্ধ নেই, জল নেই, মানুষ নেই, জন নেই, ফুল বেলপাতা,
হুর্বা-ধান কিছু নেই, কেমন লাগে! ছেইলা কোলে লৈয়া বৈসা থাকতে
কেমন লাগে। চেষ্টা নেই, সাধনার ধন মা না দিলে ফসল ফলে না।
বলে জনাদ্ন দরজাটা ফাঁক করে দেখল, বেলা পড়ে গেছে। সুর্য

এবার তার ফের বের হবার পালা। এখন বের হলে সব ঘুরে,
পাহাড়ময় ঘুরে মাঠময় ছুটে নদীর গর্ত থেকে ভোরের দিকে সামাক্ত
জল নিয়ে ফের স্থবচনীর মন্দিরে উঠে আসা যাবে। জল তোলার আগে
তেমনি সেই হরিণী তার হুই শিশু নিয়ে এসে বসে থাকচুত পারে।
জলের জন্ত পারে সে বসে থাকত। জনাদনি উঠে আসার মুখে ওদের
জল দেবে থেতে। জীবের জন্ত মায়া। যেন জীব বলতে সামান্ত এই
হরিণ, তার হুই শিশু, কচিৎ হুটো একটা পাথি উড়ে যেতে দেখা যায়।

জনাদন আকাশের দিকে চোখ তুলে অনেককণ পাধির আকাশে ওড়া দেখে, কোথায় কোন টুকরো মেঘ আকাশের কোলে ভেলে আসছে কিনা দেখে, আর হা-অন্তের জন্য ছু'হাত তুলে যেন হারাধনের দশটি ছেলে বোরে পাড়াময়, একটি ম'ল জলে ছুবে রইল বাকি নয়, জনাদনি

हेक्रावर चन्न

ছুবে যাত্যা, হারিয়ে যাত্যা ছেলের মত মাঠময় পাহাড়ময় শুধু নদীর কোথায় জল সঞ্চয় করে রাখলে সম্ববংসর এই অঞ্চল জলে ভরে থাকবে, ভাই অন্বেধণ করে বেডাচ্ছে।

সুতরাং রাতের বেলায় জনাদ নকে চেনা যায় না। মানুষ বলে চেনা যায় না। এক দৈত্য আলখেল্লা পরে অথবা এক কাপালিক মাধায় পাগড়ী বেঁধে পাছাড়ে ঘুরে বেড়াচেছ। জল, মাগো জল চাই। এমন এক অঞ্চল মা, জলের ব্যবস্থা থাকলে আর কোনকালে এখানে ছভিক্ষ হবে না, সময়ে জল চাই ফদলের গোডায়।

নদীর নীচে জমি, বাঁধ দিলে জল থাকে, এমন এক জায়গার সন্ধানে ছিল জনার্দন যেখানে অল্প আয়াসে বাঁধ দিলে সব জল বর্ধায় নেমে যাবে না, কিঞ্জিৎ জল থেকে গেলেই এ অঞ্চলের খরা নিভে যাবে। সেজক্ত জনার্দন প্রায় পাগলের মত পাহাড়ের ঢালুতে, বাদে এবং নদীর উৎরাইয়ে রাতের অন্ধকারে অথবা যখন জোৎসা থাকত, চাঁদের মরা আলোতে জনহীন প্রান্তর ভীষণ মনে হত তথন জনার্দন দাগ কেটে আপন উল্ভম, সকল উদ্যম মিলিয়ে নদীর তটে বড় বড় পাথর গড়িয়ে দিত। বটকল, বন আলু এবং কচিৎ কোথাও মৃত পাথি অথবা জীব মিলে গেলে তার মাংস জনার্দনের খাদ্যবস্তু ছিল।

জনাদ ন মাঠময় ঘুরে পাহাড়ময় ঘুরে বুঝি সেই স্থান সেই সংযোগ-স্থলের সন্ধান খুঁজে পেয়েছিল। সে রাত হলেই বড় বড় পাথর গড়িয়ে দিত, নদী এখানে বড় সরু পথ কেটে নেমে গেছে। ছ'ধারে পাহাড়, উচু মত পাহাড়, জল নেমে গেলে পাহাড়ের ভিতর হ্রদের মত জল ধরে রাখবে, শুধুখাদে বড় কিছু পাথর কেলে দিতে হবে, হাজার পাথর, লক্ষ পাথর। জনাদ ন শিশু বয়সের কবিতা আওড়াত—উদ্যম-বিহনে কিবা পুরে মনোরধ। শুধু উদ্যম চাই, সকল উদ্যম।

সে একটা পাধর টেনে আনত আর বলত উদ্যম চাই, উদ্যম। মা, মাগো, শক্তি দে। সে আবার পাহাড়ের মাধার পাধর দোলাড়ু, ভারপর পাথরটা নীচে ফেলে দিউ, মাগো উদ্যম চাই, উদ্যম। সে সারারাত এই করে ভোরের দিকে স্থিণ শিশুদের জ্ঞালের ব্যবস্থা করে, নিজের জন্ত সামাত্য জল তুলে স্থ্বচনীর মন্দিরে উঠে যেত। ওঠার সময় শুনত, মা-ও যেন বলছেন, উদ্যম চাই জনাদ্নি, আমরা বড় উদ্যমবিহীন হয়ে পড়েছি।

টুকুনের ঘরেও সেই এক কথা। ডাক্তারবাবু, নার্স, টুকুনের বাবা এবং মা বসেছিলেন। টুকুন এই সময়টাতে একটু ছাত-পা মেলে বসার চেষ্টা করে। মা-বাবাকে দেখলে কেমন যেন মনটা নরম হয়। ডাক্তারবাবু ভালবাসার ছাত রাখেন টুকুনের মাথায়।

নার্স, টুকুনের বেণী বেঁধে দেবার সনয় নানা রকমের পাথির গল্প করে থাকে। ফুলপরী, জলপরী, স্থলপরী, দেবস্থানে এক রকমের পরী থাকে, ভগবানের কাছে অন্যরকমেব পরী, আব ডাক্তাববাবু বল-ছিলেন, দব পাথির এক কথা টুকুন, উদ্যম চাই, বাঁচার উদ্যম। ডাক্তারবাবু টুকুনের বাবাকে বলেছিলেন, মেয়েটার দব উদ্যম শেষ হয়ে গেছে যেন। বেঁচে থাকার স্পৃহা জন্মানো দরকাব ওর ভেতরে। নতুবা একদিন শুকিয়ে মেয়েটা কাঠ হয়ে যাবে। কিছুতেই বাঁচানো যাবে না।

স্থুতরাং এক বাঁচার উদ্যম এই সংসারকে নিয়ত গতিশীল করে বেখেছে। টুকুনের বাবা বললেন, মা, তোমার জন্ত আমরা আব কি করতে পারি!

টুকুন বলল, বাবা, আমার জন্য একটি ফুলপরী কিনে আনবে। বাবা টুকুনকে ফুলপরী এনে দিয়েছিলেন।

हेकून वनन, वावा, आमारक अकछ। थवरनाम किरन रम्रव ।

বাবা তাই কিনে দিলেন। আর এভাবেই টুকুনের ঘরটা খেলনার ভরে গেল। কি নেই এখন টুকুনের ঘরে, জলপরী আছে, ফুলপরী আছে, রাজা আর কুত্নমাসী বিজাল এবং সেই এক বন্দুকধারী সিপাই। টুকুনের বাবা টুকুনের জন্ম কোন অভাব রাখে নি। যা চেয়েছে টুকুন,

টুকুনের অক্থ

বাবা সব এনে দিয়েছেন। যেন এখন শুধু টুকুনের জক্ষ এক রাজপুত্র ধরে আনা বাকি। এনে দিলেই টুকুন এই মরের ভিতর স্বর্গরাজ্য তৈরি করে কেলেনে। কারণ টুকুন যেন কি করে জেনে কেলেছিল—দে মরে যাবে। মরে গেলে মামুষ কি হয়। টুকুনের কি হবে অথবা মৃত্যুর পর টুকুন নিশ্চয় এমন এক স্বর্গরাজ্যের ভিতর প্রবেশ করবে যেখানে তার এই জগৎ থাকবে আর কে থাকবে! সেই স্বল নিশ্চয়ই থাকবে, পাথিয়ালা স্বল, কাঁধে পাথি নিয়ে। বড় পাঁচিল থাকবে একটা, কারণ যারা নরকে যায় তাদের জন্য পাঁচিলের ওপাশে যমপুরী। যমপুরীতে ভ্তপ্রেভ থাকে। স্বল পাঁচিলের ধারে এসে উকি মারলে সে হাত ধরে-তাকে তুলে নেবে। তথন বাবা-মা কিছু বলতে পারবেনা। স্বল এলেই প্রায় যেন স্বকিছু ওর হয়ে যায়। সে হেঁটে চলতে ফিরতে পারবে। স্ববলের জন্য তার ভিতরে কিই হচ্ছিল।

টুকুন বলল, বাবা, সুবল বলেছিল কলকাতায় আসবে ? বাবা বললেন, কে সুবল ?

—বা, তুমি দেখ নি, ট্রেনে যখন ফিরছিলাম, সেই স্থবল, পাখিয়ালা স্থবল, আমাদের সঙ্গে আসছিল। মা ওকে একটা স্টেশনে নামিয়ে দিলেন!

টুকুনের বাবা এতক্ষণে মনে করতে পারল !
ডাক্তারবাবু বললেন, কি ব্যাপার স্থরেশবাবু !

- —আর বলবেন না। আমরা ফিরছিলাম সিমলা থেকে। ট্রেনটা যথন বাংলায় ঢুকছে, রাতের বেলা, কোথাকার সব কতগুলি লোক, কংকালদার চেহারা, আমাদের ট্রেনটাকে আটকে দিল। বলল, জল চাই, জল চাই। বোধহয় থবরটা পত্রিকায়ও পড়ে থাক্বেন।
 - —হাঁ, সেই খরার খবর! জল নেই নাকি দেশটাতে।
 - खत्रा द्वारन উঠে कन थुरन नव कन थिए निष्क्रिन।
 - —ভারপর !

- —ভারপর আর কি! ডাইভার ভীষণ চালাক। লোকগুলি

 লব জল যথন চেটে চেটে খাচ্ছিল, সে মণাই জল খাওয়া দেখলে

 আপনি ভয় পেয়ে যেভেন, জল এভাবে খায় আমার জানা ছিল না,

 যেন অমৃত পান করছে অমুরেরা। জলের অপর নাম জীবন, দেদিন

 ট্রেনে প্রথম ব্ঝেছিলাম। ডাইভার দেখল জলের নেশায় পাগল,

 ডাইভার বৃদ্ধি করে ট্রেন সহসা ছেড়ে দিল। ব্যস।
 - -- সব নিয়ে রওনা হলেন ?
- —হাঁ।, প্রায় তাই। দলের মধ্যে সুবল ছিল। সুবল আমাদের কামরায় ছিল। ওর একটা পাথি ছিল সঙ্গে, কিছু কীটপতক ছিল, শুকনো বটফল ছিল পুঁটলিভে, সে তার পোষমানা পাথি উড়িয়ে দিয়ে-ছিল, পাথিটা উড়লে টুকুনকে আমরা হাততালি দিতে দেখেছিলাম।

ডাক্তাবাবু বললেন, সে এখন কোথায় ?

—জানি না। ব্যাণ্ডেল স্টেশনে দেখি সে নেই।

টুকুন বলল, মা ওকে নামিয়ে দিয়েছে।

ডাক্তারবাবু বললেন, আপনারা দেখেছেন টুকুন হাততালি দিয়েছে 🤊

- হ্যা, আমাদের চোখের দামনে।
- —তুমি সে কথাটা বল। টুকুনের মা টুকুন যে স্বপ্ন দেখেছিল তার কথা মনে করিয়ে দিলেন।
- —হাঁ, আর একটা কথা ডাক্তারবাব্, ট্রেনে আমরা ঘুমিয়ে পড়ে-ছিলাম, স্থবল দরজার এককোণায় পোঁটলাপুঁটলি নিয়ে বদেছিল। অস্থা ন্টেশনে ট্রেন এলে পুলিশ তাড়া করেছিল লোকগুলিকে। স্থব ল আমাদের কামরায় আছে, টুকুন বলছিল, সে হেঁটে গিয়ে দরজা খুলে দিয়েছে। এটা স্থাপ্র মত ঘটনা, হয়তো টুকুন স্থা দেখেছে।

ডাক্তারবাবু বললেন, ওর সে সময় বাসনা, তীত্র বাসনা, বাঁচার ভীত্র বাসনা, জীবনের সুধ-সম্পাদে কি কোথায় জীবনের ভূষণ রয়েছে সামান্ত সময়ের জন্ত বোধহয় ভিতরে ওর সেই ভূঞা কেগেছিল। এই

हेक्टमद अञ्च

তৃষ্ণা কি করে কের জাগানো যায়। বেঁচে থাকার তৃষ্ণা, রক্তের ভিতরে তৃষ্ণান, বৃষ্ণলেন সুরেশবাব্, সেই তৃষ্ণানের কথাই বলছি, রক্তের ভেতরে তৃষ্ণান তুলে দিতে হবে, ঢেউ, যাকে আমরা তরঙ্গ বলি, বেঁচে থাকার জন্ম এই তরঙ্গ তুলে দিতে পারলে আবার টুকুনকে বাঁচাতে পারব। স্বেল সেই পাথিয়ালা হয়তো সেই রক্তে সামান্ত দোলা দিতে পেরেছিল । তাজারবাব প্রায় সব কথাই বিশেষ করে কণী সম্পর্কে কথা এলে ইংরেজিতে বলেছিলেন। স্বতরাং টুকুন ফ্যাল ফ্যাল করে তাবিয়েছিল, সে স্পষ্ট কিছু বৃন্নতে পারছে না। সে শুধু বলল, মা, আমি জল খাব।

—সেই এক উভামের কথাই বল ছি ডাক্তারবার্। কথাটা বলে ফের কেমন অভ্যমনস্ক হলেন। এবং নিজেকেই নিজে বললেন, আমবা বড় উভ্তমবিহীন হয়ে পড ছি, সুবেশবার্।

বিকাল সবে যাচ্ছে। ডাক্তারবাবু ওপরে উঠে গেলেন। সুরেশবাবু এবং টুকুনের মা চলে গেল। নাস সামান্ত হুধ গরম করার জন্ত কিচেনের দিকে গেছে। বাইরে আলো ছলে উঠল। ঘরে হলুদ রঙের আলো, এখন এই ঘরেব চারপাশে সব পুতুল, জলপরী, স্থলপরী। আর কেউ থাকবে না এখন স্তবাং পুতুল এবং এইসব পরীবা সদ্ধ্যার পর টুকুনের সঙ্গে ঘব-সংসার আরম্ভ করে দেয়। টুকুন আপন মনে কথা বলে চলে, এই রাজ্যে তখন টুকুন রানী অথবা রাজকন্তার মত। সব পরীদের, সে জলপরী অথবা স্থলপরী হোক, সে রাজা অথবা কুহুমানী বিড়ালই হোক টুকুনের কথায় উঠতে বসতে হবে। এদিক ওদিক হলে রক্ষা থাকবে না। পর্যদিন ভোরে নার্সকে বলবে, মাসি বেড়ালটাকে ঘরের বার করে দাও। সারারাত ওটা আমাকে ঘুমুতে দেয়নি, কেবল ছালাতন করেছে।

স্থবল গাছের নিচে দাঁজিয়ে বলল, পাখি তুমি বড় **ছালা**ভন করছ। উড়ে গেলে আসতে চাও না। পাথিটা সুবলের মাথায় মূখে ঘুরতে থাকল। যেন পাথিটা স্বলের অভিমান ধরতে পেরেছে। অভিমান ভাঙ্গানোর জ্ঞ্গ নানা-ভাবে সে সুবলকে খুশী করার চেষ্টা করছিল উড়ে উড়ে।

স্বলকে এখন দেখলে প্রায় চেনা যায় না। সে কি করে ইভিমধ্যে কিছু অর্থ সংগ্রহ করে কেলেছে। ওর বাঁ হাতে ছোট কাঠের বাক্স, বাক্সের ভিতর জুতোর ভিন্ন ভিন্ন রংয়ের কালি, ব্রাস, ক্রিম এবং ছোট একটা ভোয়ালে। ওর চুল আর বড় নেই, টিকি এখন আরও ছোট করে ছাঁটা। বড় লম্বা জামা আর শরীরে চল চল করছে না, স্থবল প্যাণ্ট পরছে একটা, গেঞ্জি গায়ে দিয়ে সমস্ত সকালে জুভো পালিশ করে এখন বিশ্রাম নিচ্ছে। সে গাছেব নীচে শুয়েছিল। পাখিটা ঘাসের উপর লাফিয়ে লাফিয়ে বেড়াচ্ছে। সে কিছু চানা কিনে নিজে খেয়েছে, পাখিটাকে খাইয়েছে।

পথের ওপাশে বড় বড় প্রাসাদের মত বাড়ি। সে ঘাসের উপর
শুয়ে বড় সব বাড়ি দেখছিল। জানালায় কত স্থন্দর মুথ, স্থূন্দর
মুখ দেখলেই টুকুন দিদিমণির কথা মনে হয়। সে প্রথম ভেবেছিল।
কলকাতা গেলেই টুকুনদিদিকে পাওয়া যাবে, সে সেই ভাবয়ালাকে
অর্থাৎ স্থবল কতদিন সেই ভাবয়ালার ভাব নৌকা থেকে তুলে এনেছে
পারে, ভাবয়ালা খুশী হয়ে পয়সা দিয়েছে, তাকে একবার বলেছিল,
তুমি জান ভাবয়ালা টুকুনদিদিমণি কোথায় থাকে ? লোকটা রাস্তার
নাম এবং নম্বর চাইতেই বুঝেছিল স্থবল, টুকুনদিদিমণিকে আর খুঁজে
পাওয়া যাবে না, এত বড় সহরে টুকুনদিদিমণি হারিয়ে গেল।

এত বড় সহর দেখে প্রলের বিশ্বয়ের আর সীমা ছিলনা। মাঝে-মাঝে মনে হয় যেন জনার্দন চক্রবর্তী ওদের প্রিয় পুরোহিত, গ্রামের এবং অঞ্চলের বাঞ্ছিত পুরুষ যিনি প্রায় সব ধর্মের নিয়ামক, তেমন কোন অসীম এবং অপরিমেয় শক্তিশালী মামুষ, অথবা সে যাত্কর হতে পারে, পীর পয়গন্বর হতে পারে যিনি এই সহরকে চালাচ্ছেন। মোড়ে মোড়ে

हेर्टनद चल्प

পুলিশ, প্রাসাদে-প্রাসাদে উর্দিপরা দারোয়ান, হাওয়াই গাড়ি, ট্রাম এবং প্রোতের মত মাস্কুষের মিছিল। সন্ধ্যা হলে রাস্তার সব অপ'লো অলে উঠছে। গাড়িগুলো মোড়ে এসে দাঁড়িয়ে যাচ্ছে। আবার চলতে স্কুক করেছে এতটুকু ফাঁকা জায়গা পড়ে নেই। কেবল বড় বড় অট্টালিকা আর গমুজের মত রহস্তজনক মীনার স্বলকে বড় বেশী আবেগধর্মী করে তুলছে।

আর মনে হত এই সহরে টুকুনদিদিমণি আছে। এই সহরের কোথাও না কোথাও টুকুনদিদিমণি আছে। স্বতরাং স্থল যখনই সময় পেত, পথ ধরে হৈটে যেত, গাড়ি দেখলে এবং ফ্রক পরা মেয়ে দেখলে চোখ তুলে তাকাত যদি টুকুনদিদিমণি হয়, যদি টুকুন তার জন্ম কোন জানালায় মুখ বার করে রাখে। সে ভোরের দিকে কাজ করত, স্থল একা মানুষ। কোন আত্মীয় নেই, বন্ধু-বান্ধবহীন স্থবলের আয় থেকে কিছু কিছু সঞ্চয় হলে সে বাসে উঠতে পারছে, সে ঘুরে ঘুরে কাজ করতে

দে কথনও এক জায়গায় বসছে না, প্রায় সহরটাই যথন মেলার মত, প্রায় সহরটাই যথন উৎসবের মত সেজে আছে, এবং যেখানে বসা যায় সেথানেই ছ'পয়সা সংগ্রহ হচ্ছে তথন এক জায়গায় বসে কি লাভ। এই ঘোরা, কাজের জন্ম ঘোরা এবং টুকুনদিদিমণির জন্ম ঘোরা স্বলের একটা বাই হয়ে গেল। শুধু ছপুর হলে সে গড়ের মাঠে চলে মাসত। এ সময় স্বলের প্রিয় পাথি আকাশে উড়তে চায়। পাথিটা না উড়লে ওর পা শ্ববির হয়ে যাবে, পাখি শ্ববির হয়ে যাবে ভেবেই শ্বন ঠিক ছপুরে, যথন রোদে খা খা করছে সারা মাঠ, যথন ছর্গের উপর কবুতর ওড়ে এবং যথন প্রায় পাথিরা ছপুরের অবসাদে গাছের ডালে অথবা অন্ম কোন ছায়ায় চুপটি মেরে ঠোট পালকে গুঁজে পড়ে থাকে তথন স্বল আকাশে পাথিটাকে উড়িয়ে দেয়। পাথিটা উড়তে উড়তে কোথায় যেন চলে যায়। আর দেখা যায় না।

রোদের জক্ত আকাশের দিকে বেশীকণ চোথ তুলে তাকাতে পারেনা স্থবল। সে পাখিটার জন্ত দাঁড়িয়ে থাকে। ওর এক হাতে বাক্সটা তখন খোলা, অন্ত হাতের মুঠোয় সে রোদের ভিতর আনেকটা ঠিক আকবর বাদদার মত হাতের মুঠোয় পাথি রাখার জন্ত গর্বে আত্মহারা। অথবা পাখী উড়ে উড়ে যখন ক্লান্ত হয়, পাখি যখন স্থবলের কাছে ফের ফিরে আদে এবং মুঠোয় বদে চারিদিক তাকায় তখন স্থবলের এক প্রশ্ন, টুকুন দিদিমণিকে পেলি ?

পাথি পাথা ঝাপটাল, কের উড়তে চাইল। সুবল বুঝল, না টুকুন দিদিমণিকে পাথিটা খুঁজে পায়নি। সুতরাং সে বলত, বেশ হয়েছে বাপু, এবার চল চুপটি করে আমার কাঁধে বসে থাকবে। এখন আর রোদে রোদে তোমার ঘুরতে হবে না।

এই পাথি যেন সব বোঝে। সুবলের ছ:খের দিনে এ পাথি ছিল, রখের দিনেও এই পাথি। সে বলল, টুকুন দিদিমণি কোথায় যে গেল। পাথি বলল, কিচ কিচ। পাথি সুবলের সঙ্গে কথা বলতে চাইলা। সুতরাং সুবলের এখন এক কাজ। টুকুনকে খুঁজে বের করতে হবে। কোন ঠিকানা নেই টুকুনের। এত বড় শহর তবু সুবল হার মানল না। সকালের দিকে ছজনের মত রোজগার হয়ে গেলেই সুবল পাড়ায় পাড়ায় ঘুরে বেড়ায়। জানালায় জানালায় উ কি দিয়ে দেখে, পার্কের ভিতর ফ্রক পরা মেয়ে দেখলে টুকুন দিদিমণি যদি হয়, সে প্রায় পাগলের মত এই শহরে টুকুনকে অনুসন্ধান করে বেড়াচ্ছে, পার্কে, বড় রাজপথ, গঙ্গার ধারে, এবং বড় বড় বাড়িতে উঠে যেত কাজ নিয়ে। সে কাজের ফাঁক্লে শুধু কিসের প্রত্যাশা করত যেন।

প্রবল ওরুঁ পাথিকে পর্যস্ত ছেড়ে দিয়েছিল অমুসদ্ধানের জন্ম। যথন ওর শরীর ক্লান্ত হয়ে পড়ত, যথন অবসাদে শরীর চলতে চাইত না, স্বল ওর পাথিকে ছেড়ে দিত, দেখ যদি তুই কোথাও টুকুনকে খুঁজে পাস। স্বল এক সরল বালক, পাথি এক অবলা জীব, শহরের

हेक्टन बद्ध

মান্ত্রেরা স্থবলকে দেখলে এবং ওর পাখি দেখলে কৌতৃক বোধ করন্ত।
স্থতরাং স্থবল পাখিটার জন্ম একটা দাঁড় কিনে নিয়েছে। পাখিটা চড়ে
বসে থাকত। স্থবল নাঝে নাঝে যখন হাতে কাজ থাকত না আর
ঘুরে ঘুরে আর শরীরও যখন দিচ্ছে না, তখন বলত, পাখি তৃই আগে
ছিলি কার ?

পাথি বলত, কি বলত—সরল না হলে বোঝা যায় না, পাথি বলত বুঝি রাজার!

স্থবল মনে মনে এবার বলত, এখন কার ?

- --এখন তোমার।
- ই্যা তবে দেখ উড়ে, সেই দিদিমণি আমাদের কোথায়! তাবপর পাথি উড়তে থাকত। দেওয়ালের পাশে, জানালায়, অথবা দদব পথে 'এক সোনার পাথি উড়ে যেত। পাথির সরল চোথ জানালায়, ঘরের ভেতর এবং রুয় যুবক যুবতী অথবা ছোট মেয়ে দেখলে শিয়রে বসে দেখত সেই টুকুন কিনা। সুবলের পাথি, ভালবাসার পাথি হরে শহরময় উড়ে বেড়াচ্ছে। পাথি, উড়ে উড়ে কত দৃশ্য দেখতে পেল, শহরের বড় লাল বাড়িতে কারা যেন জড় হয়েছে, রাস্তায় মায়ুষেব কি ভিড়, আর পুলের উপবে সম্রাট সিজার যেন মিশর দেশ জয় করে ফিরছেন, এক অলোকিক ঘটনার মত, পাথী এসে দাঁড়ে বসে গেল এবং কিচ কিচ করে উঠল।

স্থবল বলল, পেলি না। পাৰি কিচ কিচ করে উঠল।

-- না পেলে আরু কি করবি।

সুবল বলল, টেরিটি বাজার থেকে তোর জন্ম কীট পাতঙ্গ কিনে এনেছি। খা। বলে সুবল দাড়ের উপর ছোট পেতলের বাটিতে কীট পভক্তলো রেখে দিল।

আর তখনই মনে হল শহরের উপর দিয়ে দলে দলে লোক ছুটছে,

গুদের কঠে চীৎকার, অন্ন চাই, বস্ত্র চাই। স্থালের মনে হচ্ছিল ওরা সব বলছে সকলে, শুধু বলছে না, উল্লম চাই। আমবা কেমন যেন উল্লমবিহীন হয়ে পড়ছি, একথা কেউ বলছে না।

স্থবলের ইচ্ছা হল চীৎকার করতে, বলুন আপনারা উদ্যম চাই। উদ্যম। উদ্যম বিহনে কিবা পূরে মনোরথ। পাঠশালায় জনার্দন ঠাকুর ওদের পড়াতো, উদ্যম বিহনে কিবা পূরে মনোরথ।

স্বলের এই করে শহরটা প্রায় ঘোরা হয়ে গেল ক্রমশ। শহরের সর্বত্র সে এক উদ্যমবিহীন জীবন দেখতে পেল যেন। অফিসে, কাছাবীতে, মাঠে ময়দানে এবং সব নেতা গোছেব মানুষদের মুখেও সব কথার উল্লেখ আছে, শুধু উদ্যমবিহীন হয়ে পড়েছি, এ-কথা কেউ বলছে না। অফিসে কাছারীতে এবং বড পাকের ভিতব মানুষের কথাবার্তা থেকে এ সব ধরতে পারত।

সকলের কথায় কি এক আক্রোশ যেন, কেউ সুখী নয়, এত বড় কলকাতা শহর দেখে সে যা ভেবেছিল, সুখের নগবী, তুঃখ নেই, অভাব নেই, জ্বল, অন্ধ-বস্ত্র সব কিছু আছে যখন, যখন আলোময় এই শহর, যখন বড় বড় গীর্জাব হলঘরের মত হোটেল ঘর, দেব দেবীর মন্দির রয়েছে, মানুষের তুঃখ তখন থাকার কথা নয়।

কিন্তু এখন মনে হচ্ছে এখানে শুধু তুঃখই আছে, ফুটপাতে মামুষের দৈক্য, পাগলের প্রাত্তাব বড় বেশী শহরে। এই তুঃখের নগরীতে স্বলের যেন আজকাল আর ভাল লাগছে না। ওর মনে হল সেই সব বরিষেব দিন, মাঠে মাঠে ধান, গোয়ালে গক, সে গরু নিয়ে মোয নিয়ে বের হয়ে গেছে মাঠে, মাঠে মাঠে ফসলের দিনগুলি অথবা আদিগস্ত সবৃদ্ধ মাঠ শুধু, সে দৌড়ে বেড়াত, মাঠের ভিতর কেবল কি যেন এক রহস্ত। গ্রামের অন্ত রাখাল বালকের সঙ্গে গুলি খেলা, কোন বড় অন্তর্পন গাছের নীচে বসে থাকা, অথবা বুড়ো মামুষ হরিপদর মুখে— অঞ্চলের ভিন্ন ভিন্ন ভৌতিক গর শুনতে শুনতে ভন্ময় হয়ে যাওয়া—হায়

টুকুনের অহথ

পেই দেশে কি করে এমন খরা এসে মরুভূমির মত হয়ে গেল, সুবল চোখ বুজে বলল, মা সুবচনী জল দে। যদি জল হয়, যদি খাদ্য হয়, যদি মাঠে ফের গরু মোষ নিয়ে বের হওয়া যায়, কিন্তু কে খবর দেবে, কে বলবে, দেশটাতে ফের বর্ষা নেমেছে, দেশটাতে আবার সোনার ফদল ফলবে—কার এমন উদ্যম আছে—ফের মাঠে সোনাব ফদল ফলায়, বরিষের দিনের জল কোথাও ধরে রাখে, অজন্মা অথবা খরা এলে দেই জলে মারুষ সানাহার করবে।

পাখি উড়ছিল আকাশে, সুবল ঘুরছিল পথে পথে। টুকুন বলে রয়েছে নিজের জানালায়, আর জনাদ ন মাঠ ভেকে নেমে আসছে। নদীর চোরা স্রোতের ওপর বন থেকে হরিণী ওর ছই বাচছা নিয়ে নিশ্চয়ই এখন অপেকা করছে।

জনাদনি খুব পা চালিয়ে হাঁটছিল। সারারাত পাছাড়ের উপর কাজ গেছে। পাছাড়ের মাথা থেকে বড় বড় পাথর ফেলে যোজকের মত ফাঁকটুকু বন্ধ করে দিচ্ছে। পাগলের প্রায় কাজ কর্ম। কি ছবে, যদি এই অঞ্চলে রৃষ্টি হয়, যদি নদী জলে ভেদে যায়, এবং পাছাড়ে ভিতর হুদের মত স্থানটুকু জলে ভেদে যায়, তবে কার সাধ্য, এই জল সামান্ত আলগা পাথরে আটকে রাখে।

তবু এক বিশ্বাদ, এই উপবীতের অহস্কার—এর এই কাজ, উদ্যম এবং আত্মত্যাগ মন্ত্রের মত শুভ দিনের জন্য প্রতীক্ষা করবে। জল হবে দেশে, ঘরে ঘরে মারুষ-জন ফিরে আসবে, সে এই জল নিয়ে চরণামৃত করবে মা স্বচনীর, এবং মাঠে মাঠে তাই ছড়িয়ে দিয়ে হাঁকবে, শস্ত শ্যামলা দেশে আমার স্থবচনী মায়, ছেইলা কোলে লৈয়া বাড়ি বাড়ি যায়। ছভিক্ষ এবং খরার দিনেও জনার্দন প্রায় একটা সুখের স্বপ্ন দেখে ফেলল।

সে দেখল যেন সেই পাহাড়ের ওপর বিরাট এক জলাশয় গড়ে উঠেছে। এক হুদ, চার পাশে কত গাছপালা, নীচে কড জীবজন্ত বিচরণ করে বেড়াচেছ। আরও নীচে সমতল মাঠ, কোঠা বাড়ি, ছোট ছোট নালার মত খাল সমস্ত অঞ্চলটাকে জালের মত খিরে রেখেছে। সাহুব ভার প্রয়োজন মত জল নিচেছ নালা থেকে, এবং সময়ে শস্ত হবে,

हेर्द्रवा पश्थ

জলের জন্য শশু হবে, আর সারা গ্রামময়, অঞ্চলময় কোন বিষাদ থাকছে
না, শুধু গাছ পালা পাখি, নদীতে জল, হ্রদে জল, মাঠের মাঝে যে সব
খাল হ্রদ থেকে নেমে এসেছে সেখানে জল, আর জলে কত গাছ, মাঠে
কত সোনার কসল, স্থবচনী দেবীর মন্দিরে মেলা বসেছে। দূর দেশ
থেকে মানুষ এসেছে সওদা করতে, নটুরা এসেছে গান গাইতে, কবি
এসেছে কবিগান শোনাবে বলে। বাজীকর এসেছে যাত্ন দেখাবে বলে,
ছোট বড় শিশুরা যুবকেরা যুবতীরা মাথায় ফেটি বেধে ছুটছে মেলায়,
যুবতীরা হেসে গড়িয়ে গড়িয়ে পড়ছে, কাচের চুড়ি কিনছে ছ প্রসায়
আর মেলার প্রাঙ্গণে বড় নিশান উড়ছে—উদ্যনবিহনে কার প্রে

জনার্দন বালিয়াড়ির ওপর দিয়ে হেঁটে নীচে দেই সামান্য জলাশয়ের উদ্দেশে হাঁটছে এবং স্বপ্প দেখছে। হরিণী আর তার হই শিশু সন্তান প্রতীক্ষারত। জলের জন্য ওরা দূরের কোন সংরক্ষিত বন থেকে নেমে আদে। ওরা জলপানের জন্য ভোর রাতের দিকে নেমে আসে এবং ভোরেই জল পান করে চলে যায়। স্থতরাং জনাদনি পা চালিয়ে হাঁটছিল। ওর হাতে একটা ছোট পেতলের বালতি, কেরার পথে সামান্য জল নিয়ে স্ব্রচনীর মন্দিরে উঠে যাবে।

ভোরে জলপান করানো তার কাজ, সে নেমে এসে কিছুক্ষণ ওদের তিনজনকৈ দেখল। হরিণী নির্ভয়ে জিব বের করে নাক থেকে কিছু ঘাম চেটে নিল। হরিণী এভক্ষণ শুয়ে ছিল। জনাদনকে দেখেই উঠে দাঁড়াল। পাশে তার ছই শিশু হরিণ ঘোরাফেরা করছে। লাফাছে। ছুটে দূরে চলে যাছে। মুখ উঁচু করে কি দেখছে। ফের নেমে আসছে নীচে ঠিক মায়ের কাছে, আর পেটের নীচে এসে গুঁতো লারছে। সামান্য শুন থেকে ত্ব খাবার জন্য মুখ বাড়ালে, এখন নয় এখন নয় এমন ভাব হরিণীর চোখে। সে তার পিছনের ছপা দিয়ে ওদের সরিয়ে দিছে। ভারপর সেই শিশু হরিণেরা মায়ের কাছে

বিমৃথ হয়ে জনাদ নের পায়ের কাছে দাঁড়াল। জনাদ ন ওদের একজনকে তুলে নিল বুকে, অন্যজন মৃথ উঁচু করে জনাদ নিকে দেখতে থাকল।

— অভিমান! জনার্দনি অন্য শিশু সরিণকে বাঁ হাতে তুলে এনে হুগালে হুজনের মুখে লেপ্টে দিল।— কিরে তোদের কি ভয় হয় না। জনার্দনি বলল। তোদের মানুষকে এখন ভয় নেই। তোরা এত দ্র থেকে চলে আসিস কষ্ট সয় না।

হরিণী তার তুই শিশুর সঙ্গে এই মানুষেব ভালবাসাটুকুতে খুব খুশী, সে একটু দূরে দাঁভিয়েছিল। এবার একেবাবে শরীর ঘেঁসে দাঁড়াল। জনাদন বলল, কতক্ষণ লাগে যেতে ? বলে তাব কোল থেকে ওদের নামিয়ে দিয়ে বলল, এখন আব লাকানো ঝাপানো নয়। এবার জল খেয়ে সূর্য ভাল করে না উঠতে মানুষের এই অঞ্চল ছেড়ে ভাড়াভাড়ি চলে যাও। আমার অনেক কাজ আছে, ও দিকে মা আমার প্রত্যাশায় বসে থাকে, কেবল কি খাবে কি খাবে করে সারাদিন। জনাদন তার কথা নালিশের মত করে যেন ওদের শোনালো, তুই মেয়ে ছেলে খরা এনে দেশটাকে শাশান করে দিলি, এখন কেবল খাব খাব করলে চলবে কেন!

ভিতরে ভয়স্কর ক্ষ্ণা জনাদ নের। যথন থিদে পায়, যথন পোটের ভিতরটা সামাত্য আহারের জন্ম ব্যথায় কুঁকড়ে ওঠে তথন পাগলের মত স্থবচনী দেবীর উদ্দেশ্যে গাল পাড়তে থাকে।—খাবি খাবি। সব খেয়ে তবে তোর শান্তি। আমাকেও খাবি। জনাদ ন জল খেল। জ্বল খেলে পেটের যন্ত্রনাটা সামাত্য সময়ের জন্ম কমে যায়।

মন্দিরে আর আহার বলতে কিছু নেই। আলুর লভা এখন পাহাড়ে আর খুঁজে পাওয়া যাচ্ছে না। জল নিয়ে নদীর পারে সে উঠে এল। হরিণী তার ছই শিশু নিয়ে লাফিয়ে লাফিয়ে পাহাড়ের ওপারে যে সংরক্ষিত বন রয়েছে তার ভিতরে ঢুকে যাচ্ছে।

টুকুনের অহুৰ

সে কিছুক্ষণ অপলক ওদের উঠে যাওয়া দেখল। ভিতরে কুধার कहै, कोन मूछ পांचि পर्यस्त एम थूँ एक लिम ना, ना एक तना वर्षे कम । **েস** ভাবল—দূরে যে সব কুড়ে ঘর রয়েছে, যা এখন শ্মশানপুরীর মত খা থা করছে—দেখানে উঠে গেলে হয়। ঘরের ভিতরে যদি খুঁজে কিছু সংগ্রহ করতে পারে। যদি কেউ তুর্দিনের জন্য সঞ্চয় রেখে মারা যায়। জনাদনি এবার মা মা বলে ত্রুত হাঁটতে থাকল। এই অঞ্চল लाकानग्रविश्रीन। युख्दाः এখन म প্রায় নগ্ন। দে প্রায় বেছ স। टम उपति छैर्छ याष्ट्रिल, आत तम तम कत्रिल। मा, छाता भगानीतक বলছিল, তুই মা আর কত কণ্ট দিবি জীবকুলকে এসব বলছিল! ভাবা ব্রহ্মময়ী! ওর চলতে চলতে মনে হল, মা তারা ব্রহ্মময়ী তার সামনে ডাইনীর মত দাঁড়িয়ে আছে। তাকে জীর্ণ কুটীরের দিকে উঠে ষেত বলেছিল। সে, বলল পথ ছাড়। তুই ভেবেছিস ভয় দেখিয়ে আমাকেও দেশছাড়া করবি। তুই জানিস না জনাদ ন কত অহলারী মা। মা তোর একদিন কি আমার একদিন। আমি মা দেখব তোর সম্ভানকে তুই আর কত কাল নিরন্ন রাথবি ৷ দেখব, দেখব, দেখব ৷ 🦀 জনাদনি ক্রত হাঁটছিল আর তিন সত্য এই বলে গাল দিচ্ছিল, তুই মা করালবদনী, মুথ ব্যদন করে আছিস, মুখের রক্ত মাটিতে উগলে পড়ছে তবু এক বিন্দু জল দিবি না।

জনাদন হাঁটতে হাঁটতে ফের বলল, বেশীদিন আর নেই। আমি
মরে গেলে মনে করবি না ভোকে ওখানে বসিরে রাখব। ভোকে বৃঝলি
ম্বচনী, জোকে ভোর ছেলেকে নিয়ে ঐ যে পাছাড় দেখছিল সেখানে
নিয়ে যালো। পাথরের নীচে রেখে পাষাণের ভার চাপিয়ে দেব। তব্
যদি ভোর চোধে জল না আসে হংধে, ভবে ভোর মুখে মুভে দেব।

ভশন স্বল দেবদার গাছের নীচে বসে জুতো পালিশ করছিল।
পাথিটা দাঁড়ে বড় বেশী ছটফট করছে। বড় বেশী কিচমিচ করছে।
পাথিটার ভবে বুঝি জল ভেষ্টা পেল। সে বাটিতে করে সামান্য জল

দিল পাথিটাকে। কিন্তু পাধি জল খেল না। পাথা ঝাপটাতে থাকল। এবং পা দিয়ে বাটির জল উপ্টে চিঁ চিঁ করে কাঁদতে থাকল।

পাথিটাত এমন করে না কোনদিন! স্বল ভাবল। স্বল অস্বস্থি বোধ করছে। পাথিটা ছটফট করলে ওর বড় কষ্ট হয়। দে ভালভাবে জুতো পালিশে মন দিতে পারছিল না। স্কুতরাং দে রেগে মেগে প্রদা না দিয়েই চলে গেল।

স্বল ভাবল, বাঁচা গেল। লোকটি পয়সা দেয়নি বাঁচা গেল। লোকটি চলে গেছে, স্তরাং স্বল এখন পাথিটার দিকে ভাল ভাবে মন দিতে পারবে সে ওর ক্রিমের কোটার মুখ বন্ধ করে ব্রাস দিয়ে কাঠের বাক্সটাতে একটা বাড়ি মারল, তারপর ব্রাসটা নীচে ঢুকিয়ে দিয়ে বলল. এই সাত সকালে তোর কি হল বাপু।

পাখিটা দাঁড় থেকে উঠে স্বলের হাতে ঠোকরাতে থাকল। স্বল কি ভেবে বলল, আমাকে ভাল লাগছেনা। তবে যা, উড়ে যা। বলে দে পা থেকে শেকল খুলে দিল। আর শেকল খুলে দিতেই পাখিটা সামনের দেবদারু গাছ অতিক্রম করে সামনের ছোট মাঠ পার হয়ে একটা জানালায় গিয়ে বসল। আর সেখানে বসে সেই আগের মত প্রাণপণে চিঁচিঁ করতে থাকল।

স্বল কিছু একটা ঘটবে, ঘটেছে ভেবে ছুটতে ছুটতে গিয়ে দেখল দরের ভিতর টুকুন দিদিমণি, সজ্ঞাহীন, বড় বড় ডাক্তার, অনেক খেলনা চার ধারে। পাখিটা কিচ কিচ করছে বলে নাস ছুটে এসে পাখিটাকে উড়িয়ে দিতে চাইলে, স্বল বন্ধুল, আমাদের টুকুন দিদিমণি না ? টুকুন টুকুন দিদিমণি, সে কেপা বীলকের মত ডাকতে থাকল, সে এত উত্তেজ্ঞিত যে এইসব বড় বড় ডাক্তারদের আদে জ্রুক্তেপ করল না। সে জানালার ওপর উঠে গেল। পাখিটা স্ববলের উত্তেজনা যেন ধরতে পারছে, পাখিটা স্বলের চারপাশে এখন উড়ে উড়ে বেড়াচ্ছে। স্বল ডাকছে, টুকুন দিদিমণি আমি এসে গেছি । আমি ভোমাকে কত খুঁকে

हेक्रानद व्यथ्य

খুঁজে ফিরে গেছি। এই দেখ টুকুন দিদিমণি সেই তৃষ্টু পাখি, দেখ নীল লাল কুঁচ ফল।

একজন নাস এগিয়ে এসে বলল তুমি কে বাপু।

- —আমি সুবল। সুবল আমি। আমরা ট্রেনে করে আসছিলাম···।
- অ: তুমি সুবল। নার্দের মনে হল যেন সেই এক গল্প টুকুনের মা বাবা করে গেছে, এক সুবল, পাথিয়ালা সুবলকে দেখে টুকুন দিদিমি হাতে তালি বাজিয়েছিল। সেই সুবল এসে গেছে। নার্স এবার ধীরে ধীরে বলল, কথা বলল, টুকুন দিদিমি বির ধুব অতৃধ। টুকুন দিদিমি বি বাঁচবে না।

সুবল বলন, বাঁচবেনা কেন ?

- ওর ভয়ন্তর অসুথ।
- —কি অমুখ।

নার্স অস্থ্যটার নাম করতে পারত। কিন্তু সাধারণ এক পাথিয়ালা স্থবলকে এত ফিরিস্তি দিয়ে কি লাভ। সে বলল, তুমি অতসব ৰুঝবেনা। তুমি যদি টুকুন দিদিমণিকে দেখতে চাও, ঘূরে সামনের দরজায় এস।

— আমিত এথান থেকেই দেখতে পাচ্ছি টুকুন দিদিমণিকে। দিদিমণি ঘুমোচ্ছে।

নাস এবার বিরক্ত হয়ে বলল, হাঁ। ঘুমোচ্ছে।

— জাগলে একবাব ডেকে দেবেন। আমি দেবদারুগাছটার নীচে রয়েছি। আমার কথা আছে অনেক। টুকুন দিদিমণি বলেছিল কলকাতায় এলে আমি যেন ওর সঙ্গে দেখা করি।

নাস বিশল, এখন যাও বাপু। ডাক্তার বাবুরা পুর বিরক্ত হচ্ছেন।
ভূমি গিয়ে চুপচাপ দেবদারু গাছের নীচে বসে থাক।

-- দিদিমণির বাবা মাকে দেখছি না ?

- ওরা বিকেলে আসবে। তুমি যাও বাপু। কথা বল'না। ভাক্তারবাবুরা বিরক্ত হচ্ছেন।
 - ভবে আমার পাখিটা এখানে থাকল।
 - —পাথি আবার কেন।
 - দিদিমণি জাগলে সে আমাকে ভেকে দেবে।
- —না বাপু পাথি টাথি রেখনা! তুমি:তোমার পাথি নিয়ে চলে যাও। টুকুন জাগলে তোমায় ডেকে দেব।
 - —সত্যি ডেকে দেবেন ত ?

নাস বিরক্তি প্রকাশ না করে আর থাকতে পারল না, যাও বলছি।

— ষাচ্ছি। সে পাথিটাকে ডাকল, আয়।

পাথিতা নড়ল না। পাথিটা গরাদে বদে ঠোঁট মুছতে লাগল।

স্থবল বলল, ও এখন যাবেনা। আমি ষ'চ্ছি। পাথিটা আপনাদের কোন বিরক্ত করবে না।

--না নিয়ে যাও বলছি।

পাথিটা ভয়ে আর্তনাদ করে উঠল। সঙ্গে সঙ্গে মনে হল, টুকুন চোথ খুলছে। পাথিটা এবারে ভিতরে চুকে ফুর ফুর করে উড়তে থাকল। টুকুন ধীরে ধীরে চোথ খুলে দেখল সেই পাথি—সোনার রঙের ঠোট, পায়ে সবুজ ঘাসের রঙ, পাথা কালো—গলার নীচে লাল রিবন যেন বাঁধা! টুকুন মনে করতে পারছিল না এই পাথি সে প্রথম কোথার দেখেছিল। সে পাথিটাকে কোথায় দেখেছে। কবে কখন! এই প্রিম্ন পাথি কার, কে এই পাথি নিয়ে এসেছিল তার কাছে। যেন স্বপ্নের মন্ত তার কাছে এক পাথি এসে গেছে, লাল রিবন বাঁধা পাথি! সে এই পাথি দেখে কত দীর্ঘদিন পর যেন মনে করতে পারল—এ পাথি স্ববলের পাথি। স্বলকে ফেলে তার কাছে চলে এসেছে। পাথি দেখে টুকুন প্রথম জল থেতে চাইল, জল দিলে সে পাথিটাকে ধরার জন্য হাছ তুলতে গিয়ে মনে হল শরীরের ভিতর কি যেন কেবল শির শির করছে।

টুকুনের অক্থ

সোমান্য হাসতে পারল, আরামনায়ক এক অমুভূতি! পাখি, স্বলের পাখি, পাখি যখন এসে গেছে তখন স্বলও এসে যাবে। স্বল, পাখিয়ালা স্বল এই সংসারে এলে আর কোন ছঃখ থাকবে না। টুকুন সামান্য না হেসে যেন থাকতে পারল না।

বিকালের দিকে টুকুনের বাবা সুরেশ বাবু এলেন। ওদের পারিবারিক ডাক্তার এলেন। এবং টুকুনের মা শিয়রে বসেছিল। নাস, সকালের দিকে টুকুন সংজ্ঞাহীন হয়েছে আজও—খবরটা সুরেশ বাবুকে দিতে গিয়ে সেই পাথিয়ালার গল্পও করে ফেলল।

স্থারেশ বাবু বললেন, সে এখন কোথায় গ

নাস দেবদারু গাছটার দিকে হাত তুলে বলল, ওর নীচে বসে জুতো পালিশ করছে। সকালের দিকে এসেছিল। খুব বিরক্ত করছিল টুকুনকে। তাই ডাড়িয়ে দিয়েছি।

- —ভর পাথিটা এখনও আছে ?
- —পাথিটাকে নিয়েইত সব ঝামেলা। ঘরের ভিরত চুকে কেবল

 কুরুৎ ফুরুৎ করে উড়ছে। আমার কথা শুনছে না, পাথিয়ালার কথা
 শুনছে না। ডাক্তার বাবুরা খুব বিরক্ত হচ্ছিলেন। ভয়ে ভয়ে আমি
 তথন ধমক দিয়ে তাড়িয়ে দিলাম। সে পাথি নিয়ে দেবদারু গ'ছের
 নীচে বলে আছে।

নাস ভুলে গেল পাখিটা যখন উড়ছিল তখন টুকুনের মুখে সামান্য সন্ধীবতা লক্ষ্য করা গেছে। নাস ভুলে গেল বলতে সংজ্ঞাহীন অবস্থা থেকে টুকুন পাখির ডাক শুনে জেগে উঠেছে। আর ভুলে গেল বলতে পাখিয়ালা বিশ্বাসই করছিল না, টুকুন বাঁচবে. না।

মা টুকুনের কপালে হাত রাখল। টুকুনকে বসিয়ে দেয়া হয়েছে। খেলনাগুলো সব একদিকে জড় করা। নার্স বিকেলের দিকে চুল বেঁধে দিয়েছে। মুখে সামান্য পাউডার। মুখের এনিমিয়া ভাবটা এখন আরু তত স্পষ্ট নয়। সকলের মুখই বিষয়। বিশেষ করে টুকুনের মা সারাকণ মেয়ের মুখের দিকে তাকিয়েছিল। ডাক্তার বাবু বললেন, এখন আর আমাদের কিছু করণীয় নেই।

- —না কিছু করণীয় নেই।
- —সংসারে বৃঝলেন স্থারেশবাব, ডাক্তারবাবু কেমন বিচলিত ভাবে কি বলতে গিয়ে থেমে গেলেন।
 - —আপনি উল্লমহীনতার কথা বলতে চাইছেন।
 - —হু আমরা কেমন যেন ক্রমশঃ উত্তমবিহীন হয়ে পড়ছি সকলে।
- ভিনি একটু থামলেন, তারপর টুকুনের মুখের দিকে তাকিয়ে কি যেন ভাবলেন। ওর ভিতরেব কল কজাগুলো ঠিকমত প্রথম থেকেই কাজে লাগে নি।

স্থাবেশ বাবু বললেন, কিন্তু আমার দিক থেকে ত' কোন ব্রুটি ছিল না ডাক্তার বাবু।

আর তখন কে যেন পথে পথে বনে বনে বলে গেল, কে যেন হেঁকে হেঁকে গেল, পথ দিয়ে মানুষ যায় দেখ, ঘোড়া যায় গাড়ি যায় দেখ, ছংখ যায় স্থ যায় দেখ। দেখ দেখ মানুষ কত মানুষ, কত হিদাবের মানুষ পোষ্টার মারছে দেয়ালে—খেতে পায় না, অনাহারে ছভিকে মানুষ সব গ্রামে মাঠে মরে থাকছে।

অথবা যেন পোষ্টারে পোষ্টারে ছেয়ে গেল সহর্টা—জল চাই, অন্ন
চাই। শুধু লেখা ছিল না উল্লমবিহনে কিবা পুরে মনোরথ! সুরেশ
বাবু নিজের চোথে মেয়ের চোথে দেখছিলেন, এক ছ্রারোগ্যে ব্যধি
এই মেয়ের। ঠিক যেন তার কলকারখানার মত। আয় নেই, ব্যয়
বাড়ছে, শ্রমিকেরা উৎপাদন বাড়াছে না। টাকার দাম কমছে, জিনিষপত্র
আকরা। এক রোগ তার কলকারখানাকে উৎখাতের দিকে টেনে নিয়ে
বাচ্ছে। কিছুতেই তিনি সে কয় থেকে তাকে রক্ষা করতে পারছেন
না—ঠিক যেন এই মেয়ে, যে ইচ্ছা করলেই বেঁচে উঠতে পারে ভিভরের
উদ্যমহীন এক ক্ষতভাত ব্লক্ত কিছুতেই তাকে সুস্থ হতে দিচ্ছে না।

हेक्टनक चक्र

সুরেশ বাবু যেন কার সঙ্গে কথা বলছেন, ভোরা বল, বুকে হাছ দিয়ে বল, যা এখন উৎপাদন করছিল, ভোরা মনপ্রাণ দিলে ভার দ্বিশুণ দিভে পারিস।

এক দৈত্য বোধহয় নিয়মের দৈত্য অথবা আদাইয়ের দৈত্য হু হু করে হেসে উঠল—স্যার আপনি কি জলে ডুবে স্বপ্ন দেখছেন। আমরা কি আর উৎপাদন বাড়াতে পারি।

স্থানেশ বাবু মেয়ের মুখ দেখে আঁৎকে উঠলেন। ভিতরে মেয়ের সেই ক্ষতজাত রক্ত কেবল ভিতরে ঘূরে ঘূরে আমরণ পঙ্গু করে দেওয়ার জন্য লড়াই। যেন এই মেয়ে তার নিজের ভিতরেই ক্ষয়কে ভালবেসে পুষে রেখেছে। সে বলল, টুকুন তুমি ঐ দেখ পাথিয়ালা স্থবল এসে গেছে। তুমি তখন হাতে তালি বাজিয়েছিলে, এখন পার না। ঐ দেখ স্থবল দেবদারু গাছের নীচে বসে জুতো পালিশ করছে। তাকে ডাকব ?

টুকুন ছাঁ বা না কিছুই বলল না। যেন কোন অমল আনন্দের খবর বয়ে আনার মত মানুষ তার আর নেই।

সে শুধু বলল, বাবা জল থাব। জল।

সুরেশ বাবু নার্সকে জল দিতে বলে বের হয়ে গেলেন। থে বাঁচতে চায় না, তাকে বাঁচিয়ে লাভ নেই। সুবেশ বাব্র মুখে অবসাদের চিহ্ন। তিনি বড় বড় হাই তুলতে থাকলেন।

স্থবল দেবদারু গাছের নীচে বসে ছিল। রাস্তায় আলো ক্ষলছে।
ফুটপাতে মানুষের ভিড়। কোথায় কি গণ্ডগোল হয়েছে, সহসা
শহরের ট্রাম বাস বন্ধ হয়ে গেল। মানুষেরা পায়ে হেঁটে ঘরে ফিরছে।
কিছু টেম্পো, লরী এবং রিক্সা মানুষ বইছিল, রাস্তা ফাঁকা বলে সব
ছোট ছোট ছেলের দঙ্গ রাস্তার উপর বন্ধ থেলছিল, ক্রিকেট খেলছিল
এবং হাডুডু খেলছিল।

অথচ দেবদারু গাছটার নীচে বসেছিল স্থবল, রাতে সে এই গাছের

নীচে শুয়ে থাকবে। সঙ্গে ওর ছোট এক সতর্ক আছে, অপরিচ্ছন্ন হলে সে সব গঙ্গার জলে ধুয়ে নেয়। আর এই গাছের নীচ থেকে টুকুন দিদিমণির জানালা স্পৃষ্ট। এখন মনে ছচ্ছে দিদিমণির ঘরে কেউ নেই! ঘর ফাঁকা। শুধু সেই রাজা, কিছু পরী এবং বিড়াল, কুত্বমাসীর মুখ দেখা যাচ্ছিল। সে তার পাথির দিকে মুখ তুলে তাকাল। পাখিটা দাঁডে বসে ঝিমোচ্ছে। সে এবার সব গোছ-গাছ করে কাঁধে ফেলে জানালার দিকে এগুতে থাকল, যথন কেউ নেই, জানালা দিয়ে কাউকে দেখা যাচ্ছে না, শুধু ঘরে একটা নীল আলে! ঞ্চলছে, তথন স্থবল কিছুতেই দেবদাকর নীচে বসে থাকতে পারল না। কি এক অপরিসীম ভালবাসা আছে টুকুন দিদিমণির, টুকুন দিদিমণি ভূটে গিয়েছিল দরজায়, দরজা খুলে বলেছিল, এখানে কেউ নেই, এ কামবায় কেউ ঢোকেনি। বলে পুলিশের মুখেব ওপর দরজা বন্ধ করে দিয়েছিল -- সেই থেকে মনে হয়েছে সুধলের এমন ভালবাদার জন আর তাব কেউ নেই। এমন আপনার জন তার আর পৃথিবীতে কেউ নেই। টুকুন দিদিমণিকে সে যেন ইচ্ছা করলে সব দিয়ে দিতে পারে। স্থার এই যে পাখি, যার মূল্য স্বলের কাছে প্রাণের চেয়েও অধিক, ইচ্ছা করলে স্বল টুকুন দিদিমণিকে খুশী করার জন্য সেই অমূল্য ধনও উড়িয়ে দিতে পারে। তার যা কিছু সম্বল, যা কিছু সঞ্চয় স্ব এই টুকুন দিদি**মণিকে** দিয়ে দিতে পারে। **ঘর ফাঁকা দেখে দে** কিছুতেই আর গাছের নীচে বদে থাকতে পারল না—জানালায় এদে কাঁধ থেকে खालांबूल नांभिरत्र किन किन करन डांकल, हेकून पिपिमि आभि এসেছি।

জানালার দিকে মুথ ছিল টুকুনের। স্প্রিঙের খাট, শিয়রের দিকটা একটু উঁচু করা। টুকুন দিদিমণির চোথ ঘোলাটে, যেন স্পষ্ট কিছু দেখতে পাচ্ছে না। প্রায় অন্ধের মত—অথবা সংজ্ঞাহীনের মত, ঠিক যেন তার সেই ধরা অঞ্চল, কোন কালে বৃষ্টি পায় না আর কসল কলবে না,

টুকুনের অহব

সোনার ফসল ঘরে তুলে কেউ আর উৎসবে পার্বনে আলো দ্বালবে না। সে ফিস ফিস করে ডাকল, দিদিমাণ, দিদিমাণ আমি সুবল, চিনতে পারছ না ? আমাকে তুমি চাদর দিয়ে আড়াল করে রেখেছিল, আমাকে তুমি পুলিশের হাত থেকে রক্ষা করেছিলে। আমি পাথিয়ালা সুবল।

- --কে : সুবল !
- হ্যা আমি স্থবল। আমি ভোমাকে কুঁচফল দিয়েছি।
- --তুমি আমাকে রঙ বেরঙের পাথর দিয়েছ স্থবল।
- —আমি তোমাকে চন্দনের বীচি দিয়েছি।
- —আমার শিয়রে সব আছে।
- কৈ দেখি। স্থবল ছ পায়ের ওপর দাঁড়িয়ে উকি দিল। কিন্তু অবাক টুকুন ভার হাত পা নড়াতে পারল না।

স্থবল, বলল, কৈ দেখি। তোমার শিয়রের নীচে কোথায় রেখেছ দেখি

টুকুন বলল, নাস এলে বলল। নাস শিয়বের নীচ থেকে চন্দনের বীচি বের করে দেখাবে।

- --কেন তুমি পার না!
- —না স্থবল। আমি পারি না। আমি ছাঁটতে পারিনা স্থবল।
 কতদিন আমি হাঁটিনা। কতদিন আমি মাঠে মাঠে ছেঁটে বেড়াইনি।
 বলে ছাংখা এক মুখ নিয়ে স্থবলের দিকে চেয়ে থাকল। তারপর
 সামনের মাঠে যে আলো জলছিল, সামনের পার্কের বেঞ্জলোতে যে
 মান্ত্রগুলো বসেছিল তাদের দিকে তাকিয়ে বলল, জান স্থবল ওরা পর্যন্ত
 অবিশ্বাদ করছে, আমি ট্রেনে ছেঁটে গিয়ে দরজা খুলে দিয়েছিলাম, ওরা
 তা বিশ্বাস করতে চাইছে না। বলে সে আলুলে সমস্ত ফ্লপরী
 জলপরী, রাজা এবং অক্যাক্ত্রপুত্রলদের উদ্দেশ্য করে দেখল।

স্থবল বলল, যা তুমি আবার হাঁটতে পারবেনা কেন ? তুমি ঠিক হাঁটতে পার। — আমি হাঁটতে পারি তাই না স্থবল ? আমি ট্রেনে হেঁটেছিলাম তাই না স্থবল ! বলে সে থুব উচ্ছুল হয়ে উঠল।

—তুমি এখনও স্টাটতে পার।

সঙ্গে সঙ্গে মনে হল টুকুন খুব বিষণ্ণ হয়ে পড়েছে। সে আর ঃবলৈব সঙ্গে কথা বলতে চাইছে না। কি যেন ভাবছে। সে স্থবলকে বলতে চাইল, আমি আর হাঁটতে পাবি না। তোমাকে ইচ্ছা ১য বাব বার হোঁটে দেখাই। কিন্তু স্থবল আমি সত্যি পারি না ধেন। গায়ে শক্তি নেই। হাতে পায়ে শ্ববিব এক ভাব সব লনয়।

টুকনের চোখ ঘোলাটে হয়ে উঠছিল ফের। ভিতরে লজ্জাকব শর্মভূতি। বড মাঠ সামনে, আব এত সব ট্রাম বাস চোথের উপর শয়ে ছুট্ছে, এত সব মানুষজন আর পথ পার হয়ে যাচ্ছে—ওদের পথে টুকুনের ভিতৰ সব সময় এক অস্হিঞ্ ভাব। টুকুন ভিতবে ভিতরে ছটফট কব্ছিল।

স্বল যেই দেখতে পেল, টুকুন দিদিমণির চোথ ফের ঘোলা হয়ে। ছেছে—সে বলল, টুকুন দিদিমণি, ভূমি হাঁটতে পাব। ভূমি হেঁটে ঠৈছো করলো, অনেক দূরে চলো যেতে পার।

আমি হাঁটতে পারি স্থবল তুমি ঠিক বলছ ?

এই যে পাথি আছে না দিনেমণি, এই পাথি ঠিক তোমার মত শুয়ে শাকতে ভালবাসত। শুয়ে থাকলে মান্তুষের হাত পা অবশ হয়ে যায়। হুমি হাঁটতে পার, দেখ আমার পাখি কেমন আমার মাথার চার পাশে উডছে।

টুকুন এবার তার থেলনাগুলোর দিকে তাকিয়ে বলল, কিরে রাজ। এখন বুঝতে পারছিদ, আমি হেঁটে গিয়ে দরজা খুলে দিয়েছিলাম। এই দেখ স্থবল পাথিয়ালা স্থবল, সব দেখেছে। ওদের দেশে খরা বলে ও কলকাতায় চলে এদেছে। ওর সঙ্গে ট্রেন কত কথা বলেছি। ওর

টুকুনের অহথ

পাথিকে আমি থেতে দিয়েছি। আমি তোদের মত নেঙ্গু নইরে। তোদের মত এক জায়গায় আমি দাঁড়িয়ে থাকি না।

স্তবল বলল, এই যে পাথি দেখছ, ওর কেউ ছিল না। একদিন ফিরে আসার সময় দেখি গাছের নীচে পড়ে ছটফট করছে। ওব মা বাবা দেশে তুর্ভিক্ষ দেখে বঝি পালিয়েছিল। পাথিটা নডে না. থায় না. পাথির চোথ ঘোলাটে ৷ এই পাথি সকলে বলল মরে যাবে, আমি পাথিকে নিয়ে মাঠে চলে গেলাম, সবজ কীট প্তক্ষের ছানা হাঁড়ে বের করলাম। অতল জলের স্বাদ মুখে দিলাম। নদীর জলে স্নান কৰাম. স্থুবচনী দেবীর মন্দিরে গিয়ে মানত কবলাম, মা আমাব পাথিকে উভিয়ে দে আকাশে, উভিয়ে দে সব, পাখির চোখে নদীর জল লেগে পাথরের মত কালো হয়ে গেল। সবজ কীট পত্তের ছানা খেয়ে পাথা গজাল, অতল জলেব স্বাদ পেয়ে পাখি ত'জা হল—কিন্তু হায় পাখি আমার আকাশে ওছেনা, চলে না ফেরে না। পাখিকে নিয়ে কি कष्टे। মাঠে নেমে পাথিকে বলতাম ঐ দেখ বড মাঠ, ঐ দেখ বড গাছ, আপন আণের তেজে পাথি উত্তে যা আকাশে! সে কি দৌড় ঝাপ গেছে। থরা চলেছে গ্রামে মাঠে, মাতুষ রোদে বের হতে চায় না, আমি পাখিকে শুধু বল্লাম, পাথি, আপন প্রাণের তেজে পাথি আকাশে উড়ে যা। একদিন তুদিন গেল মাস গেল এবং মাঝে মাঝে আমরা নদীতে জলের সন্ধানে বের হতাম, পাছাড চারপাশে, কত গাছ পালা ফুল ফল পাথি ছিল, খরায় সব পুড়ে গিয়েছে। চারিদিকে তাকালে কালা পায়, জল থোঁজার ফাঁকে ফাঁকে পাথিকে বলতাম—উড়ে যা। আপন প্রাণের আবেগে উড়ে যা। বলে সুবল নিজের পাথিকে বলল, উড়ে যা, তোর টুকুন াদাদমণি দেখুক—সঙ্গে সঙ্গে পাখি উড়তে থাকল ডিগবাজী খেতে থাকল—কোথাও উড়ে গিয়ে নিমেশে ফিরে এল, রাজার মাথায় বসেছে কিন্তু মলমূত্র ত্যাগ করলে মনে হল চোখের নীচে রাজার পিচুটি। 🖫 রাজা যেন হাপুস নয়নে কাঁদছে।

তথন স্থবল বলল, দেখ দিদিমণি দেখ, তোমায় রাজার চোখে পিচুটি, রাজা কেমন মুখ গোমড়া করে আছে। টুকুন ঘাড় ফিরিয়ে রাজাকে দেখতে পেয়েই হো হো করে হেসে উঠল।—ঠিক হয়েছে, ঠিক হয়েছে। পাথি তোমায় উচিত শাস্তি দিয়েছে। পাথিটার কিন্তু কোন জক্ষেপ ছিল না। পাথি আকাশে ওড়ার মত ঘরের ভিতর দোল থেয়ে উড়তে।

সুবল বলল, দিদিমণি ওর পাখায় কত রাজ্যের স্বপ্ন দেখো।
সুবল বলল, দিদিমণি পাথির পায়ে কত বাসপুত্রের স্বপ্ন দেখো।
তারপর সুবল কেমন নেচে নেচে বলতে থাকল, আকাশ দেখো,
সমুদ্র দেখো, দেখো দেখো মাঠ দেখো, পাছাড় দেখো।

পাথিটা দেই আকাশ দেখার মত ঘরেব ভিতর উড়তে থাকল, সমুদ্র দেখার মত বাতাসের উপর ভাসতে থাকল, নদী দেখার মত এঁকে বেঁকে সোজা উপরে নীচে উঠে গেল। টুকুন সব দেখছিল। যাত্বর তার পাথির খেলা দেখাচ্ছে। যাত্বর এই ঘবে পাথির খেলা দেখিয়ে সকল তুঃখ যেন দূর করে দিচ্ছে।

টুকুন মনপ্রাণ ঢেলে এই পাথির থেলা দেখতে থাকল। ভিতরে সেই শির শির ভাবটা কাজ কবছে। ভিতরে, সেই প্রাণের ভিতরে শির শির ভাবটা কাজ করছে। যেন শরীরের সর্বত্র রক্ত সঞ্চালন হচ্চে। শরীরের ভিতরে কোথাও এক হীরামন পাথি এতদিন চুপচাপ ঘুমিয়ে ছিল এই পাথির খেলা দেখতে পেয়ে সে-পাথি আকাশে ওড়ার জন্ম ডানায় যে সব রাজ্যের ক্লান্তি জমে ছিল এতদিন, তাই উড়িয়ে দিল। প্রাণের ভেতরে এক পাথি আছে, ওড়ার পাথি, সেই পাথির আজ কতদিন পর যেন ওড়ার প্রত্যাশায় চোখে মুখে হাসির আনন্দ, হায় এই হাসির আনন্দ কোথাও থাকে না, মানুষের এই হাসির আনন্দ প্রাণের আনন্দ কথন যেন বড় হতে হতে হারিয়ে কেলে।

টুকুন ধীরে ধীরে দেখল অনেককণ ওড়ার পর পাথিটা ক্লান্ত হয়ে

টুকুনের অহুথ

স্ববলের মাথায় গিয়ে বসেছে। রাত বাড়ছিল। স্বল ধীরে ধীরে জানলা থেকে নেমে ফের দেবদারু গাছের দিকে হেঁটে যাচ্ছে। টুকুন জােরে চীংকার করতে চাইল, স্বল তুমি আবার কাল এস। আমে জানলায় তােমার জন্মে অপেক্ষা করব। এবং পিছনেব দিকে মুখ ফেবাতেই দেখল নার্স দাড়িয়ে আছে দরজায়। টুকুন এ৩ক্ষণে বুরাতে পারল নার্সেব ভয়ে স্ববল চুপি চুপি কিছু নাবলে পাখি নিয়ে চলে গেছে।

জনার্দনও বুঝতে পারলে, আর রক্ষা নেই। মাটি মরুভূমি হয়ে যাচ্ছে। মকভূমির মঙ উত্তাপে গাছপালা সব নিশ্চিক্ত হয়ে যাচ্ছে। কোথাও সামান্ত বস সঞ্চিত নেই। এখন এই পাছাড় বেরা অঞ্চলে শুরু মৃত্যুর জন্ম প্রান্ধীকা করে বসে থাকা। জনার্দনি মন্দিরের ভিতর পায়চানী করছিল। ছাত পা শীর্ণ হয়ে যাচ্ছে। চোথে আর প্রায় দৃষ্টি ছিল না। সে এখন আব পাহাডের ওপর উঠে পাথর নিক্ষেপ করতে পারছে না। সমস্ক উত্তম নিংশেষ হয়ে গেল।

দাবানলের মত জ্বলে সূর্য অন্ত চলে গেল। জনার্দন অভ্যাস মত বের হয়ে পড়ল। চোথের দৃষ্টি কমে আসছে বলে সে ধীরে ধীরে পরিচিত পথ ধরে পাছাড় থেকে নেমে সমতল পথ ধরে হাঁটতে থাকল। আজ প্রায় চার্দিন হল জনার্দন শুধু জল খেয়ে আছে। জনার্দন আজও শেষবাবের মত বের হয়ে পড়ল। খিদি কোন আহার্য বস্তু সংগ্রহ করতে না পাঝে, যদি পাছাডময় এবং মাঠময় কোন মৃত জীবজন্ত অথবা ঘাস পাত। সংগ্রহ করতে না পারে তবে মনে হচ্ছিল মৃত্যু এবধারিত। এই মৃত্যু ওকে গ্রাস করবে ক্রমশঃ। এখন আর পায়ে শক্তি নেই যে সে দ্রের কোন সহরে অথবা গঞ্চে চলে যাবে। বাট সত্তর মাইল হেঁটে যাবার শক্তিটুকু জনার্দনের শেষ হয়ে গেছে। সে হাঁটছিল এবং মাঝে মাঝে আবেগে না মা বলে ডেকে উঠছিল।

জনাদ নের ইাটতে হাঁটতে মনে হল সংসারে এক রকমের তেষ্টা আছে যা কোনকালে নিবারণ হয়না। এক রকমের অভাব আছে যা কথনও দূর হয়না। আর একরকমের অহঙ্কার আছে যা কোনকালে শেষ হয় না। জনাদ নের সেই অহঙ্কার। শস্ত শ্যামলা এই দেশে

हेक्तिक अञ्च

প্রথম পিতৃপুরুষের। আসেনি। পাহাড়ী অঞ্চল ছিল। সেখানে লোকালয় বিশেষ ছিলনা। নির্জন এক পাহাড় ঘেরা প্রাস্তরে নামাগ্য ক'ঘর আদিবাসীর ভিতর তার কোন পিতৃপুরুষ এসেছিল স্থৰচনী দেবীর ভার কাঁধে নিয়ে। সে এসেছিল বলে, দেবীর প্রতিষ্ঠা করেছিল বলে, এবং দিনমান এই মাঠের ভিতর উপুর হয়ে পড়ে থেকে সব ঘাস বিচালী তুলে নিয়েছিল বলে বর্ষার শেষে কি ফদল, কি ফদল ! এত ফদল হয় মাটিতে মামুষের জানা ছিল না। পাহাডতলি অঞ্চল থেকে মানুষজন ফসলের লোভে চলে এসেছিল—আর যায়নি। তার পূর্বপুরুষ এক বন্ধ্যা মাটিকে উর্বরা ভূমি করে সংসারে প্রায় পীর সেজে গেল। তারপর থেকেই বংশের ভিতর এক নিদারুণ অহস্কার। উৎসবে, পালা পার্বনে মানুষের স্বথে তুঃথে সব সময় এই দেবীর সেবাইত প্রায় ঈশ্বরের সমতুল্য। জনার্দন ইাটতে ইাটতে ফের আকাশের দিকে তাকিয়ে বলল, মা মা—মা স্থবচনী তুই নিষ্ঠুর হলে চলবে কেন—আমার অহন্ধার মুছে দে মা। সামাত্র রৃষ্টি দে মা। রাগ করে মা কার ঘরে বসে আছিন। বৃষ্টি দে মা মাঠে ঘাস বিচালী গন্ধাক। পাথি পাথালি উড়ে আত্মক মা। গাছে গাছে ফুল ফুটুক। ফল হোক মা গাছের শাখা প্রশাখাতে। তোর লীলা মা আর কতকাল চলবে।

কিন্তু হায় কার কথা কে শোনে। শেয়াল ডাকছে না। কুকুরের আর্তনাদ নেই কোথাও। চারিদিকে বীভংস জ্যোৎস্না! সাদা আলো নাঠময়। সেই মাঠের ভিতর বসে একসঙ্গে কারা যেন নিত্য কেঁদে চলেছে। জনাদন একটু থমকে দাঁড়াল। কারা কাঁদছে! ঠিক যেখানে নদী সামাশু বাঁক নিয়েছে, যেখানে ক'ঘর মুণ্ডা জাতীয় আদিবাসী ছিল, এবং যেখানে পেটের ছালায় ঘরের এক বৌ ফাঁসি দিয়েছিল সেইসব মাঠে এবং গাছের ভিতর একদল মেয়ে যেন হাজার হবে, তার বেশীও হতে পারে বসে বসে কাঁদছে। জনাদনের প্রায় পা চলছিল না। এসন বীভংস দুশ্য জনাদনি কোনকালে যেন দেখেনি।

হাজার ঘোড়া ছুটছে। ঘোড়ার পিঠে সব নারী পুকষের মুথ ঝুলছে।
দেহ নেই। শুধু মুখ। তারপর একটা কালো ঘোড়া যেন ছুটে গেল,
সেই ঘোড়ার পিঠে শুধু এক তরবারী। তারপর মনে হল সুবচনী দেবী
মাঠের ভিতর ক্রমশঃ বড় হয়ে উঠছে। ছোট সুবচনী দেবী হাত পা
বিশাল করে, স্তনে সন্তান ঝুলিয়ে ঠিক লোন ভৈবরীর মত ছু হাত
ওপরে তুলে জনাদ নের দিকে এগিয়ে আসছে আব মনে হল হাজার
হাজার কন্ধাল সেই সুবচনী দেবীর চারপাশে আনন্দে নৃত্য করছিল।
জনাদ নি এবার মলল, মা আমার আব কোন অহন্ধার নেই মা। আমি
কুধার জন্ম অন্ধা হয়ে যাচিছ মা। মা আমাব এই পিতৃপুরুষের দেশকে
শাশান করে দিলি মা। জনাদ নি হাউ হাউ করে কাদতে থাকল।

জনাদনি ধীরে ধীরে আরও নীচে নেমে এল। সে এক নাগাড়ে ইটিতে পারছিল না বলে কোথাও সামান্ত সময় বসে বিশ্রাম নিচ্ছিল। জলের জন্ম সে নেমে যাছে। খাল অবেষণেব জন্ম সে নেমে যাছে। যেথানেই সে বসত—চারপাশে শুধু মৃত গাছেব ডাল। ছাওয়া দিলে মরমর শব্দ করে কিছু গাছপালা ভেঙ্গে পড়ত। জনাদনির ইছে যায় তথন, মৃত ডালে, গাছে গাছে এবং সর্বত্র আন্তন ধরিয়ে দিলে কেমন ছয়। মা স্থবচনীকে পুড়িয়ে মারলে কেমন হয়। ভাবতে ভাবতে জনাদনি হা হা করে হেসে উঠল।

আবার জনাদ নের হাটা। দক্ষিণের মনি পাহাড়ে উঠে গেলে হয়ত এখন কিছু কাঁটা জাতীয় গাছ মিলতে পারে। কম জল হলে ওরা বেশী গজায়। পাথরের ফাটল থেকে রস চুষে ওরা বড় হয়। কিন্তু শরীর হুর্বল, মিন পাহাড়ে উঠে যাবার সাধ্য যেন একেবারেই নিঃশেষ হয়ে গেছে জনাদ নের। সে হেঁটে হেঁটে শেষ যে পাহাড়ের মাথায় রোজ উঠে পাথর নিক্ষেপ করত তার নীচে কিছুক্ষণ দাড়াল। জ্যোৎস্না রাভ বলে পাহাড়ের শেষ দিকের অংশটুকু একেবারেই দেখা যাচেছ না। সে এবার সেই যোজকের নীচের অংশটুকুতে এসে দাড়াল। পাথরে

টু;নের অকুগ

পাথরে জায়গাটা খুব উচু হয়ে গেছে। এবার নদীতে জল এলে প্রায় প্রদেব মত জায়গাটা থিরে জল ধরে রাখবে। সে জলের আশায় রষ্টির আশায় আকুল হতে থাকল। বৈশাথ চলে গেছে, জ্যৈষ্ঠ যাব যাব করছে। অথচ একবিন্দু বৃষ্টি নেই। এবারেও মা সুবচনী এ-অঞ্জল আগন স্থালিয়ে রাখবে। বাগে তঃথে জনাদন পাথরেব ওপরই থামচাতে থাকল।

ত্বস্থে মানুষ জনাদন অহোরাত্র খাত অধেষণের পর ক্লান্ত সরে
নদীর স্রোত্তর সামান্ত উচু অংশটাতে চুপচাপ বসেছিল। ভোর হতে
আর বেশী দেরী নেই। হরিণী তার তুই শিশু সন্তান নিয়ে এবার নেমে
আসবে। ওদের জলপান করানো হলে জনাদনি পেট পুরে জলপান
করবে। তারপর, মন্দিরের ভিতর সারাদিন পড়ে থাকা ক্ষ্ধার ভয়ন্তর
যন্ত্রণা সহ্য করতে করতে মাঝে মাঝে দৃষ্টিগান হয়ে যাওয়া – হায়
জনাদনি প্রায় এখন কিছুই ভাবতে পারছিল না। সামনে যে সব গঞ্জ
ছিল দেও মৃতপ্রায়। কোন কোলাহল নেই, ক্রেমশঃ এক অন্ধকার এই
পাহাড় ঘেরা মাঠে নেমে এসে সব অঞ্চলটাকে ভূত প্রেতের রাজত্ব করে
দিল।

জনার্দন মনে মনে থেঁকিযে উঠল, না হয় না। তার ইচ্ছে হিচ্ছিল যে কোন মই বেয়ে এবার প্রায় আকাশের কাছাকছি উঠে যাবে, এবং আকাশনৈকে মা স্থবচনীর থাঁড়া দিয়ে হু ভাগ করে দেবে। হু ভাগ করে দিলেই ঝর ঝর করে জল নামবে। দে এই ক্লান্ত শরীরেও মই বেয়ে ওঠার মত হু হাত তুলে দিল আকাশের দিকে। তারপর চংকার করে বলতে চাইল, জল দে। আমি যদি তোর কাছে পাপ, করে থাকি, আমার প্রাণের বিনিময়ে জল দে। বলে দে বালিয়াড়ী ওপর সটান শুয়ে পড়ল, এবং হাত হুটো পিঠের উপর যেন হুটো হাত বাঁধা অবস্থার ওকে বলি দেওয়া হচ্ছে এমন ভঙ্গি নিয়ে বালির উপর শুয়ে পড়ল।—এবার দে এক কোপ। ভাঁয়। জনার্দন বালির ওপর কাটা পাঠার মত ছট ফট করতে থাকল এবং ব্যা ব্যা কবে ডাকতে থাকল। যথার্থই যেন ওকে স্বচনী দেবীব মন্দিরে পাঁঠার মত বলি দেওয়া হচ্ছে এখন।

না এ ভাবে পড়ে থেকে লাভ নেই—জনার্দন উঠে পড়ল। নিশু তি র'ত শেষ কয়ে যাজে । চানিদিকে মাঠ, গাছ পাছাড যেন দৈতোব মাক দি ডিয়ে আছে তাকে হত্যা করবে বলে। জনার্দন উলঙ্গ ছিল বলে উপবীত ডান দিকের কোমরের কাছে চলচল করছিল। মনে হাজিল উপবীত ওব শবীরে মুবসুরি দিছে। সে উপবীতে হাত বেথে হাঁকল কে আসবি আয়, কার কার হিন্দত আছে আয়ে, কাত লভবি এই ঠাবা বব সঙ্গে আয়—কানণ জনার্দনের মনে হচ্ছিল শুধু সুবচনী নয় শুধু এই অঞ্চলের মানুষজন নয়, সকলেই যেন, যেন গাছ, ফুল, পাথি, পাছাড় সকলে মিলে ওব সঙ্গে তঞ্চকতা করছে। অথবা রসিকতা করছে – হায় জনাদ ন ভোদের ফদলের অহঙ্কার ভালবাসার অহঙ্কার এবাবে সর মূতে যাবে।

ঠিক তক্ষ্ণি লাফিয়ে লাফিয়ে নীচে নেমে আসছে হরিণী আর হাব ছই শিশু। সোনার হরিণের মত দেখাচ্ছিল প্রায়। ভোর রাত্রের জ্যোৎসায় ওদের চোখগুলো বড় উজ্জ্বল ছিল। বালিতে পায়ের দাগ পড়েছে। ওদের শরীর এত নরম এবং উজ্জ্বল যে জ্যোৎসায় মনে হচ্ছিল শরীর থেকে পিছলে যাছেছে। ওরা নেমে আসছিল এবং পেছনের দিকে ফিরে ফিরে তাকাচ্ছিল। জনাদনের এখন আর মৃত্যুভয় থাকছে না। মাঠ এবং পাহাড়কে এখন দৈভ্যের মত মনে হচ্ছে না। এখন যেন জনাদনি আর একা নয়। সে এবং এই তিন বন্য প্রাণী মিলে চারজন সে প্রায় স্থবচনী দেবীর মন্দিরে যেমন একা একা কথা বলে দিন কাটায় অর্থাৎ সেই স্থবচনীর সঙ্গে কথা বলে, এবং স্থবচনীর হয়ে কথার উত্তব দেয় তেমনি এই নদীর খাতে হরিণদের সঙ্গে প্রায় একা একা কথা বলার স্থভাব।—তা হলে ভোরা এলি। ভোদের জন্ম আমি কখন

টুকুনের অহুথ

থেকে বসে রয়েছি। তোরা তো বাপু ক্রত ছুটতে পারিস, কোথায় কোন বনে ক্রত ছুটে যাস কে জানে। আহারের কোন অস্ক্রবিধা সচ্ছে নাত! জনার্দন ওদের সঙ্গে প্রায় সাধু ভাষায় কথা বলতে আবস্তু করে দিল।

সে ওদের নাম রেখে দিয়েছে এতদিনে।

সে সবচেয়ে ছোটটাকে ডাকল—পলা এই পলা তুইত বাপু ভারি তুই,। শিঙে মুখ ঘসে সুখ থাচ্চিদ। পলা পা ছটো হঠাৎ এবার পিঠের উপব বেখে প্রায় মাথার কাছে মুখ নিয়ে এল। ওর মাথার নীচে এবং গা চেটে দিছে। বোধহয় ঘাম ছিল শরীরে, এবং ঘাম শুকিয়ে মুখের গন্ধ ছিল শরীরে, পলা মনের সুখে জিভ দিয়ে পিঠ ঘাড় গলা চেটে দি এই জনাদন এক ধবণের সুখ পেল—অতীর সুখ, লোভের বশবর্তী দে সুখ আহারের সুখ, এমন সুখ বুঝি কতদিন সে পায়নি—সে ভিতরে আহাবের এক সুখ আছে ভারতেই মনে হল কোথায় যেন আশুন শুলছে, কাঠের আশুন, বল্ম মানুষেরা সেই কাঠে মাংস পুড়িয়ে চিবুছে। ওর জিভ স্বাদে গন্ধে অতুলনীয়, জিভে জল এসে গোল। সঙ্গে সঙ্গে সেখপ করে পলাকে ধরে বুকের কাছে টেনে আনল, এবং ধনের জলপান করানোর কথা মনে থাকল না। আহারের লোভ, দীর্ঘদিনের অনাহার জনাদনিকে প্রায় পাগলের মত করে ফেলছে। সে প্লাকে নিয়ে এবার মন্দিরের দিকে ক্রেত ছোটার জন্ম মাঠের দিকে উঠে যেতে থাকল।

সুবলের পাথিও ক্রত আকাশের এক প্রান্ত থেকে অক্স প্রান্তে উড়ে যাচ্ছে। ক্রত যেন পাথি সকলকে হাবিয়ে দেবে। দেখো হুই আকাশে উড়েছে। জানালার পাশে আর কেউ নেই এখন। স্বল এবং টুকুন।

ভোরবেলা, নার্স এখনও আসেনি ঘরে। স্বলের কেবল গমনের অপেকা। ওর দেবদারু গাছের নীচে থেকে জানালা দিয়ে ঘর স্পষ্ট, নাস না থাকলেই টুকুন দিদিমণির সঙ্গে কথা, কত কথা, রাজ্যের কথা রাজরাণীদের কথা, রাজা ঘোড়ায় চড়ে শিকারে যাচ্ছেন তার কথা—টগবগ করে ঘোড়া ছুটছে তার কথা—ঘোড়া ছুটছে, দিদিমণি—সেই ঘোড়া, কালো ঘোড়া ছুটছে। সামনে পাছাড়, পথ উঁচু টগবগ করে উঠে যাচ্ছে, থামছে না, ঘোড়ায় চড়ে যেন রাজা যুদ্ধে যাচ্ছেন। স্থবল পায়ে ঠিক ঘোড়ার মত তাল দিতে থাকল। বলল, দেখো আমার পাথি কালো ঘোড়ার মত, রাজপক্ষী ঘোড়ার মত রাজার দেশে চলে যেতে পারে। সে যে কত বড় রাজার দেশে! দেশে কোন হুংখ নেই, কত গাছ, কত ফুল ফল পাথি—বাজার দেশে হায় কোন হুংখ জাগে না। কোটাল পুত্র, রাজার পুত্র মাণিক্যের আলোতে ছুংখের জন্ম জাগে। দিদিমণি ছুংখ না থাকলে কষ্ট না থাকলে প্রাণে, আপনি বাশি বাজে না।

টুকুনকৈ খুশী রাথার জন্ম, সামান্য স্বল আবোল তাবোল যা মনে আসে, যা মুখে আসে বলতে থাকে। টুকুনের সামান্য হাসি দেখার জন্ম সে তার পাথি নিয়ে এসে জানালায় দাঁড়ায়। জানালায় দাঁড়ালে টুকুনের মনে হয় স্বল এসেছে পাথি নিয়ে। এই পাথির জন্ম সে ট্রেনে হাততালি দিতে পারছিল না, এই পাথির জন্মে স্বলের জন্ম সে হেঁটে গিয়েছিল। ওর মনে হয় ওর আর আলস্য থাকার কথা নয়, আর দুরে থাকার কথা নয়। আকাশে পাথি উভতে থাকলে— অথবা ঘোড়া ছুটছে টগ বগ—তথন ঘোড়ার মত শক্তি যেন পায়ে খেলা বরতে থাকে। রাজার হাতে অসি, অসি খেলা হচ্ছে, স্বল ছহাত দিয়ে ছোট্ট একটা তালগাছের মত বাঁশের বাঁট দিয়ে অসি বানিয়ে রাজার মত খেলা দেখাছেছ। যেন এক রাজা যুদ্ধে যাবার আগে সেনাপিও দের অসির নিয়ম কাম্বন বোঝাছেছ।

অথবা ওর হাতে কোন কোন দিন লাঠি থাকত। মেলার দিনে

টুকুনের অহুধ

সকলে যেমন লাঠি থেলা দেখায়—দূর থেকে ছুটে এসে লাঠিতে মাথায় বারি মারে অথবা এক ছই তিন, একপা, ছু পা, তিন পা সামনে গিয়ে ফের পিছনে—লাঠি ঠিক কোমরের সামনে রেখে ফের এক পা ছু পা এগিয়ে যাওয়া—দেখলে মনে হবে প্রবল্ল যেন পায়ের ওপর পাইকদের মত নাচানাচি করছে। জানালা থেকে টুকুন ওর সব রকমের নাচন কোলন দেখে হাসত। ওর পায়ে কি শক্তি কি শক্তি! পাথিব পাথায় কি রাজ্যের স্বপ্ন। মনে হত টুকুনের সমস্ত শরীরে সহসা বিত্যুৎ খেলে শাচ্ছে।

তারপর স্থবল যথন ক্লান্ত হত অথবা নার্স ঘরে ঢুকলে সে ভাল নান্থারে বাচ্চার মত দেবদারুব নীচে গিয়ে বসে বলত, এসে যান বাবু দেখে যান বাবু, জুতো দাক কবে যান—এবং বলত, তু আনা পয়দা দেবেন—স্থবল বেশী চায়না, শুধু খেতে পরতে চায়। কলত, আর এই পাথি আছে, পাথির জন্ম কিছু সঞ্চয় করে নিচ্ছি। সে মন দিয়ে জুতো সাফ করে। সে পাথিকে টেরিটি বাজার থেকে কিনে আনা কীট পতঙ্গ খাওয়াত। ওর স্থাথের পাথি সথের পাথির জন্ম প্রায় সময় সে স্থা দেখত। স্থারে টুক্ন দিদিমণি থুব সুন্দর এক জরীর টুপি মাথায় দিয়ে কনে বউ সেজে বসে আছে। স্থবল লাঠি নিয়ে কনে বউ সেজে বসে আছে। স্থবল লাঠি নিয়ে কনে বউকে খেলা দেখাছে লাঠির। পরণে জরীর কাপড়, মালকোঁচা মেরে সে কাপড় পরেছে। মাথায় পাগড়ী স্থবলের। পাগড়ীতে পালক আছে। সে রাজার মত অথবা রাজপুত্রের মত কোন কোন সময়, যেন ঘরে কনে বউ ফেলে হরিণ শিকারে যাচ্ছে আর সেই শিকারের গল্প ভোর হলে অথবা বিকাল হলে বলা চাই।

সে বলত —সে এক হরিণ টুকুন দিদিমণি। হরিণের বনে হরিণ আছে। রাজার সঙ্গে পাইক বরকন্দাজ আছে। বনে ঘন বন আছে। হু'চোথে বনের পথ দেখা যায় না। মাঝে মাঝে সমতল মাঠ আছে, মাঠে ঘাস আছে! রাজার পিঠে তীর ধমুক। একটি হরিণ জল খাচ্ছিল।
নাঠের ভিতরে এত হরিণ অথচ একটা হরিণ জল খাচ্ছে। ছোট হরিণ
—শুধু লাফায়, নাচে আর ঘাস খেতে সধ্যায়, কিন্তু নরম ঘাস না
হলে, কুয়াশায় ভেজা ঘাস না হলে হরিণ শিশু ঘাস খেতে পারে না।

রাজা ছুটছেন। বুঝলে দিদিমণি বনের ভিতর দিয়ে রাজা ছুটছেন। হরিণ ছুটছে। শিকার ধরার জম্ম রাজা ছুটছে। কি বেগে ছুটছে। চার্রদিকে পাহাড়, ওপরে মধ্যিখানে হুদের পারে হরিণী ছুটছে। কি বেগে কি তালে তালে পায়ের খুরে আগুন জ্বলছে। পাথরে ঘসালেগে পায়ের খুর জ্বছে। হারণীর বাচ্চা একা একা পথে তখন মাঠেব ওপাশে হুদের জলে মুখ দিয়ে বসে বয়েছে। মা বুঝি আসছেন।

- —বুঝলে দি'দমণি বিপদ বুঝতে পেরেছিল হরিণের বাচ্চারা।
- সে মাকে দৌড়তে দেখে দেও দৌড়াতে থাকল।
- -- বাজা ধরতে পাবল স্বল !
- —না! কি করে পারবে। হুদের পারে আসতেই রাজা দেখল পাধরের হস। খেয়ে ঘোড়ার পায়ে ফোসকা পড়েছে।
 - -- .ঘাড়াব পায়ে ফোদকা।
- বাপরে, আগুন ছলছিল পাথরে। হারণের খুরে আগুন গেগেছিল।
 - স:। টুকুন যেন আবার ২থার্থ ই সবটা বুবে ফেলেছে।

আর সঙ্গে সংগে দেখল টুকুন, স্থবল চলে যাচছে।—বড় জালাচছে!
নার্স চীংকার করতে চাইল। কিন্তু অবাক টুকুন খাটের উপর বসে
বয়েছে। মুখে কোন অবসাদের চিহ্ন নেই। সব কিছু কেমন অলোকিক
ননে হচ্ছে। তাড়াতাড়ি সে ডায়াল করে বলল, সুরেশ বাবু, সুরেশ
বাবু আছেন ?

一(す)

টুকুমের অহুথ

- আমি সারদা বলছি।

সহসা এই ফোন স্থরেশ বাবুকে বিশ্বিত করেছে। কোন অঘটনের আশক্ষা করলেন তিনি। তার বুক কাপছিল। গলা শুকিয়ে আসছে। নাস সারদার গলা কাপছে বলতে—সে ঠিক স্পষ্ট বলতে পারছে না। ছংসহ খবরেব জন্ম বুঝি ওব গলা কেঁপে কেঁপে উঠছে। কিন্তু একি বলছে! কি বললে! কি বলল।

- টুকুন খাটের উপর বসে দিব্যি সেই স্থবল জোড়াটার সঙ্গে কথা বলছিল।
 - —ঠিক ঠি**ক বল**ছ গ
 - —ঠিক। আমি দরজা দিয়ে ঢুকতেই স্থবল পালিয়ে গেল।
 - —ডাক্তার বাবুকে খবর দিয়েছ ?
 - -- al I
 - —আগে তাকে খবর দেওয়া উচিৎ ছিল।
- —এমন আনন্দের খবব আপনাকে আগে.না দিয়ে তাকে দিই কি করে ?
- --শোন আমরা বাচ্ছি এখুনি। বলে ফোন ছেড়ে দিলেন স্বেশ বাবু।

তারপর কিছুক্ষণের ভিতরেই ওরা সকলে এসে গেল। ডাক্তার বাবু এলেন। তিনি টুকুনকে দেখে কি করবেন ভেবে পাচ্ছিলেন না। টুকুন কিছু কুঁচ ফল এবং চন্দনের বীচি নিয়ে এখন বিছানার ওপর একা একা আপন মনে খেলা করছে, সে ভিড় প্রায় লক্ষ্যই করল না। রাজার গল্প, ই রণের গল্প, রাজপুত্রের গল্প অথবা এই যে এক পাখিয়ালা, প্রবল যার আপন প্রাণে নিরন্তর বেঁচে থাকার উত্তম, যে কোন এক খরা অঞ্চল থেকে চলে এসে এই সহরে ছুটে বেড়াচ্ছে সেই স্থবল, বালক স্থবল রাজার মত ওকে কেবল উৎসবের কথা বলে গেল। বেঁচে থাকার কথা বলে গেল। আপন প্রাণের তেজে উড়ে যাবার কথা বলে গেল।

সে চন্দনের বীচি কুঁচফল এবং রঙ-বেরঙের পাথরগুলো দেখতে দেখতে কেমন নিবিষ্ট হয়ে পড়ল।

- —- টুকুন ভোমার শরীর ভাল হয়ে যাচ্ছে! মামাথায় হাত রেখে বললেন।
 - টুকুন একবার মার দিকে তাকাল। কোন কথা বলল না। ডাক্তার বাবু বললেন, আমার হাত ধর টুকুন।

টুকুন ডাক্তার বাবুর হাত ধরল।

- —এবারে উঠে দাভাও।
- —আমি পারব না ডাক্তার বাবু।
- —স্থবলের একটা পাথি আছে টুকুন।
- ওর পাথিটা ভারি ছাটু। ও রাজার মাথায়—বলে হো হো কবে হেসে উঠল।
 - —তুমি দাঁড়াও। স্থবল আজ আবার কথন আসবে।
- —কথন আসে বলে না। ওদিকে একটা দেবদারু গাছ আছে, তারপাশে কোথায় যেন থাকে।
 - —তুমি দাড়াও। এইত উঠতে পারছ।
 - —আমি পারব না ডাক্তার বাবু।
- —এইত হচ্ছে। আচ্ছা শোন তুমি সুবল এলে থাকতে বলবে, ওর সঙ্গে আমি কথা বলব। আচ্ছা শোন, ঠিক আছে, কাল আবার আমরা হাঁটার চেষ্টা করব।

ভাক্তারবাবু টুকুনকে বিছানায় রেখে উঠে দাড়ালেন এবং নাস কৈ ইসার। করতেই নাস বারান্দায় বের হয়ে গেল। ভাক্তারবাবু নাসের পেছনে পেছনে বের হয়ে ফিস ফিস করে বললেন, সুবল কখন আসে।

—ঠিক থাকে না। আমি না থাককেই চলে আসে। ও থেন কি করে টের পায় কখন আমি থাকি না।

हेक्टन बक्थ

- —ঠিক আছে। ও আসবে। ও টুকুনের সঙ্গে কথা বলবে। তবে যেন এক নাগাড়ে বেশীকণ ও না থাকে। ভোমার প্রতি স্ববলের যে ভয়টা আছে সেটা সব সময় রাধবে।
 - —আমি ওকে বেশী আসতে দিই না।
- —খুব বেশী না দিলেও তোমাকে মাঝে মাঝে কাজের অছিলার বাহিরে বেশী সময় থাকতে হবে। স্থবল এসে কথা বললে ও প্রাণের ভেতরে এক অশেষ আনন্দ পায়। এক ধরণের উত্তেজনার জন্ম হয়। আমরা সকলে যা পারিনি, সামান্য এক পাথিয়ালা তাই করে দিয়ে গেল।
 - —তবে ওকে ভিতরে নিয়ে এলে হয় না ?
- —না। তা হয়না সারদা। ওর যদি মনে হয় সুবল এখানেই থাকরে, সুবলের আর যাবার জায়গা কোথাও নেই, তবে ওর প্রতি আকর্ষণ কমে যাবে। কারণ এখন সুবল ওর কাছে যাত্করের মত। প্রেক আলৌকিক যাত্করে। ,আনে যায়, কখনও কখনও হারিয়ে যায়। আবার আসে। প্রত্যাশা ওকে বড় এবং ভাল করে তুলবে। বলে ডাক্তারবার অগ্যনসভাবে কেবল তুড়ি মারতে থাকলেন।

স্থরেশবারু বাইরে এসে বললেন, কেমন বিশ্বয়ের ব্যাপার লগেছে সব।

স্থ্রেশবাবুর স্ত্রী বললেন, ডাক্তারবাবু টুকুন সত্যি হাটতে পার:ব ?

- —সব এখন পাথিয়াল। স্থবলের উপর নির্ভর করছে।
- —কেন কেন।

স্থাদে শবাবুর জ্রীর মুথ কেমন বিষয় হয়ে গেল।

— টুকুনের কাছে সুবল এখন আশ্চর্য এক যাহকর। ওর পাখি, ওর কুঁচ ফল, চন্দনের বীচি, রঙ-বেরঙের পাখর আর সারদা যা বলল, কি সব আজগুবি গল্প বলে সে নাচতে থাকে কেবল। তার অর্থেকটা বোঝা যায়, অর্থেকটা বোঝা যায় না। রাজার গল্প, হরিণের গল্প, বন পাহাড়ের গল্প, এবং পাখির গল্প বলে সে কেবল ছোটার অভিনয় করে।
তথন টুকুনের, স্বলের পা দেখতে দেখতে বৃঝি মনে হয়—ছরিণের মত
সেও ছুটছে, মনে হয় ঘোড়ার মত সেও ছুটছে, গল্পের সঙ্গে এই যে
ছোটা, ছোটা আর ছোটা—প্রাণের ভিতর এই ছোটা কেবল আবেগের
জন্ম দেয়। রক্তে উত্তেজনা আদে। হাতে পায়ে সেই উত্তেজনার রক্ত
ইততে থাকে। টুকুনকে তথন খুব স্বাভাবিক দেখায়। এই ছোটার
ভিতর সেই উত্তমের কথাই বলা হচ্ছে স্থ্রেশবাব্। আমরা এই উত্তম
হারিয়ে কেমন ক্রমশঃ টুকুনের মত স্থবির হয়ে যাচছি। বলে
ভাক্তারবাব্ কেমন হাসফাঁস করতে থাকলেন!—আমাদের জীবনে এখন
স্থবলের মত এক পাথিয়ালা চাই। যে প্রাণের চেয়ে বেশী ভালবাসা
দিয়ে আমাদের এই কঠিন রোগ সারিয়ে তুলবে। বলে তিনি ফের
মন্তমনস্ক ভাবে হাতে তৃতি মারতে থাকলেন।

হাতে তুড়ি মারতে থাকলেন ডাক্তারবাব্, জনাদন ছুটতে থাকল নাঠ দিয়ে। বুকে পলা। সরিণ শিশু পলা জনাদনের বুকের ভিতর হপটি করে আছে। কোন ভয় ডর যেন নেই। কান খাড়া করে নথছে পেছনে ওর মা অপলা, বোন অচলা আসছে। ছুটে ছুটে আসছে না। কারণ জনাদনি ভাবছিল সে খুব ক্রত ছুটছে, কিন্তু জনাদনের মনে নেই বোধ হয়—ওর শরীর বড় ক্লিষ্ট, শরীরে কোন একি আর অবশিষ্ট নেই। চোথ মাঝে মাঝে দৃষ্টিহীন হয়ে পড়ছে। মনে হয় সব কিছু ঝাপসা। আবার কেমন সামান্ত জল খেলে চোথের ভাবটা ফিরে আসে।

জ্বনাদ্ন ছুটছিল। কারণ সে অন্য হই হরিণকে ভয় পাচ্ছিল। শুধু ফাঁকা মাঠ। বালি শুধু মাঠে। এখনও রোদ ওঠেনি বলে বালিতে কোন উত্তাপ জনছে না। পাহাড়ের নীচটা ক্রমশঃ সাদা হয়ে উঠেছে। অক্স পাশে চাঁদের মরা গোল সোনার বাটি সাদা ফ্যাকাশে হয়ে যাচ্ছে। ছ-একটা শকুন উড়ে যাচ্ছিল কোথাও। কোনদিকে

টুকুনের অহ্থ

এই শক্নেরা উড়ে যাচ্ছে অফাদিন হলে জনাদনি একট সময় অপেকা করে দেখত। কিন্তু আজ এই পলা তার বুকে। এই পলার চোথ ওকে ভয় দেখাচ্ছে—জনাদনি ক্লিষ্ট শরীর নিয়ে ছুটছিল আর মাঝে মাঝে পেছনের দিকে তাকাচ্ছিল। ওরা এখনও জনাদনিকে অফুদরণ করছে। ওরা অর্থাৎ ছুই হরিণী। অচলা অপলা। দে এবার কুয়ে একটা পাথর তুলে ওদের দিকে ছুঁড়ে দিল। পাথরটা বেশী উচুতে উঠল না। কিছুদূরে গিয়ে গড়িয়ে পড়ল। হরিণীলা দেই পাথর নিক্ষেপের জহা অল্প সময় থমকে দাড়াল। পাথরটা গড়িয়ে আসচে। জনাদনি ওদের ভয় দেখানোর জহা থেমে থেমে পাথর ছুঁড়ে যাচ্ছিল। আর হাত তুলে—যা আমার দঙ্গে কেন! যা বলছি! ভয়ে কেমনটোনে যাছিল জনাদনি। জনাদনি পিছন ফিরে তাকালে ওরাও থেমে যেত। জনাদনি ছুটতে থাকলে ওরাও ছুটত। জনাদনি পাথর নিক্ষেপ করলে ওরা ছু পা তুলে পাথর রোখার চেষ্টা করত। অথবা যেন পাথরটাকে গুঁতো মারতে আসছে তেমনি শিং বাগিয়ে ধরত।

পাহাড়ের ভিতর দূরে স্থবচনীর মন্দির দেখা যাছে। চার পাশে বনের মত। পাতা নেই কোন গাছে। ফলে গাছগুলো ফেন মৃত। শুকনো এক ভাব—মনে হয় আগুন লাগলে দাবানল জ্বলবে। চারিদিকে তাকানো যাছে না। চারিদিক মকভূমির মত হাহাকার। মাটি, মকভূমি বুঝি গ্রাস করছে। জনার্দ নের আর পা চলছিল না। স্থবচনী দেবী কিছুতেই প্রসন্ধা হচ্ছেন না। তিনি প্রসন্ধ হলে সংসারে আর হংথ কি.সের! ঠিক তক্ষুণি পলা ওর বুকে ডেকে উঠল। ভয়ে ডেকে উঠল। জনার্দ নির চোথে লোভ লালসা ভেসে বেড়াছে। জনার্দ নির পর করে কাঁপছিল। যত এগিয়ে যাছে স্থবচনী দেবীর মন্দিরের দিকে উঠে যাছে ঠিক তত সে দৃষ্টিহীন হয়ে পড়ছে। এবং মন্দিরের ভিতর চুকেই পিছন ফিরে তাকাল। দেখল ঠিক মন্দির সংলগ্ন একটা

ত অজুনি গাছেব নীচে তুই ছবিণী বদে ব্যেছে। ওবা ওদেব বাচচাকে দি বিয়ে নিতে চায়।

জনার্দন আব অপেকা কব্তে পাবল না। সে ভায়ে ওদের মুখের
পেব দবজা বন্ধ কবে দিল। কাবণ জনার্দনেব ভব ওর ক্ষীণ শবীর
সানার্গ আঘাতেই ভেঙ্গে পড়বে। যদি হবিণী ওকে আক্রমণ করে
পেব ওব পেট ফুঁড়ে যাবে। কিন্তু দবজা বন্ধ কবতে মনে হল, ওব
কালেব ওপব থেকে হবিণ শিশুটা লাফিয়ে নীচে পড়ে গেল আব মনে
হল সে ক্রমণঃ যে দৃষ্টিহীনভায় ভুগছিল, এখন সেই দৃষ্টিহীনভা ওকে
পুবোপুবি প্রাস কবেছে। সে অন্ধকাব দেখল চাবিদিকে। সে হরিণ
শিশুকে ডাবল, পলা পলা! সে লোভেব গলায ডাকল। গলা মুখে
তেই নানত। স্বাদ, বলে সেই আগুনেব ছবি যেন কোন আদিম মানুষের
কনেব ভিত্ব হবিণেব মাংস পুড়িয়ে খাছেছ। পলা স্বব্দনী দেবীর
পেছনে চলে গিয়ে ঘুপটি মেরে বসে ব্যেছে। জনার্দনেব চোথের
ছবি দেখে ব্রুতে পাবছিল যেন মানুষ্টা ওকে এবাব চিবিয়ে খাবে।
ছয়ে পলা কোন শব্দ পর্যন্ত কবল না। একবাব উঠে গিয়ে দবজার
কাছে মাখা ঠকল। বেব হবাব চেষ্টা করল।

জনাদনি—অন্ধ জনাদন দবজায় শব্দ শুনে ছুটে গেল। কিন্তু কোথায় অন্তদিকে বোধহয়। সেশব্দ শুনে এবার হবিণ শিশুকে ধরার জন্ম উৎ পেতে থাকল। এবং প্রায় অজগব সাপেব মত সে নেবেব ওপব শুয়ে হামাগুড়ি দিয়ে হরিণেব পায়ে হাত বাখার চেষ্টা কবল। কিন্তু হায় হবিণ শিশু লাফাচ্ছিল, নাচছিল—ওর এখন প্রায় খলার মত হয়ে গেল। চারিদিকে পাথরেব দেয়াল। ঘুলঘুলি দিয়ে সামাশ্য বাতাস আসছে। জনাদনি দরজা বন্ধ কবে রেখেছে। জনাদনি অন্ধ। স্বচনী দেবীর খাড়া মাথার ওপব ঝুলছে। ফুল বেলপাডা শুকনো যেখানেই পলা গিয়ে দাড়াক না কেন মনে হয় এ দিকে। মনে হয় এখন পলা কাসর ঘণ্টার নীচে, মনে হয় পলা এখন ঢাক ঢোলের

हुरूति । पद्ध

নীচে, মনে হয় পলা এখন স্থবচনী দেবীর মাধার ওপর উঠে বঙ্গে আছে। অথবা মনে হয়, পলা ঘবময় হেগে মুতে বেড়াচ্ছে।

জনাদন সারাদিন ধরে পলাকে ধরার চেষ্টা করল। সে কিছু, দেখতে পাচ্ছে না। ওব বাগে ছংখে চোখ মুখ ভয়ঙ্কর হয়ে উঠছে। সামায়্ শ্রক হরিণ শিশু ওকে নিয়ে রঙ্গ তামাসা কবছে। সে হুংকার দিয়ে উঠল। যেখানে খাঁডাটা ঝুলছিল তাব নীচে গিয়ে দাঁড়াল। তারপর খাঁড়াটা দিও থেকে খুলে ছুটে গেল মায়ের পাশে—মা আমাব ক্ষুধা পেয়েছে। মা আমি না খেতে পেয়ে অন্ধ হয়ে গেছি। শরীরে শক্তি নেই মা। সে খাঁড়া নিজেব মাথায় রেখে কেমন পাগলের মত শুয়ে পড়ল মেঝের উপব। পলাকে পুড়িয়ে মাংস খাবার ক্ষমতা তাক আর থাকল না।

কিন্তু হায় সব পাগলের কাণ্ড। আত্মহত্যার মত এই ঘটনা রক্তে ভেসে যাচ্ছে। জনাদ নের মনে হচ্ছিল সে মরে যাচ্ছে। খাঁড়ার ঘায়ে ঘাড়ের কিছুটা অংশ কেটে গেছে। ভোঁতা খাঁড়ার—আঘাত ভাল করে সাগেনি। ভবু ঘাড়ের ক্ষত স্থান থেকে রক্ত গড়িয়ে শান ভেসে যাচ্ছিক্ষ। এবং মনে হল এবার জনাদনি সত্যি মরে যাবে। কিন্তু পলার কথা মনে হতেই মনে হল ঘরের ভিতর থেকে এক অবলা পশু মরে যাবে। সে কেঁদে উঠল, মা মাগো। আমাকে আর সামান্ত শক্তি দে। আমি মা দর্জাটা খুলে দি।

শান ভেসে যাচেছ রক্তে। ওর জিভে সেই রক্তের স্বাদ নোনতা লাগল, সে ভাড়াভাড়ি ওপুড় হয়ে সেই রক্ত চাটতে থাকল। আহা আহা থালবস্থা। এমন খালবস্থা সে যেন কতকাল আহার করেনি। নিজের রক্ত পালে সে উল্লাসে কেটে পড়ল। এত স্বাদ। এত স্বাদ এই রক্ত পানে এড় স্বাদ। বে উল্লাসে উঠে দাড়াল ি ইঠি দুড়াতে পারল। সে সন্ধ হলেও রক্তাই সে তিটে চেটে থেয়ে কেলল। খেয়ে কেলতেই ওর মনে হল কতকাল পর আহার করেছে। সে কতকাল

পর আহার করেছে। সে কতকাল পর আহার করে উল্লাসে দ্বয়াক বাদ্রাছে। জয়ালক, ঢাক ঢোল বাদ্রাছে। সে বাদ্রাছিল না অন্য কেউ বাদ্রাছে।—কৈ রে পলা গেলি কৈ। সে ওঠে দাঁড়াতে পারল, সে ঠেটে যেতে পারল। দরজা পর্যস্ত হেঁটে যেতে পারল। টলতে লৈ দরক্ষা পর্যস্ত হেঁটে গেল। খিল খুলে দিয়ে বলল, যা অবলা হরিণ শিশু চলে যা। যদি কোন কালে রৃষ্টি হয় তবে বলবি—এই সংসারে জনাদন চক্রবর্তী বলে একটা লোক ছিল, দে তার সব ভালবাসা দিয়ে, মন্ত্র দিয়ে এই দেশের প্রাণ প্রাচুর্যকে রক্ষা করতে চেয়েছল—পারেনি।

একি! কিসের এত শব্দ! মনে হয় পৃথিবী হলে উঠছে। মনে হয় পাছাড় টলছে। মনে হয় আকাশ ভেক্নে পড়ছে। মনে হয় ঝড়ে দেবীব মন্দির গাত্রে পাথর ছুটে আসছে। যেন এক প্রলয়। জনাদিন হ'হাত তুলে সেই উলঙ্গ রাত্রির ভিতর ডাকল, পলা, অপলা অচলা কোথায় গোলি। ঝড়ে মরে যাবি। তোরা মরে গেলে এই অঞ্চলে আমার চেষ্টার সাক্ষী কেউ থাকল না। তোরা মন্দিরের ভিতর চলে আয়। এই ঝড়ে পড়লে ভোৱা মরে যাবি।

কিন্তু জনাদনি ওদের কোন শব্দ পেল না। মনে হল অজুন গাছটা ঝড়ে ভেঙ্গে পড়েছে। মনে হল ভিতরে যত ফুল বেল পাতা ছিল সব উড়ে যাচেছ, মনে হল সেই হরিণ শিশুরা এখন লাক্ষিয়ে চলছে। আর আর আর মনে হল—এটা কি হচ্ছে। বৃষ্টি। বৃষ্টি! মা, মা, বৃষ্টি হচ্ছে। মা মা, মাগো স্বচনী ভোর এভ কুপা, ভোর এভ কুপ। মা আমি বে আর কিছু ভাবতে পারছি না।

জনাদ ন মন্দিরের ভিতর পর্বত প্রমাণ দৈত্যের মত লুটিয়ে পড়ল।

ডাক্তারবাবু ভিতৰে **চৃকে বললেন, তু**মি আজ বাড়ি যাবে টুকুন।

- —স্তিয় !
- —স্ত্যি।

টুকুন বলল, আমি সত্যি বাড়ি যাব। ওর চাবপাশে যা কিছু
আছে—এই ভেবে একবার দেখল সব: তেমনি জানালা থোলা।
মা-বাবা আসবেন। কখন আসবেন এই ভেবে টুকুন অধীব হয়ে উঠল।
নার্দিং হোমেব এদিকটায় একটা সবুজ মাঠ। এবং জানালা খুললেই
চোখে পড়ে হাজার মানুষের মিছিল—এই বলকাতা শহরে এত মানুষ
কেন ? কোথায় যায়—কি করে এরা, টুকুন ভেবে পায় না। কিন্তু টুকুন
যেজন্ম জানালায় বসে আছে এবং খোলা রেখেছে, নার্স এলে বলেছে,
স্বল এসেছিল সিন্টার ? স্ববল কি আমার ঘুমের ভিতব ঘুরে গেছে ?

সিস্টার বলল ন।।

—সে কেন এল না! আমি বাড়ি চলে যাব—সে না এলে কি করে আমি বাড়ি যাব ?

সিস্টার বলল, তোমার মা-বাবা এসে নিয়ে যাবে।

- —মা-বাবা তো সব সময়ই আসছে, ওরা আমাকে যথন খুশী নিয়ে যেতে পারে, কিন্তু স্থবলকে যে আমার বলা হয় নি, আজ আমি চলে যাব। সে এখানে এলে আমার ঠিকানা পাবে কি করে গ
- —আমি দেব। তোমার বাড়ির ঠিকানায় চলে যাবে। তোমাদেব কত বড বাড়ি, চিনতে ওর অস্ত্রবিধা হবে না।
- —সে তো বলেছে, টুকুন দিদিমণি, আমি কলকাতার পথ-ঘাট চিনি না। তুমি যখন বাড়ি যাবে আমাকে সঙ্গে নিয়ে নিও।

- (म ठिक চলে যাবে।
- —কিন্তু মা কি ওকে নিতে চাইবে <u>?</u>
- —নেবে না কেন ? এত বড় একটা অস্থ তোমার সে সারিয়ে দিল। আমরা সবাই যা কবতে পারিনি, কোথাকার এক পাথিয়ালা এদে সব করে দিল, ভাবা যায় না।
- —কোথাকাৰ বলতে নেই সিস্টাব! স্থবল খুব ভাল ছেলে। সে আমাকে চন্দনের বীচি কুঁচফল দিয়েছিল।
- —খুব ভাল। ঐ যা একটা পাথি রেখেছে বাঁশের চোঙে আব লম্বা আলথেল্লার মত পোশাক। মনে হয় আমবা তিন চারজন ওব ভিতর ঢুকে যাব।
 - —সিস্টার আমি একটু জানালায় দাঁডিয়ে থাকতে চাই এখন।
 - —আমি ধবছি।
 - —না আমি নিজে হেঁটে যাব। স্থবল যে কথন আদৰে !

সুবল এলেই যেন টুকুনেব সব হয়ে যায়। সে কখনও জানালা পর্যন্ত হেঁটে যেতে পাবে না। সে ক'দিন আগে মাত্র উঠে বসতে পেরেছে। গতকাল তাকে ধরে ধরে হাঁটা শেখানো হচ্ছিল। বার বার হাঁটতে গিয়ে টুকুন পড়ে ষাচ্ছিল। পারছিল না। নার্স এবং আয়া মিলে তু পা হাঁটতে সাহায্য করেছে। একে ঠিক হাঁটা বলে না, কিছুটা সান্ত্রনা দেবার মত ব্যাপাবটা ছিল—তুমি হাঁটতে পার টুকুন, আর কি, এবাবে তোমাকে আমরা অনেক দূরে নিয়ে যাব। কোন বড় পাহাড়ে। সেখানে পাইন গাছ থাকবে, শীত থাকবে, বরকের পাহাড় জমবে। তুমি কারের কোট গায়ে দিয়ে লম্বা সক তুটো লাঠি হাতে নিয়ে তু পায়ে ক্ষেটিং করবে। এ-পাহাড় থেকে সে-পাহাড়। এ-উপত্যকা থেকে সেই অন্ত উপত্যকায়—অনেকটা পাথিয়ালা স্থবলের মত ভাষা, স্থবল যে জানালায় এদে বলত, টুকুন দিদিমণি, ভাখে৷ কেমন পাখি উড়ে যায়, ভাখে৷ কেমন ঘোড়৷ ছোটে, ভাখে৷ কেমন নিরিবিলি

টুকুনের অহব

আকাশে মেবেরা উড়ে বেড়ায়—তৃমি টুকুন দিদিমণি, রাজার মেয়ের মত ঘোড়ায় চড়ে ক্ষটিক জলের নীচে রুপোর কোটা খুঁজতে যাবে না ? আমি তোমায় নিয়ে যাব। তখন টুকুন কেমন ছেলেমামুষের মত বড় বড় চোখে তাকায়। হাতের ইশারাতে স্থবল যা কিছু দেখায়—টুকুনের মনে হয় সব সভিয়। সে সব পারে। সে রাজার মেয়ের মত রাজ্যের সব ছংখী রাজপুত্রদের স্বয়ংবর-সভা ভাকতে পারে। সেই স্থবল কেন যে এখনই এল না!

টুকুন বলল, কি স্থুনদুর দিন!

সিস্টার বলল, ভারি স্থন্দর।

- —স্থবল আমাদের ট্রেনে উঠে এলে পুলিস এসেছিল সিস্টার।
- —श्रुमिम।
- —ইঁ্যা পুলিস। ওরা তোজল খাবে বলে মাঝ-রাস্তার ট্রেন আটকে দিয়েছিল।
 - —ও মা, কি বলে টুকুন!
- —হাঁ সভি সিস্টার। ওদের দেশে খুব ধরা। জল নেই। লঙ্গরখানা বন্ধ। জলের অভাবে চাষবাস হয় না। গাছ পালা পুড়ে গেছে। সারা মাঠ খাঁ খাঁ করছে।
 - —স্ত্যি ?
- —সভ্যি মিস্টার। আমাদের ট্রেনটা থামিয়ে দিলে বাবা তে। ভয়ে কাঠ। ওদের কি চেছারা! স্থবলকে এখন দেখে চেনাই যায় না। ওর শরীরে মাংস ছিল না। লিকলিকে। কাঠির মভ ছাভ-পা। অথচ কি স্থন্দর ছাসিমুখ স্থবলের, কি স্থন্দর সরল চোখ!

সিস্টার বলল, গ্রামের মামুষদের এমনই মুখ চোখ হয় টুকুন।

্টুকুন বলল, না দিদিমণি, হয় না। আমাদের কামরায় কেবল তো স্বল ওঠেনি, আরও অনেকে। ওদের দেখলে সিন্টার আপনিও ভয় পেতেন। আমি তো ভয়ে চোখ বুদ্ধে কেলেছিলাম, কিন্তু সুবল এদে * য়রের কাছে দাঁড়াতেই আমার মনে হয়েছিল সিস্টার, একজন বালক সন্মাসী এসে দাঁডিয়েছে।

সিন্টার না বলে যেন পারল না, টুকুন তুমি থুব স্থুন্দর স্থান্দর কথা বলতে পারছ দেখছি।

— সিন্টার আমি জ্ঞানি না, কি কবে এমন স্থুন্দব কথা বলতে শিথে গেছি। আগে মা বলত, আমি একটাও কথা বলতাম না। সব তাতেই আমি বিরক্ত হতাম। শুধু চুপচাপ শুয়ে থাকা ছিল আমার কাজ। আমি এখন কেমন উঠে বলতে পারি, হাঁটতে পারি।

সিন্টার জানে—টুকুন ঠিক হাঁটতে জানে না। টুকুনের বর্ষ কত—এই বারো-চোল হবে, টুকুনের অমুথ কবে থেকে, সেই কবে থেকে যেন, সাল-ভারিথ সবাই ভুলে গেছে—এত লম্বা অমুথ মামুষের কি করে হয়— কি যে লম্বা অমুথ, ঠিক ঘোড়দৌড়ের মাঠেব মত, রেসের মাঠে যেমন একটা ঘোড়া অনন্তকাল ছুটেও শেষ করতে পারে না, তেমনি মনে হয় টুকুন এক অনন্তকালের ঘরে অমুখের দরজায় বাব বার দভিয়ে যাচ্ছে। এমন অনেকবার হয়েছে। সে বেশ ভাল হযে গেছে। হেসে খেলে বেড়িয়েছে—আবার কি করে যে একটা অমুখেব ভিতর পড়ে যায়—সে জানে না কি করে সে ক্লগ্ন হয়ে যায়, ক্যাকাশে হয়ে যায়, চোথের নীচটা ফুলে যায়। তথন শরীরের যাবভীয় কিছুতে কড়া পাহারা এবং এই করে কতকাল থেকে মা-বাবা বেশ একটা প্রতিযোগিতার ভিতর পড়ে গেল টুকুনের। প্রতিযোগিতা ঈশ্ববেব সঙ্গে মামুষের।

টুকুন বলল, এখনও সুবল আসছে না।

- -এসে যাবে।
- —আমি জানালায় যাচ্ছি। বলে টুকুন নিজেই উঠে বসার চেই। করল। ওর হাত-পা লম্বা। গায়ে মাংস সামাক্ত লাগায় মুখটা বেশ ভরা দেখাচ্ছে। সব কিছুর ভিতর আছে কেবল ওর ছটো সুন্দর চোখ।

টুকুনের অহুথ

মনে হয় আশ্চর্য নীল চোথ। চোথের মণিতে এখনও ছায়া দেখা ষায়।
কেট এসে পাশে দাঁড়ালেই ছায়াটা নড়ে ওঠে। সিস্টার টুকুনকে পাশে
দাঁড়িয়ে সাহায্য করতে চাইলে হাতটা ঠেলে দিল।—না সিস্টার,
আপনি দেখুন আমি ঠিক ঠিক উঠে যাচ্ছি। আমার উঠতে এতটুকু
কিট হচ্ছে না। বলে সে অনায়াসে উঠে বসলে, বলল, কেমন ঠিক
অ'মি উঠতে পেরেছি।

টুকুনকে আজ সকালেই হলুদ রংয়ের একটা ফ্রক প্রানো হয়েছে।
নবম সিল্কের। বংটা ভারি উজ্জল। লতাপাতা আকা ফ্রক।
কোথাও ছটো প্রজাপতি মুখোমুখি বসে—এবং নানা রংয়ের ছবি ফ্রকে।
তব সেই খেলনাগুলোর মত। এই বয়সেও টুকুন খেলনার
জগতে থাকতে ভালবাসে। এই খেলনার জগতে সে কখনও
বাণী হতে ভালবাসে, অথবা রাজকল্যা। ওর কুলুমাসি বেড়ালটা
ভারি বজ্জাত। যখন টুকুন এমন ভাবে, তখন বেড়ালটাব গোঁফে
নড়ে ওঠে। টুকুনের তখন ইচ্ছে হয় আছার মেরে ভেঙে
ফেলতে। সে পারে না। কারণ সে উঠতে পারে না, ইটিতে পারে
না। ক'দিন কোন লুঁশ ছিল না। সুবল এসে খুঁজে পেতে সিক
জানালায় আবিদ্ধার করে ফেলে, আবার ওকে উৎসাহ দিল। বাচার
উৎসাহ। কি এক জাতুকরের মত সুবল হাত-পা নেড়ে কেবল নেচে

এখনও স্থবল আসছে না। সিস্টার অবাক – আজ এমন প্রতীক্ষা একজন মানুষের জন্ম টুকুনের, যে এলেই বলবে তুমি যাবে আমানের বাড়িতে। এই আমানের ঠিকানা। দেখবে খুব বড় বাড়ি। সাননে বড় জলাশয়। চারপাশে অনেক দিনের পুরনো পাঁচীল। ভিতরে অজস্র গাছপালা। এবং জলাশয়ের পাশে সুন্দর এক আট্টালিকা। অট্টালিকার ছায়া যখন সেই জলাশয়ে ভাসতে থাকে তখন মনে হবে স্থান্দর এক রাজকভার সন্ধানে কোন রাজপ্রাসাদে চুকে গেছে। সিন্টার অবাক, ভারি স্থান্দর পা ফেলে ঠিক ওর মনে আছে, সে এমন পা ফেলে হেঁটে গেছে—সেই ববে, এখন ভারি স্বপ্নের মত মনে হয়—সে একজন মানুষের উদ্দেশ্যে এমন পা ফেলে হেঁটে গেছে, বাড়িতে কি সব আলো জালানো হরেছিল সেদিন, সকাল থেকে শানাই বেজে চলেছে, সে সকাল থেকে হলুত রংয়ের শাড়ি পবেছিল, এবং পায়ে পায়ে হাটা, প্রতীক্ষা, আশ্চর্য প্রশ্বাধাকে মানুষের। সে কথনও জানে না কি ভাবে সেইসব প্রভাকাব দিনগুলি মবে যায়। এখন টুকুন জানালায় যে ভাবে হেটে যাচ্ছে, বারে বারে গুলে পা ফেলে, কেই যেন ছপাশ থেকে ধরে নিয়ে যাচ্ছেল, গোঁড়িতে বিনিয়ে দেবাব হল্য, লাল বেনারসী, চুমকি-বসানো ওড়না, মুখে কপালে ঘান, পা গুণে গুণে হাটা, টুকুন ঠিক সেইভাবে জানালায় হেঁটে যাচ্ছে।

টুকুন বলল, সিস্টার আপনি বলেছিলেন আমি হাঁটতে পারি না।

- আমি দেখেছি টুকুন। তুনি ঠিক হাঁটতে পার।
- —আজ মা-বাবাকে বলবেন বি ন্তু আমি জানালা পর্যন্ত হেটে গেছি।
- ---वनव ।
- —কি সুন্দর লাগে!
- —আমি তোমাকে ধরে থাকব।

টুকুন জানালার গরাদে হাত রেঁখে বেশ শক্তভাবে দাঁড়িয়ে আছে। ওব কট হচ্ছিল – কট হোক, পায়ে এভাবে রক্ত সঞ্চালন হচ্ছে, মেয়েটা একদিন ঠিক অশ্বের মত হয়তো দৌড়ে যাবে। কত জায়গায় না গেছে। এই অস্তুথ নিরাময়ের জন্ম মিঃ মজুমদার হিল্লি-দিল্লি কন করেননি। অথচ মেয়েটা সেই যে কী হয়ে থাকল, চোথ ফ্যাকাশে হয়ে গেল, আর ভাল হতে চাইল না। তারপর সেই থরার দেশের ওপর দিয়ে ট্রেন এসে গেল। ট্রেন আটকে দিল মানুষেরা। লুটে-পুটে ট্রেনের জল খেয়ে নিল। খেয়ে নিয়ে কেউ নেমে গেল না। ওরা

টুকুনের অহুথ

শহরে-গঞ্জে চলে যাবে বলে ট্রেনে বসে থাকল। তারপর অন্য স্টেশনে, পুলিস। কড়া পাহারায় সব মানুষগুলোকে ধরে নিয়ে যাওয়া হল। টুকুন শুয়ে শুয়ে আশ্চর্য এক মানুষের গল্প করার সময় এমন বলেছে।

- —জানেন সিস্টার, স্থালের একটা বাঁশের চোঙ ছিল। কত যে রাজ্যের কীট-পতঙ্গ ওর পকেটে!
 - —ও সব দিয়ে ও কি করত ?
 - ওর পাথির জন্ম ধরে এনেছে।
 - -পাখিটার কি নাম ?
 - কি যে নাম জানি না।
 - —ট্রেনে উঠে তোমাদের কামরায় সরাসরি ?
- —আমি দেখলাম, ওরা এসেই বাথরুমে চলে গেল। জলের কল খুলে দিল। অঞ্জলী পেতে কেবল জল থেতে থাকল।
 - —তারপর গ
- —ভারপর অবাক আমরা, কি করে স্থবলের কোল থেকে সর পোকা-মাকড় উড়ে গেল। এবং সারাটা কামরা ভরে গেল।
 - —ও মা, তাই বুঝি ?
- নাব। ভীষণ বিরক্ত। কিন্তু যতসব ক্ষুধার্ত লোক একটু জলের জন্ম যথন এমন করতে পারে তথন ভয়ে বাব। কিছু বলসেন না। পোকাগুলো সারাটা কামরায় ছড়িয়ে পড়েছে। আমরা বসতে পার্রিছ না। আমাদের মুখ-চোখ সব ঢেকে গেছে।
 - —স্ভা <u>!</u>
 - —সভ্যি সিস্টার! কিন্তু সুবল নিমেষে সব সাফ করে দিল।
 - কি করে ?
- —কিছু না। সে তার বাশের চোঙ থেকে বলল, যা পাখি উড়ে যা! পাখি উড়ে গেল। উড়তে থাকল। সব এক ছই করে খেডে

থাকল। বড় বড় পোকমাকড় সব ধরে এনে স্বলের কোলের ভিতর পুরে দিতে থাকল পাথিটা।

তারপর টুকুন অনেককণ কোন কথা বলল না। সে চুপচাপ, চাবপাশের মাঠ, রাস্তা, ট্রামগাড়ি, বাসগাড়ি দেখছিল। বেশ চলছে কলকাতা শহর। চলে, যাচ্ছে, কেবল চলে যাচ্ছে। টুকুন বারান্দায় দাঁড়ালে, সে কলকাতা শহর কেবল দেখতে পায় চলে যাচ্ছে। কেবল স্থিব হয়ে দাঁড়িয়ে আছে দালান কোঠাগুলি আর লাইটপোস্ট, ইলেকটিক তার এবং নিরবধি কালের এই আকাশ।

এমন দেখতে দেখতে সে তন্ময় হয়ে যায়। তথন মনেই হয় না, এই শহরের কোথাও স্থবল বলে একজন বালকের নিবাস রয়েছে। যে এসেছিল এদের সঙ্গে, যাকে মা ব্যাণ্ডেলে নামিয়ে দিল। যার কেউ নেই। মা নেই, বাবা নেই। সংসারে স্থবল একা এক মানুষ। অথচ আশ্চর্য, তার কোন ভয় নেই। মা-বাবা না থাকলে সংসারে কি যে ভয়। টুকুনের ভয়ে চোখ বুজে এল।

সে চোথ বুজেই বলল, জানেন সিস্টার, স্থবলের কেট নেই। মা নেই, বাবা নেই, কেউ না থাকলে কি কষ্ট না!

- —- থুব কষ্ট। এবার এস তোমাকে শুইয়ে দিচ্ছি। একসঙ্গে বেশী সময় দাঁড়িয়ে থাকতে নেই।
 - -- আমার কিন্তু কোন কষ্ট হচ্ছে না
 - —তা না হোক। তবু তোমার এখন গুয়ে থাকা উচিত।

সিস্টার জানে বেশী সময় দাঁড়িয়ে থাকার ক্ষমতা ওর নেই। এবং যদি দাঁড়াতে গিয়ে মাথা ঘুরে পড়ে যায় তবে কেলেঙ্কারী। সে বৃসল, আমি জানলায় আছি, মুবলকে আসতে দেখলেই বলব স্থবল আসছে।

- --আপনি ঠিক চিনতে পারবেন না।
- —আমি এত দেখলাম, কেন চিনতে পারব না!
- —না। আমার মনে হয় আপনি ওকে ভূলে গেছেন। সে থাকে

টুকুমের অহুধ

জ্ঞানালার বাইরে। আপনি ভিতরে। আপনি তাকে কতটুকু দেখেছেন!

ভা ঠিক। সিন্টাব খুব একটা বেশী দেখেনি। ছেলেটা এলেই কেমন বিরক্তিকর ঘটনা। সিন্টার দূবে অন্ত কাজে মন দিত। কি যে এত কথা এমন একটা স্থান্তব বডঘরের মেয়ের সঙ্গে —কোথাকার হাভাতে একটা ছোড়া, সে এলেই কেমন টুকুন হাতে-পাযে বল পায়। ডাক্তাববাব বলে গেছেন, সে এলে তাকে যেন টুকুনের সঙ্গে কথা বলতে অ্যালাউ কবা হয় — স্থৃতরাং সিন্টাব আব কি কবে এবং এখন মনে হল, স্বলকে সে খুব একটা ভাল লক্ষ্য কবেনি।

টুকুন এবার ধীবে ধীরে বলল, জানেন সিন্টাব বেউ একা এমন ভাবতে আমার কেন জানি ভারি কণ্ট হয়। আমার তথন কিছু ভাল লাগেনা।

টুকুন একা—এটা ভাবতে ওর আবও কষ্ট। কখনো কেউ একা থাকলে—কেউ না থাকলে—টুকুনেব মনে হয় সে যদি এমন একা হয়ে যায়। কেউ নেই। বাবা নেই, মানেই। ওর দেখাশোনার মেয়ে শেফালি নেই—কি যে হবে তথন— এব কি যে কষ্ট, ঠিক সুবলের মত সে রাস্তায় রাস্তায় ঘুরে বেভাবে। কেউ কিছু জিজ্ঞাদা করবে না। একটা গাছের নীচে বদে থাকলে তাব ভেউ ভেউ করে শুধু কালা পাবে।

এ-জন্মেই ওর ভিতর স্থবলেব জন্ম কেমন মায়া পড়ে গেছে। সে জানে ওর যা বয়েদ — এ-বয়দে আনেক কিছু হবার কথা। অথচ কি আশ্চর্য, ভার শরীবে কোথাও দে দব লক্ষণ প্রকাশ পাচ্ছে না। মাবাবার কথাবার্তা অথবা ডাক্তারের কথাবার্তা থেকে দে ধরতে পারে—জননী হতে গেলে যা যা লাগে এই বয়দে তার কিছু তার ভিতর স্পষ্ট হয়ে উঠছে না। দে কেমন তুঃখী গলায় এবার বলল, দিন্টার আমাকে ধরুন। আমি পায়ে হেঁটে আর যেতে পারছি না।

মেয়ের এমনই এক রোগ। হতাশাবুকে। এখন মনে হয়

মেরের বয়দ বোলর মত। ফ্রক কি থালি পায়ে রাখলেও কোন ক্তি
নেই। সে বেন ইচ্ছা করলে একটা সিল্কের গেঞ্জি পরে থাকতে পারে।
পুক্ষ মান্নবের মত হেঁটে বেড়াতে পারে। এবং এ-ভাবেই মেয়ের
অস্থ বেড়ে গেল। এখন মনে হয় বয়দ আরও বেশী টুকুনের, হিদাব
করলে বোল-সতেরো। ফ্রক গায়ে দিয়ে কি বালিকা সেছে বসে
আছে—এবং ইহজীবনে বৃঝি টুকুন আর এ-বয়দ পার হবে না। অথচ
আশ্চর্য স্থলর মুখ টুকুনের। মেয়েদের এমন স্থলর মুখ হয়! আহা
আশ্চর্য চোখের তারায় কি যে মায়া। সে স্থবলের জন্ম এখন বিছানায়
ভয়ে কেমন প্রার্থনা করছে। ঈশ্বর, যাদের কেউ নেই, তুমি তাদের
আছ। তুমি তাদের ছাখো।

সে শুয়ে আছে। পা ছটো সোজা। একটা সাদা চাদরে ঢাকা।
এবং ফের মোমের মত মুখ হয়ে গেছে। চোখ প্রায় স্থির। কেমন
কষ্টদায়ক মুখের ছবি। তাকে কোন কফিনের ভিতর রাজকন্সার মমির
মত লাগছে এবং এ-ভাবেই সিন্টার দেখে অভ্যন্ত। এই যে একটু সময়
জানালায় গিয়ে দাঁড়াল সেটাই বড় বিস্ময়ের ব্যাপার। টুকুনকে যারা
দেখেছে, তাদের কাছে টুকুনের এমন ভঙ্গীতে শুয়ে থাকার ব্যাপারটাই
বরং স্বাভাবিক, টুকুন যে জানালায় হেটে গিয়ে সেই স্ববল নামক
বালকের জন্ম প্রতীক্ষা করছিল কে বলবে!

हेकून वलन, जन थाव मिन्होत ।

সিস্টার জল দিলে বলল, সে এলে আমায় কিন্তু ডেকে দিও। আমার এখন খুব ঘুম পাচেছ। স্বল সকাল সকাল উঠেই ফুটপাথের কলে স্নান কবে নিয়েছে। সে একটা ঘর এখনও পাছে না। সে যা আয় কবছে, বাবুরা ওব ভাজা-ভূজি কিনে যা দেয়, ভাতে ওর ছ বেলা ছাতু খেয়ে বেশ চলে যাছে। আর পয়সা বাঁচে না যা দিয়ে সে একটা ঘর, খুপড়ি ঘব ভাড়া নিতে পারে। এখানে সে ছ-একজন লোকের সঙ্গে ইতিমধ্যেই পবিচয় করে কেলেছে, যেমন অজিত সাহা লোকটি তাকে অহা ব্যবসা কবতে বলছে —এই যেমন মটর কিনে সেদ্ধ কবে বং মিশিয়ে মটবশুঁটিব মত বাজাবে বিক্রি করা। সিনেমাব শো ভাঙলে সে অনায়াসে এই সব বিক্রি

সুবল বলেছিল, রং মেশাতে হবে কেন গ

- —রং না মেশালে শুকনো মটব মনে হবে, সবুজ মনে হবে না।
- —রং তে। লোকে খায় না!
- —খায় না, খেতেও নেই। ওতে অক্সাইড থাকে, পেটে ঘা করে দেবার পক্ষে ভাল।
 - —ওতে মামুষের ক্ষতি হয় অজিতদা।
 - —মামুষের ক্ষতি হলে তোর কি ? তোর ক্ষতি না হলেই হল।
- —তা হলে এটা তো ভাল না। মাহুষের ক্ষতি হলে কিছু আমার ভাল লাগে না। তুমি অহা ব্যবসার কথা বল।
 - —তবে যা করছিস তাই কর। ফুটপীতে শুকিয়ে মর।
 - স্থামি তো একা মামুৰ, আমার তো চলে যাচ্ছে।
 - —ভোর অহুখে-বিহুখে কোথায় থাকবি ?
 - —গাছের নীচে।

- —শালা তবে খরার দেশ থেকে চলে এলি কেন ?
- ওখানে বর্ষ। নামলে আবার চলে যাব। এ-শহরে আমি থাকৰ না অজিতদা।
- —কেন, ভাল লাগে না ? তোকে একদিন সিনেমায় নিয়ে যাব। দেখবি তথন তোর এই শহরটার ওপর মায়া পড়ে যাবে।
 - —ভাই বুঝি ?
 - —তবে আবার কি!
 - —আমার পাখীটা এখানে থাকতে চাইছে না।
- —রাখ তোর পাখি। কোথাকার কি একটা পুষে রেখেছিস, ছেড়ে দে। চলে যাক। সঙ্গে শুধু শুধু উটকো ঝামেলা রেখেছিস।
- —ছেড়ে দিলে চলে গেলে মন্দ ছত না। কিন্তু যায় না। আমাকে নিয়ে যাবে বলছে।
 - —শালা তোর পাথি তবে কথাও বলে !
- —বলে, তোমরা ঠিক ব্রতে পার না। বলে স্থবল হেসেছিল।
 তবু স্থবল এই অজিত সাহার উপর রাগ করে না। বরং ছ-একদিন
 কিছু কমাতে না পারলে অথবা পয়দা কম পড়লে সে তার কাছ থেকে
 ধার নেয়। ছ-একদিন অজিত সাহা ওর বস্তির খুপরি ঘরে ডেকে
 ছটো ভাল-মন্দ থাইয়েছে। স্থবল অনেকদিন ভাত থায়নি। সে
 টুকুন দিদিমণিকে বিকেলে দেখতে যায়। একদিন টুকুন দিদিমণির নার্স
 দেখে কেমন বিরক্ত হয়ে দশ্টা পয়সা ছুঁড়ে দিয়েছিল, যেন ভিক্তে
 চাইছে স্থবল, স্থবল হেসে বলল, না মা-জননী, আমি ভিখারী নই।
 টুকুন দিদিমণি আমি ভিখারি! টুকুন দিদিমণি আমাকে পুলিসের হাত
 থেকে বাঁচিয়েছিল। আমার কৈমন এই টুকুন দিদিমণির জন্ম মায়া
 পড়ে গেছে।

সিস্টার বলেছিল, কুকুনকে ভূই দিদিমণি বলিস কেন রে ।
—কি বলব মা জননী ?

हेक्टनर चच्च

- —মা-জ্বননী, মা-জননী করবি না। কেমন বিরক্ত গলায় টুকুন দিদিমণির নার্স ওকে ভাড়া লাগাত। সে যেত পালিয়ে পালিয়ে। কিন্তু সেই যে সেদিন সে যেমন বলেছিল, বলে আর যায়নি, সে এক ছরিণ টুকুন দিদিমণি! হরিণের বনে হরিণ আছে। রাজার সঙ্গে পাইক-বরকন্দাজ আছে। বনে ঘন বন আছে, ছ'চোথে বনের পথ দেখা যায় না। মাঝে মাঝে সমতল মাঠ আছে, মাঠে ঘাস আছে। রাজার পিঠে তীর-ধনুক। একটা হরিণ জল খাচ্ছিল মাঠের ভিতরে, এত ছরিণ অথচ একটা হরিণ জল খাচ্ছে। ছোট হরিণ শুধু লাফায়, নাচে আর ঘাস খেতে শথ যায়, কিন্তু নরম ঘাস অথবা কুয়াশায় ভেজা ঘাস না হলে হরিণশিশু ঘাস খেতে পারে না দিদিমণি। এভাবে সে ভার গল্প আরম্ভ করেছিল সেদিন।
- —রাজা ছুটছেন। বৃঝলেন দিদিমণি, বনের ভিতর দিয়ে রাজা ছুটছেন। সে ঠিক এ-ভাবেই বলে যাচ্ছিল। স্বলের ভীষণ স্মৃতিশক্তি। সে সেদিন কি কি বলেছিল, এবং নার্স তাকে তাড়া লাগালে সে আরও কি কি বলেছিল সব হুবছ মনে করতে পারছে না ফের। কলতলায় চান করতে করতে সব মনে পড়ছে। চান শেষ করে যখন ফুটপাতে করবীগাছটার নীচে গিয়ে বসবে তখনও মনে পড়বে।
- —হরিণ ছুটছে। শিকার ধরার জন্ম রাজা ছুটছে দিদিমণি। কি বেগে যে ছুটছে। চারিদিকে পাহাড়। মাঝখানে হুদ। হুদের পাড়ে পাড়ে হরিণ আর রাজা ছুটেছে। কি বেগে ফ্রেড যে ছুটছে। হরিণীর খুরে পাখরের ঘষায় মাঝে মাঝে আগুন ছলে উঠছে। হরিণীর বাচ্চাগুলো তখন মাঠের ভিতর। বাচ্চাগুলো মায়ের বুঝি বিপদ ধরতে পোরেছিল। মাকে দৌড়াতে দেখে ওরাও তখন দে-দৌড়।
 - —রাজা ওদের ধরতে পারল স্বল ?
- —না, কি করে পারবে! হুদের পাড়ে আসতেই রাজা দেখল, পাথরের ঘষা খেরে ঘোড়ার পায়ে কোসকা পড়েছে।

- —যোডার পায়ে কোসকা।
- —বাপ রে, আগুন ছলছিল পাথরে! ছরিণের খুটুর আ**গুন** লেগেছিল।
- সং। টুকুন যেন যথার্থ ই সবটা বুঝে ফেলেছিল। আর সঙ্গে সঙ্গে টুকুন নার্সকে দেখেছিল, দেখে ভয়ে স্থবল জানালার নীচে প্রায় যেন ডুব মেরেছে। তারপর দেওয়ালের সঙ্গে সেঁটে নিজেকে আড়াল দিয়ে রেখেছে। এবং টুকুন বুঝেছিল নিশ্চয়ই সুবল সিন্টারকে আসতে দেখেছে। চোখ তুলেই দেখেছিল সিন্টার চুকছে।
- —বড় মালাচেছ! সিন্টার চীংকার করে বলতে চেয়েছিল। কিন্তু সিন্টার অবাক—টুকুন থাটের ওপর বসে রয়েছে। চোখ ঝলমল করছে। ভীষণ সজীব। মুখে কোন অবসাদের চিহ্ন নেই। সব কিছু কেমন অলৌকিক মানে হচ্ছে। তাড়াতাড়ি সে ডায়াল করে বলেছিল, গুরেশবাবু, সুরেশবাবু আছেন ?
 - 一(季?
 - --আমি সারদা বলছি।

সহসা এই ফোন স্থরেশবাবুকে বিচলিত করেছিল। বুঝি শেষ, কোন অঘটনের আশকা করেছিলেন ভিনি। তাঁর বুক কেঁপেছিল। তিনি বলেছিলেন, খুব স্থির এবং স্পষ্ট গলায় বলেছিলেন, বল।

- টুকুন খাটের ওপর বসে সেই ছেঁাড়াটার সঙ্গে সভ্যি কথা বলছিল।
 - —ঠিক, ঠিক বলছ ়
 - —ঠিক। আমি দরজা দিয়ে ঢুকতেই পালিয়ে গেল।
 - —্যাখো তো আছে কিনা কোথাও ?

সারদা জানালার উকি দিয়ে দেখেছিল, কেউ নেই।—না, নেই। আমাকে থুব ভয় পায়। আমাকে দেখেই পালিয়েছে।

স্থারশবার বলেছিলেন, ডাক্তারকে খবরটা দিয়েছ ?

हेक्टम बच्च

- **—레** !
- —আগে ভাকে খবরটা দেওরা উচিত ছিল।
- এমন আনন্দের খবর আপনাকে না দিয়ে থাকি কি করে।
- —আমরা এক্সৃণি যাচ্ছি। ছোঁড়াটা এলে ষেতে দেবে না। ওকে আমাদের দরকার আছে।

তারপর কিছুক্ষণের ভেতরই সুরেশবাবুরা এসেছিলেন। ডাক্তার বাবৃও সঙ্গে হাজির। টুকুনকে দেখে তিনি কি করবেন ভেবে পাচ্ছেন না। টুকুন কিছু কুঁচফল এবং চন্দনের বীচি নিয়ে তখন বিছানার ওপর খেলা করছিল। সে তার চারপাশে এত মামুষজ্বন একেবারেই খেয়াল করেনি। রাজার গল্প, হরিণের গল্প, রাজপুত্রের গল্প, অথবা এই যে এক পাখিয়ালা স্থবল, যার আপন প্রাণে নিরস্তর বেঁচে থাকার উল্লম, যে কোন এক খরা অঞ্চল থেকে চলে এসে এই শহরে ছুটে বেড়াচ্ছে, সেই স্থবল, বালক স্থবল, রাজার মত ওকে কেবল উৎসবের কথা বলে গেল। বেঁচে থাকার কথা বলে গেল। আপন প্রাণের তেজে কেবল উড়ে যাবার কথা বলে গেল। সে চন্দনের বীচি কুঁচফল এবং রংবেরংয়ের পাথরগুলো দেখতে দেখতে কেমন নিবিষ্ট হয়ে পড়েছিল!

— টুকুন ভোমার শরীর ভাল হয়ে যাচ্ছে। বাবা কপালে হাত রেখে এমন বলেছিলেন।

টুকুন বাবার দিকে তাকিয়েছিল অথচ কোন কথা বলেনি। ডাক্তারবাবু বলেছিলেন, আমার হাত ধর টুকুন। টুকুন ডাক্তারবাবুর হাত ধরেছিল।

- এবারে উঠে দাড়াও।
- —আমি পারব না ডাক্তারবাবু।
- ---স্থবলের একটা পাখী আছে টুকুন।
- —মুবল কেন চলে গেল ?
- —তুমি দাঁড়াও। সুবল আবার কখন আসবে ?

জানি না। ও কিছু বলে না। ওদিকে একটা দেবদারু গাছের নীচে না কোথায় থাকে।

- —তুমি দাঁড়াও। এই তো উঠতে পারছ।
- —**আমি পারব না ডাক্তারবাবু** ৷
- —এই তো হচ্ছে। আচ্ছা শুমুন সিন্টার, সুবল এলে থাকতে বলবেন। আমার ওর সঙ্গে কথা আছে। তারপর ডাক্তারবাবু টুকুনের দিকে চেয়ে বলেছিলেন, আচ্ছা ঠিক আছে, কাল আবার চেষ্টা করব।

ডাক্তারবাবু টুকুনকে বিছানায় রেখে জানালায় এসে দাঁড়িয়েছিলেন। সিস্টারকে ইশারায় ডেকেছিলেন। তারপর ফিসফিস গলায় বলেছিলেন, সুবল কখন আসে ?

- —ঠিক থাকে না। আমি না থাকলেই চলে আসে। ও যেন কি করে টের পায় আমি কখন থাকিনা।
- —ঠিক আছে। ও ঠিক আসবে। ও যথন আসছে তথন ঠিক আসবে। ও টুকুনের সঙ্গে কথা বলবে। তবে দেখবেন একনাগাড়ে যেন বেশীক্ষণ ও না থাকে। আপনার প্রতি যে ভয়টা আছে ওটা যেন ওর থাকে।
 - —আমি ওকে বেশী আসতে দিই না স্থার।
- —থুব বেশী আসতে না দিলেও আপনাকে মাঝে মাঝে কাজের অছিলায় বাইরে বেশী সময় থাকতে হবে। স্থবল এসে কথা বললে, টুকুন প্রাণের ভিতর বিশেষ আনন্দ পায়। এক ধরণের উত্তেজনার জন্ম হয়। আমরা সবাই যা পারিনি, যার জন্ম এই মেয়েকে নিয়ে আমরা কোথায় না গিয়েছি, কোথাকার এক সামান্য পাথিয়ালা এসে মনে হয় ওকে ক্রমে নিরাময় করে তুলছে। বলে ডাক্তারবাবু একট্ থেমেছিলেন, চোখ টেনে শরীরে রক্ত প্রবাহের মাত্রা দেখেছিলেন। এবং কেমন বেশ খুশী খুশী লাগছিল ডাক্তারবাবুকে।

সিন্টার বলেছিল, তবে ওকে কাছে রেখে দিলেই হয়।

देक्टन चच्य

— না, ভা হয় না। টুকুনের য়িদ মনে হয় য়ৄয়ল খুব য়ৄলভ তবে
সে আর কোন রোমাঞ্চ পাবে না। ওর শরীরে এমন একটা জিনিসের
অভাব হয়ে গেছে, য়া আমরা দিতে পারি না। ছল ভ ব্যাপারটা ওর
অভিধানে ছিল না। য়্বলকে আমাদের ওর কাছে ছল ভ সামগ্রী
করে তুলভে হবে। বড়লোকেদের য়া হয়ে থাকে। অভাব-অনটন
সামাশ্র মান্থবের দরকার আছে সারদা। না হলে বেঁচে মুখ থাকে না।
মেরেটাকে য়্রেশবাব্ শিশুবয়েস থেকে এমন করে বড় করে
তুলেছিলেন, য়েখানে কেবল প্রাচুর্য, সব কিছু হাতের নাগালে থাকলে
বেঁচে মুখ নেই। আমার মনে হয়, এই বেঁচে মুখ নেই থেকে মেয়েটার
এমন একটা অয়্রখের স্ক্রপাত। বিষয়তা। খেতে চায় না। কেবল
চুপচাপ বসে থাকতে চায় জানালায়। তারপর ক্রমে কেমন স্থবির
হয়ে গেল, শরীর ঢ্যাঙা হয়ে গেল। অথচ বয়সানুয়ায়ী শরীরে মা
হবার লক্ষণগুলো প্রকাশ পেল না।

সারদা বলেছিল, টুকুনের এখন কত বয়স ?

- —প্রায় ষোল-সভেরো।
- —সতেরো!
- —হ্যা, সতেরো।
- —কিন্তু কিছুতেই ওকে বারো বছরের বেশী মনে হয় না।
 ভাক্তারবাবু বললেন, ওটাই ওর অমুখ। এখন বুঝতে পারছি
 মুবলই পারে অমুখটা সারাতে।
 - —ভাহলে স্থার ওকে ভিতরে নিয়ে এলেই হয়।
- না'। বলেছি তো ভিতরে নিয়ে এলে হয় না। টুকুনের যদি
 মনে হয় স্বল এখানেই থাকবে, স্বলের আর যাবার জায়গা কোখাও
 নেই তবে ওর প্রতি আকর্ষণ কমে যাবে। কারণ এখন স্বল ওর কাছে
 জাছকরের মন্ত। প্রেফ অলোকিক জাত্কর। আসে যায়, কখনও
 হারিয়ে যায়। আবার আসে। প্রত্যাশা ওকে বভ এবং ভাল করে

তুলবে। বলে ডাব্তারবাব্ অক্সমনস্ক ভাবে কেবল হাতে তুড়ি মার্ছিলেন।

স্থ্যেশবাবু ৰাইরে গিয়ে বলেছিলেন, কেমন বিশ্বয়ের ব্যাপার লাগছে সব।

স্থবেশবাবুর স্ত্রী বলেছিল, টুকুনের জীবনে স্বাভাবিকতা তবে আসবে ডাক্তারবাবু ?

—সব এখন সেই পাথিয়ালার ওপর নির্ভর করছে।

পাথিয়ালার নাম শুনেই চুকুনের মা কেমন বিষয় হয়ে গেল। তাই বলে একটা রাস্তার ছেলে! অস্তু কেউ হলে হয় না! কত সুন্দর স্পুরুষ সব তরুণ রয়েছে তাদের চারপাশে। টুকুনের মা আর কোন কথা বলতে পারল না। ছেলেটা তন্ত্র-মন্ত্র জানে। কোথাকার ছেলে, থরা অঞ্চল থেকে উঠে এসে কি করে যে টুকুনকে ট্রেনে নিজের মত করে ফেলল!

অথবা দেই সব দৃশ্য। টুকুনের মা এখনও যেন মনে করতে পারছে—টুকুন জেপে দেখেছিল, স্থবল দরজা খুলতে পারছে না। টুকুন বাবাকে দেখেছিল দরজা লক করে দিতে। স্থতরাং স্থবল দরজা খুলতে পারছিল না। টুকুন স্থবলকে কিছু বলার জন্ম উঠে বসতেই জানালায় দেখতে পেল একজন পুলিস ওদের কামরার দিকে ছুটে আসছে। প্র্যাটকরমে হৈ-চৈ। মাহুষের ছুটোছুটি এবং কালা। যারা জল চুরি করে খেয়েছিল অথবা লুট করেছিল, তাদের এখন ধরে নিয়ে যাওয়া হচ্ছে। টুকুন ব্যাপারটা বৃষতে পেরেই ডেকেছিল, স্থবল স্থবল, দরজা খুলবে না। দরজা খুললে ওরা ঢুকে পড়বে ঘরে।

স্থবল বলেছিল, আমাকে ওরা ধরে নিয়ে যাবে ?

—তাড়াভাড়ি এদিকে এস স্থক, বলে সে বাংকের নীচে স্থককে ডুকিয়ে দিয়েছিল। ভারপর লম্বা চাদর দিয়ে পর্দার মত একটা আড়াল স্থি করে স্থককে অদৃশ্য করে দিয়েছিল।

हेक्रावद चक्र्य

স্বল ট্রেনে তখন সব পোঁটলাগুলো শিররের দিকে রেখে দিয়েছিল। বাংকের ওপর টুকুন চুপচাপ গুয়ে। চাদরটা দিরে বাংকের নীচটা ঢেকে দিয়েছে। ওর ভিতর একটা ছেলে গুয়ে আছে পালিয়ে, কেউ টের পাচ্ছে না। টুকুনের মা-ও জানত না। টুকুনই পরে সব বলেছিল।—জানো মা, আমি দরজা পর্যন্ত কেঁটে সিয়েছিলাম!

সে-সব কথা তথন টুকুনের মা বিশ্বাস করতে পারেনি। কারণ সে তো কিছু দেখেনি। পাশের বাংকে সে-ঘুমাচ্ছিল। ফাস্ট ক্লাস কামরা, রিজার্ভ।

জেবের ভিতর ছিল তথন পাথিটা। স্থবল একটু আলগা হয়ে শুয়ে ছিল নীচে। পাছে পাথিটা চাপা পড়ে মরে না যায়। পাথিটা তথন জড়পদার্থের মত, যেন শীতে ভয়ানক কন্ত পাচ্ছে, অথবা পাথিটার ঘুম পাচ্ছিল বোধহয়—খুব জড়পড় হয়ে জেবের একটা দিকে বসে আছে। তারপর মনে হয়েছিল স্বলের, ঘুম এসে গেলে পাথিটা জেবের ভিতর চেপ্টে যেতে পারে, সেজক্য সে শিয়রে রেখে বেশ নিশ্চিন্তে ঘুম যাবার চেষ্টা করেছিল। পাথিটা শিয়রে জড়পড় হয়ে বসে আছে। নড়ছে না। যেন পাথিটারও ভয়, পুলিস পাথিটাকে ধরে নিয়ে যাবে। তুমি এদের দলে, স্কভরাং নিস্তার নেই।

টুকুন রুগ্ধ এবং তুর্বল। টুকুন কোনরকমে উঠে বদেছিল এবং চাদরটা ঠিক মেঝের সঙ্গে মিলে আছে কিনা দেখার জ্বন্স উঠে দাড়িয়েছিল। টুকুন ক্ষীণকায়, লম্বা। সিল্কের দামী ফ্রক গায়ে ঢল চল করছিল। শুধু সামাত্ত মুখে সতেজ স্থলার চোথ কালো জলের মত গভীর মনে হচ্ছিল। দরজায় তথন ঠক ঠক শব্দ। টুকুন কি করকে ভেবে পাচ্ছিল না। মা এবং বাবা শেষরাতের ঠাণ্ডা বাতাসটুকু পেয়ে আঘারে ঘুমুছেন। স্থতরাং টুকুন নিজে ধীরে ধীরে উঠে গিয়েছিল এবং দরজা খুলে দিয়েছিল—লম্বা একটা পুলিসের মুথ গোটা দরজা জুড়ে দাঁড়িয়ে আছে।

টুকুন খুব আন্তে আন্তে বলল, আমাদেব কামরায় কেউ জল খেডে আলেনি।

- **—কেউ** ভিতরে পালিয়ে নেই তো ?
- —না না, কেউ নেই। কেউ আঙ্গে নি। ট্রেন ওরা থামিয়ে দিলেই আমরা দরজা লক করে দিয়েছিলাম।
 - —বড় স্বালাতন করছে এই সব দেহাতী মানুষগুলো।

টুকুন কোন জবাব দিতে পারে নি। কারণ সে বেশীকণ দাঁড়িয়ে থাকতে পারছে না। তার শরীর এত তুর্বল যে মনে হচ্ছিল মাধা বুবে নীচে পড়ে যাবে। সে পুলিসের কথা প্রায় শুনতে পাচ্ছিল না। এটা প্রথম শ্রেণী, ওরা প্রথম শ্রেণীর যাত্রী। পুলিস, গার্ড, এমন কি স্টেশন-মাস্টার পর্যন্ত এসেছিল ওদের কামরাতে—এইসব দেহাতী মানুষগুলো উপদ্রব করে গেছে কি না, অথবা কোন তুর্ঘটনার জন্ম এই দেহাতী মানুষগুলো দায়ী কিনা অনুসন্ধানের চেষ্টায় ছিল।

টুকুন তারপর শক্ত গলায় বলেছিল, এ-ঘরে কেউ আসে নি গার্ডসাহেব। বলে সে মুখের উপর দরজা বন্ধ করে দিয়েছিল। তারপর বাংকে কোন ক্রমে ছুটে গিয়ে পড়েছিল। আর অবাক টুকুন, কি বিশ্বয় টুকুনের, সেদিন প্রথম কতদিন পরে সে নিজে বিছানা ছেড়ে উঠতে পেরেছে। সে নিজেকে নিজে বিশ্বাস করতে পাচ্ছিল না।

টুকুন বলেছিল, সে মা-বাবাকে ডাকেনি, কারণ মা-বাবা হয়তে।

দুম থেকে উঠে দরজা খুলে দিয়ে সব পুলিসকে বলে দিতেন।—হাঁা

ম্বল, তার দলবল নিয়ে এসেছিল। এসে এই কামরার সব জলটুকু

নিংশেষ করে দিয়ে গেছে। মাকে হয়তো টুকুন বুঝাতেই পারত না,

ম্বল এক পাখিয়ালা এসে টুকুন নামে এক ক্যু স্থবির বালিকার পায়ে

শক্তি সঞ্চার করতে সাহায্য করেছে। টুকুন মাকে বাবাকে তার এই

বিশায় দেখানোর জন্ম ডেকেছিল, মা! মা!

ভারপর মা-র সাড়া না পেয়ে টুকুন ডেকেছিল, বাবা বাবা!

টুকুনের অহুথ

তথন ট্রেন চলছিল। ভোর হয়ে আসছে। জানালা দিয়ে আবার বড় মাঠ দেখা যাচ্ছে। ট্রেনের ভার দেখা যাচ্ছে। মা ঘুম থেকে উঠলেই টুকুন বলেছিল, জানো না আমি উঠে দরজা পর্যস্ত হেঁটে গিয়েছি। দরজা খুলে দিয়েছি।

স্থরেশবাবুর স্ত্রী ভেবেছিল, টুকুন হয়তো স্বপ্ন দেখছে, স্বপ্ন দেখে ভুলতে পারছে না।

টুকুন বলেছিল, বাবা, পুলিস এসেছিল।

সুরেশবাবৃত্ত টুকুনের কথা স্বপ্ন তিপ্ন তেবে বললেন, আচ্ছা মা, তুমি একটু কমলালেবুর রস খাবে! তারপর তিনি দরজার দিকে চোখ তুলে দেখেছিলেন, দরজা তেমনি লক করা। টুকুন স্বপ্ন দেখেছে, হয়তো কোন মাঠে কিংবা নদীর পাড়ে সে হেঁটে যাচ্ছে। তিনি বলেছিলেন, তুমি ঠিক হাঁটতে পারবে টুকুন। তুমি ঠিক দৌড়তে পারবে। অথচ তিনি জানেন, ওগুলো কথার কথা টুকুনের শরীরের সমস্ত শিরা-উপশিরা শুকিয়ে আসছে। শরীরে ওর কোথাও কোন আর শক্তি অবশিষ্ট নেই। কেমন ক্রমশঃ টুকুন স্থবির হয়ে যাচ্ছিল। কোথাও কোন জারগা নেই, বড় ডাক্তার নেই, যেখানে তিনি টুকুনকে না নিয়ে গেছেন। হতাশা এখন সম্বল। মেয়েটা ক্রমশঃ পঙ্গু হয়ে যাবে, তারপর সতেজ মুখে কোন আর বিষণ্ণ ছবি ঝুলে থাকবে না। টুকুন মরে যাবে।

সুরেশবাবুর স্ত্রীর মুখ দেখে সারদা বুঝল, ডাক্তারবাবুর কথা ওর পছন্দ হয়নি। পারিবারিক ঐতিহ্য নষ্ট হয়ে গেলে কি আর থাকে, ভখন কোথাকার এক বালক দৈভ্যের সামিল হয়ে যায়। সারদা বুঝাছে পেরে বলল, টুকুনের কাছে স্থবল এক আশ্চর্য জাহুকর। ওর কুঁচকল, চন্দনের বীচি, রংবেরংয়ের পাধর আর টুকুন যা বলল, কি সব আকগুবি গল্প বলে নাচতে থাকে কেবল। তার অর্থেকটা বোঝা যায়, অর্থেকটা যায় না। রাজার গল্প, হরিণের গল্প, বন-পাহাড়ের গল্প

টুকুৰের অহব

বলে সে কেবল ছোটার অভিনয় করে। তথন টুকুনের, স্বলের পা দেখতে দেখতে বুঝি মনে হয়—হরিণের মত সে-ও ছুটছে, মনে হয় ঘোড়ার মত সে-ও ছুটছে। গল্পের সঙ্গে এই যে ছোটা আর ছোটা— প্রাণের ভিতর এই ছোটা কেবল আবেগের জন্ম দেয়।

ভাক্তারবার সারদাকে থামিয়ে দিয়ে বললেন, এ-ভাবেই রক্তে উত্তেজনা আসে। হাতে-পায়ে সেই উত্তেজনার রক্ত বইতে থাকে।
টুকুনকে তখন খুব স্বাভাবিক দেখায়। এই ছোটার ভিতর উত্তমের কথাই বলা হচ্ছে সুরেশবাব। আমবা সমাজ-জীবনেও এই উত্তম হারিয়ে কেমন ক্রমশ: টুকুনের মত স্থবির হয়ে যাচ্ছি। কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। লোক কাজ করছে না মন দিয়ে। সততার অভাব। জীবন-যাপনে আমরা বড় বেশী অসৎ হয়ে পড়ছি। ডাক্তারবার বৃঝতে পারলেন, কথাগুলো কেমন বক্তৃতাব মত হয়ে গেল। সেজগু পরেরটুকু খুব সহজভাবে বলতে চাইলেন, আমাদের জীবনে এখন সুবলের মত এক পাখীয়ালা চাই, যে প্রাণের চেয়ে বেশী ভালবাসা দিয়ে আমাদের এই কঠিন রোগ সারিয়ে তুলবে।

সিস্টারের ভয়ে সুবল ক'দিন হল নার্সিংহোমের দিকে পা বাড়ায় নি। এই শহরে একমাত্র টুকুন দিদিমণিই ওর জ্বন্থ প্রতীক্ষায় বসে থাকে। তাকে দেখলে খুব খুশী হয়। এবং কেন জানি এ-ভাবে সুবলের কাছে টুকুন খুব আপন জন হয়ে গেল।

স্থান ভয়, সিস্টার তাকে নানাভাবে ভর্ণনা করেছে। সেদিন সিস্টারের চোথে কি এক কঠিন বিরক্তি দেখে সে আর যেতে সাহস পায়ন। তা ছাড়া অজিতদা ওকে অক্য একটা সুন্দর ব্যবদার কথা শিথিয়ে দিয়েছে। সে বড়বাজার থেকে চিনাবাদাম কিনে সানছে। এবং ফুটপাথে সে উন্ধন ম্বালিয়ে বেশ ভাজাভুজি রেখে বিক্রি করছে। সে এখানে এসে একটা ব্যাপার দেখে খুশী। দেশে থাকতে কি না ওরা অসহায় ছিল। এমন একটা সুন্দর দেশ পার পর ছ' বছর থরাতে শস্তবিহীন দেশ হয়ে গেল। তবু স্ম্যাক্ত বছর সামাক্ত বৃষ্টিপাতের দকন কিছু ফসল হয়েছিল—এবার যে কি হল! দেশ ছেড়ে মানুষ পালাল। সে আর থাকে কি করে। ওর ইচ্ছা ছিল টুকুন দিদিমণিদের সঙ্গেই চলে যাবে। দিদিমণির মা-টা যেন কেমন। ঠিক সিস্টার যেমন মুখ করে রেখেছিল, দিদিমণির মা-টার তেমনি রাগী রাগী ভাব। সে ভয়ে ব্যাণ্ডেলে নেমে গেল। তারপর এক আশ্চর্য বিকালে এত বড় বাড়ির জানালায় দিদিমণিকে আবিছার করে অবাক।

কিন্ত এখন সে এমন একটা কাজ নিয়ে ফেলেছে যে সে বেতে পারছে না। ওর জুভো-পালিসের সব কিছু অজিভদার বাড়িতে আছে। অজিভদার বৌয়ের খুব সিনেমা দেখার অভাব। সে সুবলকে নিয়ে বেডে চায়। অথচ তার এ-সব ভাল লাগে না। সে সময় পেলে বরং টুকুন দিদিমণির কাছে চলে যাবে। টুকুন দিদিমণির কাছে গেলেই তাকে নানারকম গল্প বলতে হয়।
সে আজ যাবে ঠিক করেছে। চার পাঁচদিন হয়ে গেল দিদিমণিকে না
দেখে কেমন সে কিছুটা ছংখী স্থল বনে গেছে। সকাল সকাল কলের
জল থেকে স্নান করেই মনে হয়েছে, দিদিমণির সঙ্গে দেখা না হলে
কাজে উৎসাহ পাবে না। সে তাড়াতাড়ি কিছুটা ভাজাভুজি বিক্রি করে
নেবে, তারপর বিকেলে হাতে সে কোন কাজ রাখবে না। আগে ওর
খুব একটা ঝামেলা ছিল না। যখন খুশী চলে যেতে পারত। এখন
পাবে না। সে আগে হাতে তার জুতোর বাল্পটা রেখে দিত। এখন
ভাব সম্বল একটা উন্থন, একটা চট একটা চালুনি, একটা কাঠের ট্রে,
একটা ভাঙা কড়াই, কিছু বালি, এতগুলো নিয়ে সে যখন তখন যেখানে
সেখানে যেতে পারে না।

সে আজ ভাবল, সব বেখে দেবে শেফালীবৌদির কাছে। এই শেফালীবৌদির রং কালো। কেবল গুণ গুণ করে হিন্দী গান গায়। সব সিনেমার গল্প এসে কাউকে না কাউকে বলা চাই। রাতেব বেলায় স্থবল গেলে তাকে বসিয়ে গল্প। এক কাপ চা খেতে দেয় তখন। কালো রংয়ের শেফালীবৌদির খুব তাজা চোখ মুখ। এবং সবসময় পান খাবার সভাব। ছোট হুটো ঘর। তাই যতটা সম্ভব স্কুলরভাবে সাজিয়ে রাখে। কাগজের ফুল তৈরি করে নানা রংয়ে সাজিয়ে রাখার সভাব। এবং কারুকাক্ত করা ভিমের খোলা—কোনটা লাল রংয়ের, কোনটা হলুদ রংয়ের। পাশে একটা বড় পুকুর। জানালা খুললে পুকুরের জলে অনেককে নাইতে দেখা যায়। অজিতদা না থাকলে জানালা খুলে শেফালীবৌদি কার জন্ম মনে হয় জানালায় অপেকা করে। স্ববলের এটা কেন জানি ভাল লাগে না।

মৃতরাং মৃবল সব টুকিটাকি কাজ সেরে ফেলার সমর শেকালী-বৌদির কথা ভেবে কেমন সামাগ্য কষ্ট পেল। এই শহরে বড় একটা কষ্ট আছে সবার। যেমন অজিভদার, বৌদির। ওদের কাছে যেন

টুৰুনের অহধ

কিছু জিনিস খুব তৃসভি। সেই তৃসভি কিছু পাবার জন্ম ওরা এমন করছে। ওর কাছে তৃসভি বলতে টুকুন দিদিমণি। দিদিমণিকে দেখলেই ভিতরে স্বল প্রাণ পায়। স্বল দিদিমণির জন্ম কি যে স্কর একটা খেলা শিথে ফেলেছে, আজ গেলে সেই খেলাটা দেখাতে পারলে খুব আনন্দ পাবে।

সে তার টুকিটাকি মালপত্র সব মাথায় করে এক সময় শেকালী-বৌদির ঘরের দিকে রওনা হল। সে যাবার সময় একটা স্থান্দর সাজানো পান কিনে নিল। নিজে সে পান-টান কিছু খায় না। অজিতদা ওকে একদিন একটা বিড়ি দিয়েছিল খেতে। সে খেতে গিয়ে খক্ খক্ করে কেসেছে ভীষণ। সেই থেকে বিডি ব্যাপারটাকে ভীষণ ভয় পায় সে।

সে হাঁটছিল। তাকে খুব একটা দূরে হেঁটে যেতে হয় না।
বড় রান্তা থেকে কিছুদ্র হেঁটে গেলেই গোলাবাগান বস্তি। তুপাশে
ছোট ছোট সব খুপরি ঘব, টিনের চাল। একটা হোমিওপ্যাথ ডাক্তারের
ডিসপেন্সারি। তারপব একটা লোক ছটো লেদ মেদিনেব দোকান
নিয়ে সারাদিন কাজ চালিয়ে যায় এবং বোয়াকে চায়ের দোকান।
একটা ছোট মুদি-দোকান, কলের জল পড়ছে এবং কলেব পাডে ভীষণ
ভিড়। সে এখানে এলেই সবাই ঝুঁকে পড়ে। স্থবল, তোর পাখিটা
দেখি । দেখা না রে পাখিটা। কেউ কেউ একটা মাকড় ধরে এনে
বলে, নে, এটা খাওয়া। স্থবলের সব কথা ঠিক থাকে। সে জানে
কোথায় কি বলতে হয়। সে মামুষকে আঘাত করতে জানে না।
সে মিধ্যাকথাও বলতে জানে না, সে ইচ্ছা করলে বলতে পারে না,
পাখিটা এখন আমার জেবে নেই। বললেই ওরা সরে বায়। কিছ
বললে মিধ্যাকথা বলা হবে। সে কোনরকমে ভাড়াভাড়ি রাজাটা পার
হয়ে বায় ভখন। চৌকাঠে চুকে গেলে কেউ ভখন আর বিরক্ত করতে

শেকালী অসময়ে স্বলকে দেখে বলল, রাজা, এ-সব নিয়ে অসময়ে ?

—একটু কাজ আছে বৌদি।

শেফালী ওর মাথা থেকে এক এক করে টুকিটাকি জিনিস নামাতে নামাতে বলল, কোথায় যে রাখি!

- —আজ রাখো, কাল সকালে নিয়ে যাব। তোমার জ্ঞা এক পান নিয়ে এসেছি।
 - —রাজা তুমি আমাকে ভালোবাসো গ

স্বল অবাক। বৌদি তাকে ঠাট্টা করে কথাটা বলেছে। তবু কেমন যেন গা-টা শিব শির কবে উঠল। এই শহরে এলে মানুষ বুঝি সব কিছু একটু তাড়াতাড়ি শিখে ফেলে। সে বলল, তুমি পান খেতে ভালোৰাসো। অজিতদা কোথায় ?

শেষালী ঠোঁট উল্টে বলল, জানি না।

- —আজ আসেনি ?
- <u>—না ।</u>
- **—কেন আসে না** ?
- —একবার জিজ্ঞাদা কর না।
- —না, খুব খারাপ বৌদি। আমি ঠিক জিজ্ঞাসা করব। বলেই স্থবল ছেসে দিল।—তুমি ঠাট্টা করহ বৌদি। দাদা ঠিক এসেছে।
 - —নারে! তোর সঙ্গে আমি মিখ্যা বলি না।

সুবলের মনটা খুব খারাপ হয়ে গেল। সে বলজ, কোন থবর নিয়েছ ?

—ঠিক চলে আদবে। কোথায় খোঁজ করব বল ? কোথায যায় আমাকে বলে যায় না।

সুবল ব্ৰতে পারল, বৌদি সভিত কিছু জ্ঞানে না। সে নিজেই একটা জলচৌকি টেনে নিল। বসতে বসতে বলল একটু জ্ঞল খাব

हेक्टनद्र जन्न

(मकानी कन এरन पिरम वनम, कान क'छोग्न (वत इरग्नटह ?

- --রাতে।
- —রাত ক'টায় <u>?</u>
- —বেশ রাত। যেন শেফালী ইচ্ছা করেই আর বেশী বলতে চাইছে না, যদিও জানে রাজা খুব ভাল ছেলে। রাজার নতুন গোঁষ উঠছে বলে, খুব ভাল লাগে দেখতে। এই নতুন গোঁফ ওঠা ছেলেদের খুব ভাল লাগে। রাজা আগে খুব নোংরা জামাকাপড় পরে থাকত শেফালী ওকে কিছু কিছু ট্রেনিং দিয়ে বেশ এখন সাফসোফ রাখার ব্যবস্থা করেছে। আগে চুল ছিল বড় বড়। চুল কাটত না। ইদানাং চুল কাটছে। এবং বড় একটা শিখা ছিল মাথায়, সেটাও ছোট করে ফেলেছে। খুব খেয়াল না করলে বোঝা যায় না শিখাটা আছে মাথায়।

শেফালী বলল, সব ফেলে কোথায় যাচ্ছ ?

- —টুকুন দিদিমণির কাছে।
- তুমি যে বলেছিলে আর যাবে না ? সিন্টার পছনদ করে না।

স্থবল বলল, আমার বৌদি আপনজন বলতে টুকুন দিদিমণি। ভেবেছিলাম যাব না। কিন্তু কাল থেকে মনটা টুকুন দিদিমণির জন্তু ক্যেন করছে।

- —কবে যেন গেছিলে ?
- –-গত বুধবার।
- —আর মাঝে যাওনি ?
- --ना।
- টুকুন ঠিক **बा**नानाग्न রোজ गाँ ড়িয়ে থাকবে ?
- —জানি না বৌদি। ওর মা আমাকে দেখতে পারে না। ওদের অস্ত্রিধা হবে বলে একটা বড় স্টেশনে আমাকে নামিয়ে দিয়েছিল।

—ভীষণ খারাপ। বড়লোক হলে মানুষ ভাল হয় না। বড়লোকেরা খুব স্বার্থপর।

সুবল সে-সব কথায় গোল না। সে বলসা, আসতে আসতে দেখলাম, একটা বড় গীৰ্জাব সামনে ছটো ছেলে ফুল বিক্ৰি কবছে। বেশ ভাল কাজ।

- —কেন, তুমি ফুল বিক্রি করবে নাকি গ
- —দাদা এলে জিজ্ঞাসা কবব, কোথায় ফুল কিনতে পাওয়া যায়। এ-কাজটা খুব ভাল হবে। তোমার খুব স্থন্দর মুখ রাজা। তুমি মদি ফুল বিক্রি কর তবে লোকে অনেক ফুল কিনবে।
 - --সভ্যি কিনবে ?
 - —সত্যি। প্রথম দিনের একজন খদের তুমি আমাকে পাবে।
 - —আমি তোমাকে এমনি দেব।
 - —তবে তোমার ব্যবসা হবে কি করে রাজা।
- —একটা ফুল দিলে ব্যবসানষ্ট হয় না। যথন চিনাবাদাম ভেজে 'বক্রি করি, কেউ কেউ ছটো একটা এমনি খায়। খেয়ে পছনদ হলে নেয়। তুমিও আমার তেমন।
- —আমার একটা ফুলে কিছু হবে না রাজা। একটা ফুল দিয়ে নালা গাঁথা হয় না।
 - —কত ফুল লাগবে ?
 - —একগুচ্ছ।
 - —তাই নেবে!
 - —না রাজা, আমি এমনি নেব না।
 - —ভাহলে কি করতে হবে ?
- —দে পরে বলব। বলেই শেফালী বলল যাও, আপনজনের কাছে যাও।

স্থবল এতক্ষণে মনে করতে পারল সে টুকুন দিদিমণিকে একমাত্র

টুকুনের অহুধ

আপনজন বলেছে। সে বৌদির ঠাট্টাটা ধরতে পেরে বলল, ভোমার নিজের লোক। অজিভদা কত ভাল লোক।

- —ভাল লোক না ছাই।
- —তুমি কেবল বৌদি অজিতদার নিন্দা কর। দাদা এলে বলে দেব।
- —বলে ছাখ না যদি একটু রাগ করে। লোকটার তো রাগ-অভিমান বলতেও কিছু নেই। যা খুশী করবে। মান-সম্মান বুঝবে না। অপমান বলতে কিছু নেই।

স্বল দেখল কথা অন্তদিকে যাছে। সে উঠে পড়ল। সে একটা বল নিয়েছে হাতে। শেকালীর ইচ্ছা স্থবল আর একটু বস্তৃক। এখন এই, বিকেলটা শেকালীকে বড় একা একা কাটাতে হবে। এখানে এপারে কেউ দেখতে পাচ্ছে না সে স্বলকে সামনে নিয়ে বসে রয়েছে। স্থবল এলেই মনের ভিডর একটা অন্তুত রহস্ত খেলা করে বেড়ায়। ওর নরম চুল এবং চোখ দেখলে যেন কোন আব হঃখ থাকে না। বেশ জড়িয়ে ধরে ছেলেটাকে চুমু খেতে ইচ্ছা হয়। এবং স্থলর কবে সাজানো পুতৃলের মত অথবা সে যে-সব সিনেমায় নানারকমের বল্পাহিনী দেখে তেমনি সব কল্পকাহিনীর বাসিন্দা হতে ইচ্ছা হয়। স্বলকে না দেখলে তার এমন বুঝি হত না।

শেফালী বলল, পাথিটার খেলা আজ দেখালে না ?

স্বল বুঝতে পারছিল, কিছু না কিছু বলে তাকে আটকে রাখছে। সে বলল, আজ আমার একটু তাড়াতাড়ি আছে। বলে সে বারান্দা থেকে নেমে চৌকাঠ পার হয়ে রাস্তায় দাড়াল।

সুবলের বেশ ভাল লাগছিল হাঁটতে। সে সাফসোফ হয়ে যাছে।

শামা পাজামা সব ধবধব করছে। সে কলের পাড়ে এসব গতকাল

কৈচে নিয়েছিল। পয়সা হলে সে আরও হটো ঢোলা পাজামা পাঞাবি

করে নেবে। একটা টিনের স্থাটকেস কেনার খুব বাসনা। একটা

টিনের স্থাটকেশ কিনে কেলতে পারলেই সে সব কিছু অভি প্রয়োজনীয়

যা আছে, স্থাটকেসের ভিতর রেখে দেবে। আর কেন জানি মাঝে ম'ঝে টুকুন দিদিমণিকে চিঠি লিখতে ইচ্ছা হচ্ছে।

আর মাঝে মাঝে আব একজন মামুষকে তার চিঠি লিখতে ইচ্ছা
হয়। সেই যে কাপালিকের মত মামুষ জনাদন চক্রবর্তী। যিনি
তাদেব নিয়ে শেষ চেষ্টা করেছিলেন জল আবিদ্ধারের। এবং তিনি
পাহাড়ের ওপব কোন ঋষি পুক্ষের মত দাঁড়িয়েছিলেন। হাতে একটা
লাঠি। নদী পাহাড খাত ভেঙে উপত্যকার ওপর দিয়ে এঁকেবেঁকে
চলে গেছে। যদি নদীগর্ভে চোবা স্রোত্ত থাকে, সেজ্ব্যু তিনি সব
মানুষদের, যারা আর অবশিষ্ট ছিল, শেষ পর্যন্ত মাটি কামড়ে পড়ে
গাকতে চেয়েছিল, তাদের নিয়ে শেষ চেষ্টা। দ্রে দ্রে সব এক
একজন কবে মানুষ ক্রেমান্বয়ে দিনমান বালি খুঁড়ে চলছিল জালার
আশায় মানুষের এমন মুখ-চোখ হয় স্থবল এখন চিন্তা করতেই পারে
না।

সারাদিন কেটে গিয়েছিল, বাত নেমে এসেছিল, না, কোথাও নেই। মানুষটিই তাদের অনেকদূব ইটিয়ে, প্রায় ক্রোশ-দশেক ইটিয়ে নিয়ে গিয়েছিল—এবং ট্রেন আটকে দিতে বলেছিল। জল লুটে-পুটে খেতে বলেছিল। এখন মানুষটা কেমন আছে কে জানে! চিঠি দিলে সেখানে আর কে যাবে। কে চিঠি পৌছে দেবে।

মনের ভিতর মানুষটার মুখ-চোখ, আলখেলার মত পোশাক, এবং দিনমানে দে হয়তো অন্নহীন হয়ে সুবচনী দেবীর মন্দিরে পড়ে আছে। এমন মানুষ দে কোথাও দেখেনি। এই একমাত্র মানুষ যার বিশ্বাস ছিল দেবী কখনও না কখনও সুপ্রসন্না হবেন। এবং কোন পার্শি মানুষকে এভাবে তাড়িয়ে বেড়াচ্ছে। সেই পাপের খণ্ডন কি কোন এক অলৌকিক উপায়ে করতে চেয়েছিলেন। এবং মানুষেরও তেমন একটা বিশ্বাস ছিল। কিন্তু শেষ পর্যন্ত চোখের ওপর দেখেছেন দেবীর মহিমা কি ভাবে বার বার মিধ্যা প্রতিপন্ন হচ্ছে। সংসার আর সুজ্ঞলা

টুকুনের অহধ

স্কলা হচ্ছে না। স্থবলের সেই মানুষটার জন্মও মাঝে মাঝে হঃখ ছয়। ওকে ফেলে চলে এসে সে যেন ঠিক কাজ করে নি। খুব স্বার্থপরের মত ব্যাপারটা হয়ে গেছে।

স্বল দেখল সে ভাবছে বলে খুব একটা এগোতে পারছে না।
অক্সমনস্ক হয়ে গেলে সে কেমন ঝিমিয়ে হাঁটে। সেই গীর্জাটা পার হয়ে
যাচ্ছে সে। গীর্জায় বাঁশ বেঁধে রং করছে। গেটে একজন লোক বসে
রয়েছে। ভিতরে বড় কবরখানা। কাঁচের বাক্স করে নিয়েছে একটা লোক। তার ভিতরে বসে ফুল বিক্রি করছে। লোকটার কাজই
সবচেয়ে ভাল। মানুষের শেষদিনে মানুষকে ফুল দিয়ে সাজিয়ে
দিচ্ছে।

অথবা স্থবলের ইচ্ছা হয় মাঝে মাঝে এমন সব গীর্জায় কেবল রং করে বেড়ায়। অথবা মন্দিরে। মসজিদে মসজিদে কারুকাজ করা যে সব পাথর আছে তার পাশে দাঁড়িয়ে থাকতে ইচ্ছা হয়। মানুষের সুষ ছঃখ ব্যাপারটা সুবলকে খুব ভাবায়!

অথচ এর ভিতর টুকুন দিদিন্দির মুখ উজ্জল হয়ে আছে। দে খুব দ্রুত ভেঁটে যাছে। গাছের মাথায় সূর্যের আলো। এবং সব স্থুনর স্থুনর ছেলেমেয়ের। পার্কে খেলা করে বেড়াছে। দোকান-গুলোতে মানুষের ভিড়। কি পোশাক, কি স্থুন্দর সব মানুষ। কোন আভাব-অনটন নেই। শেফালীবৌদি খুব স্থুন্দর পোশাক পরে যখন সিনেমায় যায়, তখন ওর তাকিয়ে থাকতে খুব ভাল লাগে। সব মানুষগুলোই সেজে-গুজে কেমন স্থুন্দর স্থুমজ্জিত হয়ে থাকে। এমন পরিপাটি পোশাক, মুখ-চোখ, সে তার গ্রামে স্থপ্পও ভাবতে পারে নি। মানুষ এ-ভাবে স্থে পৃথিবীতে বেঁচে থাকতে পারে সে কল্পনাও করতে পারে নি। খুশীমত আলো জেলে নেয়, জল তুলে নেয়, রাস্তা পার হয়ে যায়, হুদ-হাস গাড়ি চলে যায়, বাজারে বাজারে কি সব শাক-শজ্জি মাংস। ওর একবার মনে আছে গ্রামে মাংস হবে। গোবিন্দ

বণিক একটা পাঁঠা কিনে এনেছিল। বাবা কি করে পাঁচসিকা পয়সা সংসার-খরচ থেকে বাঁচিয়ে রেখেছিলেন তুর্দিন এলে খরচ করবেন। কিন্তু বণিক সেই পাঁঠাটা কাটলে বাঁশতলায় কি ভিড়! বাবাও লোভে পড়ে পাঁচসিকার মাংস কলাপাতায় কিনে এনেছিলেন। সেবারই শেষ মাংস খাওয়া। তবে বাবা মাঝে মাঝে পাখি ধরে আনতেন। ওরা পাখির মাংস খেত। মা খুব পাখির মাংস খেতে ভালবাসত বলে বাবা অনেকদিন খুব রাত থাকতে পাহাড়ে চড়ে যেতেন। বালিহাঁসের ডিম, ডিম না হয় হাঁস ধরে আনতেন।

স্বলের ধারণা ছিল পাথি ধরা খুব সহজ কাজ। কিন্তু বাবা প্রায়ই কিছু আনতে পারতেন না। মা রাগ করে কিছুই না খেয়ে থাকত। এমনিতে না খাওয়া ছিল তাদের অভ্যাস, আর একটু চাল ডাল হলেই মা মাংস দিয়ে ভাত খেতে চাইত। বাবার ওপর রাগ করে মা-টা তার মরে গেল।

স্বলের এখন ধারণা হয় বাবা উল্লমশীল ছিল না। যেমন সে-ও খুব নয়। কোনরকমে দিন চলে গেলেই হল। কিন্তু এখানে এসে সে নানাভাবে দেখছে খুব সহজে দিন চলে গেলে জীবনের কোন মানে থাকে না। চারপাশে এত প্রাচুর্যের ভিতর সে কতদিন আর ফুটপাথে দিন কাটাবে। ওর একটা ঘর না হলে চলছে না। সে ভাবল, বলবে টুকুন দিদিমণিকে, আমি আর গাছতলায় থাকব না। আমাকে একটা ঘর বানিয়ে নিতেই হবে।

স্বল রাস্তায় কত কিছু ভাবতে ভাবতে হাঁটছে। শহর ধরে হাঁটলেই যেন এমন হয়। অথচ ধারাপ দিনগুলোতে সে একটা ভাবনাই ভাবত, জল কোথায় পাবে ? জল পেলে কখনও পাহাড়ে যা লব লভা মূল ছিল, যেমন পেস্তা আলোর গাছ, এবং তার মূল অথবা কল কিছু সিদ্ধ করে থেলে কোনরকমে তাদের দিন চলে যেত। জল যে কি হলভ ছিল! এখন এই শহরে এটা ভাবতে পর্যস্ত হাসি পায়।

টুকুমের অহথ

জলের জন্ম তারা প্রাচীন কালের মামুষদের মত নদীগর্ভে এক এক করে মাইলের পর মাইল বালি তুলে মামুষ-সমান গর্ত করেও যথন দেখল নদীর চোরাস্রোতে পর্যস্ত জল নেই, তথন যার যেদিকে চোথ যায় দেদিকে চলে যাওয়া যেন।

অথচ এখানে এসে আর জলের কথা মনে হয় না। সে চারপাশে দেখে নানা আকর্ষণ। সকাল হলে গাছে তেমন পাখী ডাকে না, অথচ আকাশ নীল, ট্রামলাইনের তার নীল নীল স্থতোর মত অজানা রহস্ত হয়ে যায়। কত দূরে এই সব ট্রামলাইন চলে গেছে সে জানে না। পয়সা হলে সে একদিন সারাদিন ট্রামে চড়ে ঘুরবে। শহরের বড়রাস্তায় কখনও কখনও গভীর রাতে ঘুম ভেঙে গেলে সে হেঁটে যেত। আশ্চর্য নিস্তব্ধতা। এবং হুটো একটা গাড়ি এলে মনে হত এক বড় মাঠের ভিতর দিয়ে একা একা হেঁটে যাচ্ছে। কেউ তার পাশে নেই। তাকে ঠিক পথ চিনে মাঠ পার হয়ে যেতে হবে।

এত সব ভাবতে ভাবতে সে দেখল একসময় দ্ব থেকে টুকুন দিদিমণির জানালাটা দেখা যাচছে। সে এবার প্রায় রাস্তা ধরে ছুটতে চাইল। কারণ সে দেখতে পাচ্ছে, ঠিক স্পৃষ্ট নয়, এখনও স্পৃষ্ট নয়, তবু মনে হচ্ছে জানালাটা বন্ধ। এখন শরংকাল। আকাশে নানা বর্ণের মেঘের খেলা। কখনও বৃষ্টি, কখনও নির্মল আকাশ। অপচ এসময় জানালা বন্ধ। টুকুন দিদিমণি কখনও জানালা বন্ধ করে না। ওর মনে হল হয়তো ক'দিন ওকে আসতে না দেখে হঙাশায় জানালা বন্ধ করে দিয়েছে।

ওর থ্ব খারাপ লাগছিল। সে কেন যে এল না, কেন যে সিস্টারের ওপর অভিমান করে এল না! যদি অন্ত কিছু হয়, যদি টুকুন দিদিমণির ছোট্ট পাখির মত আত্মাটা উড়ে চলে যায়! এ-সব মনে হতেই কেমন ওর বালকের মত বুক ভরে কাল্লা উঠে আসতে চাইল। সে বলল, দিদিমণি, এবার থেকে ক্লের আগের মত রোজ আসব। আমি এসেছি। কিন্তু সে গিয়ে যা দেখল—সভ্যি অবাক, জানালা বন্ধ। সেখানে কেউ আছে বলেও মনে হয় না।

স্থবল পাগলের মত জানালায় শব্দ করতে থাকল।

সহসা জানালা খুলে, প্রায় পাঁচ সাতটা মামুষ ওকে তেড়ে এল। সে ওদের কাউকে চেনে না। ওরা সবাই একসঙ্গে মুথ খিঁচিয়ে আছে।

তব্ এরই ভিতর সে যা দেখল, একজন খুব মোটামত মামুষ বিছানায় বসে আছে। ওর পাশে একটা নোটা নলের মত কি যেন। মাঝে মাঝে ছটো সরু হলুদ রংয়ের নল সে টেনে নিয়ে দরকার হলে নাকে দিচ্ছে আবার খুলে রাখছে। মোটা গোঁফ লোকটার। স্থবল ওদের তবু বলল, আমার টুকুন দিদিমণি এ-ঘরে ছিল। আমি ওকে দেখতে এসেছি।

লোকগুলো কোন কথা বলল না। মুথের ওপর জানালা বন্ধ করে দিল। এটা একটা বড় বাড়ি। খুব বড়। কলকাতার ওপর এতবড় বাড়ি সচরাচর দেখা যায় না। বাড়িটা অনেকটা জায়গা জুড়ে। খুব ছিমছাম, পরিপাটি নরম ঘাসের চাদর বিছানো চারপাশে। সামনে একটা ছোট পাহাড়। ছ'দিকে ছটো পথ চলে গেছে। পাঁচিল লম্ব; ছ' মামুষ-সমান উচু পাঁচিল বাড়িটার চারপাশে। পাঁচিলের পাশে সব ছোট ছোট আউটছাউস। এবং নানা বর্ণের কবরীফুলের গাছ। গাছের নীচ দিয়ে হেঁটে গেলে বোঝাই যায় না এ-বাড়িতে কোন তঃথ জেগে আছে।

অথচ একটা মেয়ে, ছোট্ট জানালায় বসে রয়েছে। সে এখন জানালা আর বন্ধই করে না। সে আসবে। ঠিক আসবে। কারণ স্থবল না এসে পারে না। ওর পাখিটা যখন সম্বল আছে, সে আজ হোক কাল হোক, জানালায় পাখিটাকে পাঠিয়ে দেবে। টুকুন আছে দোতালার দক্ষিণ দিকের বারান্দায়। নীচে মালীরা বড় একটা বাগান করছে। কত সব ফুলের সমারোহ এখন। শেফালীগাছে কত অজ্ঞ ফুল। এবং সকাল হলেই গীতামাসি যখন জানালা খুলে দেয়, সে দেখতে পায় কত সব পাখি এসেছে গাছটায়। সে স্থবলের পাখিটাকে তার ভিত্তব খোঁজার চেষ্টা করে। যদি ওদের সঙ্গে ছদাবেশে মিশে খাকে পাখিটা।

আর কি স্থন্দর মনে হয় পৃথিবী। ওই যে সকাল হল, কিছুক্ষণ পরই রোদ এসে নামবে, এবং সামাগ্র শিশিরের টুপটাপ শব্দের মত পাখিরা এসে বসেছে গাছগাছালির ভিতর—তার যে কি ভাল লাগছে! এই দক্ষিণের বারান্দায় কাঁচের জানালা সব। ভিতরে টুকুনের

মনোরপ্ধনের জন্য নানা রকমের থেলনা। এখন এই ক'মাসেই বোঝা যায় টুকুনের বয়স আর থেলনার জগতে নেই। সে স্থবলের সঙ্গে দেখা হবার পর থেকেই শারীরিক কি সব অনুভূতি যেন তাকে ক্রমে গ্রাস করছে। সে এখন স্থুন্দর স্থুন্দর বই পড়তে ভালবাসে। দি পপার আগও দি প্রিন্স গল্পটি বড় ভাল লাগে। কখনও সে আতায়ান গ্র সাঁত—একজুপেরির ল্য পতি প্র্যাস পড়তে পড়তে মুগ্ধ হয়ে যায়। সেই সাহারা মরুভূমির বুকে নায়ক, সে বিমান বিকল হয়ে যাওয়ায় ওখানে পড়ে গেছে, সাত-আট দিনের মত মাত্র পানীয় জল আছে—আর আশ্চর্য সেই মানুষটা যখন একাকী, নিঃসঙ্গ মানুষের বসতি থেকে প্রায় হাজার মাইল দূরে, এবং শুধু আকাশ সীমাহীন দেখা যাচ্ছে, কিছু নক্ষত্র, আব কাঁটাগাছ মরুভূমির, তখন কিনা সকাল হলে, স্থুন্দর এক ছোট্ট রাজপুত্রের কণ্ঠ সে শুনতে পায়—আমাকে একটা ভেড়াব বাচ্চার ছবি একে দাও না!

টুকুন স্থবলের যেন সেই ছোট্ট রাজপুত্রের সঙ্গে একটা আশ্চর্য মিল পায়। স্থবল এখন অপেক্ষায় আছে, তার জন্ম কেউ একটা স্থানর ছবি একে দেবে। টুকুন আজকাল বরং ঘর থেকে খেলনাগুলো সরিয়ে দিতে পারলে বাঁচে। পরিবর্তে ওর ঘরে এখন আলমারি-ভর্তি বই। এবং স্থানর স্থানর সব ভালবাসার কথা সেখানে লেখা আছে।

আবার টুকুন আজকাল নানারকম গ্রাহ-নক্ষত্রের বই পড়তে ভালবাসে। বিশাল সৌরমগুলের কথা ভেবে সে কেমন মুহামান হয়ে থাকে। সেখানে সামাস্থ্য টুকুন অথবা তার অসুখ, সে বড় হচ্ছে না, তার শরীরের সব লক্ষণগুলো কোথায় যেন আটকে আছে—এসব বড় তুষ্ঠ। তখন তার কেন জানি বাবা-মা-র ওপর ভীষণ করুণা হয়। মা-বাবা কেন যে মুখ করুণ করে রাখে! মা কিছুতেই কেন যে সুবল এ-বাড়িতে আসুক চায় না! বাবার সঙ্গে ওই নিয়ে মা-র কি ভীষণ মন-ক্ষাক্ষি! বাবা শেষ পর্যন্ত মা-র কথাতেই রাজী—তাই বলে

টুকুনের অহুথ

একটা রাষ্টার ছেলে কখনও টুকুনের সঙ্গী হতে পারে না। আমি বরং রণবীরকে বলব ওর ছেলে ইন্দ্রকে যেন পাঠিয়ে দেয়। এখানে থাকবে। কি স্থানর স্থপুরুষ রণবীর। ওর ছেলে বাপকেও ছাড়িয়ে গেছে। এমন কথার পর বাবা আর সিন্টারকে ঠিকানা দিতে পারেননি। সুবল এলে পাঠিয়ে দিতে বলেননি।

তব্ টুকুনের ধারণা, স্থবল আসবে। কারণ সে কেন জানি স্থবলকে

এ-গ্রাহের বাসিন্দা বলে ভাবতেই পারে না। সেই ছোট বাজপুত্রের
মত তার বাড়ি অন্য কোন গ্রাহে হবে। সে কোন অলৌকিক যানে
চড়ে এখানে নেমে এসেছে। স্থবল নিজের সঠিক ঠিকানা জানে না।
ভার গ্রহটা খুব ছোট। একটা বাড়ির মত গ্রহটা। সে সেখানে
এতদিন থাকত বোধহয়।

সেই ছোট্ট রাজপুত্রের গল্পের মত মনে হয় সত্যি এই সৌবজগতে কত তো গ্রহ আছে। সংখ্যায় তারা কত কেউ বলতে পারে ন'। কত সব ছোট্ট গ্রহ আছে যা দূরবীণে পর্যন্ত ধরা পড়ে না। অথবা কখনও কখনও বিন্দুর মত ধরা পড়লে জ্যোতির্বিদরা সংখ্যা দিয়ে তার অবস্থান অথবা নাম প্রকাশ করে থাকে। বড়দের তবু নাম আছে একটা—পৃথিবী রহস্পতি, মঙ্গল, শুক্র। কিন্তু ছোটদের জন্ম কেউ নাম দেয় না। কোন জ্যোতির্বিদ কোন একটা গ্রহ আবিষ্কার করে বসলে একটা সংখ্যা দিয়ে দেন। গ্রহাণু ৩০৪০৮৩, একটা সংখ্যা দিয়ে হয়তো ঠিক নির্ণয় করা যায় সেই রাজপুত্র তেমন একটা ছোট্ট গ্রহের বাসিন্দা। ছোট্ট রাজপুত্রের ক্ষথা ভাবলেই স্থবলের আশ্চর্য স্থন্দর চোখ চোথের সামনে ভেসে ওঠে।

স্কুজরাং দকাল হলেই টুকুন ব্ঝতে পারে—এই পৃথিবী কভ সব ভারি মঙ্গার ব্যাপার নিয়ে বেঁচে আছে। এই পৃথিবীর মাটিভেই দাহারা মক্লভূমিতে এক ছোট্ট রাজপুত্রের দঙ্গে লেথকের দেখা হয়ে গেছিল। বড়রা এ-সব বিশ্বাদ করবে না। যেমন বড়রা বিশ্বাদ করবে না, ছোটরা যদি ছবি এঁকে দিয়ে বলে, এই ছবিতে একটা বাঘ এঁকেছি, বাঘের মুখে হরিণ—ওরা বলবে, ধাৎ, তা হয় নাকি, এটা তো রহমৎ মিঞার গোঁফ হয়ে গেল। তা হয় কি করে। এই নিয়ে কথাকাটাকাটি করেও বড়দের বিশ্বাস করানো যাবে না—কথনও কখনও কোন ছোট রাজপুত্র অন্য গ্রহাণু থেকে চলে আসতে পারে। টুকুন ভাবল, এসব কথা শুধু একজনকেই বলা যাবে—সে স্থবল, স্থবল শুনলে বলবে, হাা দিদিমণি আমাদেব ছিল একটা নদী, বড় নদী, নদী শুকিয়ে গেল—সে যেমন বলেছিল, দিদিমণ স্থপ্নে দেখেছি, আমরা চলে আসাবে পরে জনদেন চক্রবর্তী ফিবে গেছে নদীতে। যেখানে দিনমানে আমবা গর্ত করেছিলাম—সেখানে কি নির্মল জল। জলের ভিতর একটা হবিণ-শিশু পড়ে গেছে।

স্তবল যথন এমন বলে, তথন মনে হয় সব কিছু সন্ত্যি হতে পারে। সে এলে গল্পটা বলা যাবে। বলা যাবে ছোট্ট রাজপুত্র বার বার একটা কথা কেবল বলছিল, আমাকে একটা ভেড়ার বাচচা এঁকে দাও। মান্তবটা কি করে তথন, সে বলেছিল, আমি ছবি আঁকতে জানি না।

ছোট্ট রাজপুত্রের এক কথা, দাও না আমাকে একটা ভেড়ার বাচ্চা এঁকে!

মানুষটা ভাবল ভারী বিজ্মনা। এমনিতে উড়োজাহাজটা বিকল হয়ে গেছে। সাত-আট দিনের মাত্র জল আছে এর মধ্যে, কিছু না করতে পারলে মরে যেতে হবে। তখন এমন এক ছোট্ট রাজপুত্র কি করে যে এখানে! সে বলল, ছোট্ট রাজপুত্র আমি ছেলেবেলাতে একটা ছবি এঁকেছিলাম।

রাজপুত্র বলেছিল, তাই বৃঝি ?

- —কিন্তু কি জান, আমি যা ভেবে আঁকলাম, তা সত্যি হল না!
- · মানে ?
 - —আমি একটা অজগরের মুখে হাতির ছবি এঁকেছিলাম।

টুকুনের অহুধ

- —বাবা! বেশ তো!
- —না, বেশ নয়।
- -কেন নয় গ
- —কেউ বিশ্বাসই করল না ওটা অজগরের হাতি গেলার ছবি।
- —ভরাকি বনল গ
- ওরা বলল, ওটা একটা টুপি।

ছোট্ট রাজপুত্র হা হা করে হেসে উঠল।—বড়রা খুব অঙ্ক ভালবাসে।
আঙ্কের হিসাবে না মিললে ওরা বিশ্বাস করতে চায় না। যেমন ছাথো,
বিশ্বাস করতে চায় না কেউ আমার বাড়ি একটা গ্রহাণুতে। কিন্তু
লামারতিন নামে এক জ্যোতির্বিদ আবিষ্কার করেছিল—সেটা সতেরোশো
বাইশের জানুয়ারীর আঠাশ তারিথ হবে, আমার গ্রহের নম্বর পর্যন্ত
ঠিক করে দিয়েছিল…

<u>—</u>কত ?

ছোট্ট রাজপুত্র বলল, তিন আট সাত পাঁচ কেছাট্ট রাজপুত্র বলতে থাকলে আর শেষ হয় না।

টুকুনের মনে হত দে নিজেই সাহারা মরুভূমিতে একটা ছোট্ট এরোপ্লেন নিয়ে নেমে গেছে এবং যা কিছু কথা সব তার সঙ্গে হচ্ছে।

এমন একটা সকালে যথন সে এসব ভাবছিল, এবং জানালা দিয়ে সব স্থানর স্থানর ফুলের সৌরভ ভেসে আসছিল, তথন ইন্দ্র এসে হাজির।

টুকুন বঁলল, ইন্দ্ৰ, আজও সুবল এল না।

- —ভাসবে।
- —তুমি ওকে আমার ঠিকানাটা দিয়ে আসবে ?
- —ও কোথায় থাকে ?
- —ভা জানি না। সে একটা দেবদারু গাছের নীচে শুয়ে থাকে জানি।

ইন্দ্র জানে টুকুনের এমনই কথা বলার ধরন। টুকুনকে আজ শাড়ি পড়িয়েছে গীতামাদি। টুকুনকে খুব স্নিগ্ধ দেখাচ্ছিল। কিন্তু টুকুনের ভিতর কোন লজা নেই। সে তার শাড়িব আঁচল বুক থেকে ফেলে দিয়েছে। ইন্দ্র যে পুক্ষ সেটা মনেই হয় না টুকুনের চোখ দেখে। ইন্দ্র বেশী সময় সঙ্গ দিতে পারে না। সে স্থানর করে সেজে আসে। সে যতটা পারে সরু প্যান্ট জামা পরে এবং ওর ভিতর কিছু কুত্রিমতা থাকে বলে টুকুনের ভারি হাসি পায়। সে কিছুতেই টুকুনকে ছুঁতে চায় না। টুকুন সে এলে ঠিক বান্ধবীর মত জড়িয়ে ধরতে চায়—আব ইন্দ্র তথন কেমন করে, টুকুন তো এখনও ভাল করে ইটিতে পারে না। তথন স্বকিছু তার কাছে অর্থহীন হয়ে যায়। সে আর নডতে পারে না খাট থেকে।

টুকুন ডাকল, ইন্দ্র কাছে এস। ইন্দ্র কাছে গেলে বলল, তুমি আমার হাত ধর।

ইন্দ্র হাত ধরতে সঙ্কোচ করলে বলল, তুমি ইন্দ্র এমন কেন, সুবলকে যদি দেখতে, সে আমার জন্ম সব করতে পাবে। আমি ভাল হলে সুবলকে ঠিক নিয়ে আসব।

ইন্দ্র বলল, মাসিমা বলেছে আমরা আজ 'চাদমামার সংসার' দেখতে যাব।

- —কোথায় ?
- —ছোটদের নাট্য-সংসদে।
- —আমি যাব না।
- —তুমি গেলে খুব আনন্দ পাবে টুকুন।
- —আমার ভাল লাগে না।

মা এসে বললেন, খুব ভাল লাগবে। ইন্দ্র আর তুমি যাবে।

—আমার ভাল লাগে না মা। আমাকে কেউ ধরে নিয়ে যাবে, আমার এটা ভাল লাগে না।

টুকুনের অহুথ

—ডাক্তার বলেছে, তুমি ভাল হয়ে গেছ। এখন শুধু তোমাকে নিয়ে ইন্দ্র ঘুরে বেড়াবে।

ইন্দ্র বলল, আমি দেখেছি। থুব ভাল। টুকুন বলল, ওসব বাচ্চাদের বই।

- —ना. मराहे प्रथए भारत । मरातहे **जान** नागरत ।
- —আমার এখন বোদ ভাল লাগে। বৃষ্টি অথবা ঝড়। আমার কথনও সূর্য ওঠা দেখতে ভাল লাগে। পাথিবা তখন আশ্চর্যভাবে উড়ে বেড়ায়। আমার কেন জানি মনে হয় প্রবল তার দেশে চলে গেছে। দে রোদে বৃষ্টিতে অথবা ঝড়ে হেঁটে বেড়াচ্ছে। কি স্থুন্দব যে তাকে লাগছে দেখতে! চোখ বুঝলে আমি সব টেব পাই।

তবু ইন্দ্র বার বার চেষ্টা করল। এখন ইন্দ্রের কলেজ বন্ধ। সে এখানেই থাকবে। ইন্দ্রের জন্ম নীচে একটা বদ্ধ ঘর ছেড়ে দেওয়া হয়েছে। ইন্দ্রের সকালে একবাব বিকেলে একবার আসার কথা। সবই ডাক্টারের পরামর্শ মন্ত হচ্ছে। যখন পাথিয়ালা স্থবলকে মিসেস মজুমদাব মাঝে মাঝে আসতে দিতে একেবারেই রাজী হলেন না, তখন আর কি কবা। তবু তার ধারণা, জীবনেব ভিতরে এই বয়সে যে উদ্দামতা দেখা যায়, ইন্দ্রের শরীর থেকে মেয়েটা তার গন্ধ পেলে হয়তো বাছ-বিচার না করে এক আশ্চর্য গন্ধে এই পৃথিবীর কোন এক সকালে সে বড় হয়ে যাবে। এবং পৃথিবীময় তখন সে মনোরম সঙ্গীত ত্তনতে পাবে—যা সে কোনদিন টের পায়নি, এত ভাল; এভাবে পৃথিবীক্রমে ভারে পারে কাছে আরও বড় হয়ে যাবে। সে তখন ছুঁতে পাবে চারপানটা।

ইন্দ্র বলল, তুমি না গেলে আমি যাচ্ছি না। টুকুন, ব্ললল, আমাকে শাভি পরলে বড় দেখায় ?

- —খুব বড়।
- —মা-র মত লাগে ?

- —মাসিমার মত লাগবে কেন 🕈
- —বা রে, শাড়ি পরলে মাসিমার মত না লাগলে তবে শাড়ি পরা কেন ?
 - —ভোমাকে টুকুনই লাগছে। যুবতী টুকুন।
- —বাং, আমি যুবতী হব কি করে, বলেই সে কেমন হতাশ মুখে জানালার দিকে তাকিয়ে থাকল। ভীষণ অভিমান স্থবলের ওপর। কি দরকার ছিল ট্রেনে দেখা হওয়ার! কি দরকার ছিল পায়ে হেঁটে গিয়ে দরজা থুলে দেবার! আমি বেশ তো মরে যাচ্ছিলাম। মরে যেতে আমার ভীষণ ভাল লাগছিল। সবার আগে মায়ুষের সব তঃথ বুঝতে না বুঝতে চলে যেতাম তবে। তুমি কেন যে আমার শরীবে আবার প্রাণেব সাড়া এনে দিলে! দিলে তো একেবারে ভাল করে দিলে না। কখনও কখনও এত ভাল লাগে সবকিছু—আবার কখনও কখনও কেমন হতাশা। আমার কি আছে বল ? ইল্ল আমার কাছে আসে দায়ে পড়ে। ও তো আমাকে ভালবাসে না। আমার কিছু। নেই। আমি এখনও বাচচা মেয়ে হয়ে আছি। ওর কেন আকর্ষণ থাকবে বল ?

এভাবে কত সব ভাবনা এসে মাঝে মাঝে টুকুনকে ভীষণ অভিমানী করে রাখে—পাথিটাকে পাঠিয়ে দিতে পারছ না ? সে আমার কত খবর নিয়ে যেত। আমার কত গল্পের বই আছে। সেখানে কতরকম ভাবে সব মান্ত্র্য সমস্ত সৌরজগতের খবর নিয়ে বৈড়াচ্ছে, আর তুমি ভোমার পাথিটাকে পাঠিয়ে আমার খবরটুকু নিতে পারছ না!

টুকুন এখন দেখল ইন্দ্র আর নেই। এত বড় একটা সম্পত্তির ওপর ইন্দ্রের লোভটা সে কি করে যে টের পায়। ইন্দ্রের বাবা থুব খুশী। আগে এ-বাড়িতে ওদের গলা সে কখনও শুনেছে মনে করতে পারে না। এখন এ-বাড়িতে ইন্দ্রকে নিয়ে আসায়—ওরা শ্বুব আসে। বাবার মুখ দেখলে টের পায় টুকুন, তিনি আর কাজে কোন উৎসাহ

हेक्टनत्र **च**ळ्थ

পাচ্ছেন না। চারপাশ থেকে বাবাকে কারা যেন অক্টোপাশের মত গিলে খাচ্ছে। কখনও কখনও এমন মনে হয়ে যায় যে টুকুন ইক্রেকে একদম সঞ্চ করতে পারে না। কিন্তু স্বভাবে টুকুন ভারি মধুর। সে রাগ করে কেন জানি কথা বলতে পারে না। রাগ করে কথা বলতে পারেল সে কবে ইক্রেক ভাডিয়ে দিত।

টুকুন বুঝতে পারে এভাবে একজন তরুণ দেশীক্ষণ বদে থাকতে পারে না। সে যথন খুব বিনয় করে বলে, আমি আসি টুকুন, আবার পরে আসব—তথন টুকুনের ভারি হাসি পায়। কেন যে মিথ্যা অভিনয় করছে ইন্দ্র! ওর বলতে ইচ্ছা হয়, ভোমাকে আর কথনও আসতে হবে না। তুমি আমার কাছে এসে কোন উৎসাহ পাও না। উৎসাহ না পেলে কিছুই জমে ওঠে না। যদি স্থবলকে ছাথো, দেখবে সে ধে কোথাকার সব রাজ্যের ফুল ফল পাথির থবর নিয়ে আসছে।

স্তরাং ইন্দ্র চলে গেলে পর ফাঁকা। মা এসে কিছুক্ষণ পাশে বসে থেকে গেছে। গীতামাদি আদবে নানারকমের থাবার নিয়ে। সে একটা ছটো খাবে, বাকিটা খাবে না। তারপর ওর যা কাজ, জানালায় বসে মালিদের বাগানে কাজ দেখা। প্রতিটি গাছ ওর এত চেনা যে, এখন ইচ্ছা করলে সে যেন বলে দিতে পারে কোথায় ক'টা নূতন কুঁটি নেলেছে, কখন ফুল ফুটবে, ক'টা ফুল ক'টা গাছে ফুটে রয়েছে। ম্যাগনোলিয়া গাছে ছটো ফুল ফুটেছিল কাল। সাতটা কুঁড়ি। তিনটা ফুটবে ফুটবে ভাব। আগামীকাল তিনটা ফুল ফুটবে। আগে এইসব ভাল জাতের ফুল তুলে এনে ওর ঘরে নীল রংয়ের ভাসে সাজিয়ে রাখত গীতামাদি। কিন্তু সে বারণ করেছে, ফুলেরা গাছে থাকলে বেশী ভাল লাগে। ওরা যে কি ভাবে ফোটে! কখনও কখনও রাত জেগে দেখতে ইচ্ছা হয়। সে এভাবে আজ পর্যন্ত একটা ফুলের কাছকাছি যেতে পারল্ব না। ফুল হয়ে ফুটে উঠতে পারল না। কারায় ওর গলা বুজে আসে তখন।

স্থবল এলে বৃঝি সত্যি সত্যি সে এবার ফুল হয়ে ফুটে উঠতে পারত। শরীরে তার নানারকমের আ্বাল, সুন্দর স্থানর সহ ইচ্ছারা গলা কবে বেড়াত। স্থবল এলে এইসব ইচ্ছা কেন যে জেগে যায়। এবং সে তখন যেন ইচ্ছা করলে ছুটতে পারে।

সে বলল, গীতামাসি আমাকে ছোট রাজপুত্রের বইটা দাও তো।
টুকুন 'বৈমানিকের ভায়রি'টা তুলে নিয়ে সেই ছোট রাজপুত্রের
ল্লটা পড়তে থাকল।

বৈমানিক লিখেছে, প্রতিদিন আমি তার গ্রন্থ, সেখান থেকে তার যাত্রা তার ভ্রমণ বিষয়ে খানিকটা করে ক্লেনেছিলাম। এভাবে তৃতীয় দনে বাওবাব গাছের গল্পটি জেনেছিলাম।

পেটাও **আমার সেই ভে**ড়ার ছবি আকার কল্যাণেই জানতে প্রেছি।

কারণ দেখেছিলাম, ওর মুখে ছোট্ট সংশয়ের রেখা। সে যেন কি ভবছে। কি যে ভাবছে আমি জানি না। চারপাশে বিরাট সাহারা, আমার কাছে অ'র পাঁচ দিনের মাত্র জল আছে। এর ভিতর ইড়োজাগাজটাকে মেরামত করে নিতে না পারলে, আমি আর ফরতে পারব না। আমার ছোট্ট বন্ধুটির সঙ্গে সারা মাস কাল শেধহয় এই মকভুমিতেই ঘুরে মরতে হবে। আমি বললাম, কিছু বলবে ?

- —অনেকক্ষণ থেকে ভাবছি কিছু বলব, কিন্তু—
- --কিন্তু কি ?
- —তুমি যে-ভাবে কাজ করে যাচ্ছ—
- —ই্যা কাজ করছি। না হলে দেশে ফেরা যাবে না।
- —কিন্তু তুমি ঠিক জানো তো ভেড়ারা গুলা খায় ?
- ---ই্যা থায়।
- —যাক বাঁচা গেল 📗 কি যে ভাবনা হচ্ছিল !

টুকুনের অহুথ

আমি ঠিক ব্ঝতে পারলাম না সে এমন বলছে কেন! আবার ছোট্ট রাজপুত্রের ভারি গলায় প্রশ্ন—ওরা বাওবাব খায় ?

আমি হেসেছিলাম। এমন একটা প্রাণ-সংশয়ের ভিতর আছি, আর সে কিনা এমন সব প্রশ্ন করছে—ভেবে অবাক, বললাম—বাওবার তো গুলাজাতীয় গাছ নয়। তুমি যদি একপাল হাতি নিয়ে যাও এবং তার ওপর তোমার ভেড়াটাকে চাপাও, তবু বাওবাবের পাতার নাগাল পাবে না।

- অ:। ছোট রাজপুত্রকে খুব যেন চিন্তিত দেখাল। তারপর খুব জোরে হেসে নিল, তুমি একটা কথা জান না, সব গাছই বড় হবার আগে ছোট থাকে। ছোট থেকে বড় হয়।
 - —তাহলে তুমি বাওবাবের চারাগাছের কথা বলছ ?

ছোট্ট রাজপুত্র কিছুক্ষণ আমার দিকে তাকিয়ে কি দেখল। আর একটা সংশয় যেন দানা বাঁধছে। প্রশ্ন করল, ভেড়া যদি গুলা খায় তাহলে বলতে হবে ফুলও খায়।

- —ওরা যা পায় তাই খায়। আমাদের দেশে কথাই আছে, ছাগলে কি না খায়, পাগলে কিনা বলে।
 - -ছাগল ব্যাপারটা কি গু

বুঝতে পারলাম ছোট্ট রাজ্বপুত্র ছাগল ব্যাপারটা জানে না। আমি বললাম, সে এক রকমের ভেড়ার মতই দেখতে জীব।. এবং সঙ্গে সঙ্গে ওর চোখে আবার সংশয় ফুটে উঠছে। সে কিছু আবার প্রশ্ন করবে বুঝতে পারলাম।

- —আচ্ছা যে ফুলের কাটা আছে—
- যে ফুলের কাঁটা আছে ওরা তাও খেয়ে নেবে।

তথন আমি থুব ব্যস্ত ছিলাম বিমানের কাজে। একটা লোহার ভাণ্ডা ভিতরে ঢুকে গেছে। ওটাকে বের করতে না পারলে শান্তি নেই। জলও ক্রমে আমার কমে আসছে। থুব শহিত ছিলাম এ-জন্ম। পাশে ছোট্ট রাজপুতের একের পর এক প্রশ্ন। আর আশ্চর্য, কোন প্রশ্নের যতক্ষণ পর্যন্ত জ্বাব না পাবে—একনাগাড়ে সে ভা জানতে চাইবে। মনে মনে কিছুটা বিরক্ত। যা মনে আসছে ভাই আবোল-ভাবোল কিছু বলে সান্ত্বনা দেবার মত বললাম, কাটা দিয়ে কিছু হয় না। ওগুলো আমার মনে হয় ফুলগুলির ছুইুমি।

ছোট্ট রাজপুত্র বলল, ও। তারপর কিছুক্ষণ চুপ করে থাকার পর কেমন ভীষণ রেগে গিয়ে বলল, তোমার কথা মানি না। যা মনে আসছে বলে যাচছ। ফুলেরা তুর্বল আর সরল বলে কাঁটা না থাকলে চলে না। ও-ভাবে কাঁটা আছে বলেই কারো কারো কাছে ওরা ভয়ানক।

কোন জবাব দিচ্ছিলাম না। এত বড় একটা মকভূমির মত মত জায়গায় ছোট্ট রাজপুত্র আমার সঙ্গী। সে যদি আমাকে কেলে চলে যায়—ভাবতেই গা-টা ভয়ে কাঁটা দিয়ে উঠল। আমি তাড়াভাড়ি ডাপ্ডাটা খোলার জন্ম খুব জোরে হাতুড়ি মারলাম। একেবারে প্রটাকে উপড়ে আনতে চাইছি।

ছোট্ট রাজপুত্র ফের বলল, তুমি কি ভাব ফুলেরা—

—না না, আমি কিছুই ভাবছি না। কেবল আবোল-তাবোল বকে যাচ্ছি। আমার মাথাটা ঠিক নেই। তা ছাড়া দেখছ না দরকারী কাজে ব্যস্ত।

ছোট্ট রাজপুত্র আমার দিকে ভারি বিশ্বয়ের চোথে তাকাল। বলল, দরকারী কাজ! সে কি জিনিস আবার ?

আমি কিছু বললাম না। আমার কিছু ভাল লাগছিল না।

হাতের আঙুলে, হাতুড়িতে তেল-কালি মাথা। বেয়াড়া একটা যদ্রের ওপর ঝুঁকে আছি দেই কথন থেকে। ছোট্ট রাজপুত্র আমায় কেবল এখন তাকিয়ে তাকিয়ে দেখছে। এবং বুঝতে পারছিলাম ভীষণ রেগে যাছেছে। দে কের বলল, তুমি বড়দের মত কথা বলছ।

টুকুনের অহপ

আমি কিছু বলছি না। এমন কি তাকাচ্ছিও না। সে বলল, তুমি সব ভূলে গেছ, গুলিয়ে ফেলছ।

ছোট্ট রাজপুত্র এ-ভাবে চটে যাছে। সে কোন ছোট গ্রহাণু থেকে পাথিদের ডানার মত এক রকমের কি সব লাগিয়ে এক গ্রহ থেকে অন্য গ্রহে ঘুরে বেড়াছে। এথানে এসে সে এমন একটা বেরসিক লোকের দেখা পাবে বোধহয় আশাই করতে পারেনি। ওর সোনালি চুলগুলি কি যে মাথনের মত নরম, ওর চোথ কি যে নীল—সে আর যেন আমার এই অবহেলা মোটেই সন্থ করতে পারছে না।

সে এবার একনাগাড়ে বলে চলল, একটা গ্রহের কথা জানি আমি।
সেখানে ঘন লাল রংয়ের একটা লোক থাকে। কখনও একটা ফুল
ভূকে দেখেনি। সে কোনদিন সাদা ভ্যোৎস্লায় হেঁটে বেড়ায়নি
আকাশের ভারা দেখেনি, কাউকে সে ভালবাসেনি। সে একটা যোগ
আন্ধ ছাড়া কিছুই করেনি। সারাদিন ভোমার মত বলত, আমি ভারি
ব্যস্ত মান্ধয়। আর অহস্কারে মাটিতে পা পড়ত না। একটু থেনে
ছোট্ট রাজপুত্র তুহাতে বালি ছড়িয়ে দিতে দিতে বলল, সে কি একটা
মান্ধয়। সে ভো একটা ব্যাভের ছাডা।

- —একটা কী? হাতের সব কাজ ফেলে ওর মুখোমু'খ
 দাঁডালাম।
- —একটা ব্যাঙ্গের ছাতা। রাগে ছোট্ট রাজপুত্র একেবারে সাদা হয়ে গেছে।

ওর সোনালি চুল ছোট পাথির বাসার মত বাতাসে যেন কাঁপছে।

সে ক্রমান্বয়ে রাগে তৃঃখে বলে চলল, লাখ লাখ বছর ধরে ফুলের। কাঁটা তৈরি করছে। আর লাখ লাখ বছর ধরে ভেড়ারাও ফুল খেয়ে যাচ্ছে। যে কাঁটা কারুর কোন কাজে আসে না, ফুলেরা ভাই বানাভে গিয়ে এত কষ্ট করে কেন, সেটা জানা কি দরকারী নয় ? এই যে লড়াই ফুলের সঙ্গে ফুলের কাঁটার, ভেড়ার সঙ্গে ফুলের—সেটা একটা যোগ অঙ্কের চেয়ে বেশী দরকার নয় জানার।

আর কথা বলতে পারছিল না ছোট্ট রাজপুত্র। কোনরকমে ধীবে ধারে বলছিল—কেউ যদি একটা ফুলকে ভালবাদে, যে ফুল লক্ষ লক্ষ তারার ভিতর তাদেরই একটি হয়ে ফুটে আছে, এবং তখন যদি একটা ভেড়া সেই ফুল খেয়ে ফেলে—আর যদি আকাশের ভারারা সঙ্গে সমস্থা নয় ?

এবং এ-ভাবে ছোট্ট রাজপুত্র আর কথা বলতে পার্ভিল না। হঠাৎ কেন যে ফুঁপিযে ওঠে কাল্লায় ভেঙে পড়ল দে। রাত নেমে এসেছিল। যন্ত্রপাতি ফেলে এবার ওঠে দাঁড়ালাম। এই মরুভূমির রুক্ষতা, সীমাহীন বালুরাশি, তৃষ্ণা, মৃত্যুভয়—সবই কেমন তৃচ্ছ বলে মনে হল। কেন জানি মনে হল আমার গ্রহ এই পৃথিবীতে এক ছোট্ট রাজপুত্র চলে এসেছে—যার নিয়মকারুন সব আলাদা, যাকে আমায় সান্ত্রনা দিতে হবে। ওকে হাত বাড়িয়ে বুকে তুলে নিলাম। একটা ফুলের মালার মত হাতের ওপর দোলাতে লাগলাম। তাকে সান্ত্রনা দিলাম, যে ফুল ভালবাদ তুমি, তার কোন বিপদ হয়নি। তোমার ভেড়ার একটা মুখ-ঢাকা একে দেব। আর তোমার ফুলের জন্ত্র একটা বর্ম। আর ভেবে পেলাম না ওর হয়ে আমি আর কিবলব। বুঝতে পারছিলাম না ভাকে কি ভাবে আর শান্ত করব। কিকরে ভার মন পাব। চোথের জলের রাজ্যটি সভ্যি বড় রহস্তময়।

টুকুন বুঝতে পারল না এ-ভাবে বইটি পড়তে পড়তে সে-ও ফুঁ পিয়ে ফুঁপিয়ে ফাঁদছে কেন। এ-ধরণের কান্না তার বুক বেয়ে কখনও ওঠে আসেনি। সে নির্বান্ধব ছেলেটি এখানে কোথায়। সে তার কাছে এলে যেন এখন বলতৈ পারত, আমরা এখানে থাকব না স্ববল, সেই

টুকুনের অহুণ

ছোট-গ্রহাণুতে চলে যাব। তুমি আমি ছোট্ট রাজপুত্র একদক্ষে থাকব। ওর ফুলকে পাহারা দেব।

এবং এ-ভাবে টুকুন কখনও কখনও সন্ধ্যায় অথবা রাতে নিজের বিছানা থেকে বড় জানালা দিয়ে অন্ধকার আকাশ দেখতে থাকে। এবং সব উজ্জ্বল গ্রন্থ দেখতে দেখতে কোন বিন্দুর মত অমুজ্জ্বল কিছু দেখলেই মনে হয় বৃঝি সেই গ্রহাণুতে ছোট্ট রাজপুত্র থাকে। স্থবলকে নিয়ে সে যদি সেখানটায় যেতে পারত! স্থবল সেদিন শেষ্কালীবোদির কাছে ফিরে আসবে ভেবেছিল। সে গিয়ে যথন দেখল টুকুন দিদিমণি হাসপাতাল ছেড়ে চলে গেছে, তখন ওর আর কিছু ভাল লাগছিল না। কেউ তাকে আর কোন খবরও দিল না। সে ছবার চেষ্টা করেছে সেই সিস্টারের সঙ্গে দেখা করতে। কিছুতেই স্থবলের সঙ্গে সিস্টার দেখা করতে চায়নি।

তবু যা হয়ে থাকে, মনের ভিতর এক অসীম বিষণ্ণতা। সে যথন তার প্রাম মাঠ ফেলে চলে আসছিল, তথন কি ভীষণ মায়া তার প্রাম মাঠের জন্ম। সে বার বার বলেছে, আমি আবার ফিরে আসব মা স্বচনী। স্বচনী দেবী ওদের খ্ব জাগ্রত দেবতা। তার যতদ্র মনে আছে, বাবা-মা ওর কি একটা অস্থ্যে একবার সেই দেবতার মন্দিরে পূজা দিয়েছিল। সে সেই পূজা দেখেছিল, না অস্থ্য মানুষের মূখে শুনে শুনে সে তার-বাবা-মা-র সম্পর্কে একটা ধারণ। গড়ে রেখেছে, এখন মনে করতে পারে না।

স্বল জানত না এই শহরে এদে দে এক মায়ায় জড়িয়ে পড়বে।
এতবড় শহরে কি করে যে টুকুন দিদিমণি তার খুব কাছের মানুষ হয়ে
গেল! এখন নিজের ওপরই তার রাগ হচ্ছে। দে যদি দেবদারু
গাছটার নীচেই আস্তানা গেড়ে নিত! কিন্তু ওর কি যে হয়ে গেল,
বেশী পয়সার লোভে দে অল্প ব্যবদা করতে গিয়েই মরেছে। দে
সময় কম পেত। আগের মত খুশীমত ছজোড়া জুতো পালিশ করে
গাছের নীচে ঘুম যেতে পারত না। এখন কেন জানি ঘুমিয়ে পড়লেই
মনে হয় কেউ তার সবকিছু চুরি করে নিয়ে যাবে। তার এমন কিছু
হয়েছে, য়া চুরি যাবার ভয়। তার আর আগের মত কোন স্বাধীনতা

টুকুনের অস্থ

নেই। সে বুঝতে পারে, এইসব শহরে এলেই মান্ত্ষের স্বাধীনতা চুৰি যায়।

সে যখন শেফালীবৌদির ওখানে ফিরল তখন বেশ রাত হয়ে গেছে। সে ইচ্ছা করলে ফুটপাথে রাত কাটিয়ে দিতে পারত। কিন্তু কেন জানি সে আজ খুব পরিষ্কার হয়ে গেছিল, এমন কি সঙ্গে সে পাথিটাকেও নিয়ে যায়নি। ভার হাঁটতে হাঁটতে মনে হয়েছিল, পাথিটাকে খাওয়ানো হয়নি। নানা কারণেই সে ফিরে না এসে পারেনি। আর এমন পরিচ্ছন্ন পোশাকে ফুটপাথে রাত কাটাতেও কেমন খারাপ লাগছিল।

শেষণালী সুবলের মুখ দেখেই বুঝল, টুকুনের সঙ্গে সুবলের কিছু একটা হয়েছে।

দে বলল, মুখ গোমড়া কেন রাজা ?

- —তোমার কাছে থাকব বৌদি আজ। দাদা এখনো ফেরেনি ?
- —না। একটু থেমে বলল, সিস্টার আবার বুঝি ধমক দিয়েছে ?

সে জবাব দিল না কিছু। গলায় স্থবলের মাফলার জড়ানো স্বভাব।
সে তার গ্রামে দেখেছে, কেউ বাবু বনে গেলে গলায় একটা কমফটার
জড়িয়ে রাখে। সে-ও আজ গলায় একটা কমফটার জড়িয়ে গিয়েছিল।
সে সেটা একটা দড়িতে ঝুলিয়ে ঝুড়ির ভিতর থেকে পাখিটাকে বের
করল। সে পাখিটার জন্ম ইচ্ছা করলে একটা খাঁচা কিনতে পারে।
কিন্তু খাঁচায় পাথি রাখার ইচ্ছা স্থবলের হয় না। পাথি সেই যে কবে
বাঁশের চোঙে আশ্রয় নিয়েছিল, আর সে অন্য আশ্রয়ে যেতে চায়নি।
সে বলল, পাখি তোর টুকুন দিদিমণি চলে গেছে।

পাখি পাখা নাড়ল। যেন বলতে চাইল, কোণায় ?

-- জানি না।

শেকালীর ঘুম পাচ্ছিল। স্বল কিছু খাবে হয়তো। ওকে জ্বল-নূন দিতে হবে। বাকিটা স্বল নিজের কাছে রাখে। ছোলার ছাতু, লঙ্কা, একট্ চাটনি। সে একটা থালায় এসব রেখে শেফালীবৌদিকে হয়তো বলবে, এক গ্লাস জল দাও তো বৌদি, থেয়ে নি।

কিন্তু আজ সে-সব কিছুই করল না সুবল। বরং পাথিটাকে থাওয়াল। তারপর পাথিটার সঙ্গে কি যেন ফিস ফিস করে বলল. এবং এক সময় মনে হল, ওর টুকুনদিদিমণিকে খুঁজতে যাওয়া দরকার। সে শেফালীবৌদিকে বলল, গৌদ ভোমাকে একটু বস্তু কবতে হবে। আমার যা কিছু—এই যেমন কড়াই, চিনেবাদান, ছোলা মটর সব এখানে কিছু দিনের জন্ম থাকল। কবে ফিরব ঠিক নেই। পাথিত সঙ্গে নিয়ে যাছিছ।

- —দেশে যাচ্ছ নাকি ? অবাক চোখে তাকাল শেফালী।
- —দেশে আমার কেউ নেই। আমাদের কেউ নেই। তবে স্বপ্ন
 দেখেছি একদিন জনাদনি চক্রবর্তী স্থবচনী দেবীর মন্দিরের বাইরে
 একটা ছরিণকে ধরার জন্ম ছুটছে। কি যে স্বপ্ন! স্বপ্নটার কোন মানে
 হয় না।
 - —কিন্তু এত রাতে! কিছু খেলে না! তুমি কি পাগল!

সুবল হাসল। সুবলের লম্বা পান্ডামা, লম্বা পাঞ্জাবি গেরুয়া রংয়ের এবং সন্ধ্যাসীর মত মুখ শেক্ষালীকে কেমন কাতর করছে। সে বলল, থেলে না। টুকুনের কাছে গেলে—দেখা হল কিনা বললে না। সিস্টার কি বলল বললে না। কি হয়েছে তোমার গ

- —টুকুন দিদিমণি হাসপাতাল থেকে চলে গেছে।
- —ভাহলে দেখা হয়নি ?
- —না।

এক আশ্চর্য বিষয়তা ধরা পড়ছে সুবলের চোখে মুখে। অথবা দেখলে মনে হয় সুবল মনে মনে কিছু স্থির করে ফেলেছে। তাকে এখন শেকালী কিছুতেই আটকে রাখতে পারবে না। শেকালী তবু বলল, কিছু খেলে না!

টুকুনের অহুধ

- —কিছু খেতে ইচ্ছা হচ্ছে না।
- —তুমি তো দেখছি শহরের মানুষের মত হয়ে বাচ্ছ। স্থবল চোখ তলে তাকাল।
- —ভোমার তো এমন হওয়া উচিত না বাজা।

স্থবল কিছু বলল না। স্থবলের যেমন স্বভাব কথাব ঠিক ঠিক জ্বাব দিতে না পারলে একটু হেসে ফেলা, তেমনি সে হেসে দিল।

এই হাসিটুকু ভাবি স্থানর। এমন ভাবে হাসলে বড় বেশী সরল
মনে হয়। তথন ওকে ঞ্চড়িয়ে ধবতে ইচ্ছা হয়। আদব করতে ইচ্ছা
হয়। এত যে মনের ভিতর তার অশান্তি—কেমন নিমেষে উতে যায়।
তার মানুষ ঘরে থাকে না। মানুষটা সংসার চালাবার নামে কোথায়
থাকে কোথায় যায় সে বলতে পারে না। এবং মগুপানে মানুষটা
কখনও অমানুষ হয়ে গোলে শহরের সব ছংখ একসঙ্গে ধরা যায়। তখন
স্থবলের মত একজন সরল গ্রাম্য বালকের সঙ্গা পেতে বড ভাল লাগে।

শেফালী বলল, তুমি রাজা আজ কোথাও থেতে পারবে না।

সুবল দেখল শেকালীবৌদির চোখে ভীষণ মায়।। ভীষণ এক টান। এবং এই শহব, নির্বান্ধব শহরে দে কেন জানি আর না করতে পারে না।

শেষালী বলল, আমি ক'টা গরম রুটি সেঁকে দিচ্ছি। একটু আলুব তরকারি। বেশ থেতে ভাল লাগবে।

স্বল বলল, তুমি আমার জন্ম এত রাতে এসব করবে 🛪

—ব': করব না! ভোমার দাদা এসে যদি জ্ঞানতে পারে রাজা রাজে না খেয়ে বের হয়ে গেছে, তবে আমাকে আস্ত রাখবে!

স্থবল বুঝতে পারে এই শহরের কোথাও নানা ভাবে নানা বর্ণের তুংখ জেগে আছে। এই সংসারে এমন এক তুংখ। অভাব-অনটনের সংসারে একটা মানুষ সবসময় কোধায় কি করে বেড়াচ্ছে। কেমন একটা পালিয়ে বেড়ানোর স্বভাব অজিভদার। কোধায় যে এই মান্তবের আন্তানা সে সঠিক জানে না। খুব কম সময় সে অজিওদাকে এখানে দেখেছে। এবং শেকালীবৌদির চোখ দেখে মনে হয়েছে সে-ও সঠিক ঠিকানা অজিওদার জানে না। ওর মনে হল টুকুন দিদিমণির সঙ্গে অজিওদার সঠিক ঠিকানাটাও সে খুঁজে বের করবে। সে বলল, দাও তবে। আজ আর বের হচ্ছি না। যখন বললে, তখন আজ বাতটা এখানেই কাটানো যাক।

সুবল কেমন স্মার্ট গলায় এখন কথাবার্ত। বলছে। সে দেখল বাবানদাব উন্ননে বৌদি আঁচ দিচ্ছে। এবং বৌদিকে দেখে মনে হচ্ছিল কিছুদিন থেকে দাদার সঙ্গে একটা বোঝাপড়ার অভাব হচ্ছে। অথবা বৌদির এমন একটা জায়গা ভাল লাগছে না। কারণ বৌদি থুব পবিপাটি এবং সেজেগুজে থাকতে ভালবাসে।

অজিতদাব থুব ইচ্ছা বৌদির জন্ম দে যাবতীয় কিছু করবে। এত সব অট্টালিকা এই শহরে, বৌদির জন্ম এমন একটা অট্টালিকা চাই। এবং যখন দে নানাভাবে চেষ্টা করেও কোনরকমে একটু স্থানর ভাবে বাঁচবার মত ব্যবস্থা করতে পারে না, তখন কেমন হীনমন্মতায় ভোগে। এবং এ-ভাবে সংসারে অশান্তি নেমে এলে মনে হয় শেকালীবৌদিকে অজিতদা কোথা থেকে যেন চুরি করে নিয়ে এসেছে। অনেক কিছুর প্রলোভনে শেকালীবৌদি সব কিছু পিছনে কেলে চলে এসেছিল। বৌদি কতদিন কতভাবে তাকে নানারকম সব গল্প শুনিয়েছে। এবং আজকের এই রাতে থেকে যাওয়া একটু বেখাপ্পা ঘটনা। ওর সঙ্কোচ হচ্ছিল।

শেফালী বলল, বেশ গরম পড়েছে। চান করে নাও।

কলতলা খোলা। দেখানে সে পাজামা খুলে চান করতে পারে না। এবং শরীরে সব অস্পষ্ট জলের রেখা চারপাশে ভেসে উঠছে। সে ছুঁলেই বৃথতে পারে নরম, খুব নরম স্বকে বাবৃইয়ের বাসার মত গুচ্ছ গুচ্ছ কি সব ভেসে উঠেছে। এবং এ-ভাবে ওর এক লজ্জা

টুকুনের অহুথ

নিবারণের কথা মনে হয়। সে বলল, বৌদি আমি বরং রাস্ভার কল এথকে স্নান করে আসি।

শেফালী বলল, এত রাতে বাস্তার কলে চান করলে পুলিসে ধরে নিয়ে যাবে।

পুলিসকে বড় ভয় স্থবলেব। সে বলল, আমি ববং হাত-মুখ ধুয়েন।

শেফালী বলল, বাস্তায গাছের নীচে শুয়ে থাকলে এত গবস লাগে না বাজা।

ঘবে শুলে ভীষণ গ্ৰম। চান না করে নিলে ঘুমোতে পাব্বে ন'।

- —ভাহলে আমি যথন চান কবব, তুমি কিন্তু তাকাবে না।
- . —ভাৰালে বি হবে গ শেফালী হেসে দিল।

সুবল বাংল, আমি বাংচ হাংয় গেছি বৌদি। বাংলাই সে কেমন ভোলা মামুখেব মাত লাজ্জায় মাথা নীচু কাংব রাখল।

- —আমার বড় তোয়ালে আছে—ওটা পরে নাও।
- —ভোমাদেব অস্থবিধা হবে না । অজিতদা খারাপ ভাবতে পাবে।

স্বল আর কিছু না বলে বেশ বড় একটা তোয়ালে নিয়ে নিল।
সংসারে অজিতদাব যা কিছু বোজগার সব শৌ,খনতার জন্য। স্ববল
এতসব স্থলবভাবে ভাবতে পাবে না। তবু যখন ভোষালেতে এক
মনোরম গন্ধ, সে তোয়ালেটা মুখে নিয়ে কেমন ছাণ নিতে থাকল
এমন ব'-বেরংয়ের ভোয়ালে নিশ্চয়ই বৌদির। সে ঠিক টুকুন দিদিমনিব
মত এক আশ্চর্য স্থাস পায় বৌদির শরীরে। আর কেন জানি
স্বলের মনে হয় এই শহরে, সে যতবার যতভাবে যুবতী মেয়েদেব
অথবা ফ্রক পরা মেয়েদের সালিখ্যে এসেছে, কেমন এক ফ্লের স্থভাস
স্বার গায়ে। সে ভাবল, সে যখন ফুল বিক্রিক করবে তার শরীরেও
এমন একটা মিষ্টি গন্ধ থাকবে।

শেকালীবোদির চটপট সব হয়ে যায়। সুবল গড়িমসি কর'ছল খুব। ধুব তো এমনভাবে বাঁচার স্বভাব নয়। এ যেন আলাদা বাাপার। সে একটা আলাদা স্বাদ পাচ্ছে। খুব নিরিবিলি একটা ঘরে, বৌদি, বৌদির রাল', ঝালের গন্ধ, এবং আলোর ভিতর বৌদির কপালে ঘামের চিহ্ন কেমন এক আকর্ষণ তৈরী করছে। সে সুবল, সংসারের নিয়ম-কান্থন সঠিক তার জানা নেই, সে জানে না, এ-ভাবে কোন যুবতী বালককে বেঁধে-বেড়ে খাওয়াতে পারে, সে ভারী এক রহস্থের স্বাদ পেয়ে যাচ্ছে, সে বলল, বৌদি এখানে এলে আমার আর যেতে ইচ্ছা হয় না। অজিতদা যে কি করে ভোমাকে ফেলে এতদিন নিকদেশ হয়ে থাকে বুঝতে পারিনা।

শেফালী বলল, তুমি থেকে যাও না রাজা।

- —আমায় যে বৌদি টুকুন দিদিমণির কাছে যেতে হবে।
- কে যে এক টুকুন দিদিমণি তোমার!
- —না, থুব ভাল। আমাকে দেখলেই দিদিমণির প্রাণে যেন জল খালে।
 - -- তুমি ঐ ভেবেই স্থথে থাক।

প্রবল বলল, মামি যথন ফুল বিক্রি করব তথন একটা করে ফুলের গুচ্ছ গিদিমণিকে দিয়ে আসব।

- —তুমি ওকে কোথায় পাবে ?
- —কেন, এই শহরে।
- --সে কি খুব ছোট ব্যাপার ?
- —আমি যথন ফুল নিয়ে রাস্তায় রাস্তায় বিক্রি করব তখন আমার ডাক শুনলে ঠিক দিদিমণি টের পাবে। জানালা খুলে দিলে আমাকে চিনতে পারবে।

আমি বলব, দিদিমণি ভোমার ফুল। শেকালী এই সরলভার জক্ত কেমন মুগ্ধ হয়ে যায়। সে বলল,

हेक्टनद चन्न्थ

তুমি দাঁড়াও রাজা। ঝালটা হয়ে গেলে তোমাকে জ্বল পাম্প করে দেব।

শেফালী জল পাম্প করে কেমন ছেলেমানুষের মত বলল, রাজা তুমি সাবান মাথ না কেন গ

- —সাবান কোথায় পাব **?**
- —আমি তোমাকে সাবান মাখিয়ে দিচ্ছি। আমাকে তোমার দাদা পামঅলিভ কিনে দেয়।
 - —আমার গায়ে মেখে দিলে তোমার শরীরের মত গন্ধটা হবে ?
- —হাঁ। ঠিক আমাব শবীরে তুমি স্নান করে এলে যেমন গন্ধ পাও ঠিক তেমনি।
- —তবে দাও। থুব স্থন্দর গন্ধ শরীরে থাকলে আমার রাস্তা দিয়ে হেঁটে যেতে ভাল লাগে।

শেকালী ছুটে ছুটে কাজ করছিল। ওর যেন এটা একটা খেলা ছয়ে গেছে। সুবলকে নিয়ে খেলা। সুবল কলেব নীচে বসে আছে। সুবলের পিঠে শেফালী সাবান মাথিয়ে দিচ্ছে। বড় নরম শরীর সুবলের। ওর ঘন চুল কি কালো। কপাল প্রায় যেন ঢাকা। লম্বা ভুরু। চোথ ভাসা, এবং পদ্মফুলের মত জলের ওপর যেন গাছের ছায়ায় ভেসে বেড়াচ্ছে।

কি যে ভাল লাগছিল শেফালীর—এমন ভাবে সাবান মাথিয়ে দিতে! ওর শরীরের ভিতর এক আশ্চর্য অহঙ্কার আছে, শেফালী কেমন পাগলের মত ওর শরীর নিয়ে, ঠিক একটা ছোট্ট পাথির মত ওব অহঙ্কার ছুঁয়ে ছুঁয়ে যাচ্ছে। স্থবল বলছে, বৌদি ঠিক আছে, এবার বাকিটা আমি ঠিক পারব।

- ---না, তুমি পারবে না রাজা। তুমি কিছু জান না।
- জানি, ঠিক জানি। দাও, স্থাখো কি করে মাখতে হয় দেখিয়ে দিচ্ছি। তুমি এমন করছ, আমার ভীষণ খারাপ লাগছে।

কিন্তু শেকালী আজও আশা করেছিল, অজিত ফিরে আসবে, কিন্তু যা খবর পাঠিয়েছে ওর মানুষ দিয়ে, অজিত কবে আসবে ঠিক নেই, কবে আসতে পারবে সে বলতে পারবে না। কিছু টাকা পাঠিয়েছে। ভীষণ হাতাশা ছিল মুখে। এই সুবল এখন সব আকাজ্ফার রাজ্যে নতুন বাতির মত।—তোমার শরীরে রাজা কি ময়লা, বলেই সে বগল তুলে ঘষে দিতে গেলে দেখল, কালো মস্থা ছোট সুন্দর সব চুলের গুচ্ছ—ঠিক কলমি ফুলের মত রং। ঠিক কালো নয়, কিছুটা তামাটে রং। স্ববলের কেমন কাতুকুতু লাগছিল। সে হো হো করে হাসতে থাকল।

শেফালী বলল, তুমি এমন বড় হয়ে গেছ আগে বলনি কেন রাজা ?
স্থবল কোন জবাব দিতে পারল না । একেবারে চুপ মেরে গেল।
সত্যি ওর ভীষণ খারাপ লাগছিল। এবং ভয়ে ক্রেমে গুটিয়ে যাচ্ছিল।

এ-ভাবে হৃদয়ের কাছাকাছি থাকার যে বাসনা মানুষের, মানুষ যার টানে বড় রকমের কঠিন কিছু করতে পারে না, এবং এভাবে স্থবলের ব্যথিত মুখ দেখে শেফালী কেমন থমকে গেল। বলল, স্থবল আমি ঠিক করিনি। তুমি এমন তৃঃখ পাবে জানভাম না।

স্থবলেব ভিতর এক পাপবোধ এ-ভাবে জন্ম নিলে—এই শহরের মানিকর সব ছবি ভাকে ভাড়া করে বেড়াভে থাকে। ওর মনে হল, সকাল হলেই সে ফুলের সন্ধানে চলে যাবে।

সঙ্গে থাকবে পাথিটা। যা সামান্ত সম্বল আছে এই দিয়ে সে এই শহরের বড় রকমের পাপখণ্ডনের নিমিত্ত আবার রাস্তায় নেমে গেল। সেই যে এক দেশ, যে দেশে সে জন্মেছে, কি যে পাপ ছিল, টুকুন দিদিমণির এমন অমুখ!

সে নানাভাবে ফুলের সন্ধান করে বেড়াল। বই-পাড়ার কাছে খুব বড় ফুলের দোকান আছে। সেখানে সন্ধান নিয়ে সে জেনেছে, কিছুদ্র ট্রেনে গেলে, একজন মামুব আছে। মাঠে ভার কেবল ফুলের চাষ। সে

हुक्तित अश्थ

রজনীগন্ধার চাষ করতেই বেশী পছন্দ করে। ওর কেন জানি মনে হল, এই পৃথিবীতে একমাত্র সেই লোকটির সঙ্গেই তার এখন বন্ধৃত্ব হতে পারে।

সুবল লোকটার সন্ধানে চলে গেল।

একটা নীল রংয়ের ট্রেনে চড়ে একটা সানারংয়ের স্টেশনে সে নেমে পড়ল। যে লোকটা নীলবাতি নিয়ে স্টেশনে দাঁড়িয়ে থাকে ভার কাছেই থবর পেল—লোকটি একটা ভাঙা কুটিরে থাকে। ওব সম্বল একটা লঠন। সে ভার ছুই বিঘা জ্বমিতে নানা রক্মেব ফুলের চায করে থাকে। বেলফুলের জন্ম আছে কাঠা চারেক ভুঁই। বজনীগন্ধার জন্ম আছে কাঠা দশেক। গাঁদাফুল এবং অন্য মরশুমী ফুলের চাষের জন্ম সে রেখেছে বাকি জ্বমিটা।

তার বাড়ি যেতে হলে পায়ে হেঁটে যেতে হয়। সে গেলেই একটা ফুলের গুচ্ছ এনে তুলে দেবে। সেখান থেকে তোমার খুশীমত ফুল পছন্দ করে কিনে আনবে। গুচ্ছের ভিতর সে সব সময় তাজা এবং ভাল ফুলগুলো রাখে। ওর মুখে লম্বা সাদা দাড়ি। ভীষণ কালো রং মামুষটা। সে একটা লুলি পয়ে। মাথায় তার একটা কেজ টুপি। মামুষটা ধার্মিক। পাঁচ বেলা নামাজ। আর ফুল ফোটানো তার কাজ। পৃথিবীতে অস্ত কাজ আছে বলে সে জানে না।

মানুষটার আবার ভীষণ বাতিক। সে যে জমি থেকে মৃত্যুর জন্ম ফুলের ভোড়া তৈরী করে, সেই জমি থেকে কখনও ফুলশয্যার মালা গাঁথে না। সুবল লোকটির পরিচয় পেয়ে থুব খুশী। সুবল বলল, আমার খুব ইচ্ছা ফুলের চাষ করি তোমার মত।

—ফুলের চাষ কোর না। তুঃথ পাবে।

স্বল বলন, তৃঃখ মানুদের জন্ম। মানুষটার কাছে এনে স্বল ভার মত ধার্মিক কথাৰাতা বলতে পেরে আনন্দ পাচেছ।

—তা হলে এই বয়সে স্থ-ছঃখ নিয়ে ভোমার ভাবনা আছে ?

- —ভাবনা কি নিয়ে ঠিক জানি না বুড়োকতা। তবে এটুকু মনে হয়েছে, তুমি খুব আনন্দে আছ। তুমি শহরে যাও না ?
- —শহরে কোন দিন যাইনি। আগে ফুলের চাষ করতাম নেশার জন্ম। এখন এটা পেশা হয়ে গিয়ে ভালই হয়েছে। শুনেছি আমার ফুলের খুব স্থনাম বাজারে। মান্থবেরা মরে গেলে শুনেছি আমার ফুল তাদের চারপাশে ছড়িয়ে দেওয়া হয়। ব্যাপারটা ভাবতে খুব আনন্দ পাই।
- স্থন্দর স্থন্দর বৌরা শুনেছি বিকেলে ছাদে ঘুরে বেড়ায়। তাদের খোপায় আমার এইদর বেলফুলের মালা জড়ানো থাকে। বুড়ো মানুষটি স্থবলকে এমনও বলল।

স্থবল বলল, তুমি আনন্দেই আছ। ফুল বিক্রি করাও থুব আনন্দের। আমার তো তেমন পয়স। নেই।

বুড়ো লোকটি বলল, আমার কাছে একদিনের ধারে পেতে পার। তার বেশী নয়।

- —কিন্তু আমার ঠিকানা নেই।
- —ঠিকানা! মানুষটা ঠিকানার কথা বলতেই কেমন চোখ বড় বড় করে ফোলল।—মানুষের কোন আবার ঠিকানা থাকে নাকি ?
- —থাকে না! এই যে তোমার ঠিকানা, ফুলের মাঠ, একটা সব্জ কুটির এবং নদীর ধারে বড়রাস্তা।

লোকটি বলল, অ:। এই ঠিকানার কোন দাম নেই। আমি ভোমার ঠিকানা চাই না। তুমি তো একদিনের জন্ম ধার নেবে। বাকিটা তো আমার ওপর।

যাই হোক, স্থবল লোকটির কাছে অনেক বেলফুল চাইল। লোকটি বলল, এস।

সুবল লোকটির সঙ্গে হাঁটতে থাকল।

বেলফুলের জমিতে এসে বলল, তুমি এই এই গাছ, বুড়ো এক ছই

हेकूरमद अञ्च

করে গাছের নম্বর বলে গেল, এগুলো তোমার। তুমি এ-সব গাছ থেকে ফুল নেবে। বলেই দে সুবলের মুখে কি দেখল। বলল, দাম অর্থেক হয়ে যাবে। গাছের সেবা-যত্নের ভার নিলে, দাম ফুলের কমে যায়।

সুবল অর্ধেক দামেই ফুলের বন্দোবন্ত নিল।

স্ববল খুব সকালে আসত। গাছে জল দিত। গাছগুলোর সোঁড়া খুঁচিয়ে নিত নিড়িকাচি দিয়ে। নদীতে সে স্নান করত। জোয়ারে জল থাকত খুব নদীতে। সে জল বয়ে আনত নদী থেকে। মাটগুলো টেনে গেলে, অথবা গোড়া শক্ত হয়ে গেলে, স্বলকে খুব চিন্তিত দেখাত। অথবা পোকা লাগলে যে কি করবে ভেবে পেত না। বুড়ো মানুষটা তখন নানারকমের শুকনো পাতা সংগ্রহ করত বন থেকে।
শুকনো কলাপাতা অথবা কচুরিপানা। সব সে আগুন জ্বলে এক রকমের ছাই সংগ্রহ করত। ছাই ছড়িয়ে দিত গাছে গাছে পাতায় পাতায়।

আর সকাল হলেই সুবল দেখতে পেও ঝোড়ো হাওয়ায় পাতা থেকে সব ছাই উড়ে গেছে। পোকা-মাকড় সব মরে গাছের নীচে পড়ে গেছে। পাতগুলো গাছের কেমন সবুজ হয়ে গেছে। আর কি আশ্চর্য সাদা রংয়ের ফুল—চার পাশ গরে ভীষণ আকুল করছে। এমন একটা ফুলের মাঠে দাড়ালে কোথাও হুঃখ আছে বোঝা যায় না।

এই কুটিরের পাশেই স্থবল আর একটা কুটির বানিয়ে নিয়েছে।
সে নদী থেকে মাটি কেটে এনেছে। বুড়ো ম'মুষটা তাকে সাহায্য
করেছে নানাভাবে। এভদিন একা থেকে বুড়ো মামুষটার একরকমের
স্বভাব হয়ে গিয়েছিল—মামুষ কিছুতেই সহ্য করতে পারত না। আর
যে সব ফুলের দালালরা আসত, ভারি খারাপ লোক। নানাভাবে তাকে
ঠকাত। একমাত্র স্থবল এক মামুষ, কেমন সরল, এবং ঠকানো কাকে

বলে জানে না। দে আসার পর তার চাষ দ্বিগুণ বেড়ে গেছে। এবং সময় মত আজকাল বর্ষা আসে। ভাল ভাল ফুল হয়। গোলাপগুলো কি যে বড় হয়ে ফুটছে। গোলাপ চাষেব ভার এখন স্থ্বলের উপর। ছেলেটা ভারি পরা। যেন স্থ্বল বললে, স্ব তার নামেই লিখে দেবে।

এই লোকটিকে দেখে সুবলের কখনও কখনও জনাদনি ১ক্ররতীর কথা মনে হয়। খুব দাস্তিক, কিছুতেই হার মানবে না প্রকৃতির কাছে। এই মানুষেরও একটা তেমন অহঙ্কার আছে। তার মত ফুলের চাষ এ-তল্লাটে কেউ জানে না। সে ফুলের চাষ করে যা উদ্বৃত্ত হয়েছে, একটা মদাজিদ বানিয়েছে। সে সেখানে মাঝে মাঝে গরীব নারুষের জন্ম শিরনি দেয়। তার স্বভাব উল্টো। একটা ই দারা করে দিয়েছে। সে-এদবের ভিতরেই ধর্মকে খুঁজে বেড়ায়। এবং সুবল এখানে আসার পর সে একটু যেন হাতে সময় পেয়েছে। মাঝে মাঝে চারপাশেষ যথন তার অজত্র গোলাপ, তখন সে একটা বড় লম্বা মানুষ হয়ে যায়। এক একটা ফুলের বনে ফেরাস্তার মত মনে হয়।

একদিন সকালে উঠে বুড়ো মানুষটা দেখল, সুবল ঘরের দাওয়ায় চুপচাপ বসে আছে। পাথিটা খুব ওকে ছালাছে। সে মাত্র নামাজ পড়ে এদিকটায় এসেছে সুবলকে বলতে, যেন সুবল গোলাপের দালালি করার লোকটা এলে ভাগিয়ে দেয়। এবাব থেকে সব ফুল সে সুবলকে দিয়ে দেবে। গরুর গাড়িতে সুন্দর করে স্তবকে স্তবকে কলাপাভায় মোড়া ফুলের গুছে। শেষ-রাত থেকে উঠে তুলে ফেলতে হয়। সকাল সকাল স্টেশনে ওগুলো চালান দিতে হয়। রোজ ফুল যায় না। একদিন ছাল্ডর একদিন। কিন্তু সে এসে সুবলকে এমনভাবে বদে থাকতে দেখবে ভাবতে পারেনি।

বুড়ো লোকটা কাছে গিয়ে বলদ, তোর মাজকাদ ফিরতে এত রাভ হয় কেন রে !

স্থবল ভাকাল। খুব বিষয় দেখাছে

টুকুনের অহুথ

বুড়ো মানুষটা এমন একটা মুখ মাঝে মাঝেই সুবলের দেখেছে। চুপচাপ কাজ করে যাচেছ, ফুলের কুঁড়ি বেছে নিচ্ছে সুবল, সাতটা কথা বলললে একটা কথার জবাব দিছে। বুড়ো লোকটা এবার কেমনক্ষেপে গেল, বলল, সুবল ফুলের মাঠে কেউ হুঃখ নিয়ে বাঁচলে আমাব ভাল লাগে না।

- **হঃ**থটা তুমি কর্তা কোথায় দেখলে ?
- সকালে এমন মুখে বদে আছিস কেন ?
- —তুমি জ্ঞান না কর্তা, আমি কতদিন থেকে তাকে খুঁজছি।

বুড়ো লোকটা বুঝতে না থেরে বলল, সে সবাই খোঁজে, কেউ পায় না ৷ আমিও তো তাকে খুঁজছি ৷ পাচ্ছি কোথায় ং

সুবল বলল, তুমি বুড়োকর্তা এমন কোন মেয়ে দেখেছ, কেবল যাব অসুথ ় অসুথ ছাড়ে না। দাঁড়াতে পারে না, হাঁটতে পারে না। কেবল শুয়ে থাকে। মুখটা তার বেলফুলের মত সাদা।

বুড়োকর্তা হা হা করে হেসে উঠল। বলল, মেয়েই দেখিনি জীবনে। তার আবার অসুখ, তার আবার ভাল থাকা। আর তাই নিয়ে তুই মুখ গোমড়া করে রেখেছিস।

সুবল বুড়োকর্তার ছঃখটা কোথায় ধরতে পারে। এমন একজন কুংসিত মামুষকে, কেউ হয়ত ভালবাসেনি। যথন ঘরে বিবি আনার বয়স ছিল, তার পয়সা ছিল না, তার মুখের চেহারাতে আছে, নৃশংস এক ছবি। নিষ্ঠুর মুখচোখ দেখলে কেউ কাছে আসতে সাহস পায় দ'।

কেবল স্থবল জানে— কি কোমল আর ধর্ম প্রাণ মানুষটি। দে বলল, আমি ভেবেছিলাম, তাকে খুঁজে ঠিক বের করব। তার থুব অসুখ। আমাকে দেখলে ও খুব খুলী হয়।

অংবা তান্ধ যেমন ধারণা। সে গেলেই টুকুন দিদিমণি ভাল হত্তে যাবে। এমন এক সরল বিশ্বাস টুকুনের চোথ-মুখ দেখে তার গড়ে

টু**কুনের অহ্ব**

উঠেছে বৃঝি। সে ভোকখনও টেরই পায় না টুকুন দিদিমণি অসুস্থ। সে গেলে জানালা পর্যন্ত হেঁটে আসতে পারে। কত কথা। টুকুনকে নিয়ে সে কত কথা। টুকুনকে নিয়ে সে সারা বিকেল শুধু গল্প আর গল্প। এবং এ-ভাবেই মানুষের মনে অজান্তে এক অহল্পার গড়ে ওঠে। সে জনাদনি চক্রবর্তীর মত রুক্ষ মাঠে বান ডাকাবার চেষ্টা করছে।

বুড়োকতা বলল, তুমি পাবে। তাঁকে ঠিক খুঁজে পাবে। ভাল-মান্ধবেবা তাঁকে একদিন খুঁজে পায়।

সুবল বঝতে পারল বুড়োকর্তা ঈশ্বরের কথা বলছেন। সে আর বুড়োকর্তাকে ঘাটাল না! ঈশ্বর-বিশ্বাসেরই মতই ওর ধাবণা, সে একদিন না একদিন টুকুন দিদিমণিকে ঠিক জানালায় আবিস্কার করে ফেলবে।

টুকুনকে নিয়ে স্থরেশবাবু আবার একটা কষ্টের ভিতর পড়ে গেছেন। শুধু এখন শুয়ে থাকে আবার। মাঝে একটু ভাল হলে স্বরেশবাবু টুকুনকে নিয়ে একটা স্পেদ অডিদি দেখে এদেছেন। টুকুন স্পেদ অডিদি দেখার পর কেমন সত্যি সত্যি বিশ্বাদ করে ফেলেছে হাজার লক্ষ কোটি গ্রহ-নক্ষত্রের ভিতর দিয়ে যখন মহাযানটি ছুটছিল, তখন নিশ্চয়ই তার পাশে ছিল সেই ছোট্ট রাজপুত্রের গ্রহাণু। অথবা সেই যে এক বাতিয়ালা ছিল এক ছোট গ্রহাণুতে তার কথাও মনে পড়ছে। তার গ্রহাণুর পাশ দিয়ে যাবার সময় মহাযানটি নিশ্চয়ই উকি মেরে দেখেছে, বাতিয়ালা সন্ধ্যা হলেই গ্যাদের একটা বাতি জেলে দিছে।

স্থ্যেশবাব্ও মনে মনে সেই পাথিয়ালাকে খুঁজছেন। তাঁর দৈবে এখনও বিশ্বাস আছে। ডাক্তারবাবু পর্যন্ত মত দিয়েছিলেন। কেবল টুকুনের মা-র জম্ম সিস্টারকে ঠিকানা দেওয়া গেল না। তিনি তিন-চার দিন আগে সিস্টারকে ফোন করেছিলেন পাথিয়ালা এদেছিল কিনা আর ? সিস্টার বলে দিয়েছিল—না।

টুকুন এখন আর কিছু বলে না। সে ছোট্ট রাজপুত্রের বইটাই রার বার আজকাল পড়ছে। স্পেদ অডিসি দেখার পর এই গ্রহ-নক্ষ্ত্র-দৌরজগত অথবা বিশ্বব্রহ্মাণ্ডের একটা ধারণা মনের ভিতর গড়ে উঠল— বেঁচে থাকা এই গ্রহে বড় অকিঞ্চিৎকর ঘটনা—অথবা টুকুনের মনে হয় সে কত অপ্রয়োজনীয় এই সৌরমগুলের ভিতর। অন্তত ছোট রাজপুত্রের মত, বাঁচারও একটা মানে ছিল। তার ছিল তিনটে আগ্রেয়গিরি, ছ'টা পাহাড়, হুটো নদী, একটা হুদ, একটা সমুদ্র। সে আসার আগে সমুদ্রের ওপরটা বাৎবাবের পাতায় ঢেকে দিয়েছিল, সে গ্রহাণু থেকে বিদায় নেবার সময় আগ্নেয়গিরির মুখগুলো হাঁড়ি দিয়ে ঢেকে দিয়েছিল। নদীর জল কলাপাতায় ঢাকা। এবং ক'টা বাওবাবের চারা ছিল, সব উপড়ে ফেলেছিল। কিন্তু পরিজ পাথিদের ডানায় ভর করে গ্রহাণু থেকে নেমে আসার সময় তার মনে হয়েছিল বাওবাবের চারা একটা বেঁচে থাকলে, ওর মূল শেকড় এত পাজি যে তার ছোট গ্রহটিকে ঝাঝরা করে দেবে।

টুকুন জানালা দিয়ে নানারকম ফুল ফুটতে দেখলেই রাজপুত্রের কথা মনে করতে পারে, স্থবলের কথা মনে হয়। সে বিমর্থ হয়ে যায়। থেতে ভার ভাল লাগে না, ইন্দ্রকে সে আজকাল একেবারেই সহা করতে পারছে না। মা এসে ইন্দ্রের সম্পর্কে সব গল্প করে যাচছে। ইন্দ্রকলেজের পড়া শেষ হইলেই সরকারী স্কলারশিপ নিয়ে বাইরে চলে যাবে। এ-সব ঘটনা টুকুনের কাছে খুবই অকিঞ্চিৎকর। ওর এ-সব কথা শুনলে ভারি হাসি পায়। সে বলতে পারে, আমার কাছে এমন সব ইতিহাস লেখা আছে, যা তুমি আদে জান না। কত যে অকিঞ্চিৎকর—এই বিদেশ যাওয়া। মা, তুমি ইন্দ্রকে আমার ঘরে আর পাঠাবে না। ওর মুখ পুত্লের মত। সব সময় মুখটা এক রকমের থাকে। সে একটা কখা শুধু জানে,—টুকুন আজ ভোমাব কেমন লাগছে ? শরীর ভোমার কেমন ?

অন্ত কথা জানে নাবলে টুকুনের মনে হয় ইন্দ্র এই ছুটো কথাই শুধু সারাজীবন ধরে মুখস্থ করেছে। অন্ত কথা সে জানে না। তার আশ্বীয়-স্বজনের ছেলেমেয়েরা কেউ বড় আসে না তার ঘরে। ওর অস্থ্রতা যদি অন্ত কারো শরীরে সংক্রামিত হয়—এই অস্থ্র—কি যে অস্থ্র—কেউ টের পায় না, একটা মেয়ে স্বকিছুর ভিতর কেমন সম্পূর্ণ উদাসীন হয়ে বেঁচে আছে।

मकान थ्यत्व व्याक अहे. व्यक्त गगुरशान हत्नहा । श्रीजामानि

টুবু**নের অহ**ধ

টুকুনকে এমন বলেছিল। পাঁচিল পার ছলে ফুটপাথ। লাইটপোস্টটার নীচে ছটো মামুষের মাথা কারা কেটে রেখে গেছে। সকাল থেকে হৈ-চৈ। পুলিস। কোথায় পাশে গুলি চলছে। তিনজন ধরাশায়ী। বিকেলে একটা বড মিছিল ৰাচ্ছিল, সেখানে বোমা।

বোমা মিছিল আর নানারকমের অস্থ নিয়ে বেঁচে আছে এতবড
শহরটা। যেমন একটা অস্থ এই শহরের, সব বড বড বাড়ি,
প্রাসাদের মত বাড়িগুলো রাতে ফাঁকা থাকে, নীচে ফুটপাথে লোক
শুয়ে থাকে—শীতে অথবা ঝড়বৃষ্টিতে কষ্ট পায়। টুকুন বুঝতে পারে
না এমন কেন হয়। যখন বাড়িগুলো ফাঁকা, লোকজন কম, ছোট সব
মাম্বদের সেখানে আশ্রয় দিলে কি যে ভাল হয়। কিংবা কেউ খায়,
কেউ থেয়ে হজম করতে পারে না, কেউ না-খেয়ে পেটেব দ্বালায়
ফুটপাথে পড়ে থাকে। অথবা কি যে সব ধনাঢ্য পরিবার, তাব বাবা
ভাকে নিয়েও মনে হয় বেশ একটা খেলায় মেতে গেছে, কভ বেশী স্থ
সে টুকুনের জন্ম এনে দিতে পারে এমন খেলা। টুকুনের ঘরটা হলঘরের মত। নানাবর্ণের দেয়াল। ভিতরে চন্দনের মত গন্ধ। এবং
সব সময় কি যেন গীতামাদি স্প্রোক্তরে দিয়ে যায়। বড় বাথক্তম।
খেতপাথরের দেয়াল। বিখ্যাত সব চিত্রকরদের ছবি। একটা ছবি
বনের ভিতর একটা বাঘ। পিছনে শিকারী হাতির পিঠে। বাঘের
সঙ্গে হুটো বাচ্চা।

আবার ওর খাটটা মেছগিনি কাঠের। নানারকমের কারুকাজ করা। খাটে সে একা শুয়ে থাকে। এত বড় খাট যে, সে একা শুয়ে কতবার এ-পাশ ও-পাশ করে কতবার যে অশু প্রান্থে যেতে চায়—কিন্তু পারে না। সে চুপচাপ কাত হয়ে শুয়ে থাকে। তার পায়ে গীতামাসি আলতা পড়িয়ে দেয়। চুল বিহুনি করে বেঁধে দেয়। সৈ সিন্দের লাল-হলুদ ছোপের ফুল-ফল আঁকা কেমন লুঙ্গির মত একটা পোশাক পরে। ফুল-ছাতা সাদা রহয়ের জামা। চোধ কেমন নীল

নীল— এবং বুকে সে কোন ধুকপুক শব্দ শুনতে পাচ্ছে না ভালবাসার জ্ঞা। কেবল সেই নির্বান্ধ্য ছেলেটির জ্ঞাওর মায়া। সে এলে হয়তো উঠে বসতে পারত।

এবং এখানে চারপাশে নানা রক্ষের গগুগোল। গগুগোলের শহরে গগুগোল বাদে কি আর থাকবে। এই সন্ধ্যায় যখন একটা গ্রহাণুতে এক বাতিয়ালা গ্যাসের আলো জ্বেলে দিচ্ছে, তখন কিনা এই গ্রহর সব সৌন্দর্য হরণ করে নেবার জন্ম মানুষকে অকারণ মেবে ক্ষেলছে। টুকুন জানালায় দাঁড়িয়ে তার দোভলার ঘর থেকে নেখতে পেল, চাবপাশের সব রাস্তাব দোকান-পাট বন্ধ হয়ে যাচেছ। প্রণ বাঁচানোর জন্ম মানুষ পাঁচিল টপকে ছুটে আসছে।

দারোয়ানদের ঘরগুলোর পাশে যেখানে লক্ষা গ্যারেজ, তার পাশে একটা লোক টপকে এসে কেমন ভ্যাবাচেকা খেয়ে গেছে। সে যেন বাস্তা থেকে প্রাণ বাঁচাতে এসে অন্ত একটা ট্র্যাপে পড়ে গেল। পুলিসেব লোকগুলো ছুটছে। যাকে পারছে তাকে তুলে নিয়ে যাচ্ছে। পাঁচিল টপকে একটা লোক এ-বাড়িতে ঢুকে গেছে, পুলিসের নজর এড়ায় নি। পুলিসও বেশ গোঁকে তা মেরে লাফ মেরে পাঁচিলের এ-পাশে এসেই দেখছে ফাঁকা।

টুকুন চুপচাপ শুয়ে দেখছে আর মজা পাচছে। সে দেখতে পাচ্ছে

—সেই পালানো লোকটা একটা বনকরবীর ডালে বসে আছে। নানারকমের লডাপাতায় গাছটা ঢাকা। এবং টুকুন একেবারে অবাক,
রক্তের ভিতর তার হাজার ঘোড়া সবেগে ছুটছে, ওর মুখ-চোখ লাল
হয়ে যাচ্ছে, এবং সে কেমন অধির হয়ে যাচ্ছে—সে তার ভিতর আশ্চর্য
এক ভাজা ভাব, অথবা মানুষের যা হয়ে থাকে, সময়ে সংসারের সব
নিয়ম-কালুন সহসা পাল্টে যায়, বোঝানো যায় না এমন কেন হয়, টুকুন
কেমন হয়ে যাচ্ছে, টুকুন উঠে বসল খাটে। দরজার সামনে এসে
দাড়াল। ঘরে কেউ নেই। সে পিছনের দরজাটা ভাড়াতাড়ি বন্ধ করে

টুকুনের **অহ**থ

দিল। ঘোরানো সিঁড়ি বাগানে নেমে গেছে। মালিরা কেউ নেই।

এবং সে এ-সময় পাগলের মত ঘোরানো সিঁড়ি বেয়ে তর তর করে

নেমে যাচ্ছে। সে কিছু দেখে ফলেছে, সে যে নিজের ভিতব এখন

নিজে নেই, অথবা তার এটাই নিজের, এতদিন সে একটা মেকি ভয়ে

খাটে শুয়ে রয়েছে, এ-মুহুর্তে কোনটা ঠিক ধবা যাচ্ছে না। টুকুন
পাগলের মত ম্যাগনেলিয়া ফুলের গাছটা পার হয়ে গেল।

এখন যদি স্থারেশবাবু দেখতে পেতেন—অথবা গীতামাদি কিংবা মা, কেউ এ-ঘটনা বিশ্বাসই করতে পারত না। ওদের চোখে এটা কোন ভৌতিক ব্যাপার হয়ে যেত।

টুকুন এবার গোলাপের বন পার হয়ে গেল। সে দেখতে পাচ্ছে পুলিসটা চারদিকে ভাকাচ্ছে।

টুকুন এবার বনকরবী গাছটার নীচে গিয়ে দাঁড়াল। পুলিসটা তাব

এখন সন্ধ্যা। বাগানে নানারকমেব ফুবোসেন্ট বাতি। টুকুন পুলিদ আসার আগে ডাকল, সুবল!

সুবল এতক্ষণে লতাপাতার ফাঁকে দেখছে—দিদিমণি। সে প্রায় পাগলের মত নেমে আসছে এবং লাফ দিয়ে ঝুপ করে টুকুনের পায়ের কাছে পডল।

- —দিদিমণি তুমি !
- —তাড়াতাড়ি এস। বলে টুকুন আবার স্থবলকে নিয়ে বাগানের ভিতর অদৃশ্য হয়ে গেল।

সুবলেব হাতে প্লাষ্টিকের ব্যাগ। ব্যাগে কিছু রজনীগন্ধা। তার গন্ধ এখন সুবলের গায়ে। দে এখানে যে ভাষে ছুটে এদেছে বোঝা বাচ্ছে। এ-ভারে একদিন টুকুন দিদিমণিকে আবিদ্ধার করতে পারবে ভাবতে পারেনি। অনেকটা গল্প-গাথার মত। এমন সব মেলানো গল্প শেকালীবৌদি তাকে বলত। সে এতটা কথনও আলা করেনি। আশা করেনি বলেই সে কেমন আরও গ্রাম্য সরল বালক হয়ে গেল। নিজের এই আনন্দ সে কিছুতেই হৈ চৈ করে প্রকাশ করতে পারছে না।

টুকুন ওকে যে-ভাবে যেদিকে নিয়ে যাচ্ছে—সে সে ভাবে সেদিকে যাচ্ছে।

টুকুনকে দেখে সুবল বিশ্বাসই করতে পারছে না, এই টুকুন দিদিমণি। খুব বেশী একটা হেঁটে এলে জানালা পর্যস্ত আসতে পারত। সে এতটুকুই দেখেছে। এমন ভাবে একেবারে স্বাভাবিক ভাবে সে কোনদিন টুকুনকে হাঁটতে দেখেনি। কি সহজ সরল ভাবে ওর হাত ধরে নানারকমের গাছের ভিতর দিয়ে নিয়ে যাছেছ। টুকুনের পরনে কি সুন্দর পোশাক। কেমন সকালের গোলাপের মত তাজা রং পোশাকের রংয়ে। এবং গোলাপের পাপড়ির মত নরম পোশাক। প্রায় ফ্লুরোসেন্ট বাতির আলো যেন পিছলে পিছলে যাছেছে।

পুলিসটা এখন পাঁচিলের এদিকটায় একটা মানুষকে খুঁজছে।
পুলিসটার মনে হয়েছে, যারা বোমা ছুঁড়েছিল রাস্তায় তাদের একজন
কেউ হবে, কারণ লোকটার হাতে একটা প্লাষ্টিকের ব্যাগ। প্লাষ্টিকের
ব্যাগ থেকে বোমা ছুঁড়ে মারা সহজ। প্লাষ্টিকের ব্যাগ আছে বলেই
পুলিসটা এখনও ওৎ পেতে আছে। স্থবল বাগানের ঝোপজঙ্গল থেকে
বের হয়ে এলেই ধরবে। প্লাষ্টিকের ব্যাগে যে রজনীগন্ধার গুছে থাকতে
পারে—কিছুতেই বিশ্বাস হয় না। পুলিসেরা ফুলের কথা বিশ্বাস
করে না।

টুকুন বলল, সুবল তুমি এতদিন আসনি কেন ? সুবল বলল, টুকুন দিদিমণি, এটা রাজবাড়ি ?

- —যা, রাজবাড়ি হতে যাবে কেন ? আমাদের বাড়ি।
- —ভোমাদের বাড়ি ? এতবড় ফুলের বাগান! এত ফুল। টুকুন দিনিমণি, আমি রোজ ফুল তুলে নিয়ে যাব এখান থেকে। তার এসক

हेक्टनद्र षक्थ

দেখে এত আনন্দ হচ্ছে যে সে কি কথা বলবে ঠিক বুঝতে পারছে না।
তবু কিছু বলতে হয় বলে যেন বলা, টুকুন দিদিমণি আমি তোমাকে
রোজ ফুল বিক্রি করতে করতে খুঁজেছি। শেষদিকে কেমন ভেবেছিলাম
তোমাকে আর খুঁজে পাবো না। তুমি বাদে আমার তো এ শহরে
আর কেউ নেই।

টুকুন বলল, সুবল তাডাভাড়ি এস। সুবল বলল, এটা কি ফুল গাছ গ

— তোমাকে পরে চেনাব। ঐ ভাখো পুলিসটা বাগানেব ভিতৰ ঢুকে যাচ্ছে।

সুবল দেখল সত্যি। ওকে দেখে ফেলেছে।

টুকুন বুঝতে পারল পুলিদটার চোখে ওরা ধুলো দিতে পারবে না।
কিংবা স্বলকে নিয়ে জানাজানি হলে মা আবার স্বলের এখানে আদা
বন্ধ করে দেবেন। এটা বাড়ির দক্ষিণ দিক। মা-বাবা থাকেন পুবেব
মহলাতে। এই মহলে দে থাকে, আর ভিতরের দিকে থাকে
গীতামাসি। ও-পাণ দিয়ে কাঠের সিঁড়ি নেমে গেছে। কেউ এব ঘরে
উঠে আসতে হলেই সে টের পায় কেউ আসছে। কারণ কাঠেব
সিঁড়িতে শব্দ হয়। সেই শব্দ এক ছই করে গুণে গুণে কি যে একটা
স্বভাব হয়ে গেছে টুকুনের, কোন শব্দে কে আসে টের পায়। মা উঠে
আসছেন, না বাবা, না গীতামাদি, না ডাক্তাববাবু না ইন্দ্র —সে সব টের
পায়। পায়ের শব্দ কেউ এক রক্মের করে না।

সে এবার দাঁড়াল এবং এটা বোধহয় একটা রক্তকরবীর গাছ। সে বাতির আলোতে ঠিক ধরতে পারছে না। গাছটার নীচে দাঁড়িয়ে সে পুলিসের জন্য অপেক্ষা করতে থাকল। এবং পুলিস হামাগুড়ি দিয়ে কিছু বনঝোপের মত জায়গা পার হয়ে সামনে দাঁড়াতেই চোখ মেলে তাকাতে পারল না। একটা ফুলপরীর মত মেয়ে। যেন পাখা মেলে দাঁড়িয়ে আছে। সে চোখের পলক ফেলতে পারছে না। কোন দেবী মহিমা টিছিমা হবে। স্থবল ওপাশে একটা বড় পাথরের স্ট্যাচুর নীচে বসে রয়েছে। ওকে একেবারেই দেখা যাচ্ছে না।

পুলিসটার মনে হল সে কোথাও কিছু গোলমাল করে ফেলেছে। সে বোধহয় ছুটেই পালাত। কিন্তু স্থানর গলায় যখন টুকুন বলছে, তুমি এখানে কি চাইছ? কাকে খুঁজছ?

—আমি কিছু খুঁজছি না মেমসাব।

টুকুন এমন কথাবার্ত। আরও শুনেছে। সে অবাক হল না। বলল, কেউ নেই এখানে।

- —কেউ আমাব মনে হয় এই বাগানেই লুকিয়ে আছে।
- —সে আমাদের স্থল। সে খুব ভাল ছেলে।

পুলিদ খুব বোক। বোকা মুখ কবে রেখেছে। টুকুন বলল, স্থবলের একটা পাথি আছে। দে এক আশ্চর্য পাথি। এমন পাথি আমি কোনদিন দেখিনি।

পুলিস বলল, তাই বৃঝি ?

টুকুন বলল, সে এসেছে এক খরাব দেশ থেকে।

পুলিস বলল, তাই বুঝি ?

টুকুন বলল, সে এখন শহরে ফুল বিক্রি করে।

এবং এটুকু বলার পর টুকুন স্থবলকে ইশারায় ডাকল। স্থবল দ্যাচুর ওপাশ থেকে খুব একটা অপরাধী মুখ করে উঠে আসছে।

हुकून वलल, এই আমাদের স্থবল।

সুবল বলল, আমার নাম সুবল।

টুকুন বলল ওর একটা পাথি আছে। স্থবলের দিকে তাকিয়ে বলল, সুবল তুমি পাথিটা আজ এনেছ !

- -ना पिषिमान ।
- —কাল স্থবল পাখিটা নিয়ে আসবে।
- —আসব।

हेक्दन बक्थ

- —আর এই ভাখে, বলে সুবলের প্লাষ্টিকের ব্যাগটা হাতে তুলে নিল।—ভাখে। শুধু ফুল আছে। ফুল। স্থবল এর ভিতরে ফুল নিয়ে আসে।
- —ব্যাগের ভিতৰ আজকাল কেউ ফুল রাখে জানতাম না মেমসাব।
 টুকুন বলল, ব্যাগের ভিতর অনেক কিছু রাখতে পাবে। শুধু
 ফুল থাকবে কেন ? সন্দেশ থাকতে পারে, বই থাকতে পারে।
- —না আজকাল মেমসাব শুধু ব্যাগের ভিতরে বোমা থাকে। আর আমাদেবও শালা এমন বজ্জাতি বৃদ্ধি, ব্যাগ দেখলেই পিছনে ধাওয়া করো। কি আছে না আছে। দেখার দরকার নেই।

টুকুন বলল, ডাবে তুমি যেতে পার।

পুলিস একটা সেলাম ঠুকে বলল, খুব বেঁচে গেছিস স্থবল । মেমসাব দেবতা। তোকে বাঁচিয়ে দিল।

টুকুন বলল, এ-সব কেন বলছো ?

- —মেমসাব আমাকে তো কাউকে ধরে নিয়ে যেতেই হবে। স্থবল না হলে সেটা সফল হতে পারে না।
 - —বিনা দোষে ধরে নিয়ে যাবে ?
 - —আমাদের শুধু ধরার কাজ। বিচারের কাজ সরকারের।
- —তার শ্বন্থ যাকে তাকে? টুকুনের আর দাড়াতে ইচ্ছা করছে না। এখন পুলিসটাকে বিদায় করতে পারলে বাঁচে। কিন্তু কিছুতেই যেন যেতে চাইছে না। সে বলঙ্গ, বড় আজগুবি ব্যাপার। আমি যাচ্ছি।

পুলিস আর দাঁড়াল না। সে স্বলের দিকে ভীষণ কটমট করে তাকাল। এটা কি করে আজগুবি হয় সে বুঝতে পারে না। না, এরা একটা আজগুবি দেশে বাস করছে, সংসারে কি ঘটছে ঠিক খবর রাখছে না? পুলিস যাবার সময় বলল, মেমসাব যাচ্ছি। আমাব পুর ভূল হয়ে গেছে।

ভূল হয়ে গেছে বলল এজগু যে সে জানে বড়লোকদের মেয়েরা এমন হয়ে থাকে। কোথাকার একটা ফুলয়ালার জন্য প্রাণে হাহাকার। এখন ওর সারা মুখে তুল্চিস্তার ছাপ। সে কোথায় যে গার একটা লোক পাবে! একজনকে ধরে না নিয়ে গেলে বড়বার্ তাকে আন্ত রাখবে না। সে এখন কি যে করে। রাস্তায় তিনজন গেছে। আায়ুলেন্স এসে ওদের গাড়িতে তুলে নিয়ে গেছে। যারা গওগোল করল তাদের পেছনে তাড়া করতে গিয়ে মরার দায়িছ নিজে পারছে না। তা ছাড়া এখন রাস্তায় একটাও লোক নেই। শুধু একটা কৃষ্ঠরুগী আছে। তাকে নিয়ে যেতে পারত, কিন্তু অমুখটা বড় খারাপ। একটা খারাপ অমুখের লোককে ধরে নিয়ে যাওয়া ঠিক না।

এইসব নানারকম ভেবে যখন পাঁচিল টপকে পুলিস রাস্তায় নেমে গেল তখন টুকুন কিছুটা যেন হালকা হল। সে বলল, সুবল এস।

সে স্থবলকে নিয়ে এবার নরম ঘাস মাড়িয়ে হাঁটছে। সামনে সেই ঘোরানো সিঁড়ি। টুকুন খুব তর তর করে উঠে যাচছে। স্থবল ওর পায়ের দিকে তাকাচছে। কি স্থন্দর আর সতেজ মনে হচছে। পায়ে আলতা। স্থবলের বার বার কেন জানি মনে হচ্ছে—নীলকমল লালকমল ঘোড়ায় চড়ে ছুটছে। সেই সব রাজপুত্রেরা বৃঝি এমন বাড়িতেই থাকত। এমন একটা প্রাসাদের মত বাড়ি এই শহরে আছে, অথবা এখনও থাকতে পারে—সে সব দেখতে দেখতে কেমন অবাক হয়ে যাচছে। সে বলল টুকুন দিদিমণি আমি যাব কি করে?

—তোমাকে যেতে হবে না স্থবল। তুমি এত বড় বাড়িতে থেকে গেলে কেউ টের পাবে না।

স্থবল সিঁড়ি ধরে ওপরে উঠে এসেই দেখল সাদা রংয়ের কেমন মস্প মেঝে। একেবারে সাদা সবটা। দেয়াল, মেঝে, বারান্দা এমন কি পোশাক নানাবর্ণের যে আছে ভাও অধিকাংশ সাদা রংয়ের।

স্বল বলল, আমার এ-ফুলগুলো তোমার পছন্দ হয় টুকুন দিদিমণি ?

हेक्टमत्र जञ्च

—খুব। বলে সে বুকের কাছে ফুলগুলো তুলে নেবার সময়ই মনে হল, সে তো বিছানা থেকে উঠে দাড়াতে পর্যন্ত পারে না। এখন এমন কি করে হচ্ছে! এটা কি করে হচ্ছে, কি করে সে এটা করে ফেলল। ওর চোখ বুজে আসছে। সে বলল, সুবল, সুবল তুমি আমাকে ধর। আমি পড়ে যাব।

স্বল দেখল আশ্চর্য মায়া চোখে মেয়ের। ধীবে ধীরে চোখ বুজে ফেলছে। দাঁড়াতে পারছে না। বুকের ওপর ফুলগুলো ধরা আছে। বুঝি পড়ে যাছে। চোখ বুজে বিড় বিড় করে বলছে এবং সুবল ভাবতে পাছে, দেই নিঃশব্দ এক ভাষা থেকে স্থবল টের পাছে—টুকুন তাকে ফেলে আর কোথাও যেতে বারণ করছে। এবং টুকুন দিদিমণি যেন পড়ে যাছিল। সব মনে হওয়ার সঙ্গে সঙ্গে, নিজের অক্ষমতার কথা মনে হওয়ার সঙ্গে হাত-পায়ে আর শক্তি পাছে না টুকুন। কেমন স্থবির হয়ে যাছে।

স্থবল ধীরে ধীরে টুকুন দিদিমণিকে শুইয়ে দিল। ফুলগুলি পাশে রেখে দিল। সে পায়ের কাছে বসে থাকল। চোখ মেলে না ভাকালে সে এখান থেকে চলে যেতে পাবে না। তারপর একটা খেলা হয়ে গেল। সংসারে এমন খেলা কে কবে খেলেছে জ্ঞানা নেই। স্থবলকে নিয়ে টুকুন নৃতন এক জগৎ সৃষ্টি করে ফেলেছে।

সুবল, টুকুন চোখ মেলে তাকালে বলেছিল, টুকুন তুমি ভাল হয়ে গছ। টুকুনকে খুব অবুঝ বালিকার মত দেখাছে। স্বলের টুকুনকে আর দিদিমণি বলতে ইচ্ছা হয় না। কারণ টুকুনকে অসহায় এবং কাতর দেখাছিল। দে যা করেছে এতক্ষণ, সিঁড়ি ধরে যে নাঁচে নেমে গেছে, গোলাপগাছগুলোর পাশ দিয়ে যে হেঁটে গেছে, দে কিছুতেই তা বিশ্বাস করতে পারছে না। বিশ্বাস না করতে পারলে যা হয়, ভিতরের উল্পম নষ্ট হয়ে যায়।

সে বলল, টুকুন ভোমার কোন অস্থ্য নেই। তুমি ভাল ছয়ে। গেছ।

- ভূমি সুবল সত্যি বলছ ?
- —সভ্যি টুকুন। তুমি উঠে বোস। আমি নেমে গেলে দরজা বন্ধ করে দেবে। স্থবল এই বলে উঠে এসে রাস্তাম গণ্ডগোল কমেছে কিনা, না আবার কারফিউ দিয়ে দিল—এসব জানার জন্ম উদগ্রীব হলে টুকুন বলল, স্থবল তুমি কোথায় থাকছ?
 - —অশ্বিনীনগর স্টেশনে নেমে যেতে হয়।
 - —এত দুরে চলে গেলে কেন ?
 - —খুব দূর না তো। শিয়ালদা থেকে বিশ মিনিট লাগে।
 - —ভবে ভো থুব কাছে।
 - —পূব কাছে। শুয়ে শুয়ে ভোমার কথা বলতে ভাল লাগে টুকুন ?

টুকুনের অহুধ

- —না।
- —তবে উঠে বসছ না কেন? এই তাখো বলে সে বলন, তুমি রেডিওটা চালিয়ে দাও না।
 - —কি **হ**বে ?
 - —কারফিউ দিলে বলে দেবে।
 - —কার্মিউ হলে যাবে কি করে ?
- —কিন্তু যাওয়া দরকার। আমি না গেলে বুড়ো মানুষটা ভয়ানক ভাববে।
 - —বুড়ো মানুষটা তোমাকে বুঝি খুব ভালবাসে ?
- —ভালবাসে না ছাই! কেবল কাজ। কাজ করা। কাজ করলে লোকটা সবাইকে ভালবাসে। কাল আমাদের বনে যাবার ক**থা** আছে।
 - -- কি করবে গিয়ে ?
- —সব শুকনো পাতা জড় করব। তারপর যখন সন্ধ্যা হবে, সেই সব শুকনো পাতায় খড়ে আগুন দেব।
 - —কি মজা!
- —থুব মজা। শীতের সময় আগুন দিলে বুড়ো লোকটা বলেছে জীব-জ্বরা পর্যন্ত সব চলে আসে।
 - —ওরা আদে কেন ?
- আগুন পোহাতে। একটু থেকে সুবল বলল, তুমি রেডিওটা খুলে দাও, আচ্ছা টুকুন, কেউ আবার চলে আসবে না ভো? কত বড় ঘর ভোমার। কেউ চলে এলে কি হবে?
 - -- हरन अरन कि इरव ?
 - —কেউ এলে কি হবে সুবল ?
- —আমাকে আসতে দেবে না। তোমার মা আমাকে যদি পুলিসে দেয়!

টুকুনের মুখটা সন্ত্যি শুকিয়ে গেল। সে এটা ভাবেনি। না বলে না কয়ে পাঁচিল টপকে সে চলে এসেছে, পুলিসে দিয়ে দিলে যা হোক ওদের একটা কাজ মিলে যাবে।

স্থবল বলল, আমি আর আসব না। আমি এডটা ভাবিনি।

টুকুন বলল, আমার পাশের ঘরটায় গীতামাসি থাকে। বিকেলের খাবার দিয়ে সে নীচে নেমে যায়। উঠে এলে টের পাব স্থবল। কাঠের সিঁড়িতে শব্দ হবে।

- —গীতামাসি তোমার দেখা-শোনা করে <u>গু</u>
- —ই্যা। ওকে, গ্যাখো, ঠিক ছাত করে নিতে পারব।
- —কিন্তু তোমার মাকে টুকুন ?

টুকুন উঠে বসল। যেন একটা পরামর্শ না করলেই নয়। সে বলল, এদিকে এস। স্থবলকে নিয়ে ওর বাথরুমের দিকে চলে গেল। ওর ছ-পাশে ছটো জলের কল। বড় বড় ছটো থাম। এবং কিছু জালালি কবৃতর একসময কার্নিশে ছাদের অলিন্দে বসবাস করত, তারা এখন কেউ নেই। টুকুনের অসুখ হওয়ার সঙ্গে সঙ্গে ওরা নাকি উড়ে গেছে। স্থলকে এসব দেখাল টুকুন, বলল স্থবল, মা এলে আমরা টের পাব। তোমার কোন ভয় নেই। মা-র পায়ের শব্দ আমি টের পাই। কোনটা গীতামাসির, কোনটা ডাক্তারবাবুর, সব আমি জানি। ওরা এলে তোমাকে আমি ঠিক লুকিয়ে ফেলব। সে দোতলার অলিন্দে নিয়ে গেল। ঘুরিয়ে ঘুরিয়ে দেখাল। স্থবলের কাছে এটা প্রায় রাজার দেশ। টুকুন এক রাজকন্মার মত। সে যেন এক রাখাল বালক। তার কাছে আছে মৃত-সঞ্জবনী সুধা। সুধা রুসে মেয়েটা এখন নির্ভাবনায় হাঁটছে। স্থবলের আছে এক ভালবাদার জাত্বমন্ত্র, অথবা স্থবলকে নিয়ে হেঁটে এই যে ঘরে পর ঘর, নানাবর্ণের ছবি, এবং সব বিচিত্রবর্ণের কারুকাজ করা খাট-পালম্ব পার হয়ে যাচ্ছে—এ যেন তার কাছে ভারি মঞ্চার। যেন হাঞ্চার হাঞ্চার দৈত্য আসবে

টুকুনের অহ্থ

স্থবলকে তুলে নিতে। টুকুনের কাছে আছে দৈত্যের প্রাণ। কোথার ওরা দাঁড়িয়ে পাখিটার পাখা পা এলং গলা ছিঁড়বে তার যেন একটা পরামর্শ চলেছে।

এস্ব হলেই মেয়ের মনে হয় না তার কোন অস্থ আছে। এসব হলেই মনে হয় পৃথিবীতে বেঁচে অনেক স্থা। এক অপার অভাববোধ এই বালকের জন্ম। সংসারে ছেলেটি যত অপাংক্তেয়, তত ট্কুনের কাছে সে মহার্য। ট্কুন আনন্দে, কারণ যথন প্রায় সব ঠিক হয়ে গেল তখন আনন্দে প্রায় ছুটে ছুটে যাচ্ছিল। বলল স্বল তোমাকে এখানে আসার একটা স্কুন্দর রাস্তা দেখিয়ে দেব। তুমি ফুল বিক্রিকরে রোজ এখানে আসবে। আমি কি স্কুন্দর ছোট রাজপুত্রের গল্প পড়ে রেখেছি। তুমি আসবে বলে বসেছিলাম। তুমি না এলে কাকে আর আমার গল্প শোনাব।

কাঠের সিঁ ড়ির মুখের দরজাটা টুকুন বন্ধ করে দিল। কি বড় বড় শাসির নীল রংয়ের দরজা। টুকুন অনায়াসে টেনে টেনে বন্ধ করে দিচ্ছে। স্থবল ওকে দরজাটা বন্ধ করে দিতে সাহায্য করলে সে বলল, আমি পারব স্থবল। বলে হাসল।

সুবল যেতে যেতে বলল, এটা কি ?

—এটা পিয়ানো। বলেই টুকুন ছহাতে ঝম ঝম করে বাজাতে থাকল। কতদিন থেকে পিয়ানোটা কেউ বাজায় না। না, ইন্দ্র মাঝে ছ'একদিন বাজিয়েছে। যথন টুকুন শুয়ে থাকে মা কখনও বাজান। লম্বা একটা খাতা পিয়ানোর ওপর। সুবল দেখল কেমন গোটা ঘরটা ঝম শ্বম করে উঠছে। এবং ক'টা চড়াইপাথি ঝাড়-লঠনে বঙ্গেল, পিয়ানো বাজালে পাথিগুলো উড়ে উড়ে বাগানের ভিতর চলে গেল।

স্বল দেখছে—কি স্ন্দর বাজাচ্ছে। এমন একটা স্ন্দর বাজনা পৃথিবীতে আছে তার যেন জানা ছিল না। চুলগুলো বব্ করা টুকুনের। বিনুনি বাঁধা নয়। হাতের আঙুলগুলো চাঁপা ফুলের মত। পায়ে আলতা আছে বলে খুব সুন্দর লাগছে। এবং সে পাজামার মত একটা নবম পাপড়ির মত কোমল পোশাক পরে আছে, আর লম্বা, টুকুন প্রায় তার মত লম্বা। সে বয়সামুপাতে লম্বা হয়ে যাচ্ছে.। সে আয়নায় নিজের মুখ দেখতে পেল। কারণ বড় রড় ছটো আয়না, পৃথিবীতে এত বড আয়না দিয়ে কি হয় সে জানে না। গোটা ঘরের প্রতিবিদ্ধ এখন এই আয়নার ভিতর! সে তন্ময় হয়ে টুকুন দিদিমণির পিয়ানো-বাজনা শুনছে।

আর তখন কাঠের সিঁড়ির মুখে কারা উঠে আসছে যেন। ওরা তজনে এত বেশী গভীরে ডুবে আছে যে কেউ টের পায়নি, অথবা শুনতে পাচ্ছে না সিঁড়ি দিয়ে বাড়ির সবাই ছুটে আসছে এদিকে। কারণ অসময়ে পিয়ানো বাজাচ্ছে।

আশ্চর্য এক মেলডি ভেসে বেড়াচ্ছে বাড়িময়।

স্থবলেরই প্রথম মনে হল দরজায় কারা আঘাত করছে। সে
ট্কুনকে ঠেলে দিয়ে বলল, ট্কুন কারা দরজায় ধারা মারছে। এবং
সঙ্গে সঙ্গে ভোজবাজির মত ব্যাপারটা হয়ে গেল। ট্কুন বাজানো বন্ধ
করে দিল। স্থবল লুকিয়ে পড়ল টুকুনের খাটের নীচে। তারপর খুব
সহাস্থে দরজা খুলে দিলে দেখল সবাই, ট্কুন দরজা খুলে দিছে। ওরা
হাসবে না কাদবে স্থির করতে পারছে না। মা বললে ট্কুন তৃমি
পিয়ানো বাজাচ্ছিলে ?

- —হাঁগ মা।
- —সত্যি ?
- —হ্যামা।

টুকুনের মা টুকুনকে বৃকে জড়িয়ে ধরল। যেন বিশ্বাস হচ্ছে না কথাটা। সে বলল, তুমি আর একবার বাজাবে ?

—এ**কু**নি ?

টুকুনের অহব

- —ভোমার বাবা এলে তাকে বাজিয়ে শোনাও না। তিনি থুব আনন্দ পাবেন।
 - —বাবা আস্কুক।
 - —আমি জানি টুকুন ঠিক একদিন ভাল হয়ে যাবে।

গীতামাদি বলল, কোথাকার একটা রাস্তার ছেলেকে ধরে আনতে যাচ্ছিলেন বড়বাবু।

মা বলল, আজকালকার ডাক্তারও হয়েছে তেমন। তারপর কি ভেবে বলল, একবার ইন্দ্রকে ডাকো না ?

- —দে তো নেই দিদিমণি!
- —কোথায় গেল গ
- —সে তো এদময়ে ক্লাবে রোফ্নিং করতে যায়।

মার এবার মনে হল সত্যি ইন্দ্র রোয়িং করতে যায়। ইন্দ্রকে খুশী রাখার জন্ম মা-র যে কি করার ইচ্ছা। কারণ এখানে বসে থাকতে চায় না ইন্দ্র। আজ ইন্দ্র একো খুব খুশী হবে।

টুকুন এখন চাইছে সবাই চলে যাক। কিন্তু সে যে কেন পিয়ানে। বাজাতে গেল! সবাই এখন এটা গল্প-গাথার মত ব্যবহার করবে। সবাই ছুটে আসবে। এখন যে-ভাবে হোক স্থ্বলকে বের করে দিতে হবে। ওর ভিতরে স্থবলের জন্ম একটা ছশ্চিস্তা দেখা দিচ্ছে। এবং নানাভাবে সে চিস্তা করছে। কি করলে যে এদের হাত খেকে রক্ষা পাওয়া যায়।

সবাই এসে টুকুনকে দেখে যাচছে। ওর খুব অস্বস্তি হচ্ছিল। সে এখন আবার সাদা চাদর গায়ে দিয়ে শুয়ে পড়বে ভাবল। কেবল স্বলের জন্ম সে শুয়ে পড়তে পারছে না। খাটের নীচে একবার উঁকি দিতে ইচ্ছা হচ্ছিল। ওদিকে কেউ গেলে পা দেখে ফেলবে। এবং এমন একটা ভয়াবহ সমস্থার মোকাবেলা সে জীবনে করেনি। এবং এইসব সমস্থা অথবা তাড়না ভাকে এখন বড় বেশী স্বাভাবিক করে রেখেছে। সে বলল, মা আমার আবার ভাল লাগছে না কেন জানি। আমার ঘুম পাচ্ছে।

গীতামাসি যার। সবাই চাকর এবং অত্যাশ্ত সব পরিজন এসেছিল তাদের চলে ষেতে বলল। গীতামাসির কাজ এখন কত বেড়ে গেছে এমন ভাব। সে বলল, দিদিমণি, টুকুন এবার ঠিক বড় হয়ে যাবে।

এ-ছাড়া টুকুনের মার কত সব পরিকল্পনা এবং মনের ভিতর এখনও ভয়টা কাটছে না। টুকুন এ-ভাবে আরও হু'একবার খুব স্বাভাবিক হয়ে গেছিল। অবশ্য প্রতিবারই পাথিয়ালা স্থবল ছিল কাছে। এবার সে নেই। কিন্তু এমন ম্যাজিকের মত ব্যাপারটা ঘটবে আশা কবতে পারেনি।

মা বলল, টুকুন আমি তোমার জন্ম একজন পিয়ানোর শিক্ষক দেব।

টুকুন বলল, আমি শোব মা। আর বসে থাকতে পারছি না। গীতামাসি টুকুনকে ধীরে ধীরে শুইয়ে দিচ্ছেন।

মা বলল, এটা কি করছ গীতা ?

গীতামাসি বলল, টুকুন আবার আগের টুকুন হয়ে যাচ্ছে।

খাটের নীচে যেই না শুনতে পেল স্থবল, টুকুন আবার আগের টুকুন হয়ে যাচ্ছে, সে বোধহয় জ্বোরজ্ঞার করে উঠেই আসত—কেবল টুকুন চাদরটা একটু ফেলে দিয়ে ওকে একদিকে ভাল করে আড়াল করে দিচ্ছে। অক্যদিকে ওর আগের মত চোখ-মুখ হলে কেউ আর বেশীকণ এখানে থাকতে চাইবে না।

টুকুন শুয়ে পড়লে মা বলল, তুমি যে বলেছিলে, বাবা এলে বাজাৰে ?

- --কাল বাজাব মা। থুব তুর্বল লাগছে।
- —ভা ঠিক। একদিনে বেশী ভাল না। তুমি,বরং একটু শুস্থে থাক। বাবা এলে আমরা আসব।

টুকুনের অহুথ

মা চলে গেলে গীতামাসি বলল, টুকুন এখন তোমার ছধ, একটা আপেল, ছটো সন্দেশ খাবার সময়। বের করে দিচ্ছি।

— কিছু খেতে ইচ্ছে করছে না। তুমি মাসি দরজাটা ভেজিয়ে দাও না।

দরজা ভেজানো কথা উঠলেই মাসি উঠে পড়বে। কারণ একা কথা না বলে কভক্ষণ আর বসে থাকা যায়। নিজের ঘরে গিয়ে বেশ পান-দোক্তা থেয়ে উত্তরেব বাবান্দায় চলে গেলে, নীচ থেকে যাব। উঠে আসে তাদেব সঙ্গে গল্পগল্পজ্জব কবা যায়।

গীতামাসি বলল, কিন্তু এখন, তো তোমাব এ-সব থাবার সময়।
টুকুন বুঝতে পাবল, না-খাইয়ে ছাডবে না। সে বলল, তুমি বেখে
যাও, আমি ঠিক থেয়ে নেব।

- —অক্তদিন আমাব সামনে তুমি খাও। আজ কেন এমন বলছ ?
- —আজ তোমার সামনে খাব না। কিছুতেই খাব না।

ট্কুনেব জিদ উঠলে একেবারে কেলেস্কাবি কাণ্ড। সেজগু ভয়ে ভয়ে গীভামাদি বাইরে বেব হযে এলে সে নিজে উঠে গেল। দরজা বন্ধ কবে দিল। ডাকল, স্থবল বাইবে এস। ওরা সবাই চলে গেছে।

স্থবল বেব হয়ে এলে টুকুন বলল, তুমি আমার সঙ্গে এস। স্থবল বলল, আমার ফুলের থলেটা দেখছি না।

—ওটা আমি ঠিক জায়গায় রেখে দিয়েছি। তুমি যে কি বোকা না! ওটা দেখলে ওরা বলত না, এই থলেটা কার, কি করে এমন একটা বিঞ্জী থলে এখানে আসতে পারে। দরকার পড়লে ডিটেকটিভ লাগিয়ে দিত।

সুবল শহরেব অনেক ব্যাপার যেমন ঠিক বোঝে না, ভেমনি ভিটেকটিভ কথাটাও বৃঝতে পারল না। সে বলল, ভিটেকটিভ কি টুকুন ?

- ওরা চোর গুণ্ডা বদমাস ধরে বেড়ায়। কেউ যদি খুন হয়, কে খুনটা করেছে তাকে খুঁদ্ধে বের করে।
- —আমার সামান্ত থলেটার জন্ত এতবড় একটা ব্যাপার তবে ঘটে যেতে পারে।
- —স্থবল তুমি জ্ঞান না, এটা যে কি অসামান্ত অপরাধ! আমার মা-র চোখ দেখলে সব টের পাই স্থবল।

ওরা বাথকমে ঢুকলেই স্থবল বলল, জল দেখলেই চান করতে ইচ্ছা হয় টুকুন। বাঃ কি মজা। পাতাল থেকে ফোয়ারার মত জল উঠে আদে কি মজা প্রথম প্রথম ভাবতাম। খরা অঞ্চল থেকে আসার পর, দিনে কতবার যে রাস্তার কলে চান করতাম।

- —তুমি চান করে নেবে [†]
- তোমার চানের ঘরটায় কি সুন্দর গন্ধ। মারবেল পাথরে কারুকাজ করা সব পাথরের দেয়াল—কি মস্ণ! সুবল দেয়ালের গায়ে ছাত দিয়ে দিয়ে কি যেন দেখছে। ভীষণ মস্ণ। ছাত পিছলে পিছলে যাছেছ। নানারকম গন্ধ সাবান। তেল। স্থামপু সব। এসব সে ঠিক চেনে না, কি দিয়ে কি হয়, এবং মনে হয় সুবলের শরীবে ঘামেব গন্ধ। টুকুন সুবলকে হাত ধোয়ার জ্ঞা বাথরুমে নিয়ে এসেছিল। যা খাবার আছে সে সুবলকে খেতে দেবে। কিন্তু এখানে এসে স্ববলের যে কি হয়ে গেল—সে চান না করে খাছেছ না। সে খুব পরিশ্রাম করে —তার চোথে-মুথে আশ্চর্য দৃঢ়তা। টুকুন এসব দেখে ভাবল, চান করে নিলে তাকে আরও বেশী তাজা দেখাবে।

টুকুন বলল, স্থবল তুমি চান করবে ?

--- भन्त इय ना, টুकून।

টুকুন শাওয়ার ছেড়ে দিয়ে বলল, এটা দিয়ে এভাবে জ্বল পড়বে। বাথকমের সব বৃঝিয়ে দিয়ে। বলল, তৃমি চান করে নাও। বাইরে আমি দাড়াচ্ছি। স্থবল বলল, টুকুন, আমি দরজা বন্ধ করে দেব।

টুকুনের অহুধ

টুকুন দরজা বন্ধ করার কারণ খুঁজে পেল না। স্থবল তো তার কাছে ছোট্ট এক বালক বাদে আর কিছু না। সে তো সেই যেন ছুই শিশু নদীর পারে দাঁড়িয়ে আছে। গায়ে কোন জামাকাপড় নেই। কেবল ওরা ছুটছে।

টুকুন বলল, আমাকে তোমার লজ্জা কি ?

সুবল ব্ঝতে পারল টুকুন দিদিমণি এখনও স্বাভাবিক নয়। সে বাথক্সমের দরজাটা খোলাই বাখল। সে একটা তোয়ালে পরে নিয়ে জামা পাজামা পাশের ব্যাকেটে ঝুলিয়ে রাখল।

টুকুন বেশ মনোরম চোথে দেখছে। স্থালেব কি সুন্দব হাত। পুষ্ট বাহু। এবং পিঠের শক্ত কাঁধ খুব মজবুত। সে কলেব নীচে বসে গায়ে মাথায় সাবান মাথছে। বস্তুত স্থালেরও একটা অস্থ হয়ে গিয়েছিল—সে থরা অঞ্চল থেকে চলে এসে এখন কলকাতা নগবীতে এত প্রাচুর্য বিশেষ করে জলের—ভাবা যায় না। সে এখনও ফাঁক পেলে যেখানে সেখানে চান করে নেয়। শরীরে ওব কি যে গরম বেঁধেছে কিছুতেই ঠাণ্ডা হচ্ছে না। সে এখানে এসেও এই লোভ সামলাতে পারেনি।

টুকুন বলল, আমি তোমাকে সাবান মাঝিয়ে দিচ্ছি।

সুবল জানে, টুকুনের কোন ইচ্ছাকে অবহেলা করতে নেই। টুকুন কত বড়, কত বড় বাড়ির মেয়ে, টুকুন যা বলবে তাকে এখন ভাই করতে হবে। সে এভাবেই বুঝে ফেলেছে, এর ভিতর এক নতুন প্রাণের সাড়া দেখা দিচ্ছে। এখন কিছুতেই সেখানে ভাটার টান আনলে চলবে না। সে বলল, তুমি টুক্ন করতে পারবে ?

- —বা রে পারব না কেন ?
- —আমার বিশ্বাস হর না টুকুন—সেই রাজার ঘোড়ায় চড়ে যাবার কথা মনে আছে ? হরিণ ধরতে যাচেছ রাজা। হরিণ প্রাণের ভূরে

ছুটছে। **রাজা,** ঘোড়া পাহাড়ের ওপর দিয়ে ছুটিয়ে দিচ্ছে। পাথরে পাথরে ঘসা লেগে ঘোড়ার খুরে আগুন লেগে গেছে।

—সভিত্য কি স্থানর হরিণ না। টুকুন স্থবলের চারপাশে ঘুরে বেড়াভে লাগল। কি স্থানর মজবুত স্থবল। টুকুন জল ঢেলে বলল, আমিও চান করব। সে বলল, আমাকে সাবানটা দাও। সে একবারে শিশুব মত জলের নীচে খেলা কবতে থাকল। স্থবলও কখন এমন হয়ে গেছে। ওরা ছজনে গল্প করছিল—পাশের ওদিকটায় যে দবজা বন্ধ আছে এবং কেউ আব এদিকটায় আসতে পারবে না ওরা জানে।

এবং এভাবে কি হয়ে যায়। সুবল স্নানের সময় শরীর থেকে সব জল শুষে নিতে গিয়ে দেখল, ভোয়ালেটা কি কবে কখন শরীর থেকে খদে পড়ে গেছে। সে ভোয়ালে ব্যবহারের নিয়মকান্ন ঠিক জানে না। আর টুকুন ওকৈ অপলক দেখছে। স্থির। চোখে বিস্ময়। সে, টুকুনের এমন চেহারা দেখে একেবারে ফ্রিজ হয়ে গেছে। হুজনেই ছদিকে একটা ফ্রিজ শটের মত। স্বলের যেন মুহূর্তের জন্ম কাশুজ্ঞান লোপ পেযেছিল। সুবল চলে যাবার পর গোটা ব্যাপারটা টুকুনের মাথার কেমন একটা অন্তৃত নেশা ধরিয়ে দিল। সে ভিতরে ভিতরে ভীষণ একটা অভাবের কথা ধরতে পারছে। সে সংসারে থুব একা—পৃথিবীতে যে মৃত্যু এবং গ্রহাণুতে চলে যাওয়া বাদে অন্ত কিছু আছে তার জানা ছিল না। সে এটা যে কি দেখে ফেলল। ওর চোথ বুজে আসছে। স্বল আবার কথন আসবে —শুধু প্রতীকা।

ওর চোথে এখন কিছুটা স্বপ্নের মত ঘটনাটা ঝুলে আছে। এক আশ্চর্য মহিমাময় শরীর স্ববলের। এবং শরীরের সর্বত্র এক ক'টন মানুষ, কি শক্ত, অথচ ভারি কোমল, লাবণ্যে ভরা, লম্বা স্থবল, যার শিশুর মত সরল মুখ এখন আরও স্থানর মনে হচ্ছে। সে একটা মানুষের শরীর, এবং শরীরের সবটা একসঙ্গে এভাবে কখনও দেখতে পায়নি।

ওর কিছুতেই ঘুম আসছিল না। বাবা এঘরে কিছুক্ষণ এসে বসে থেকে গেছেন। নানারকম প্রশ্ন করেছেন। বলেছেন, টুকুন ভূমি আমাকে পিয়ানো বাজিয়ে শোনাবে না ় ডাক্তারবাবু এসেছেন, তিনিও শুনতে চান।

টুকুন কেবল বলছিল, বাবা আমার থুব ঘুম পাচ্ছে। সে ইচ্ছা কবেই হাই তুলছে। বলছে, আমাকে ভোমরা আর কষ্ট দিও না।

রাতে গীতামাসি একটা কম আলো বালিয়ে দিয়ে গেছে। আলোটার রং কেমন তামাটে। এবং এই আলোটা না বালালে, অক্তদিন টুকুনের ঘুম আসত না। আজু অক্তরকমের। সে গীতামাসিকে বলেছে—সবুজু আলোটা বালিয়ে দেবে ?

- --- সবুৰ আলো বালালে তুমি তো ঘুমাতে পার না।
- —তৃমি দাও গীতামাসি। তামাটে রং আমার আজ ভাল লাগবে না।

টুকুন গীতামাসিকে আরও বলেছিল, এই তাথ আমার বালিশের নীচে কিছু বজনীগন্ধা আছে। ওগুলো রূপোর ফুলদানিতে রেখে আমার মাথার কাছে রেখে যাও। আমার চারপাশে আবও কিছু বাথ, যাতে আমাকে আরও স্থুন্দর দেখায়। শেষপর্যন্ত 'আমাকে স্বন্দর দেখায়' সে বলতে পারেনি। কেমন লজ্জা এসে গেছিল। তার এমন একটা অমুভৃতি এতদিন কোথায় যে ছিল! ওব শির শির করছে শরীরটা। এবং চাদর দিয়ে গোটা শবীরটা ঢেকে রাথতে ইচ্ছা হচ্চে। এটা যে কি হয়ে যাচেছ ভিতরে। ওর জ্বল-তেষ্টা পাচেছ। সে টিপয় থেকে হাতির দাতের মিনা-করা জলদানি তুলে জল থেল। তার হাত কাঁপছে। ঠোঁট কাঁপছে। ভিতরে কিসের যেন ঝড। যেন কোথাও বাদলা দিনে দে র্ষ্টি-ভিজে এফ বড মাঠ পার হয়ে যাচ্ছে। ওর পায়ে সবুজ ঘাসের চিহ্ন। ওর চোখে-মুখে বৃষ্টির ছাট। পরনে সাদা সিল্ক লতা-পাতা আঁকা নীল রংয়ের। পায়ে তেমনি আলতা। হাতের আঙুলগুলো লম্বা, লম্বা নথে নীল রংয়ের পালিশ। নথগুলো কিছুটা লম্বা, কিছুটা উজ্জ্বল, সে হাতের ওপর হাত রেখে নিজের স্থূলর হাত পা দেখতে দেখতে তক্ষ্ম হয়ে যাচ্ছে। সে আর টুকুন থাকছে না। সে কল্যাণী হয়ে যাচ্ছে। সে কল্যাণী মজুমদার হয়ে যাচ্ছে। সে তার ভাল নামটা অথবা বড় হয়ে যে নামটা ব্যবহার করার কথা, কতদিন পরে মনে করতে পারছে।

টুকুন পাশ ফিরে শুলো। দেই গ্রহাণুর ছোট্ট রাজপুত্রের কথা কিছুতেই মনে আসছে না। অথবা দেই মক্তভূমির কথা। মক্ত্মিতে যদি দেই মানুষটা এখনও তার উড়ো জাহাজটা ঠিক করে উঠতে না পারে—তার খুব কষ্ট। তার বাড়ি-ঘর, যদি তার স্ত্রী থাকে—খুব

हुक्तिव चक्थ

একটা কষ্টের ব্যাপার—সে এখন কেবল এসব মনে করতে পারছে।

ওর আঙুলে রক্তের .তাজা একটা ভাব জেগে যাচ্ছে। সে এই শরীরে মনোরম এক স্বপ্ন নিয়ে শুয়ে আছে।

স্বল আর তার কাছে এখন শুধু পাথিয়ালা নয়। সে একজন মামুষ। ওর শরীবে এক স্থন্দর রাজপুত্রের বাস। সে টের পেয়েছে —এই শরীরে ঈশ্বর এমন কিছু দিয়েছেন যার সৌরভ মামুষকে বড় কবে তোলে। মামুষ বেঁচে থাকার অর্থ খুঁজে পায়। তার কাছে এই অর্থটার মানে জানা ছিল না। স্ববল আজ তাকে কিয়ে করে দিয়ে গেল।

সুবল, সুবল এক মানুষ, লম্বা, কালো চুল, চোখ লম্বা, নাক সামান্ত চাপা। ওর ঘাড় শক্ত। পিঠ চওড়া। বুকের পাশের তুভাগ এবং ছই সাতের নীচে সামান্ত বনরাজি নীলা। সে যথন স্নান করছিল— সেইসব কারুকাজ করা সুন্দর স্বদৃগ্য এক শরীরে কি যে সব আকর্ষণের খাঁজ রেখে দিয়েছে।

সে একটা তাজা সিংহের ছবি একবার তুলেছিল ক্যামেরাতে। ছবিটা তার দেখতে খুব ভাল লাগত। সেই তাজা সিংহের সঙ্গে স্থবলের শরীরের কোথায় যেন একটা মিল আছে।

টুকুনের চুল জামা, পাজামা ভিজ্ঞা। টুকুনকে কোথাও মেয়ে মনে হয় না। শুধু মুখে মেয়ের মত নরম এক ছবি। যা খুব কষ্টের আর হুংখের মনে হচ্ছিল।

কোপাও ঘণ্টা বাজছে। রাত এখন বারোটা। কোথাও রেলগাড়ির শব্দ। না, সে নিজের ভিতরই এক রেলগাড়ি চালিয়ে দিয়েছে।
গাড়িটা তাকে নিক্লে ছুটছে। গাড়িতে সে এবং স্থবল। এক সাদা
জ্যোৎসায় তার স্থবলের হাত ধরে বেড়াতে ইচ্ছা হচ্ছে এবং সঙ্গে তার ইন্দ্রর কথা মনে হল। কাল ইন্দ্র এলে সে আর ঠিকমত বৃথি কথা
বলতে পারবে না।

গীতামাসি এসে বললেন, অনেক রাত হয়ে গেছে। তুমি শোও।

- —তুমি শুয়ে পড়োগে ?
- —বড় বাবু কি বললেন ?

বাবা বললেন, টুকুন এবার তুমি সত্যি ভাল হয়ে গেছ।

ওরা কেউ বেশীক্ষণ ছিল না। এমন একটা উত্তেজনার ভিতর বেশী নময় টুকুনকে বিরক্ত করা ঠিক না। বাড়ি থেকে চারপাশে সব মানুষের গছে খবর পৌছে যাচ্ছে টুকুন ভাল হয়ে গেছে। টুকুন কভকাল পরে গয়ানো বাজিয়েছে। টুকুনের রক্তকণিকারা আবার উভ্তমশীল হচ্ছে।

এইভাবে এই সংসারে কোথাও কখন কি-ভাবে যে খরা লেগে যায়।
দটা কখনও মানুষের শরীরে, প্রকৃতির ভিতর এবং কলকারখানায়
তে পারে। সুরেশবাবু জানেন, চারপাশে যে এত ঘেরাও লকনাউট এবং শ্রমিকেরা নিজেদের দাবী সম্পর্কে সচেতন—অথচ কাজ
চ্ছে না, উত্তমশীল না হলে যা হয়ে থাকে, একটা জাতি মরে যাচ্ছে।

তিনি বেশীক্ষণ ছিলেন না । মা-মাসিরা কি যে কলরব করে গেছে !
তামাসি বলেছে, ওর শরীর খারাপ করবে। টুকুন এত ভিড় সহা
রতে পারবে না । আবার কেউ কেউ ভাবছে, টুকুনের তো এমন
কি আরো হবার তিনবার হয়েছে। স্থতরাং খুব একটা আশা কর।
লি না ।

গীতামাসি বলল, টুকুন না ঘুমালে শরীর আবার খারাপ করবে।

—আমার ঘুম আসছে না গীতামাসি। সে দেখল পায়ের হাঁট্র শরে ওর ফ্রক উঠে গেছে। সে ভাড়াভাড়ি শরীর ঢেকে দিতে গেল। ই হাটু এই বয়সে বের হয়ে থাকা কেমন সঙ্কোচের। সে বলল, আমি ভি পরব গীভামাসি।

- —কাল থেকে পরবে।
- —না। আমি এখন পরব।

জিদ ঠিক আছে। গীতামাসি মনে মনে বিরক্ত হচ্ছিল। তবু

हेक्रानव अक्थ

কিছু বলার উপায় নেই। শাড়ি এলে টুকুন বলল, দরজা বন্ধ করে দিচ্ছি। তুমি যাও গীতামাসি। সে গীতামাসিকে যেন জোরজার করেই বের করে দিল। রেডিওটা খুলে দিল। ছায়াছবির গান হচ্ছে। সে প্রতিটি গানের সঙ্গে এখন গলা মেলাচ্ছে। সে ঘবেই আয়নাব সামনে দাঁড়াল। তার কোন কন্ত হচ্ছে না হাটতে। সে যে কি করে শরীরে এমন শক্তি পাচ্ছে! এবং কখনও কখনও যেন মনে হয় সে একটা হালকা পাথির মত এখন এই ঘবে গানের সুরেব সঙ্গে ভেসে বেড়াতে পারে।

সে আয়নার সামনে দাঁড়িয়ে নিজের মুখ দেখল। কত দন পব সে আয়নার সামনে যেন দাঁড়াল। এতবড় আয়নায় সে করে একে নিজের মুখ দেখতে ভুলে গেছিল। সহসা যেন মনে পড়ছে—মুখ না দেখলে, আয়নায় মুখ না দেখলে, কি করে বড় হযে য .ছে বোঝা যাবে না।

দে দাঁজিয়ে আয়নায় মুখ দেখল। ধাবে ধারে সবুজ হালক। ফ্রকটা খুলে ফেলতে থাকল। শবারে মাংস লাগতে চায় না। তবু সে বুকে হাত বাখল। ধীরে ধীবে হাত বুলাল। ওর কেন জানি কারা পাচ্ছে। কেন জানি শরীরের ভিতর আশ্চর্য যে চেতন। নিয়ে বড় হবে স্বপ্ন দেখছে, দেখানে তার কিছু জন্ম নিচ্ছে না। যেন এখন থেকে দে প্রতিদিন এ-ভাবে আয়নার সামনে দাঁজিয়ে কেবল অপেকা কর এবং স্মৃতি, কি যে স্মৃতি মানুষের —মুবল তার কাছে একটা প্রথম আদিম মানুষ, যে মানুষের আদিমতা নিয়ে সোজা সহজ্ঞাবে তাকিয়েছিল। এবং দৃশ্যটা ভাবতে কি যে ভাল লাগছে। সে যেন এমন একটা দৃশ্য ভেবে ভেবে সারারাত ভোর করে দেবে। হয়তো সকালে ফুল ফোটার মত দেখবে, দে-ও শরীরের ভিতর ক্রমে ফুটে উঠছে। ওর ভীষণ ভাল লাগছে এভাবে ভাবতে।

এবং এসব ভাবনাই মেয়েকে এক সকালে সন্ত্যি সন্তিয় বড়

करत मिल। तम आयुनाय मां फ़िर्य এ-मर कि तमश्रष्ट! तम त्य वफ़ সচ্ছে তার প্রমাণ শরীবে ভেসে উঠছে। কতকালের রাত জাগা, অথবা স্তবল এলে ওকে নিয়ে পালিয়ে পালিয়ে এই হলঘরের মত হবে অথবা দক্ষিণের বারান্দায় এবং কথা আছে সে যথন গান গাইবে, খথবা পিয়ানো বাজাবে, কিংবা রেডিওর গানের সঙ্গে গলা মেলাবে— ত্র্যন এই ঘরে কেউ থাকবে না। সে ওর খুশী মত সুবলকে নিয়ে এক আশ্চর্য স্থন্দর জগৎ তৈরী করেছে — য। দে কোনদিন ভুলে যেতে পারবে না। ইন্দ্র আদে ঠিক, তবু ইন্দ্র এলে সে কেমন উদাসীন ক্সেয়ায়। কাৰণ ইন্দ্ৰের স্বভাৰটা কিছুটা কেন **জা**নি আজকা**ল** মেয়েলী মনে হচ্ছে। বরং এই স্ববল যার কিছুটা সন্ন্যাসী তরুণের মত মুখ, যে খুব সং এবং যে সব সময় নিজের মত করে ভাবে—যে ছোট্ট াজপুত্রের গল্প শুনে হেদেছিল, বলেছিল—সে আর তার গ্রহাণুতে ফিবে যেতে পারবে না। পৃথিবীর গাছ পাথি ফুল ফল এমন সে আর পাবে কোথায়। কেউ এখানে এলে আর কোথাও যেতে চায় না। বড় মায়া আর ভালোবাসায় পৃথিবী মানুষকে আটকে রাথে। টুকুনের মনে হয়েছিল, সুবলই তার সেই ছোট্ট রাজপুত্র। তাকে বাদ দিয়ে দে কিছুতেই বাঁচতে পারে না। স্থবল তার ছোট্ট গ্রহাণুতে আর ফিরে যেতে পারবে না।

একটা বাওবাব গাছের বড় দরকার স্থবলের, এমন মনে হ'লে—
চারপাশে যা কিছু, যেমন একটা নদী আছে, নদীর পারে বন আছে
আর এ পারে আছে ফুলের উপত্যকা, এর ভিতর বাওবাবের চারা
লাগিয়ে দিলে বেশ একটা স্থন্দর পৃথিবী সে গড়ে তুলতে পারত, এবং
এমন উপত্যকায় একদিন ওর ভারি ইচ্ছা টুকুনকে নিয়ে আসবে। সে
আর টুকুন। বুড়ো মানুষটা আজকাল আর ঘর থেকে বের হতে পারে
না। স্থবল তার জন্ম স্থন্দর টালির ঘর করে দিয়েছে। লাল টালি,
মাটির দেয়াল, দেয়ালে নানা রকমের কারুকাজ, ফুলফল লতাপাতা সব
ছবিতে আঁকা।

বুড়ো মানুষটা চলাফেরা তেমন আজকাল করতে পারে না বলে, দে তার জন্ম আর বুড়ো মানুষটার জন্ম রালা করে। নামাজের সময় হলে দে মনে করিয়ে দেয়—এখন তোমার কর্তা জহোরের নামাজ। বুড়ো মানুষটা চোখে আজকাল ভাল দেখতে পায় না। কোথাকার কে স্থবল এসে এখন এই ফুলের উপত্যকায় রাজা হয়ে গেল প্রায়। দে স্থবলকে সব দিয়ে যাচ্ছে। কারণ বুড়ো মানুষটার ভো কেই নেই। সে স্থবলকে সব দিয়ে যেতে পেরেছে বলে ভীষণ খুশী। এমন ভাবে সে হালা হতে পারবে কখনও ভাবতেই পারেনি। বড় চিন্তা ছিল তার, এমন স্থলর একটা ফুলের উপত্যকা কাকে দিয়ে যাবে। ওর ভো কেই নেই। যারা আছে তারা সব ফুলের দালাল। কি লোভ বেটাদের। এসেই একটা বড় রকমের দীর্ঘ নিশ্বাস ফেলে বলত—ভা মিঞা, তুমি এমন একটা কাজ করলে কি করে!

[—]কি করে আবার ? পরিশ্রম করে ?

- —শুধু পরিশ্রমে হয় ?
- —কেন হবে না <u>?</u>
- —হয় না মিঞা।

তারপর সে থেমে একটু কি ভাবত, তাবপর বলত, হ্যা, আর আছে অহস্কার। আমার হাতের অহস্কার। আল্লা আমার সঙ্কে আমার অহস্কারের জন্ম দিয়েছেন।

সে ঠিক ঠিক ব্ঝতে না পারলে বুড়ো মানুষটা বলত, আমি চাই আমার মত এমন ফুলের চাষ কেউ আর করতে পাববে না। দিনমান খেটে, রাতে নদী থেকে জল এনে, রাতে কখনও বনে পাহাড়ে দব পাতা পুড়িয়ে এমন দব দার তৈরী করতাম—ভেবে অবাক হবে, দে সার না দিলে—ফুল কখনও এমন বড় হয় না। একটু থেমে সে ফুলের গাছ-গুলোর দিকে তাকিয়ে থাকত। তাবপব বলত, আমি চাই না হ্নিয়ায় আমার তেয়ে কেউ বেশী ফুলের চাষ ভাল জানুক।

স্বলের সঙ্গে স্থাথ ছঃথে ইমানদার মানুষটা এমন বলত।—আমার একটা লোভই আছে স্থাল, কেবল জমি কিনে ফুলের চাষ বাড়িয়ে যাওয়া।

বুড়ো লোকটা আরও সব গল্প করত ওর সঙ্গে। সে ফিরে যথন বন থেকে শুকনো কাঠ সংগ্রহ করে রাতের আহার তৈরী করত—ভখন বুড়ো মানুষটার গল্প আরম্ভ হত। কারণ সে চোথে দেখতে পায় না বলে, রাজ্যের সব গল্প মনে করতে পারে। সুবলকে সে সব দিয়ে দেবার পরই কেমন আরপ্ত বেশী বুড়ো হয়ে গেল। স্থবল যাদের নিয়ে চাষবাস বাড়াচ্ছে তাদের সন্ধ্যা হলেই ছুটি দিয়ে দেয় বলে, জায়গটা কেমন আরপ্ত বেশী নির্জন হয়ে যায়। নদীতে কখনও নৌকার লগির শব্দ কানে আদে। বৈঠা মেরে কেউ হয়ত গান গেয়ে চলে যায়। আর সুর্যান্ত হলে যখন হাতপা ধোবার জল এনে দেয় টিউকল থেকে বুড়ো মানুষটা কেমন আন্দাজে গল্প আরম্ভ করে দেয়। নীচে যে সব

हेक्रनद्र व्यञ्ध

ঘাসের চটান আছে ভার একপাশে স্থবল রান্না আরম্ভ করে দেয়। থুক সোজা রান্না। নদী থেকে মাছ আসে। বুড়ো মানুষটা চাপিলা মাছ থেতে খুব ভালবাসে। বিকেলে সেই মানুষটা এসে বেশ কটা বড় মাছ রেখে দিলে আন্দাজে হাত দিয়ে টের পায় মাছগুলো থেতে খুব ভাল লাগবে।

বুড়ো মামুষ্টার সামনে একটা হারিকেন শ্বালা থাকে। মাছকে সে বংস থাকে। পা ছুটো তাব ভাঁজ কৰা। মাথায় সানা আপড়েব টুপি। নান্য রক্ষের বাককাজ করা আছে টুপিতে। খুব সূজা স্থতোর কাজ। স্থবল ওব লুঙ্গি, পঞ্জাবি, টুপি, রোজ ধুয়ে বাথে। খুব ফুল্সরভাবে বেঁচে থাকার স্থা এই ম মুষ্টার, যেমন সে ভাবে এই সরল পৃথিবীতে আল্লা অথবা ভগবান যেই হোক না সব কিছু রেখে দিয়েছেন মানুষের জন্ম। মানুষ সেটা পবিশ্রম করে পারে ওব খুব ভারত কষ্ট হয়. সে কিছু এখন আৰু বরতে পাবে না৷ কাজ না করলে ঈশ্ব চিন্তা হয়। মাঝে মাঝে সে যখন এমন ভাবে তথন তাব হাই ওঠে। স্থবলের মাছের ঝোল টগবগ করে ফুটছে। সে ফুন্দব কালোজিরে সাস্তরে বেগুন দিয়ে জিরে লঙ্কার কেমন সব স্বস্থাত থাবরে করে। অথবা সে যথন মাছ সাতলায় তার ঝাঝ নাকে লাগলে বেশ থিদেটা বেড়ে যায়। তথন আর বুড়ো মামুষটা বদে থাকতে পাবে না। দে বারান্দা থেকে নেমে সুবলের কাছে চলে গেলে, মনে হয় বেশ একটা নির্জন পৃথিবীতে তারা বেঁচে আছে। অনেক দূরের বন থেকে কিছু জীবজন্তুর ডাক, অথবা পাখপাখালির আওয়াজ এবং সে চুপ করে থাকলে পৃথিবীর যাবতীয় কীটপতকের আওয়াক্ক টের পায়। সে তখন চুপচাপ বদে থাকতে পারে না। কিছুটা যেন গল্প করে সময় পার করে দেওয়া অথবা গল্প করে থিদের কথা ভূলে থাকা। তাই ওর গল্পে এমন সব কথা থাকে— বুঝলি, আল্লা আমাদের খুব সরল ।

স্থকের স্বভার অক্স রকমের।—তুমি আবার কেন চাচা বাইরে

এলে। ঠাণ্ডা না লাগলে বুঝি চলেনা! স্বলের মাঝে মাঝে সথ হলে বুড়ো মানুষটাকে চাচা বলে ডাকে। এমন একটা ডাক খোঁজ সে চায়! সে ভালবাসে সুবল তাকে চাচা বলে ডাকুক।

সে উন্থানের পারে বসে কেমন কিছুটা তাপ নেবার মতো হাত বাড়িয়ে বলল, তোর উন্থানের গাঁচটা ভাল লাগছে। তারপর কেমন যেন সরল মান্তাযেব মতো বলা, আমার খুব থিদে লেগেছে স্বল। তুই আমাকে খেতে দে। ভোব কেবল কাজ আর বাজ।

- —তুমি না বললে চাচা, আল্লা মানুষের জন্ম পৃথিবীতে সব কিছু রেখে দিহেছেন। প্রিশ্রম করে তাকে সেটা পেতে হবে।
 - —খিদে লাগলে সব ভূলে যাই।
- আমি তে। ভোমাব জন্ম তাড়াতাড়ি করছি। সারাদিন পর ছটো খাবে—
- আতি কাঠ ঠেলে দিচ্ছি। তুই যা! কলাপাত। কেটে আন!
 - —রাতে কেউ গাছ থেকে পাতা কাটে!
 - ७ ता (य वह ले. जुड़े किए हैं ताथिम नि।

ওরা মানে যাবা কাজ করে। কাজের শেষে ফিরে যাবার সময় বুড়ো মানুষটার কাছে এসে ওরা দাঁড়ায়। বলে, চাচা যাচ্ছি।

- যা। একটু থেমে বলে স্থবল তোদের টাকা পয়সা দিয়েছে ?
- मिरयुट्ड ठाठा।
- আমাদের জন্ম ছ জোড়া কলাপাতা কেটে রেখে যাস। নিত্য এটা কেমন বলার স্বভাব মানুষটার।

ওরা বলল, সুবল বলেছে কেটে রাখবে। আমাদের কাজ সারতে সারতে একটু দেরি হয়ে গেল চাচা।

- —ও কি করছে?
- —আসছে। নলচিতা গাছের ছটো বেড়া কার গরু ভেঙ্গে দিয়ে

টুকুনের অহুথ

গেছে। আজ সারাদিন আমরা ওটাই করলাম। ও ঘুরে ঘুরে দেখছে আরও কোথাও এমন হয়েছে কি না!

- —আমাকে ও আজকাল কিছু বলে না।
- —বললে তুমি কষ্ট পাবে।
- --আমি কষ্ট পাব কেন ?
- —তোমার এমন স্থন্দর বাগান কেউ নষ্ট করলে কণ্ট পাবে না ?
- —দে তো শুনছি খুব চাষবাস বাড়াচ্ছে।
- ওর জন্ম আমাদের এখন আর সহরে যেতে হয় না চাচা।
 স্থবল আমাদের শহরের চেয়ে বেশী পয়সা দিচ্ছে।

এমন বলদেই বুড়ো মানুষের যা হয়—দেই ঈশ্ববপ্রীতির কথা, অর্থাৎ আল্লা আমাদের খুব সরল। তিনি পৃথিবীতে চান সরল এবং ভাল মানুষেরা বাঁচুক। তারপরই তিনি দেই মহামহিমের জন্ম কিছুক্ষণ চোথ বন্ধ করে রাখেন, যেন বুঝতে পারেন, আছেন, চারপাশেই আছেন তিনি। সব লতাপাতার ভিতর, ফুলফলের ভিতর এবং সব গ্রহনক্ষত্র আর সৌরলোক, যা কিছু আছে চারপাশে—তিনি আছেন। কোন উপাস্থানেই তিনি ভিন্ন। তিনি রাজার রাজা। তিনি সবচেয়ে প্রাক্ত। যা কিছু আছে আকাশে, আর যা কিছু আছে পৃথিবীতে সব তার। তিনি জানেন সব কিছু—। সৃষ্টি স্থিতি প্রলয় তার অন্তর্লোকের রহস্থ। তিনিই জানেন একমাত্র কি আছে সামনে আর কি আছে পিছনে। তার আসন আকাশ আর পৃথিবীর ওপরে বিস্তৃত আর এই ফুইয়ের তিনি নিশিদিন রক্ষাকারী। তিনি তার জন্ম এতটুকু ক্লান্ত বোধ করেন না। আর শেজস্থা তিনি মহীয়ান, মহামহিম।

স্থবল তথন এদে বলল, চাচা তুমি খাবে।

মানুষটার চোখমুখ কেমন উদাসীন দেখায় তখন। চুপচাপ বসে থাকে। থাবার কথা সে ভূলে যায়। তাকে যে খেয়ে নামাঞ্চ পড়তে হবে সে যেন তা আর মনে রাখতে পারে না। সেই থেকে, অর্থাৎ সেই যখন পরিশ্রমী মান্নবের। চলে গেল, এবং সে বসে থাকল একা মাত্বে—ভারপর স্থলের ফুলের চাষবাস দেখে ফেরা, এবং এসব কেমন যেন ভার উদাসীনভার ভিতর পার হয়ে গেছে। সে যে উত্তাপ নেবার জন্ম উন্নেনর পাশে বসেছিল, সেও কিছুটা বোধ হয় সেই অন্তর্থামীর ইচ্ছা, সে যে থিদে লেগেছে বলেছে, সেও বোধ হয় তার ইচ্ছা। এবং এই বুড়ো মান্নবের যা স্বভাব থেতে খেতে কেমন আনমনে বসে থাকা ভাও।

স্থবলেরও স্বভাব হয়ে গেছে, খাও চাচা। তোমায় মাছ বেছে দিচ্ছি। এই বলে সে বেশ ডেলার ওপব মাছ রেখে দিলে হাত টিপে টিপে টের পায় মানুষটা—স্থবল বড় যত্নে সব কিছু কবে যাচ্ছে।

সে তখন বলবে, স্থবল তুই তোব ধর্ম মানিদ গ

—ঠিক বুঝি না চাচা। ধর্মেব কথা মনে হলেই সেই জনাদ নি চক্রবর্তীর কথা মনে হত। আর আমাদের ছিল স্থবচীন দেবীর মন্দির। ওব ভাষণ বিশ্বাস ছিল, দেবীর ক্রোধে আমাদের দেশটায় খবা এসে গেল।

বুড়ো মানুষটা বলল, ভোরা সবাই চলে এলি, সে থেকে গেল।

— ওর ছিল প্রচণ্ড অহস্কার। ও ছিল ঠিক ভোমাদের মুদার মত।
রাতে যখন ওরা শোয়, ঘরের ছ পাদে ছটো বাঁশের মাচান,
মাচানে নক্শি কাঁথার বিছানা, তার পাশে ফুল, বেল ফুল, রজনীগন্ধা,
অথবা গন্ধরাজ্ব ফুল এবং কখনও সব নীল অপরাজিতা, জবা ফুল,
চামেলি, চাঁপা কত যে ফুল নিয়ে বেঁচে আছে এই উপত্যকা আর তার
ভিতর আছে একটা লাল টালির ঘর, সেখানে স্থবল আর চাচা রাতে
তথ্যে যতক্ষণ ঘুম না আদে কেবল নানারকম গল্প করে যাওয়া। বুড়ো
মানুষটা খুব বেশী মুদার গল্প বলতে ভালবাদত। দেই থেকে স্থবল
একটা মানুষের দক্ষে কেবল জনাদনি চক্রেবর্তীর মিল পায়, তার নাম
মুদা। মুদার মত আত্মবিশ্বাদ ছিল মানুষটার। কেবল লাঠিটা ছিল

টুকুনের অহুথ

না হাতে। অথবা যে লাঠি ছিল, সেটা বুঝি ঈশ্বরপ্রদত্ত ছিল না। না হলে মুসা সেই যে তাঁর লোকদের জক্ম জল চাইলেন, আর তখনই দৈববাণী, তোমার আসা (লাঠি) দিয়ে পাণরে মারো। যেই মুসা তার লাঠি দিয়ে পাথরের পর পাথর ছুঁড়ে গেল, আশ্চর্য, নীল পর্বতমালার নীচে, শুকনো মরুভূমিতে বারোটি জলের প্রস্রবণ। জলপান করো মন্ত্যুগণ। আল্লাহ্ যে জাবিকা দিয়েছেন তা থেকে খাও আর পান করো। অহায়বারী হয়ে দেশে অপবিত্র মাচরণ করোনা।

যথন সেই উপত্যকায় সাদা জ্যোৎসা ছড়িয়ে থাকত, আর ফুলের।
ফুটতে থাকত, এবং সব ফুলেদের ফোটার ভিতর আশ্চর্য উল্লাস থাকত,
বুড়ো মানুষটা শুয়ে শুয়ে তা টের পেত। সে বলত, সুবল আমাকে
নিয়ে একটু ঘুয়ে বেড়াবি। আমাকে নিয়ে একটু গোলাপেব বাগানে
নিয়ে যাবি। অথবা চামেলি গাছটার নীচে তুই আর আমি বিভুক্ষণ
বসে থাকব।

ছেলেমানুষ সুবল। সারাদিন খাটাখাটনি করে তার ঘুম পায়।
সে এখন সপ্তাহান্তে যায় বড় শহরে। টুকুন এখন কত বড় আর লম্বা
হয়েছে। সে যায় সদর দরজা দিয়ে। টুকুন আরও সুন্দর কবে
সাজে তখন। এবং যে দিনটাতে সে শুনেছে ইক্র আসে না। টুকুনের
ভয় কেন যে ইক্রকে নিয়ে। সেতো কোন পাপ কাজ করে নি।
টুকুন দিদিমণির মুখ চোখ, এবং যখন সেই পিয়ানোতে একটা সিল্কের
পাঞ্জাবী আর পাজামা পরে চোখ বুজে গান গায়, ওর ববকরা চুল ঘাড়ে
রেশখের মতো উড়তে থাকে তখন সে কেমন এক আশ্চর্য স্থমা টের
পায় টুকুনের শরীরে। ঈশ্বর টুকুনকে যেন এতদিন অপবিত্র করে
রেখেছিল। টুকুনের। টুকুনের শরীর দেখে অর্থাৎ টুকুনের সবকিছু মা
হবার জন্তা যখন উন্মুখ, টুকুনকে কি করে আর ঈশ্বর অপবিত্র রাখেন।
পবিত্র মুখে স্ববলের জন্ত ভীষণ মায়া। সুবলও যখন আসে বেশ সুন্দর

পোশাকে আনে। নে তার ঘাড়ে একটা রঙ বেরঙের ব্যাগ রাখে। ব্যাগে থাকে যাবতীয় সব কেয়া ফুল। স্থবল এলেই সব মান্তুষেরা টের পার স্থন্দর স্থান্ধে গোটা বাড়িটা ম ম করছে। অগচ কেউ টের পায, ন', একজন মানুষ গ্রাম থেকে চলে আসছে, সদর দিয়ে ঢুকে যাচ্ছে, ঘে'রানো সিঁড়ি ধরে উঠে যাচ্ছে, এবং এ-সময় টুকুন ঠিক থাকবে। হল্য দিকের দরজা ঠিক বন্ধ থাকবে—কিন্তু রোজ এখন এটা করতে পাবে না। টুকুন ভাল হয়ে গেছে বলে তাকে ইন্দ্রের সঙ্গে পার্টিতে ্যতে হয়, সে ভাল হয়ে গেছে বলে তাকে ইন্দ্রে কাছে গাড়া চালানো শিখতে হয়। ভাল হয়ে গেছে বলে আত্মীঃস্বন্ধনা, বন্ধুবান্ধবেরা তাকে খিরে থাকতে ভালবাদে। অথচ সুবল টেব পায় –বড় অম্বস্তি টুকুনেব ব্যে এখন যা ভাবছে. একটা বাওবাব গাছের চারা প্রেলই টুকুন দিদিমণিকে এখানে নিয়ে আদত্তে পাব্বে। এবং এত সব ভাবনায় সে রাতে বড ক্লান্ত থাকে। ওর ঘুম থেচে উঠতে ইচ্ছা হয় না। কিন্ত বড়ো মান্ত্রতা টের পেয়েছে ফুলেবা ফুটছে। সে সাদা ক্যোৎস্নায় বদে চুপি চুপি ফুলেদেব ফুটজে দেগবে। এবং মনে হয় যে তথন মহামছিম অ'লাগ্র করুণা দব ফুলে ফুলে আ*চর্ঘতারে টেব পায়। বুড়ো মানুষ্টা চুপচাপ তখন কেবল গাছের নীচে বলে থাকতে ভালবাসে।

সেও বসে থাকে চাচার সঙ্গে। সামনেব জমিটা বেল ফুলেব।
কৌমন্তের শেষাশেষি এটা। শীতকাল আবার আসবে। এখন সাদা
জ্যোৎসায় শীতটা ওদের বেশ লাগছিল। একটা পাতলা কাঁথা বুড়োর
গায়ে দিয়েছে স্বল। এমন জবুথবু হয়ে বুড়ো মানুষটা এখন ফুলের
সৌরভ নিচেছ।

এখন দেখলেই স্বলের বলতে ইচ্ছা হয়, চাচা তুমিভো অনেক জানো, এখানে কোথায় বাওবাব গাছ পাওয়া যায় বলতে পার!

টুকুনের অহুথ

অনেকক্ষণ পর বুড়ো মানুষটা স্থবলের দিকে তাকায়।—কিরে আমাকে কিছু বলছিন।

- . —একটা বাওবাবের চারা না হলে যে চলছে না।
- —এটা এখানে পাবি কোথায় ? সেতো ছোট্ট রাজপুত্রের দেশের গাছ।

এমনি হয়, কারণ ওদের কথা কিছুই সংগোপনে থাকে না। সুবল যে সব গল্প টুকুনের কাছে শুনে আসত, সব এসে হুবহু বুড়ো মামুষটাকে বলত। ইদানীং তো স্থবলের সন্ধ্যার পর কথা বলার আর কেউ থাকে না। কেবল বুড়ো মামুষটার সঙ্গে যত কথা। সে উমুনে মাটির হাঁড়িতে ভাত সেদ্ধর সময় অথবা যথন ডাল সেদ্ধ হয় উমুনে এবং আগুনের তাপে চোখ মুখ উজ্জ্বল হয়ে যায়—তখন নিবিষ্ট মনে যত রাজ্যের গল্প সে চাচার সঙ্গে জুড়ে দেয়।

- —ছোট্ট রাজপুত্রের দেশে যদি আগ্নেয়গিরি থাকে, যদি নদী থাকে, এবং সমুদ্র থাকে তবে আমাদেব পৃথিবীতে একটা বাওবাব থাকবে না
 - —ভাবটে। বলে কেমন একটা হাই তুলল।
 - —তোমার ঘুম পাচ্ছে চাচা। এবারে ওঠো।
 - —তোর ঘরে শুয়ে থাকতে এখন ভাল লাগবে!
 - -থুব।
 - —তুই তবে মানুষ না।
 - —তা যা খুশি বলতে পার।

কেমন আসমান, তারা, চাঁদ, আর ছাথ যেদিকে চোথ যায় তোর মনে হবে একটা ফুলের জগতে বসে আছিদ। দূরের জোৎসায় কেমন ফুলের সৌরভ ভেসে যাচ্ছে ছাথ।

বুড়ো হলে কিছু এমন ধরনের কথা বলেই থাকে। সুবল দেজত মনে কিছু করে না। কেবল মাঝে মাঝে কথায় সায় দিয়ে যায়। এবং কথা না থাকলে টুকুনের কথা ঘুরে ফিরে আসে। —জানো চাচা, টুকুন দিদিমণি এখন গাড়ি চালাতে শিখছে।
টুকুনের জন্ম ভারে খুব কষ্ট স্থবল। কারো জন্ম কোন কষ্ট মনে
মনে পুষে রাখবি না। তবে ছঃখ পাবি।

—তুমি বুড়ো হয়ে গেছ বলে এমন কথা বলছ। বুড়ো হলে মানুষ অনেক কিছু বুঝতে পারে স্থবল।

স্থবল এবার বলল আমার কোন কপ্ত নেই। আমি গাঁ থেকে এসেছি। জলের জন্ম এসেছিলাম। এখন ফুল বেচে খাই! তুমি আছ, এমন একটা ফুলের উপত্যকা আছে আর কিছুদূর গেলে নদী, তার পারে বন আছে, আমার ছঃখ কি চাচা।

—তোর কথা শুনলে আমি দব বুঝি। তোর কভটা কণ্ট আমি ধরতে পারি।

পরা এ-ভাবে কখনও সকাল করে দেয়। এবং যথন ফুলের দালালেরা আসে, স্বল ফুল তুলে দেয় ভাদের। তারপর খুব তাড়াতাড়ি বুড়ো মান্ত্যকে খাইয়ে এবং নামাজের ব্যবস্থা কে দিয়ে প্রবল চলে যায় নদীতে। সে নদীর পারে সব ছেড়ে জলে নেমে যায়। তার এ-ভাবে নদীর জলে সাঁতার কাটতে ভীষণ ভাল লাগে। ও-পাশে বন, বনে নানারকম গাছ, সে সব গাছের নাম জানে না, বুড়ো মান্ত্যটা জানে। সে আগে মাঝে মাঝে বুড়ো মান্ত্যটাকে নিয়ে বনে আগুন খালতে গেলে কখনও কখনও সে কিছু গাছের নাম জেনে নিয়েছে। বাকিগুলো জানা হয়নি। জানতে জানতে কখন বুড়ো মান্ত্যটা চোখে কম দেখতে থাকল। তাকে আর রোজ নিয়ে সে নদীর ওপারে যেতে পারত না। তাকে একা কো বনের শুকনো পাতা ঘাদ কুড়িয়ে আনতে হত সারের জন্ম। এবং এই সার তৈরী করা সে বুড়োর কাছেই জেনেছে। তিনি বলেছেন, ভোমায় এই ছুনিয়াতে আল্লা সব দিয়ে দিয়েছেন, তুমি বাপু করে কম্মে খাও। এমন কিছু নেই যা সংসারে অবহেলার। গাছ ভার অভিরিক্ত সব

हेक्टनत चरुर

কিছু অর্থাৎ পাতা ডাল, সময় হলে পরিত্যাগ করে, তুমি তা থেকেই অমূল্য সব বস্তু নির্মাণ করে নিতে পার। বুড়ো মানুষটা আল্লার কথায় এলেই কেমন সাধুভাষায় কথা বলতে চেষ্টা করে।

স্থতরাং সাঁ তার কাটতে কাটতে সে কখনও নদীর ওপারে ওঠে বনে চুকে যায়। বনে কোন মান্নুষের ছায়া থাকে না। বড় শহর থেকে ঘণ্টা খানেকের পথ ট্রেনে এলে, এবং একটা বড় মাঠ পার হয়ে গেলে এমন একটা নদী, এমন একটা ফুলের উপত্যকা, এমন একটা ছোট্ট বন, সবুজ লতাপাতা ঘাদ নিয়ে ক্রমে ঈশ্বরের পৃথিবীতে বড় হচ্ছে টের পাওয়া যায় না।

স্থবল বেশ হেঁটে যাচ্ছিল। তার একা একা এই বনের ভিতর একজন আদিন নারুষর মত হেঁটে যেতে ভাল লাগছিল। সেই যে স মুদাব গল্প শুনেছে, দেই যে দে খাদম ইতেব গল্পনেছে, হর্থাং প্রাচীনকালে মানুষেবা বনে পাছাড়ে থাকত, অথবা প্রথম মানুষ আদম ইভের জ্ঞানরক্ষের ফল চুরি করে খাওয়া সব তার একসঙ্গে মনে পড়াছ। এবং মনে হয় সে বেশ ছিল, ভাল ছিল, যেন সে ট্রেনে চড়ে শহরে জল এসেই জ্ঞানর্কের ফল খেয়ে ফেলেছে। কেমন তার উচ্চাশা, এবং আকাজ্ঞা তাকে নিরম্বর ভিতরে ভিতরে থুব ছোট করে ।দচ্ছে। এমন মনে হলেই চুপচাপ একটা গাছের কাতে হেলান দিয়ে দাড়িয়ে থাকে। টুকুন দিদিমণির কথা মনে হয়। দিদিমণির সেই রুগ্ণ মুখ, বিবর্ণ ছবি চোথে ভেমে ওঠে –তারপর সে কি করে যে আশ্চর্য এক পাঝির থেলা দেহি য়ে দিদিমণিকে নিরাময় করে তোলার সময় তার জানা ছিল না, এক আশ্চর্য যাতুকরের খেলায় সে দিদিমণির ভিতরে ভালবাসা সঞ্চার করেছে। পৃথিবীতে বুড়ো মাতুষটাই কেবল মাত্র তার কষ্টটা বুঝতে পারে। সে যে নিশিদিন ফুল ফুটিয়ে বেড়ায় কেউ জানে না তার ত্র:খটা কোথায়। টুকুন দিদিমণির সঙ্গে সে এখন একা একা কথা বলতে পারে। সে পেজস্ত এখন বনে ঢুকে গেলে দেখতে পায় যেন সে ছোট্ট

টুকুনের অহব

রাজপুত্র হয়ে গেছে। একটা বাওবাবের নীচে সে আর টুকুন দিদিমণি দাড়িয়ে। বুড়ো মানুষটা যাচ্ছে হেঁটে! ফুলের সৌবভ তথন কেবল ভেদে আদছিল। বুড়ো মানুষটা তথন লাঠি তুলে যেন বলছে, স্থবল তোর ঈশ্বর ভোকে অহঙ্কাব দিক, তুই ভালভাবে বেঁচে থাকতে শিখ। ঈশ্বরের পৃথিবীতে ভালবাসাব দাম সবচেয়ে বেশী। তাকে ছেলা ফেলা করতে নেই।

ইন্দ্র বলল, বেশ হাত দেখছি।

- —বেশ বলছ ^१
- এমন একটা জ্যামের ভিতর থেকে বেশ কায়দা করে গাড়িটা বের করে দিলে।
 - —ভাহলে আমি একা একা চালাতে পারব বলছ গ
 - —দেতো কবে থেকে তুমি চালাতে পার।
 - —তবে মা দিচ্ছে না কেন ?
 - ---মাসিমার ভীষণ ভয়।

টুকুনের বলতে ইচ্ছা হল ভয় না হাতি। মা একা ছেড়ে দিচ্ছেন না, পাশে সেই যে যুবক বড় হচ্ছে ফুলের উপত্যকায়, সেখানে সে না চলে যায়। মা টের পেলে বলেছিল একদিন, টুবুন এটা ভোমাকে মানায় না।

টুকুন যেন বুঝতে পারছে না, এমনভাবে বলেছিল, কি মানায় নামাং

—তুমি তা ভাল করেই বোঝ।

টুকুনৈব মনে হল, সেটা সে আজও ঠিক বোঝে না। সে আসভ পালিয়ে পালিয়ে। পাঁচিল টপকে আসত। তার এমন নিত্য আসার সময় একদিন ধরা পড়ে গেলে—বাড়িতে হৈ ুচৈ। মা, বাবা, সব মান্থবেরা ওকে বলেছিল, ছিঃ ছিঃ টুকুন, তুমি কভ বড় বংশের নিয়ে।

টুকুনের বলার ইচ্ছা হয়েছিল, সে এলে আমি মা, আমার ভিতর থাকি না। কি সুন্দর এক জগতের সে বাসিন্দা মা। সে ভার ফুলের উপভ্যকায় নিয়ে যাবে মা, সেখানে গেলে মান্নুষের বুঝি কোন ছঃখ থাকে না!

মা বলেছিল, আমাদের দিকটা একবার ভেবো।

স্থবল কিছু বঙ্গছিল না। সে সত্যি অপরাধ করে ফেলেছে। তার আসা উচিৎ হয়নি এ-ভাবে। সে কিছুটা মাথা নীচু করে রেখেছিল। কেবল মজুমদার সাহেব পাইপ টানতে টানতে কেমন একটা মজা অমুভব করেছিলেন। এবং সে যে একেবারে ভীমণ কিছু করে ফেলেনি সেটা যেন মজুমদার সাহেব হঁয়া বা নার ভিতর কিছুটা প্রকাশ করেছিলেন। অর্থাৎ তিনি এমনভাবে কথা বলেছিলেন যে, ছাখো স্থবল, তুমি এভাবে না এসে সদর দরজা দিয়ে এলেই পার। তুমি তো স্থবল ফুল বিক্রিক করে খাও। ভোমার ভো মানুষের ভালো দেখাই স্বভাব। তুমি কেন তবে এভাবে আসবে।

স্থবলও ভেবেছিল, তা ঠিক, এ-ভাবে না এসে সে সদর দিয়েই আসবে। সে বলেছিল, আমি সদর দিয়েই তবে আসব।

টুকুনের মার চোথ মুখ ভীষণ খারাপ দেখাচছে। কি নির্লজ্জ বেছায়া ছাখো। মান অপমান বোধটুকুও নেই। টুকুনের মা কি করবে ভেবে পাচ্ছিল না। তবে এতদিন নচ্ছার ছোঁড়াটা এভাবে পালিয়ে এসে কিনা করেছে। সে বলল, তুমি আসবে না। এলে ভোমাকে পুলিশে দেব।

हेकून वलल, शूलिएम प्लट्ट रकन मा ? प्त हात्र ना मिथावानी !

- —দেখছো মেয়ের সাহস! বলেই টুকুনের মা ভীষণ জেদী মেয়ের মত ত্বপদাপ কিছুদুর গিয়েই আবার ফিরে এল। এবং মজুমদার সাহেবের সামনে দাঁড়িয়ে বলল, সব তোমার আস্কারাতে। তৃমিই এ-জ্ব্ন দায়ী।
 - —বাগ করছ কেন? ব্যাপারটা একবার ভেবে ছাখে। না!
 - ু —ভাববার কি আছে! তুমি বরং ভাবো। তোমাদের বা ধুশি

টুকুনের অহুধ

করবে। আমি কিচ্ছু বলব না। টুকুনের মার এটুকু বলেই যেন কেমন মনে হল, সে সব ছেড়ে ছুড়ে দিলে সবাই আরও জাহারমে যাবে। বরং সে রাগটুকু প্রবল বেথে ছঃখী মেয়ের মত মুখ কবে বলল, এতবড় বাড়ি, তুমি এতবড় মানুষ, তাব মেয়ে এমন হলে মান সম্মান আমাদের থাকবে।

আর তথনই মজুমদার সাহেব দেখলেন, পার্লাবে বেশ লোকজন জমে গেছে। সদর থেকে দারোয়ান হাজিব। আমলা কর্মচাবিরা হাজির। তিনি বললেন আপনারা যান। এবং এই যান বলতেই যান—একেবারে কথাই কেমন নাটকের কুশীলবেব মত যবনিকার অন্তরালে অদৃশ্য হয়ে গেল। এখন মাত্র আছেন, তিনি, টুকুনেব মা, টুকুন আর সুবল। মজুমদার সাহেব বললেন, সুবল বোস। তারপব স্ত্রীর দিকে তাকিয়ে বললেন, আমাদের সুবলের চোথ তুটো ভারি সুন্দর।

টুকুন বলল, ওর মুখটাও ভারি স্থন্দব। আর স্থবল কি লম্বা, না বাবা।

টুকুনের বাবা বললেন, স্থবল তুমি ভীষণ স্থপুকষ হতে পারতে। কেবল নাকটা তোমাকে বেইমানি করেছে।

সুবল এসব বুঝতে পারছে না। ওর চেহারার প্রশংসা হচ্ছে।
সে সাদা পায়জামা পরেছে। ঝোলা গেরুয়া পাঞ্জাবী। সে রংবেরঙের
ব্যাগ রেখেছে বগলে। ভিতরে নানা বর্ণের ফুল। এবং আশ্চর্য
গদ্ধের ফুল। এই ঘরে এমন ফুলের সৌরভ যে বেশিক্ষণ রাগ নিয়ে
বসে থাকা যায় না। ফুলের সৌরভে মন প্রসন্ম হয়ে যায়। এবং
সবারই যখন মন প্রসন্ম হয়ে যাচ্ছিল, বাড়ির সবারই অর্থাৎ দাসীবাঁদিদের পর্যন্ত ভখনও কিনা টুকুনের মা মন ভীষণ অপ্রসন্ম রেখেছে।
সেই ছোঁড়া ভিন চার বছর যেতে না বেতে কি হয়ে গেল। ট্রেনের
স্বাল্ আর এ-স্বাল একেবারে আলাদা মান্ত্র। আর বেশ জালটি

পেতেছে। অসুখ ভাল করার নামে সেই যে ছারপোকার মত লেগে থাকল আর যাবার নাম নেই। সে বলল, বাপু তুমি এখানে আসবে না। আমি সোজা কথার মামুষ, সোজা ভাবে বুঝি। টুকুন এখন বড় হয়েছে। স্থবলও যে বড় হয়েছে। স্থবলও যে বড় হয়েছে সেটা বলল না।—থুব খারাপ এভাবে আসা।

—আর আসব না। স্থবল এমন বলে উঠতে চাইলে, মজুমদার সাহেব লক্ষ্য করলেন টুকুনেব চোখ মুখ কেমন ফ্যাকাশে হয়ে যাচ্ছে। তিনি কি বুঝতে পেরে বললেন, না না, তুমি আসবে বৈকি!

টুকুনেব মুখ চোথ ফের এটুকু বলে লক্ষ্য করতেই বুঝলেন, যে রক্তশৃক্ষতা সহসা তিনি দেখতে পেয়ে ছিলেন, একথাব পর তা আবার কেমন স্বাভাবিক হয়ে গেল। তিনি এবাব বললেন, বোজ আসবে না। ওব তো এখন অনেক কাজ। পড়াশোনাটা আবার আরম্ভ কবতে হচ্ছে। সকালে ইল্লু আসে। বিকেলে ওকে ইলু গাড়ি চালানো শেখায়। বুধবার সন্ধ্যায় টুকুন ক্লাবে সাঁভার শিখতে যায়। সোমবার বাতে গীটার বাজনা শিখছে। স্মৃতরাং বুঝতেই পারছ খুব ব্যস্ত টুকুন। টুকুনের ভাল তো তুমি চাও। তুমি বরং এক কাজ করো। রবিবার বিকেলে তুমি আসবে। টুকুন সেদিন ফ্রি থাকার চেষ্টা করবে। কি বলিস টুকুন!

এদব শুনে টুকুনেব মা কি যে করবে ভেবে পাচ্ছিল না। মানুষটা যে দিন দিন কি স্থায়ে যাচ্ছে। কোথাকার কে একটা ছেলে—ভাকে মুখের ওপর বলতে পারছে না, না তুমি আদবে না। কি অসহায় চোখ মুখ মানুষটার। টুকুনের মার এদব ভাবতে ভাবতে মাথাটা কেমন গরম হয়ে যাচছে। ওর নিজের হাত পা কামড়াতে ইচ্ছা হচ্ছিল। মেয়েটাকে এভাবে একটা ক্ষপোগণ্ড মানুষের দঙ্গে ছেড়ে দিচ্ছে! মান সম্ভ্রম বলে কিছু নেই আর কি আশ্চর্য মানুষটা, স্থবলের সংগে কথা বলছে ঠিক সমকক মানুষের মত।—তুমি সুবল এখুন কি

টুকুনের অহব

করছ ? আহা চং! দে নিজের কাপড়ের আঁচল অস্থির বসে একবার আঙ্গুলে জড়াচ্ছে আবার খুলছে। ওপরের সিলিং ফ্যানটা পর্যস্ত ভাকে ঠাণ্ডা করতে পারছে না। ঘড়িতে সাতটা বাজে। চার পাশে নানা রকম আলো অলছে। দেয়ালে সব বিচিত্র ছবি। নানা রঙের ছবি। কোথাও বাঘ হরিণের পেছনে ছুটছে। কোথাও শিকারী, টুপি খুলে গাছের নীচে বিশ্রাম নিচ্ছে, আবার কোন ছবিতে সুর্যের রং চড়া। আর সুর্য ওঠার নাম নেই অথচ একদল রাজহাঁস জলের ওপর ভেসে বেড়াছে। এবং ঝাড় লগনে একটা চড়ুই পাখি, আলো আধারের খেলায় এসময় বেশ মেতে গেছে। ঠিক নীচে জেরার মুখে স্থবল, সে এসেছিল টুকুন দিদিমণির কাছে এবং এভাবে এক পবিত্র মুখ মহিমময় হয়ে দেখা দিলে চড়াই পাখিটা ডাকতে ডাকতে কার্ণিশে গিয়ে বসল।

এটা চড়াই পাথি না স্থবলের পাথি রাতের বেলায় টের পাওয়া কঠিন। এবং কঠিন বলেই পাথিটা নিজের খুসীমত কার্ণিশে বসে বেশ ডেকে চলেছে। সে বৃঝতে পারছিল বৃঝি বেচারা টুকুনের মা বেশ বিপাকে পড়েছে। এই বিপাক থেকে রক্ষা পাবার কি যে উপায় স্থির করতে না পেরে খুব অস্থির-চিত্ত হয়ে গেছে।

এবং এভাবে টুকুনের সঙ্গে মাত্র ররিবার এক বিকেল, একটা বিকেলই মাত্র স্থবল থাকে ভার সঙ্গে। সপ্তাহে এসময়টা টুকুনেব খুব মনোরম। সে যেন এসময়টার জন্য সারাটা সপ্তাহ অপেক্ষা করে থাকে। আজ্র শনিবার ইন্দ্র ওকে রেড রোডে নিয়ে এসেছে। রেড রোডে ইন্দ্র গাড়ির ষ্টিয়ারিং টুকুনের হাতে দিয়ে বেশ চুপচাপ বসে আছে। টুকুন নানাভাবে বেশ অনায়াসে গাড়ি চালাতে পারছে বলে ইন্দ্রের ভাবনা কম। আর টুকুন সেই স্ল্যাকস এবং ঢোলা ফুলহাভা সার্ট অর্থাৎ ফুলফল আঁকা সিল্ডের পাতলা পোষাক পরে বেশ অনায়াসে গাড়ি চালিয়ে মাঠের চারপাশে, কখনও গঙ্গার ধারে ধারে আবার এয়ার ইপ্রিয়ার অফিসের পাশ দিয়ে এসে মেডিকেল কলেজ ঘুরে সোজা

ফুলবাগান পার হয়ে ভি-আই-পি। তারপর আরও সোজা লেক টাউন, কৃষ্টপুর এবং দমদম বিমান ঘাঁটি ডাইনে কেলে কোন গ্রামের ভিতর গাছের ছায়ায় সহসা গাড়ি থামিয়ে দিলে মনেই হয়না কিছু কাল আগেও এ মেয়ের কথা ছিল মরে যাবে। আগামী শীতে অথবা বসস্থে মরে যাবে। স্থবল এসে ঠিক এক যাত্তকরের মত তাকে কি করে যে ভাল করে তুলেছে ?

এভাবে টুকুন মাজ বিশ্বাসই করতে পারে না, তার একটা অসুখ ছিল। সে যে শুয়ে থাকত সব সময় এবং হেঁটে যেতে পারত না, এমন কি দাঁড়াবার ক্ষমতা ছিল না, কিছুতেই সে তা বিশ্বাসই করতে পারে না। সে যেন এমনই ছিল। তার কথা ছিল অনেক দূর যাবার। ঠিক মামুষের খোঁজে সে আছে। ইল্র চেষ্টা করছে ওর পাশে পাশে থাকার। কিন্তু ইল্রকে সে এখনও তেমন পাতা দিছে না। ইল্রকে পাত্তা দিলে মা খুব খুশী হবে—অথচ সে কেন যে পারে না। বেশ এই যে গাছের নীচে সে এবং ইল্র বসে আছে, ইল্র ফ্ল্যাক্স থেকে টুকুনকে চা ঢেলে দিছে, স্বটাই কেমন আলগা মামুষের মত ব্যবহার। এবং চা ঢেলে দেবার সময় ইল্র দেখল, কি সুন্দর আঙ্গুল, চাঁপার ফুলের মত ছুঁয়ে দিলেই কেমন মলিন হয়ে যাবে—আর বাহুতে কি লাবণ্য—এবং টুকুনকে এত বেশি এশ্বর্যময়ী মনে হয় যে, একটু ছুঁতে পেলেই—সব হয়ে যায়—সে এই ভেবে টুকুনের পাশে খুব ঘনিষ্ট হয়ে বসলে, টুকুন বলল, তুমি আমাকে একজায়গায় নিয়ে যাবে ?

—কোথায় ?

এমন একটা জায়গা, যেখানে কেবল ফুল কোটে।

— জায়গাটা কোথায় আমার চেনা নেই।

পুৰল সেখানে থাকে।

— (महे क्नग्रामा यूरम !

নেই ফুলয়ালা সুবল, কথাটা তার ভাল লাগে না! সুবল সম্পর্কে

টুকুনের অহুথ

সে আরও কিছু বলতে পারত, কিন্তু ইন্দ্র এই নিয়ে ঠাটা তামাসা করবে। মাকে গিয়ে বলবে। স্থবলকে নিয়ে ঠাট্রা তামাসা তার ভাল লাগে না। মার কাছে সুবল ভীষণ একটা শয়তানের মত। সুবলকে কি ভাবে জব্দ করা যায়, অথবা স্থবল একটা উইচ্, সে মন্ত্রের দ্বারা বশ করেছে টুকুনকে, এসব গ্রাম্য লোকেরা নানারকমের তুকফাক জানে, এমন এক স্থলর রূপবভী ক্ষা আর ধন দৌলত দেখে টুকুনকে স্থবল বশীকরণ করেছে, এসব মা সব সময় ভেবে থাকে। আত্মীয় স্বজনের कारह मा अनव वरन ना। त्कवन हित्सुत वावा अरन मा नव वरन। কি যে করা এখন! কারণ মার ইচ্ছা কোন শুভ দিনে ইন্দ্র এসে ওর ছাত ধক্ষক এবং এই যে কলকাতা শহর, রাস্তা ঘাট, অথবা মেমরিয়েল —কথনও কখনও উটকামাণ্ড একটা বড নীল উপত্যকায় ইন্দ্রের সঙ্গে ঘুরে বেড়ানো, এসব হলেই মা ভাবে টুকুন নিরাময় হয়ে যাবে। টুকুনের একটা অসুখ ছেড়ে আর একটা অসুখ এবং এটা মার কাছে ভীষণ অস্ত্রখ। বরং মার ইচ্ছা টুকুন আবার শুয়ে থাকুক, সে আর উঠতে না পারলে কোন কষ্টই যেন নেই তার, তবু যে পারিবারিক সম্ভ্রম বন্ধায় থাকে। মেয়েটা যা করছে, কিছুতেই পারিবারিক সম্ভ্রম আর রাখা যাচ্ছে না। মার হতাশ মুখ দেখলে টুকুন তা টের পায়।

টুকুন দেখল, বেশ একটা জায়গা, এমন নিরিবিলি জায়গায় তার বসে থাকতে ভাল লাগে। কাল স্থবল আসবে। স্থবল বলেছে, একটা বাওবাবের চারা পেলেই লাগিয়ে দেবে তার উপত্যকায়। এবং গাছটা ভাল পালা মেলে ধরলে টুকুনকে নিয়ে যাবে। টুকুনকে এসেই যা সব গল্প করে তার ভিতর থাকে, কেবল বুড়ো মানুষ্টা। নদীতে যে সে গাঁতার কাটে ভাও বলে থাকে এবং কখনও তার কিছু ভাল না লাগলে নদীর ওপারে যে বন আছে, বনের ভিতর সে একা একা হেঁটে বেড়ায়—সে সব কথাও বলে।

অথবা টুকুনের ভারি স্থন্দর লাগে যখন স্থবল বলে, মাঠের ভিতর

শীতের জ্যোৎসায় ভাত ডাল রান্না ও মাছের ঝোল রান্না। জ্যোৎসায় কলাপাতা বিছিয়ে ঘাসের ওপর খাওয়া ভারি মনোরম। এসব বললে, টুকুনের সেই ছোট্ট রাজপুত্রের মতই মনে হয়, স্বল এমন একটা দেশের বাসিন্দা হয়ে যাচ্ছে যেখানে তাকে আজ হোক কাল হোক চলেই যেতে হবে। স্বল কলাপাতা কেটে আনবে গাছ থেকে, সে ডাল ভাত রান্না করতে সে ঠিক জানে না। স্বল তাকে ঠিক শিখিয়ে নেবে। সে যা জানে না স্বলের কাছে জেনে নেবে বিকেল হলে সে এবং স্বল যাবে নদীতে। কোন মান্ন্য-জন না থাকলে নদীর অতলে ভূবে ভূবে লুকোচুরি খেলতে তার ভীষণ ভাল লাগবে।

ইন্দ্র দেখছে, টুকুন অনেকক্ষণ কিছু কথা বলছে না। কেমন চোখ বুজে ঘাসের ওপর শুয়ে আছে।

ইন্দ্ৰ বলন, কি ভাবছ টুকুন ?

- —ভাবছি, সুবল এখানে কোথায় বাওবাব পাবে ?
- **—इट्य वनन, वाख्वाव मारन** ?
- —বা তৃমি জ্ঞান না, বাওবাব এক রকমের গাছ, খুব পাতা, ওর শেকড় অনেকদূর পর্যস্ত চলে যায়।

এমন গাছের নাম তো আমি জীবনে শুনিনি বাবা।

— টুকুন কেমন অবাক হল, বলল, বলছ কি, তুমি বাওবাব গাছের নাম জানা না! সে কি!

ইন্দ্র বলল, সুবল ভোমার মাথাটি বেশ ভাল ভাবে থেয়েছে।

- —তুমি ইন্দ্র যা জান না, তা বলবে না।
- —ভবে কে এসব খবর দিচ্ছে ভোমাকে।
- त्क (मृत्व ? वहेरम् **अनव (म**श आहि ।
- —কোন বইয়ে ?

টুকুন ওর সেই বইটার নাম করলে ইন্দ্র বলল, ওগুলো রূপকথা। টুকুন বলল, মানুষের জীবনটাতো রূপকথার মত। ভাই না!

हेक्टमब चन्न्थ

এই যে সুবল কে কোথাকার মানুষ, এখন ফুলের গাছ কেবল লাগায়। কতরক্ষমের সে ফুল নিয়ে আদে।

ইন্দ্র কেমন ক্ষেপে গেল এসব শুনে। মাসিমা ঠিকই বলছেন, তোমার একটা অমুখ সেরে আর একটা হয়েছে।

টুকুন লাফ দিয়ে উঠে বলল—সেটা कि ?

- —এই যে তুমি সব রূপকথা বিশ্বাস করছ।
- —তোমরা বৃঝি কর না <u>!</u>
- —আমরা কি করি আবার ?
- —অনেক কিছু কর। তোমার সঙ্গে আমার বিয়ের কথা ভাবছে মা।

ইন্দ্র এবার কেমন মিউ মিউ করে জবাব দিল, সেটার সঙ্গে রূপ কথার কি মিল আছে গ

- —মায়ের কাছে এটা রূপকথার সামিল। মা তোমাকে নিয়ে খুব স্বপ্ন দেখছে। অথচ জানো, মা জানে না, আমি বিয়ে খা করছি না।
 - —সেটা ভোমার ইচ্ছায় হবে বুঝি <u>?</u>
 - —কার ইচ্ছায় তবে ?
 - —মাসিমা মোসোমশাইয়ের।

টুকুন উঠে দাঁড়াল। কি যেন খুঁজছে মত। সে বলল কোথায় যে সুবল বাওবাব পাবে! নদীটা ওর ফুলের জমি ভেঙ্গে নিচ্ছে। বাওবাবেব চারা নদীর পাড়ে পাড়ে লাগিয়ে দিতে পারলে খুব ভল হত। ওর শেকড় অনেক দূর চলে যায়। ছোট্ট গ্রহামুর পক্ষে যা খুব খারাপ পৃথিবীর পক্ষে তা থুব দরকারী।

55

রাত থাকতেই স্থবলের ঘুম থেকে ওঠার অভ্যাস। তথন আরও চার পাঁচ জন লোক আদে। ওরা একদঙ্গে কাচি দিয়ে চার পাশ থেকে, যে সব ফুল ঠিকমত ফুটে গেছে, আর বড় হবে না, সে-সব ফুল তুলে নেয়। প্রত্যেকের সঙ্গে বেতের ঝুড়ি থাকে। ফুলটা রেখে দেবার সময় খুব যত্নের দরকার হয়। রাস্তায় চার পাঁচটা ছোট গাড়ি থাকে। গাড়িগুলো ছোট রেলগাড়ির মত দেখতে। গাড়িতে বেশ নানাভাবে চৌকো মত ঘর। এবং এক একটা ঘরে ছোট ছোট ফুলের চুবজি সাজানো। কেবল রজনীগন্ধার ডাঁটাগুলো সে আঁটি করে বেঁধে মাঝে মাঝে ফুলের ওপর জল ছিটিয়ে দিতে পারে। সে অন্ধকারেই বুঝতে পারে কোথায় কে কি করছে। বেশ বড় এই ফুলের উপত্যকা। নদী ঢালুতে নেমে গেছে। নদীর পাড়ে 🛊 দাড়ালে লাল ইটের দেয়াল এবং টালির ছাদের ঘরটা আশ্চর্য মায়াবি মনে হয়। সে অন্ধকারেও টের পায় জল তুলে আনছে সবুর মিঞা। সে ভাড়ে জল আনছে। নিতাই তোলা ফুলে জল দিয়ে বাচ্ছে। কালু এখন তৈরি, যাবে ষ্টেশনে ফুল নিয়ে। দে অবশ্য ইচ্ছা করলে গাড়ি নিয়ে *শহরে চলে যেতে* পারে। কখনও কখনও দেরি হয়ে যায়, তখন অশু জায়গা খেকে ফুল চলে আদে, ফুলের দাম ঠিক ঠাক পাওয়া যায় না। ভোর রাতে যে গাড়িটা যায়, এবং যে গাড়িতে এ অঞ্চল থেকে ভাব, মুরগি, হাঁদ ডিম যায় শহরে, সেই গাড়িতে স্থবল তার সব ফুল তুলে দেয়। দালালদের ফুল দিলে সে ঠিক পড়তা করতে পারে না। মোটামুটি ফুলের কারবারে व्यत्नक माञ्चय व्यन थाण्डि । এवर माहेन छ्हे श्रातन, এक कनलन शर्फ

টুকুনের অহুথ

উঠেছে। ফুল সব মানুষদের—এ অঞ্চলের, এমন কি যারা শহরে গেছিল—ভারা পর্যন্ত ফিরে এলে তাদের নিয়ে বেশ একটা ফুলের চাষ বাস করে দিলে বুড়ো মানুষটা খুব খুশী।

দে বড়ো মামুষটার জন্ম একটা বড় কাঞ্চন গাছের নীচে বেদি বাঁধিয়ে দিয়েছে। দিনের নামাজ বুড়ো দেখানে করে নেয়। রাতেও সেখানে মানুষটা নামাজ পডে। এবং চার পাশে থাকে তখন সাদা কাঞ্চন ফুল। বিকেলে কোন কোন দিন গাড়িতে ফুল যায়। তথন স্থবল বেশ স্থন্দর একটা গেকয়া রঙের পাঞ্জাবি পায়ে সাদা কেড্স এবং হাতে কিছু রজনীগন্ধা নিয়ে যথন গাড়ির মাথার বসে থাকে, বড়ো মানুষটার মনে হয়, স্থবল যাচ্ছে ফুলের গাড়ি নিয়ে—স্থবল না হলে এমন একটা ফুলের গাড়ি কে যে চালায়। যখন তু পাশের মাঠ এবং ঘাস মারিয়ে গাভি যায়, সাদা কাঞ্চন গাছটার নীচে সে দাঁভিয়ে থাকে । ভীষণ এক উজ্জ্বল রোদ খেলা করে বেড়ায়। নদী থেকে হাওয়া উঠে আসে। এবং স্থন্দর এক জীবন। এ-ভাবে যথন মান্নুষেরা টের পায় ফুলের জমিটা ওদের—কি আপ্রাণ উৎসাহ তাঁদের তখন পরিশ্রম করায়। कारना कारनामिन रम कूल निरंग्र रहेश्वरन याग्र ना । छ्रभूरतत शावात অথবা রাতের খাবার এখন কালু তৈরি করে দেয়। সে যতটা সময় এ-সব করবে, ততটা সময়ই তার নষ্ট। সে চাষাবাসের কথা তখন ভাল করে ভাবতে পারে না। সেজগু সে যথন বিকেলে চুপচাপ ফুলের উপত্যকা ধরে হেঁটে যায় তথম চারপাশের সব কিছু কেমন মহিমময় হয়ে যায়। দে এ-ভাবে একটা নিজের পৃথিবী গড়ে তুলেছে। সবাই চায় তার নিজের একটা পুথিবী থাক। সবাই চায় সেই পুথিবীর (म त्रांका श्रंत्र थाकरेत । यमन वृद्धा मानुवित कृतन क्रांच मण्णर्क थाप्र বাজার মত, যেমন জনার্দ ন চক্রবর্তী ভার বিশ্বাস সম্পর্কে প্রায় ঈশ্বরের সামিল-স্থবল যেমন একসময় ভাষত, টুকুন দিদিমণি মরে বেডে পারে, এমন মেয়ে অসময়ে মরে গেলে ভীষণ কষ্টের।

এবং এ ভাবে সে যথন চার পাশে তাকায়--দেখতে পায় সব রাস্তার ধারে ধারে গন্ধরাজ ফুল। গ্রীম্মকাল চলে যাচ্ছে। বর্ষা আসছে। ক'দিন আগে খুব বৃষ্টি হয়েছে। ফল ফুলের গাছগুলো ভীষণ তাজা। সে নতুন কলম করছে গোলাপের। গোলাপের ডাল কেটে সে মাথায় গোবর ঠেসে দিয়ে কাদামাটিতে পুতে রেখেছে। সামাশ্য বৃষ্টি পেয়ে কাটা ডালগুলো কুঁড়ি মেলেছে। সে এ-সব দেখতে দেখতে যায়। এখানে রাস্তার তুপাশে সব বড বড় গন্ধরাজ ফুলের গাছ। গাছের পাতা কি আশ্চর্য সবুজ! এবং চারপাশে গাছের সাদা ফুল। নীচে মুড়ি বিছানো পথ। বৃষ্টিতে এভটুকু কাদা হয় না। সবুজ ঘাস রাস্তার ওপর। এবং হেঁটে টের পাওয়া যায় বুড়ো মামুষটার টালির বাডিটা অথবা ওর ঘরটা এবং এই চাষবাস মিলে জায়গাটা যেন একটা পুরানো কুঠিবাড়ি হয়ে গেছে। কত সব আশ্চর্য কীট পতক্স উড়ে এসে বাসা বেঁধেছে। কিছু সোনা পোকা পর্যন্ত সে এই ম্যাগনোলিয়া ফুলের গাছগুলোর চারপাশে আবিষ্কার করেছিল। এবং এখানে উড়ে এসেছে নানাবর্ণের পাথি। আর এসেছে ছোট্ট সব থরগোস, কাঠবিড়ালি। এথানে এসে যেই সবাই জেনে ফেলেছে— স্বলের পৃথিবীতে বেঁচে থাকা থুব আনন্দের।

আর এভাবেই স্থবল তার এই পৃথিবীতে ছোট্ট রাজপুত্রের মডো বেঁচে থাকতে চায়। দে আর যায় না, টুকুন দিদিমণির বাড়িতে। দে টের পায় তাকে নিয়ে ভীষণ একটা ঝড় উঠেছে টুকুন দিদিমণির বাড়িতে। দে টের পেয়েই গত ছ রোববার একেবারে ছুব মেরেছে। এমন কি বড় শহরে ফুল নিয়ে গেলে পাছে তার লোভ হুয় একবার টুকুন দিদিমণির সঙ্গে দেখা করার, সেজগু সে নির্ফে আর শহরে যাছে না। স্টেশন পর্যন্ত গিয়েই ফিরে আসে। ফুলের সব বিক্রি-বাট্টা, যারা কাছু করে তাদের ওপর। উত্তর যেন কেবল ইচ্ছা সে কত্তরড় ফুল আর কত্ত বেশী ফুল চাষবাস কম্বে তুলতে পারছে, এবং এ-ভাবে

টুকুনের অহণ

সে সবার জান্স এবং নিজের জান্স অর্থাৎ এই যে ঈশ্বর পরিশ্রমী হতে বলছে, সে কতটা পরিশ্রমী হতে পারে তার যেন একটা প্রতিযোগিতা। বস্তুত সে চাইছিল কাজের ভিতর ভূবে গিয়ে টুকুন দিদিমণির কথা ভূলে যেতে।

মুজরাং বিকেল হলেই যখন তার লোকেরা গাছে গাছে জল দিয়ে যায়, যখন জমির আগাছা বেছে নবীন উঠে দাঁড়ায় এবং বুড়ো মান্নুষটার ছবি কাঞ্চন ফুলের গাছটায় ছায়ায় জেনে ওঠে—তখন দে গাছের পাতায় পাতায়, ফুলের পাঁপড়িতে পাঁপড়িতে জীবনের সৌরভ খুঁজে বেড়ায়। ভাবতে অবাক লাগে টুকুন দিদিমণির ওপর তার ভীষণ একটা লোভ আছে। ঠিক সেই অজিতদার স্ত্রীয় মত যেন। এবং এ-ভাবে সে মাঝে মাঝে নিজেকে ভীষণ অপরাধী ভেবে ফেলে। যত্তার বয়স বাড়ছে, টুকুন দিদিমণির ওপর তত তার লোভ বাড়ছে। এবং এটা টের পেলেই সে আর এইসব ফুলেরা যে সৌরভ নিয়ে বেঁচে থাকে তা মনে করতে পারে না। এবং শেষ্টায় সে দিশেহারা হয়ে গেলে কঠিন অস্থথের ভিতর যেন সেও পড়ে যাবে। সে বলল, যেন নিজেকে শুনিয়ে বলল—আমি খুব খারাপ মানুষ টুকুন দিদিমণি। এতদিনে আমি এটা টের পেয়েছি।

আর তথনই সেই উপত্যকার ওপাশে যে একটা বড় রাস্তা চলে গেছে, মনে হল সেই রাস্তায় একটা গাড়ি এসে থেমেছে। এখন বিকেল। স্থাস্তের সময় গাছ পালার ভিতর দিয়ে রোদ লম্বা হয়ে পড়েছ। গাড়িটা, নীল রঙের। ভীষণ ঝকঝকে। আর স্থাস্তের বেশী দেরি নেই। ফলে স্থ তার আক্ষর্য লাল রং নিয়ে একুনি গাছপালার ওপর ছড়িয়ে যাবে। এবং এমন একটা সৌন্দর্যের ভিতর হাল্কা সিল্কের পোশাক পরে যদি কেউ ফুলের উপত্যকায় নেমে আসে—যেখানে কেউ নেই, আছে স্থবল, আর বুড়ো মান্ত্র্যটা, তার যত রাজ্যের নানাবর্ণের ফুল, নদীর নির্মল ক্ষল। ওপারে বন। বনের

গাছপালা যখন ভীষণ নিবিড় তথন স্ববল অপলক না তাকিয়ে থাকে কি করে। ক্রমে অনেকটা হেলে হলে সে যেন চলে আসছে। স্বল দৃশ্যটা বিশ্বাস কথতে পারছেনা। তার কাছে কিছুটা স্বপ্নের মত লাগছে। সে চোখ মুছে ভাল করে দেখছে সব। সে মুগা রঙের পাঞ্জাবী পরেছে। পায়ে তার ঘাসের চটি, এবং সে আরু ধুতি পবেছে। বিকেল হলেই স্নান করার স্বভাব স্ববলের। সে বেশ পরিপাটি সেঁজেগুজে যথন নদীর ঢালুতে একটু চুপচাপ বসে থাকবে ভাবছিল, যথন ফুলের গাড়িটা টংলিং টংলিং শব্দ তুলে মাঠের ওপাশে অদৃশ্য হয়ে যাচছে তথন কিনা আশ্চর্য স্থলর এক মেয়ে, প্রায় যেন রাজকন্যার সামিল, পায়ের গোঁড়ালিব ওপর সামান্ত শাড়ি তুলে প্রায় যেন ধীরে ধীরে উডে আসছে।

স্থুবল কাছে এলেই বুঝতে পারল, টুকুন দিদিমণি।

স্থবল এবাব হাত তুলে গন্ধরাজের ডাল ফাঁক করে ডাকল টুকুন দিদিমনি।

টুকুন, চারপাশে তাকাল সে স্বলকে দেখতে পাচ্ছে না। স্বল যে গন্ধরাজ ফুলের গাছগুলোর ভিতর চুপচাপ অদৃশ্য হয়ে আছে টুকুন টের পাচ্ছেনা। সে চিংকার করে বলল, স্ববল তুমি কোথায় ?

- —আমি এখানে টুকুন দিদিমণি।
- —আমি যে তোমাকে দেখতে পাচ্ছিনা স্থবল।
- —তুমি আমাকে দেখতে না পেলে হবে কেন। কাছে এস। কাছে এলেই টের পাবে আমি ঠিক এখানে আছি।

কি ভীষণ প্রতীক্ষায় মগ্ন চোখ মুখ টুকুনের। সে চারপাশ্বে তাকিয়ে দেখল কেবল ফুল আর ফুল। কত যে ফুল ফুটিক্সে রেখেছে স্থবল। স্থবল যে গন্ধরাজ্বের গাছিগুলোর পাশে পাশে হাঁটছে টুকুন টের পাবে কি করে। সেতো কেবল দেখছে, ফুল আর ফুল। আর দেখছে, বড় একটা কাঞ্চন ফুলের গাছ। সাদা ফুলে ছেয়ে আছে। নীচে পরিপাটি

টুকুনের অহ্থ

করে কিছু বিছানো। এবং বুড়ো মত একজন মানুষ বদে আছে।
বরকের মত দাদা দাড়ি, পরিপাটি দাদারঙ গায়ে লকা আলখেলা,
পরনে খোপকাটা লুক্সি মাথায় দাদা টুপি। হাঁটু ভাঁজ করে বদে
আছে। মুখ কি প্রদন্ধ! হাত দামনে রেখে দে আছে মাথা নীচু
করে। চুল এত দাদা যে দূর থেকে একটা বড় কদম ফুলের মত
লাগছে। আরু আশ্চর্য মানুষটা ওর গলার স্বরে এতটুকু বিচলিত হচ্ছে
না। মাটির দিকে তাকিয়ে আছে। নিবিষ্ট মনে বুঝি ঈশ্বর চিন্তা
করছে। এমন ঈশ্বর চিন্তা মানুষ্যের এখন থাকে দে যেন টুকুনের জানা
ছিল না। দে বুঝতে পারল—এই দেই বুড়ো মানুষ। স্বল যার গল্প
কতবার করেছে। বলেছে, টুকুন দিদিমণি আমার দেশটা তোমার
রাজপুত্রের ছোট্ট গ্রহাণুব চেয়ে কম রোমাঞ্চকর নয়।

টুকুন দেখল, সত্যি এটা একটা আলাদা দেশ। যেন তুঃখ দৈক্ত বলে এখানে কিছু নেই। কেবল ফুলের আশ্চর্য সৌরভ। এবং এই সৌরভের ভিতর বসে আছে এক বৃদ্ধ মানুষ। টুকুন মুখে আঙ্গ্ল রেখে ইসারা করল অর্থাৎ যেন বলছে এটা ঠিক. হবে না স্থ্বল, মানুষটা প্রার্থনায় মগ্ন তথন এস তুমি আমি বসে ওকে চুপচাপ দেখি।

আর তথন স্থবল এসে পাশে বদলে বেশ স্থলর দৃশ্য তৈরি হয়ে যায়। এক বুড়ো মানুষ, বয়স যে কত, কে জানে তার সঠিক বয়স কি, সে নিজেও হয়ত জানে না, তার বয়স বলে কিছু আছে, এই পৃথিবীর যেন সে আদিমভ্য মানুষ, স্থলর করে এই পৃথিবীর শেষ রস গন্ধ শুষে নিজে: এখন তাকে দেখলে এমনই মনে হয়।

কিছু কাঞ্চন ফুলের পাঁপড়ি তখন ঝরে পড়ছিল ওদের ওপর। হাওয়ায় ছটো একটা পাঁপড়ি বেশ উড়ে উড়ে দূরে চলে যাছে। কেমন একটা বাডাদের হিল্লোল। ক-দিন আগে র্ষ্টিপাতের দক্ষন দারুণ সবুজ আভা, এবং তার ভিতর অজ্ঞ ফুলের স্থ্বাস এসে যেন যথার্থ এক অক্ত গ্রহাণু সৃষ্টি করছে। ভারে তখন সেই মামুষ যদি চোখে দেখতে পেত তবে দেখত একটা ছবির মত মেয়ে ছাসের ওপর বসে আছে। ভির । নিশ্চল। এত্টুকু নড়ছে না। সুবলকে পর্যন্ত চেনা যাছে না। সুবল যে সত্যি স্থমগ্ন তবে বুড়োমামুষটা তা বুঝতে পারত। অগ্বচ আশ্চর্য বুড়ো মামুষটা বুঝতে পারছে দামনে সুবল এবং একটা মেয়ে বসে আছে। চাষবাসের এই যে ফুল ফল, এবং পাশের সবুজ গন্ধা, সব মিলে এই মেয়ে কি যে মহিমময় মনে হচেছ। সে যেন তার ঈশ্বর চিন্তায় এমন এক জগৎ আবিষ্কার করে ফেলে তন্ময় হয়ে যায়। কোন হুংখ থাকেনা সেখানে কোন জড়া নেই। তার কাছে মামুষের ছোট খাট সুখ ছুংখেরও মানে বড় বেশী। সে সেই নিরাকার আবরণহীন অন্তিত্বের কথা যত বারই ভাবুক না কেন-কি জানি, কেন যেন সে বার বার সেখানে তার এই ফুলের উপত্যকাকেই আবিষ্কার করে ফেলে। এবং সে এ-ভাবে বুঝতে পারে তার কাছে সব চেয়ে সুন্দরতম জায়গা, এই ফুল, ফলের উপত্যকা। যা কিছু সুখ, যা কিছু আকাজ্ঞা সব সে এর ভিতর ঈশ্বর প্রাপ্তির মত টের পায়। সে কিছুটা অনুমানের ওপর বলল, তোরা।

- --- মামরা চাচা।
- —এ**ই ডো**র দেই মেয়েটা।

স্থবল হাসল।—কোন মেয়েটা ?

- --- যে মেয়েটা ভাবত, আর বাঁচবে না।
- —হাঁ চাচা সেই মেয়ে।
- -এখন কি ভাবছ মেয়ে গু
- —আমি আপনাকে দেখছি। কিছু ভাবছি না

টুকুন ছষ্টুমেয়ের মত কথা বলল।

- —আমাকে। আর্মিতো বুড়ো মানুষ।
- —বুড়ো মান্থ্য এমন স্থল্যর হয় জানতাম না। স্থবল বলল, চাচা কিন্তু দেখতে পায়না।

টুকুনের অহুগ

টুকুন বলল, याः।

- —হাঁা।
- —তবে আমাদের যে বলল, তোরা!
- ওর আর একটা ইন্দ্রিয় তৈরি হয়েছে। সে টের পেয়ে যায়।
 তার এই নিজের হাতে তৈরি ফুলের উপত্যকাতে কে এল কে গেল।
 কোন গাছে কি ফুল ফুটেছে সে এই কাঞ্চন ফুল গাছটার নীচে বসে ঠিক
 ঠিক বলে দিতে পারে।

টুকুন বলল, আমার অস্থ্য, আমি বাঁচবনা, আপনাকে এমন কে বলেছে।

বুড়ো মানুষটার যা স্বভাব, দাড়িতে হাত বোলানো এবং যেন এ-ভাবে বলে যাওয়া—টুকুন স্থবলতো কাজের ফাঁকে জল আনার সময়, অথবা সব আগাছা বেছে দেবার সময় কেবল একজনের কথাই বলে থাকে—সেতে। তুমি। ভোমার নাম টুকুন দিদিমণি। তুমি বিছানাতে একটা মমির মত শুয়ে থাকতে। স্থবলের মুথ দে**খলে** তখন বুঝতে পারতাম—দে নানাভাবে তোমাকে ভালো করার চেষ্টা করছে। ঠিক সে যেমন এই ফুলের উপত্যকায় এসে চারপাশে যা কিছু আছে, দব কিছু নিয়ে মগ্ন হয়ে গেল, তেমনি সে মগ্ন ছিল, তুমি কি কি করলে আনন্দ পাবে—স্থবল কতভাবে যে তথন এই সব মাঠে বড় বড় নানা বর্ণের ফুল ফোটাবার চেষ্টা করেছে। স্ববল তোমার জন্ম সব চেয়ে দানী ফুলের গুচ্ছ নিয়ে যেত। এ-ভাবে আমি ভোমাকে চিনে কেলেছি ৷ ঈশ্বরের পৃথিবীতে তুমি একটা অমুখে ভুগছিলে। অমুখটা ছিল তোমার মনের। তোমার বড় বেশী ছিল বিশ্বাদের অভাব। তোমার সব আকাজ্জা মরে যাচ্ছিল। স্থবল <mark>আবার</mark> ভোমাকে আকাজ্ঞার জগতে ফিরিয়ে এনেছে। এখন ভোমার ভাবনা, মানুষ এমন আশ্চর্য পৃথিবী ছেড়ে চলে যায় কি করে। সে কেন মরে ষায়—কেমন স্থন্দর পৃথিবী ছেড়ে কেউ কোথাও এক দণ্ড থাকতে পারে ভোমার বিশ্বাস হয় না। এ-ভাবে আমি টের পেতাম—যে মারুষ, তোমাকে আকাজ্জার জগতে ফিরিয়ে আনল—তার কাছে তুমি একদিন না একদিন আসবেই। কতদিন বলেছি তোর টুকুন দিদিমণিকে আসতে বলিস এখানে। দেখে যাক—পৃথিবীর আর একটা ছোট জায়গা আছে —যেখানে মারুষেরা কেবল ফুল ফোটায়। মারুষ তার নিজের শ্বভাবেই স্থলর পৃথিবী গডতে ভালবাসে।

টুকুন বলল, চাচা তুমি সত্যি দেখতে পাওনা।

—যাঃ দেখতে পারব না কেন! এখন আমি সব চেয়ে ভাল দেখি।
এতদিন যা আমার চোখের আয়ত্তে ছিল তাই দেখতাম। এখন তো
আরও অনেক দ্রের জিনিস এই ধর হাজার লক্ষ মাইল দ্রে এই
সৌরলোকের কোথায় কি আছে সব যেন নিমেষে দেখে ফেলি। স্থবল
আমাকে যে ছোট্ট রাজ পুত্রের গল্প শুনিয়েছিল আমি এখন তার মত্ত এক গ্রাহ থেকে অন্য গ্রাহে নিমেষে চলে যেতে পারি। কোন কই হয়
না। না দেখলে কি করে টের পেতাম তুমি আজ আমার বাগানে

এ-ভাবে এক বুড়ো মানুষ তার ফুলের বাগানে দাঁড়িয়ে এখন সব কিছু দেখতে পায়। আগে স্থবল ওর কোরান শারিফ পাঠের জ্বন্থ একটা ছোট্ট মত কাঠের র্যাক করে দিয়েছিল। বিকেল হলেই বুড়ো মানুষটা কাঞ্চন ফুলের গাছটার নীচে গিয়ে বসত। চোথে ভারি কাচের চশমা লাগিয়ে সে নিবিষ্ট মনে পড়ে যেত সুর ধরে। তার সে নানা রকম ব্যাখ্যা শোনাভো স্থবলকে। স্থবল বসে বসে শুনত সব। একট্ট মানাযোগের অভাব দেখলেই ধমক লাগাত। ঈশ্বরের প্রতি অনুরাগ থাকবে না কেন: আল্লা ঈশ্বর তো আলাদা নন। সে স্থর ধরে পড়ে গেলে ওর চোথে মুখে জাঁশ্রহ্য স্থমা ভেসে উঠত। এবং এ-ভাবেই এক এক করে শ্ববল যেন গোটা বইটার মানে জেনে ফেলেছিল। যেমন সে দেখেছিল জনাদ্নি চক্রবর্তী চণ্ডিপাঠ অথবা গীতাপাঠ করে স্বাইকে

हुक्तत्र ज्ञूष

তার ব্যাখ্যা শোনাতো এখানেও তেমনি কিছু হচ্ছে অথচ আশ্চর্য সব বাদ দিয়ে যা মনে থেকে যায়-সবটাই যেন মানুষের ভালোর জন্ম বড় বড় মানুষেরা সব কাব্য রচনা করে গেছেন।

সুবল বলল, এখন সময় পাই না। এখন শুক্রবারে চাচার জ্বল নীলপুর থেকে আসে আক্রম থাঁ। সে সারাটা দিন নামাজের ফাঁকে ফাঁকে চাচাকে কোরন পাঠ করে শোনায়।

টুকুন বলল, আর কি ভাবে দিন কাটে তোমার ?

—আমার এ-ভাবেই দিন কেটে যায়।

সুবল কথা বলতে বলতে যাচছে। পাশে টুকুন হাঁটছে। ফুলের সৌরভের কাছে টুকুন দিদিমণির দামী প্রদাধন কেমন ফিঁকে হয়ে গেছে। সে বলল, এটা শ্বেত করবী। বলে সে কটা ফুল হাতে তুলে নিলে টুকুন বলল, আমাকে দাও।

এবং টুকুন ফুল কটা নিয়ে খোঁপায় গুজে দিল। বৰকাট চুলে আজ নকল চুল বেঁধে খোঁপা করেছে দিদিমণি। এবং খোঁপায় ফুল গুজে দিলে টুকুন দিদিমণিকে আর শহরের মেয়ে মনে হয় না, কেমন এক বনের দেবী হয়ে যায়। ওর বড় ইচ্ছা একদিন দে টুকুন দিদিমণিকে নিয়ে ও-পারের বনে যায়। এবং সারাদিন বনের ভিতর চুপচাপ বলে থাকা, অথবা গল্প, দিদিমণি আর কি কি নৃতন বই পড়েছে, সুবল তো বই পড়তে পারে না, টুকুন দিদিমণির সলে দেখা হলেই নানা রকম গল্প শোনার ইচ্ছা এবং টুকুন দিদিমণি কি যে সব সুন্দর স্থানর পথিবীর খবর নিয়ে আদে। তার ইচ্ছা বনের দেবীকে ঠিক একদিন বনে নিয়ে যাবে। এবং বনের ভিতর ছেড়ে দিয়ে সেই যে সে একজন কাঠুরের গল্প শুনেছিল, কাঠুরে রোজ কাঠ কাটতে যেত বনে, এবং দেখতে পেত এক ছোট্ট মেয়ে রাস্ভা হারিয়ে ফেলেছে; সে মেয়েকে ঠিক জায়গায় পৌছে দিতে যেত, ফলে তার কাঠ কাটা হত না, সে কাঠ না কেটেই চলে আনত এবং এভাবে সংসারে ভার ভারি অভাব—অথচ সে

দেখে বনের ভিতর রোজই মেয়েটা রাস্তা হারিয়ে ফেলে, এবং তাকে গ্রামের পথ ধরিয়ে দিতে হয়। কাঠুরিয়ার কাঠ কাটা হয় না। এবং এভাবে কাঠুরিয়া জ্বানে না, এক বনের দেবী ভাকে নিয়ে খেলা করছে। তারপর সে অভাবের তাড়নায় আর বাড়ি ফিরে না গেলে একটা ফুলের গাছ দেখিয়ে বলেছিল ছোট্ট মেয়েটা একটা চাঁপা ফুল রোজ এ-বনে ফুটবে। সেটা তুই নিয়ে যাবি। সে কথামত চাঁপা ফুল বাড়ি নিয়ে গিয়ে দেখেছিল – চাঁপা ফুল স্বৰ্ণ চাঁপা হয়ে গেছে। একটা ফুল বিক্রি করলে তার অনেক টাকা হয়ে যায়। সে রোজ বনে এসে সেই ফুলটা কখন ফুটবে সেজতা বদে থাকে। বদে থাকতে থাকতে মনে হয়, এই বনের কোথায় যেন এক শ্রীহীন রূপ ফুটে উঠছে। সেই মেয়েটি, যে তাকে নিয়ে থেলা করে বেড়াতে। তাকে না দেখতে পেলে বুঝি ভাল লাগে না, এই চাঁপা ফুল তুলে নিয়ে গিয়ে সে রোজ রোজ কি করবে! দেই মেয়েটা তাকে ধে **এ**-ভাবে বেল্লিক করে দেবে সে ভাবতেই পারে না। সে দেবীর দেখা পেয়েও পেল না। সে বলত, বনের দেবী তুমি আমার কাছে এমন ছোট্ট হয়ে থাকলে কেন! বনের দেবী তুমি আমাকে এমন লোভে ফেলে গেলে কেন। আমার যে এখন হাজার অভাব। বেশ ছিলাম মা জননী, কাঠ কাটা, কাটা কাঠ বেঁচে প্রসা, খামী স্ত্রী ছেলে মেয়ে মিলে আহার—তারপর সন্ধ্যা হলে আমার বউ পিঁদিম আলাত। আমার সুথ ছিল, স্বস্তি ছিল, এখন মা জননী এত টাকা আমার, অথচ ছাখো বউটার রেলগাড়ি না হলে চলে না। এবং দেই গল্প মনে হলে স্থবলের মনে হয় টুকুন দিদিমণি বনের দেবী হবে ঠিক, কিন্তু ছোট্ট মেয়ে সেজে তার লোভ বাড়াবে না। সে বলল, দিদিমণি ওপারে একটা স্থন্দর বন আছে। যখন কিছু ভাল লাগে না, নদী ু সাঁভাবে আমি ওপারের বনে উঠে যাই। চুপচাপ গাছের নীচে বসে থাকি।

এভাবে ওরা কথা বলতে বলতে অনেকদুর চলে এসেছে। সামনে

बृक्त्वत्र व्यक्ष

সেই ছোট্ট নদী। যেমন ছোট্ট উপত্যকা নিয়ে সুবলের ফুলের চাষ ভেমনি ছোট্ট নদী নিয়ে, ছোট্ট একটা বন নিয়ে সুবল বেশ আছে। আর কি নির্মল জল নদীতে। টুকুন নেমে যাবার সময় ছপাশের জমিতে দেখল অজস্র অপরাজিতা ফুটে আছে। নানা রকম বাঁশের মাচান ছোট ছোট। সেখানে ফুলের লতা বেয়ে বড় হচ্ছে, সজীব হচ্ছে। একেবারে সবুজ রঙ, ফুলের রঙ নীল, ভিতরটা শঙ্খের মত সাদা। এবং টুকুনের ইচ্ছা হল এ-ফুলের একটা লম্বা মালা গাঁথে। ফুলেব সৌরভ নেই কোন। অথচ কি সুন্দর নরম ফুলের মালা! এমন মালা হাতে গলায় পরে, সর্বত্র ঠিক সুপুরের মত বেঁধে রেখে কেমন সেই যেন শকুন্তলা প্রায় তপোবনে তার ঘুবে বেড়ানো। টুকুন বলল, আমি নদীতে সাঁভাব কাটব।

—এত অবেলায় সাঁতার কাটলে অসুখ হবে।

টুকুন বলল, আমি তুমি সাঁতার কেটে স্থবল ওপাবে উঠে যাব। বনের ভিতর হারিয়ে গিয়ে দেখব, কি কি গাছ আছে। তুমি গাছেব নাম বলে যাবে, আমি গাছ চিনে রাখব। কত বড় হয়েছি, অথচ ভাখো কোনটা কি গাছ ঠিক চিনি না।

সুবল বলল, বনের ভিতর গেলে আমার কেবল ভয় হয় তুমি বন-দেবী হয়ে যাবে।

- --তা হলে কি হবে ?
- --তুমি আমাকে লোভে ফেলে দেবে।
- —সে আবার কি!
- —সে একটা **লোভ**। সোনার চাঁপা ফুল। পেলে আর ছেড়ে দিতে ইচ্ছা হয় না। তখন অসুখটা বাড়ে।

টুকুন দেখেছে, স্থবল চিরদিন এ-ভাবেই কথা বুলেছে। কথায় কেমন হেঁয়ালি থাকে, সে কখনও ঠিক ঠিক বুঝে উঠতে পারে না। অথচ মনে হয়, স্থবল যা বলে তা সত্যি। সে সঠিক মানে না বুঝলেও সুবলের কথা শুনতে তার চিরদিন ভাল লাগে। সে বলল, সোনার চাঁপা ফুলটা কি ?

- —সে একটা লোভ দিদিমণি।
- –সেটা কি ?
- —সেটা একটা কাঠুরিয়ার গল্প।
- —কে বলেছে १
- —আমাদের বুড়া কর্তা।
- —তবে শুনতে হয়। বলে দে শাভি সামান্ত তুলে নদীর জলে সামান্ত নেমে গেল। বালির জন্ত পা দেবে যাচ্ছে না। কি সুন্দর আলতা পরেছে টুকুন দিদিমণি। জলের নীচে পায়ের পাতা মাছরাঙ্গার মত দেখাছে। স্বল এমন দেখলেই কেমন লোভে পড়ে যায়। ওর শরীর ফুলের সৌরভের মত কাপে। সে টের পায় চোখ মুখ কেমন খালা করছে। কিন্তু টুকুন দিদিমণিকে সে কেন জানি ছুঁতে ভয় পায়। কি সব আশ্চর্য স্থাস শরীরে মেখে রাখে। কি নরম সিল্ক পরে থাকে, আর কি রঙবেরঙের লতাপাতা আঁকা পোশাক! সবটা এমন যে সে ভাল করে চোখ তুলে কখনও কখনও দেখতে ভয় পায়। এবং এমন হলেই সে বলে, বেশ ছিল কাঠুরিয়া। টুকুন একটু জল অঞ্চলীতে নিয়ে কি দেখে ফেলে দেবার সময় বলল, কি দেখছিল ?

—এই ভোমার বেশ ছিল। সে পরিশ্রমী মানুষ ছিল। কাঠ কাটত। কাঠ বিক্রি করত। কাঠ বিক্রির পয়সায় চাল ডাল এবং সবাই রাতে বেশ পেট ভরে খেত। তারপর কি ঘুম এল। কোন ছঁস থাকত না। সকাল হলে সে শরীরে ভীষণ জোর পেত। তার কোন রোগভোগ ছিল না।

টুকুন বলল, দে তবে সুখী লোক ছিল ?

— খুব। ুস নদী পার হত সাঁতরে। গায়ে তার অস্থরের মত শক্তি। সে তার পরিশ্রমের বিনিময়ে খাত পোশাক এক আঞ্রয়

টুকুনের অহুখ

পেত। একটু থেমে সে বনের দিকে চোথ তুলে কি খুঁজল। তারপর বলল, বুড়ো কর্তা বলেছে, এটাই নাকি ঈশ্বরের বিধান। তার পবিত্র পুস্তকে বুঝি এমনই লেখা আছে। সে এখানে একটু সাধু ভাষায় কথা বলার চেষ্টা করল। কাঠুরিয়া ঈশ্বরের নিয়ম থেকে সরে গেল। বনদেবী তাকে লোভে ফেলে নিরুদ্দেশে গেল।

টুকুন দেখল কেমন উদাসীন চোখে সুবল ওকে দেখছে।

- —কি দেখছ স্থবল গ
- —তোমাকে দেখছি টুকুন দিদিমণি। কাঠুরিয়া তারপর থেকে ফুলটার জন্ম রাতে ঘুম যেতে পারত না।
 - —আমাকে দেখে সেটা তোমার মনে হল গ
- —তোমাকে দেখে কিনা জানি না, আজকাল আমার মাঝে মাঝেই এমন হয়।
 - —সেজকু আমাদের বাড়ি যাওয়া বেড়ে দিয়েছো!
- —ছেড়ে ঠিক দিইনি। যেতে ইচ্ছা করে। কিন্তু তোমার মা এ-জ্বন্স ভীষণ কট্ট পায়। কেউ কট্ট পেলেই আমার থারাপ লাগে। বলে সে বালির চরের দিকে হেঁটে যেতে থাকল। ওপারের বনের ছায়া ক্রেমে লম্বা হয়ে যাচ্ছে। ওদের ছজনের ছায়াও বেশ লম্বা হয়ে নদীর চর পার হয়ে যাচ্ছে। ওরা পাশাপাশি হাঁটছিল। একজনের শরীরে সব সহরের স্থান্ধ। অন্য জন ফুলের সৌরভ শরীরে মেথে হাঁটছে। হাঁটতে হাঁটতেই বলা, কাঠুরিয়ার তথন বড় ভয়, সেই চাপা ফুলটা কে না কে চুরি করে নিয়ে যায়!
- —কার আবার দায় পড়েছে—কে জানে যে বনে সোনার চাঁপা ফুটে থাকে।
- —জানতে কতক্ষণ। সেতো ততদিনে লোভে পড়ে গেছে। সে শইরে যায়—স্থাকরার দোকানে ফুলটা বিক্রি করে, ওরা লোক লাগাতে পারে—স্থাখো তো রোজ মামুষটা ফুল পায় কোথায় ? সেজস্থ সে রোজ

এক দোকানে চাঁপা ফুল বিক্রি করে না আজ শহরের উত্তরে গেলে, কাল দক্ষিণে। এভাবে সে চিন্তা ভাবনায় বড় উদবিগ্ন থাকে। সে একদিন দেখতে পায় আয়নায়, দব চুল পেকে যাচ্ছে, মাথার চুল উঠে যাচ্ছে। সে কেমন অল্প বয়সে বুড়ো মানুষ হয়ে যাচ্ছে। আর যা হয় সে চাঁপা ফুলটা চুরি যাবে বলে, রাত না পোহাতে বনে চলে যায়। ভারপর বনের পাতালভার ভিতর নিঃগাস বন্ধ করে পড়ে থাকে। চারপাশের পোকামাকড়েরা ওকে কামড়ায়। সে এটুকু জ্রাক্ষেপ করে না। সেভা্ জানে না এভাবে লোভের কীটেরা ভাকে দংশন করে ক্রমে পঙ্গু করে দিচ্ছে।

স্বল এবার বালির চরে বদে পড়ল। এখন ওদের ছায়া লম্বা হয়ে পড়ে নেই। বরং ছায়াহীন এক মাঠ, দূরাগত পাথির ডাকের মত তাদের কেমন নির্জন পৃথিবীতে যেন নিয়ে এসেছে। স্বলের যা হয়, এমন এক নিরিবিলি নির্জন পৃথিবীতে বদে থাকলেই বুঝি তার ভাল ভাল কথা বলতে ভাল লাগে। সেজক্ম বোধহয় সাধু ভাষায় ক্রমে কথা বলতে পারলে ভীষণ খুসী হয়। সে বলল, টুকুন দিদিমণি কাঠুরিয়া দিন রাতের বেশী সময়টাই বাড়ির বাহিরে থাকত। সে যখন ফিরত শহর থেকে গাড়িতে তাকে বড় ক্লান্ত দেখাত। ফিরে এদে দেখত, বৌ তার রেল গাড়িতে চড়ে কোথায় গেছে। ছেলেরা বলত, মায়ের ফিরতে রাত হবে বলে গেছে বাবা।

টুকুন বলল, এভাবে সুখী মানুষটা পরিশ্রম ছেড়ে দিয়ে ছংখী মানুষ হয়ে গেল।

—এভাবে টুকুন দিদিমণি মামুষটা কষ্টের ভিতর পড়ে গেল।

এবং এ-ভাবেই টুকুনের মনে হয় তার বাবাও একটা ভীষণ কষ্টের ভিতর পড়ে গেছে। বাবার জীবনের সঙ্গে কাঠুরিয়া জীবনের কোণায় যেন সাদৃশ্য আছে। টুকুন বলল, জানো বাবার জন্ম আমার ভারি কষ্ট লাগে। কাঠুরিয়ার মত বাবাও আমার হংখী মানুষ। বাবাও আমার

টুকুনের অহথ

আরও কত গাড়ি, কত বাড়ি বানানো যায়—সেই আশায় একটা বড় রেলগাডিতে চড়ে বসে আছে। কিছুতেই নামতে চাইছে না।

সুবল সহসা অক্স কথায় চলে এল। বলল, কোথায় যে একটা চারা পাই। ওটা পেলেই আমার এ-ফুলের উপত্যকা ভরে যাবে। আমার আর কিছু লাগবে না।

টুকুন বলল, আমিও গাছটা খুঁজছি। বাবাও খুঁজছেন। কিন্তু কোথাও পাওয়া যাচ্ছে না। বোধ গাছটা আদলে পৃথিবীতেই নেই।

তারপর ওরা আর কোন কথা বলল না। চুপ চাপ বসে থেকে এই সর্ব বন উপবনের নানারকম বর্ণাঢ্য শোভার ভিতর ডুবে গেল। ওরা শুনতে পাচ্ছে—কীটপতক্ষেরা সব ডাকছে। পাথির নদী পার হয়ে যাচছে। থরগোসেরা দল বেঁধে শস্থাদানা থাবার লোভে লাফিয়ে লাফিয়ে হাঁটছে। আরও কত কি—কি যে আশ্চর্য মহিমময় এই পৃথিবী। অথচ কথন সোনার চাঁপা ফুটবে, সেই আশায় একটা গিরগিটির মত গাছের ডাল দেখছে কাঠুরিয়া। চারপাশে তার এত বড় পৃথিবী, আর এমন ফুল্মর দিন গাছ পালার ভিতর বর্ণাঢ্য সব শোভা নিয়ে শেষ হয়ে যাচ্ছে, সে জানতেও পারছে না। লোভ তাকে সব কিছু থেকে দ্রে নিয়ে যাচ্ছে।

টুকুনের আজ এখানে এসে কেন মনে হল, মানুষেরা ক্রমে গিরগিটি হয়ে যাচছে। সুন্দর দিনগুলি তারা আর ঠিক ঠিক দেখতে পাচছে না। কাঠুরিয়ার মত বনে জঙ্গলে শুয়ে আছে, কখন সোনার চাঁপা ফুটবে গাছে, আর খপ করে তুলে নেবে। তারা কিছুতেই পরিশ্রমী হবে না। পরিশ্রমী না হলে সুন্দর দিনেরা মানুষের কাছ থেকে ক্রমে সরে যায়।

এই ফুলের জগতে স্থবলকে দেখে কেবল টুকুন কেমন এখনও সাহস পায়। স্থন্দর দিনেরা ঠিক ঠিক কোথাও একদিন আবার এ-ভাবে ফিরে আসে। এবং এ-ভাবে মানুষেরা পৃথিবীতে আরও অনেকদিন বেঁচে থাকে। তথন শহরে মিছিল যাচ্ছে। মিছিলে স্লোগান—বোরাও চলছে, চলবে। স্লোগান আমাদের দাবি মানতে হবে।

বড় বড় লাল শালুতে দাবির ঘোষণা। বেশ বড় বড় করে লেখা— বেতনের একটা নিম্নতম হার।

পথের ধারে দাঁড়িয়ে মিছিলের দিকে চেয়ে এক ভিথারিনী, পাগলিনী-প্রায়, ভীষণ হাসছিল। আব হেঁকে হেঁকে বলে যাচ্ছিল— তু ঘরের মাঝে অথৈ সমুদ্ধর।

মজুমদার সাহেবের ড্রাইভার বলল—স্থাব, আর এগুনো ঠিক উচিত্ত হবে না।

মজুমদার সাহেবের ডাইভার খুব পুরানো লোক। এবং কি হবে না হবে সেটা তার মনে করিয়ে দেবার স্বভাব। সে বলল—মিছিল শেষ হলেই গাড়ি জ্যামে পড়ে যাবে।

মজুমদার সাহেব ট্বাকো টানেন। পাইপে ধোঁয়া উঠছে না। ভিনি বুড়ো আঙুলে টিপে টিপে কের কটা টান দিয়েও যথন দেখলেন ধোঁয়া উঠছে না, তথন কেমন ক্লান্ত দেখাছিল তাঁকে। ক্লাবে আজ্ব একটা বড় রকমের লাইসেলের লেনদেনের ব্যাপার আছে। ট্যান্তন সাব আসবেন। তাঁকে খুশি করার ব্যাপারও একটা আছে। মিস ললিতাকে সেজভা তিনি কোনে বলে রেখেছিলেন, আর রাস্তায় নেমে এমন একটা বিশ্রী ব্যাপারের ভিতর আটকে যাওয়া। তিনি কেমন বিরক্ত মুখে বললেন—দিন দিন এসব কি যে হচ্ছে বুঝি না।

জাইভার বলন—স্থার বরং গাড়ি বাড়িতে নিয়ে যাই। কোনো উপায় নেই ব্**ঝ**তে পারলেন। কেবন তারা যাচ্ছে। **আ**র

हुर्दात प्रथ

চারপাশে গাড়ির হন। এভাবে ক্রমে এই রাস্তা একটা গাড়ির পিঁজরাপোল হয়ে যাবে কিছুক্ষণের ভিতর। তিনি যে এখন কি করেন! তাঁর হাত-পা কামড়াতে ইচ্ছা হচ্ছে। অথবা এই সব মিছিলের মাহ্মদের ধরে শহরের বাইরে বের করে দিতে ইচ্ছা হচ্ছে। তিনি বললেন—ভাখো ব্যাক করতে পারো কিনা।

এবং তখনই পাগলিনী হেঁকে হেঁকে যাচ্ছে—ছ ঘরের মাঝে অথৈ সমুদ্র। হাতে তার লাঠি। লাঠির মাথায় পালক। পাগলিনীকে ভীষণ দান্তিক মনে হচ্ছে। মজুমদার সাহেব বললেন—ছাথো পাশ কাটাতে পারো কিনা!

তারপর ফিরে এসে ফোন। প্রোগ্রাম ক্যানসেল। ভিতর বাড়িতে এ-সময় কারো থাকার কথা না। টুকুনের যাবার কথা আছে একাডেমিতে। ইন্দ্রকে নিয়ে যাবে। এখন টুকুন ভীষণ ভালো গাড়ি চালাতে পারে। ওঁর ইচ্ছা হাতের সব কাজ হয়ে গেলে একবার গাড়িতে স্বামী-স্ত্রী-টুকুন সবাই কাশ্মীর যাবেন। খুব জমবে। টুকুনের মা নিশ্চয়ই দরিদ্র-বান্ধব ভাণ্ডারের চাঁদা আদায়ের জন্ম মিঃ তরক্ষারের কাছে গেছে। সেখান থেকে ফিরতে ওর রাত হবার কথা।

অথচ এমন একটা আগপয়েন্টমেন্ট ক্যানসেল করে মনটা খচ্খচ্ করছিল। তবে তিনি ট্যাণ্ডন সাবকে জানেন, ভীষণ লোভী মামুষ। আশ্চর্য সং টাকা-পয়সার ব্যাপারে। এক পয়সা ঘৃষ তিনি নেন না কথিত আছে। তবে যে দেবতা যাতে খুলি। ললিতা সম্পর্কে এমন একটা ছবি তৈরি করে রেখেছেন ট্যাণ্ডন সাবের মনে যে তাঁর আর স্থাস্ত না দেখে উপায় নেই। নদীর পাড়ে খোলামেলা বাতাসের ভিতর একটা নিরিবিলি গাছের ছায়ায় ট্যাণ্ডন সাব আর ললিতা। সব ব্যবস্থা মজুমদার সাহেব নিপুণভাবে করে রেখেছেন। অথচ সেই সময়টায় কিনা মিছিলের লোকগুলি—কাজ না করে কাঁকি দিয়ে দিয়ে পয়সা কামাতে চায়! কি যে স্বভাব মান্থবের এবং এটা বাঙালিদের ভিডর থুব বেশি এমন মনে হলে তাঁর কেন জানি মনে হয় আর এ-জাতিটাকে বাঁচানো গেল না। থুব যে আপসোস চোখমূখে। বিরক্ত ভাবে তিনি তাঁর নিচের ঘরটাতে চুকে গেলেন।

রামনাথ তেওয়ারি, ব্যক্তিগত খানসামার কাজও করে, এ সময়ে সাহেবের ফাইফরমাশ খাটার সে মানুষ, মুখ লম্বা করে দাঁড়িয়েছিল—
কি যে আদেশ করবেন তিনি।

এবং রামনাথ তেওয়ারি ভাবতেই পারে নি, এমন অসময়ে সাছেব তার কুটিরে ফিরে আসতে পারেন! তার পোশাক আশাক ভারি বিঞ্জী—সে তাড়াতাড়ি প্যান্টের বোতাম আঁটতে ভুলে গেছে। সে দাঁড়িয়ে ছিল অ্যাটেনশান হয়ে। পাগড়ি তার ঠিক ছিল না। স্ট্যাশু অ্যাট ইজ হতেই তার মনে হলো কি যেন দেখছেন, মজুমদার সাব।

সে একটু হকচকিয়ে কেমন বোকার মণ্ডো হেসে দিল।

তারপর যা হয়, তাঁর অঙ্গুলি সংকেতই যথেষ্ট। রামনাথ দেখল ওর প্যাণ্টের বোতাম আলগা। নিচে কিছু পরার স্বভাব নেই বলে এমনটা হয়। সে জানে আরও ক-বার তার এমন হয়েছে। এবং মজুমদার সাবের লাস্ট ওয়ার্নিং ছিল। রামনাথ এখন ভীষণ কুপোকাত। সে বলল—সাব আর হবে না।

মজুমদার সাহেবের মনটা ভালো না। তিনি তাঁর অ্যাটাচড বাথরুমে এখন চুকে বেশ ঠাণ্ডা জলে স্নান করবেন। তাঁর বাঁধানো দাঁত এখন টেবিলে একটা মোমের বাটিতে ভেজানো থাকবে। এবং তথন কিনা রামনাথ হাতজোড় করে দাঁড়াল! সাহেব কেমন অবাক চোখে তাকালেন। এ-ব্যাপারে যে তিনি একটা লাস্ট ওয়ার্নিং ওকে দিয়ে রেখেছিলেন, বেমালুম ভূলে গেছেন। টুকুনের মা-র ফ্রিরতে অনেক রাত হবে। মিছিল টিছিলের ব্যাপার দেখিয়ে একটা বেশ অজুহাত তৈরির স্থবিধা পেয়ে যাবে।

कार्त्र अहे भहरत मिहिलात भर्त्र क्याम आर् इया अर क्याम

টুকুনের অস্থ

ভাঙতে ভাঙতে রাত যে কত হয় কত হতে পারে কেউ যেন জ্বানে না। এবং এ-ভাবে টুকুনের মা যত রাত করেই ফিরুক মজুমদার সাহেব কিছু বলতে পারেন না। রাত তাঁরও হয়। তবে তিনি একটা ব্যাপারে ভীষণ ভালো মানুষ, টুকুনের মাকে খুব ভালোবাসেন। ললিতার মতো মেয়েরা ট্যাগুন সাবদের মতো মানুষের ভোগে লাগে — মজুমদার সাব সেখানে সামান্য কৌশলী ব্যাগু-মান্টার মাত্র।

এবং এভাবে আজকের ব্যাণ্ড-মান্টার মজুমদার সাহেব নিজে হয়ে যাচ্ছেন। বাথরুমে স্নান করার সময় তাঁর কথাটা মনে পড়ল। মাথায় শাওয়ারের জল। হাতে নানা রঙের পাথর সব—দামী, ভাগ্য ফেরানোর ব্যাপারে সেই যৌবন কাল থেকে পরে আসছেন। এখন ছ-আঙ্গুলে দশটা—ক্রমে বয়েস বাড়লে বিশটা হয়ে যাবে। বাথকমের আলোটা সাদা মতো দেখাছে। পেটে চর্বি, এবং লোমশ শরীর থেকে টুপটাপ জল পড়ছে। আয়নায় নিজের চেহারা দেখে টুকুনের মা-র কাছে নিজেকে কেমন একটা বনমাত্ম্য মনে হলো। ভাবল, টুকুনের মা-র আসতে দেরি হওয়া স্বাভাবিক। মুখে চোখের ভয়ন্কর কর্যা কেমন এক উদাসীন সন্ন্যামীর মতো হয়ে গেলে অয়না থেকে চোখ তুলে নেম তিনি। খুব স্থগন্ধযুক্ত সাবানের ফেনার ভিতর লম্বা টবে শুয়ে গুয়ে ঠাণ্ডা জলে কি যে ভালো লাগে পাইপ টানতে। এবং অনেক টুকিটাকি কাজ তিনি এভাবে শুয়ে শুয়ে ঠাণ্ডা জলের ভিতর সেরে ফেলভে পারেন। রামনাথ তথন তাঁর অনেক কাছের মাত্ময় হয়ে যায়। দরজায় পাহারা—আভি কোই মাত ঢোকনা। সাব নাহানে মে গিয়া।

, न्यामना-थ।

রামনাথ বুঝল, বাবুর নকল দাঁত এবার তাকে দিয়ে আসতে হবে। অথচ কি যে বয়স! এমন সামায়্য বয়সে দাঁত কেন পড়ে যায় সব সে ভাবতে পারে না। সব না এক পাটির কিছু অংশ সে জানে না। এমন একটা মোমের পাত্রে তা ঢাকা থাকে, এবং সে যখন ভিতরে দিয়ে আদে তথন সাহেবের মুখে এমন একটা ফুলো ভাব থাকে যে দেখলে মনে হবে তাঁর একটা দাঁতও পড়ে নি এবং রামনাথ জানে না, মেমসাব আজও জানে কিনা, দাঁত নকল না আসল। কনফিডেনসিয়াল সব। দে এ-ঘরের টু শব্দটি দরজার বাইরে বের হতে দেয় না। এখানে এই স্নানের সময়টুকু স্নানের ঘরে চুকলেই তাঁর বের হতে হতে হতে হতে হতে ভালনাথের মনে হয় ঠাণ্ডা জলে কি সব গন্ধপ্রয় একটার পর একটা ঢেলে তিনি আশ্চর্য এক নীল সমুজের বাসিন্দা হয়ে যেতে চান। দে তখন যেই খোঁজ করুকে না—সাব নাহানে মে হাায়। বাস তার এক কথা। এমনকি তখন মেমসাব কেমন সম্ভর্পণে চলাফেরা করেন। তিনি পর্যন্ত চুকে বলতে সাহস পান না, আমি দেখব, দাঁত আসল না নকল।

তারপর যা হয়ে থাকে নেনকল দাতের শৌথিনতা মান্নধের মনে সেই কবে থেকে যেন। সে জানে বোঝে নকল দাতেরা খুব উজ্জল হয়। পুরানো দাত পরে থাকতে বুঝি ভালো লাগে না মান্নধের। উজ্জল দাত পরে, হাসিটুকু উজ্জল রেখে, সব সময় মান্নষ তার নিজের গোড়ালি উচু রাখতে হয়। এবং এর ভিতরই থেকে যায় অমুখটা। টুকুনের ছিল—কিন্তু মজুমদার সাব অথবা মেমসাহেবের কোন অমুখনেই কে বলবে। প্রাচুর্য অনায়াস হলে মান্নধের নকল দাতের দরকার হয়। মজুমদার সাব এটা যে বোঝেন না তা না। খুব বোঝেন। উজম বিহনে কিবা পূরে মনোরথে—উদ্যমই সব। অথচ কোথায় যে মান্নধেরা উল্লম বিহনে ভূগে ভূগে অনায়াস প্রাচুর্যের লোভে কখনও মিছিলের ভিতর, কখনও কারখানার ভিতর, আবার কখনও বড় বাড়ির সদরে এক কঠিন অমুখ—আর এ-ভাবে একটা ঐতিহাসিক তত্ত্বের মতো ঘটনাটা আবিক্ষার করে কেমন ভিনি উৎফুল্ল হলে দরজার ও-পাশে ক্রিং ক্রিং করে কোন বেজে উঠল।

हेक्टनर चन्न्य

তিনি রামনাথের গলা পাবেন আশা করে বসে আছেন—কে রে ? তিনি রামনাথকে উদ্দেশ করে বাথরুম থেকে বললেন।

- -- माव हेन्द्र मामावावु।
- --- हेन्स मामावाव् ।
- —হ্যা সাব।
- —ছোড়াটা জ্যামে পড়ে গেল বুঝি!
- —তা কিছ বলছে না।
- —ভবে কি বলছে ?
- —মেমসাবকে চাইছে।
- —ধর। আস্ছি।

তিনি একটা নীল রঙের তোয়ালে কোমরে জড়িয়ে বেশ ছুটে এসে কোনটা ধরলেন—হ্যালো কে ?

- —আমি ইন্দ্র বলছি মেদোমশাই!
- —কি ব্যাপার !
- 🗕 ব্যাপার খুব ভীষণ।
- ---রাস্তায় আটকা পড়েছ গু
- —রাস্তায় না, একাডেমিতে। পাশের একটা দোকান থেকে কোন করছি।
 - —আটকা পডেছ মানে গ
- টুকুন আমাকে না বলে না কয়ে কখন বের হয়ে গেছে গাড়ি নিয়ে।
 - —কোপায় গেছে ?
 - -कानि ना।
 - -ক্থন গেছে ?
 - ---অনেককণ।
 - —গেছে যখন, ঠিক ফিরে আসবে। মজুমদার সাব এইটুকু বলে

ফোন ছেড়ে দেবেন ভেবেছিলেন। কিন্তু ইন্দ্র মনে হচ্ছে আরও কিছু বলবে। কারণ তিনি বুঝতে পারছিলেন সে কিছু বলতে ইতস্তত করছে।

- —টুকুন আমাকে বলল, একটু বোসো। আমি আদছি।
- —আসছি যথন বলেছে, ঠিকই চলে আসবে।
- —সে বাজি কিরে যায় নি তো ?
- —ভোমাকে না নিয়ে বাড়ি ফিরবে কি করে!
- —কি জানি, ওর যা মেজাজ।
- —ক**তক্ষণ হলো** গেছে গ
- —ঘন্টা ছুইর ওপর হবে।

মজুমদার সাবের মুখ সামান্ত সময়ের জন্ত খুব উদ্বিপ্ন দেখাল তারপর ভাবলেন কোনো জ্যামে পড়ে গেছে। তিনি বললেন—আজ্ব তোমাদের বের হওয়া উচিত হয় নি। কি করে যে ফিরবে ঠিক ব্ঝতে পারছি না। আমার ভো যাবার কথা ছিল ওদিকে, কিন্তু কিছুতেই যেতে পারলাম না। রাত দশটার আগে জ্যাম ছাড়বে বলে মনে হয় না।

- —এদিকে তো শুনছি মাঠে ভীষণ গণ্ডগোল। পুলিশ আর জনতার খুব মারধর হচ্ছে। যে যেদিকে পারছে পালাচ্ছে।
- —তোমার তো দোকানে থাকা উচিত হবে না এ-সময়। টুকুন ফিরে এদে তোমাকে না পেলে ভাববে।
- —কিন্তু এমন হওয়া তো উচিত না। কেমন বেপরোয়া। হুশ করে গাড়ি নিয়ে চলে গেল। সোজা রবীক্র সদন পার হয়ে বাঁ দিকে ঘুরে গেল।
 - —কোথায় যেতে পারে তোমার মনে হয়।
- —কি করে বলব। তবে কদিন থেকেই বলছিল ওর বাওবাব গাছের খুব একটা দরকার।
 - * —বাওৰাব গাছ! সে আবার কি!

हेक्टनव अञ्ध

- —সে আমিও জানি না। স্থবল একটা বাওবাবের চারা খুঁজছে।
- —কত রকমের যে গাছ আছে পৃথিবীতে!

ইন্দ্র মনে মনে হাসল। ·মেয়ের মতো বাপেরও বুঝি একটা রোগ আছে। মেয়েটা কোথায় গেল, একটুকু চিন্তা করছে না। সে এবার বলল—মাসিমা কোথায় গ

—এ সময় তো তুমি জানো ও বাড়ি থাকে না। আমিই কেবল অসময়ে বাড়িতে। একটু থেমে বললেন—শোনো, তুমি দেরি করো না। ও এসে তোমাকে জায়গামতো না দেখলে খুব চিন্তায় পড়ে যাবে।

ইন্দ্র এবার হাসবে না কাঁদবে ভেবে পেল না। সে বলল—ঠিক আছে, যাচ্ছি। সে মজুমদার সাবকে কিছু বলে চটাতে ভয় পায়। টুকুনের সায় নেই, মেসোমশাইরও সায় না থাকলে ওর হিসাব উপেট যাবে। সে ভয়ে বলতে পারল না—টুকুন আমাকে এসে না দেখলে ভীষণ খুলি হবে, সে এতটুকু বাবড়ে যাবে না। বললেই যেন সে ধরা পড়ে যাবে—সে খুব অক্ষম, টুকুনকে সে এতদিনেও হাত করতে পারে নি। এবং অক্য যুবকেরা ভো বেশ গোড়ালি উঁচু করে লাজিয়ে পড়া যায়। টুকুনের এক মাস্টারমশাই পর্যন্ত—ছোড়া খুব দামী গাড়িতে আসে পড়াতে। মেসোমশাইর কাছে ওর খুব স্থনাম। আর আশ্চর্য যে একজন পেটি শিক্ষক কি-ভাবেই বা আশা করে টুকুনের মতো মেয়েকে পাবার তবেব যে টুকুনের অস্থ। অস্থ না থাকলে এমনভাবে সে একটা পাথিয়ালার জন্ম বাওবাবের চারা খুঁজে বেড়াচছে!

হঠাৎ ইন্দ্রর থেয়াল হলো, যা, মেসোমশাই কোন ছেড়ে দিয়েছে। দে হঠাৎ কি ভাবতে গিয়ে বলতে পারল না, আমি ঠিক জানি ও কোথায় গেছে! কিন্তু ওটা যে আর বলা হলো না। মেসোমশাই কোন ছেড়ে দিয়েছে। সে আবার ভাবল ডায়াল ঘুরিয়ে বলবে—কিন্তু ভকুনি মনে হলো টুকুন যদি চলে আদে। সে সভিয় যদি ওকে না দেখে ভীষণ ঘাবড়ে যার! এমন ভাবতে ইন্দ্রের ভীষণ ভালো লাগে এবং ভালো লাগাটা সে কখনও সভ্যি সভিয় মনে মনে মেনে নেয়। কি হবে সব জানিয়ে—মেয়েটার অস্তুখ, বড় কঠিন অস্তুখ এক—যা সে নিত্যদিন দেখে দেখে কেমন বিষণ্ণ হয়ে যায়। কোথাকার এক পাথিয়ালা, কোথাকার এক পেটি শিক্ষক—যারা সহবত জানে না। ভারা পর্যন্ত টুকুনের কাছে খুব দামী মানুষ।

ইন্দ্র স্বতরাং রাস্তা পার হয়ে যায়। সেই গাছটার নিচে গিয়ে বসে থাকে। এবং গাডিগুলোর যাওয়া-আসার পথে সে কেবল ভাবে —এই বুঝি টুকুন এল। ক্রমে রাত বাড়ে এভাবে। ওর ভালে লাগে মাকে ফোন করে গাড়ি পাঠিয়ে দিতে বন্সবে ভাবল। মা জিজ্ঞাসা করবে—কি হলো, তোকে তো টুকুন পৌছে দিয়ে যায়। আজ তোর এমন কথা কেন! সে কেন জানি তার মাকেও বলতে ভয় পায় —র্মা, টুকুনের অস্ত্রথে আমাকে জড়াচ্ছ কেন। মেয়েটা আমাকে পাত্তা দিচ্ছে না। তারপরই মনে মনে ভীষণ রাগ, এবং এক কঠিন মুখ, ণ–মুখ যে তার নিজের সে ঠিক তথন ব্রুতে পাবে না। কেমন নৃশংস ম্থ হয়ে যায়। পেটি শিক্ষকের কথা সে ছেডে দিতে পারে, তার ওপর সে ভরুষা রাখতে পারে; কিন্তু মনে হয় বার বার সে হেরে যাবে একজনের কাছে—তার নাম স্ববল—এক পাথিয়ালা। ফুলের রাজ্য তৈরি করে সে এক স্বপ্নের দেশের মানুষ হয়ে গেছে টুকুনের কাছে। তার মাঝে মাঝে ইচ্ছা হয়, টুকুনের স্বপ্নটাকে দে যে ভাবে পারে ভেঙে দেবে। এবং তার আজই ইচ্ছা হলো, একবার গোপনে সে স্ববলের দেশটা দেখে আসবে—কিসের আকর্ষণ, এমনভাবে তাকে ফেলে পালিয়ে যাবার কি এমন আকর্ষণ। তারপরই কেম জানি সে জোর করে হেসে দেয়—কি যে সব আক্ষেবাজে সে ভাবছে! টুকুন না বলে গাড়ি*নিয়ে গেছে বলে অভিমানে যত সব বাব্দে সন্দেহ। হয়ডো

টুকুনের অহুখ

একুনি এসে পড়বে। কোথাও জ্যামে-ট্যামে আটকে গেছে। তা ছাডা যদি ন্যদি নি একটা আ্যাক্সিডেন্ট। ওর কেমন ভয় ধরে গেল। এভাবে বসে থাকা ঠিক ছচ্ছে না। সব খুলে বলা দরকার। একটা ট্যাক্সি—এই ট্যাক্সি। এ-ভাবে ছবার তিনবার ট্যাক্সি ডেকে শেষবার পেয়ে গেলে—সোজা টুকুনদের বাড়িতে। সে এসেই বলল—টুকুন ফেরে নি মাসিমা?

মাসিমার মুখ ভীষণ ভার। জ্যামে তিনিও আটকে গিয়ে অসময় বাড়ি কিরে এসেছেন। হাতের এতটা সময় কি যে করেন! মিঃ তর্ফদারের সঙ্গে দেখা না হওয়ায় তার থুব থারাপ লাগছে। এবং তখন যেন হাসতে হাসতে বলা—শুনছ, টুকুন ইন্দ্রকে গাছতলায় বসিয়ে গাড়ি নিয়ে হাওয়া খেতে গেছে।

—ভালো করেছে।

মেজাজ ভালো না থাকার ব্যাপারটা মজুমদার সাব বেশ ধরতে পেরে মনে মনে হাসছিলেন।

এবং ঠিক পরে পরেই ইন্দ্র এসে যখন বলগ—মাসিমা টুকুন ফেরে
নি! কেমন হুঁশ ফেরার মতো তিনি ঘড়ি দেখলেন—মেয়েটার জহ
কেমন প্রাণ কেঁদে উঠল। আর সঙ্গে সঙ্গোর—তুমি কি। মজুমদার
সাবকে ভীষণ গালাগাল—তুমি এত বড় নিষ্ঠুর। আমার একটা মাত্র
মেয়ে তাও তুমি এমনভাবে চুপচাপ আছ।

- –-আরে ঠিক চলে আসবে। মনে হয় স্থবলের কাছে গৈছে।
- —সেই পাথিয়ালাটা! ছিঃ ছিঃ। তুমি এখনও চুপচাপ বদে আছ ? ইন্দ্র, তুমি পরিমলকে ধরো তো।
- —আরে করছ কি! পুলিশ কমিশনার-টমিশনার আবার ডাকছ
 কেন ? আমি ভোঁ আন্দাজে বললাম।

টুকুনের মা ঘড়ি দেখছে কেবল। নটা বেজে গেছে। যখন পাখিয়ালার কাছে যায় নি, হয়ভো মীনাদের বাড়ি গেছে, মীনার কথা মনে হতেই জোনার কথাও মনে হলো। যা খামখেয়ালী মেয়ে।
টুকুনের মা সব ওর বান্ধবীদের এক এক করে যখন ফোন শেষ করে
উঠবে তখন সবার চোখে অন্ধকার। এবার বোধ হয় পুলিশ কমিশনারউমিশনার দরকার আছে। কিন্তু এত বড় বাড়ির একটা ব্যাপার,
স্ব্যাণ্ডাল হতে কতক্ষণ—আরও কিছু সময় দেখা দরকার। হয়তো
কিছুই হয়নি। পুলিশে ছুলেই আঠারো ঘা। স্থতরাং ইন্দ্র, মজুমদার
দাব, টুকুনের মা এবং মজুমদার সাবের পার্সোনেল সেক্তেটারি
চুপচাপ কি করা যায় ভাবছিলেন—তখন মনে হলো কেউ বলতে
বলতে আস্ছে—টুকুন দিাদমণি আসছে।

ওরাও দেখন টুকুন দিদিমণি আসছে ভাষণ সজীব। পেছনে বার পায়ে আসছে স্বল। কত লম্বা দেখাচেছ ওকে। থুব হাসিখুশি। বাড়ির ভিতর যে এতটা ব্যাপার ঘটবে স্বল ঘেন বুঝতে পেরেছে তবু সে এতটুকু আমল না দিয়ে বলল—টুকুন দিদিমণি একাই কিরতে চেয়েছিল, এতটা রাস্তা একা আসবে—ঠিক সাহস শেকান না।

মজুমদার সাব থুব সংযত গলায় বললেন –এভাবে টুকুন তোমার ঘাওয়া উচিত হয় নি । আমরা থুব ভাবছিলাম।

ইন্দ্র বলল—আর একটু হলেই পরিমল মামাকে কোন করব ভেবেছিলাম।

টুকুনের মা বলল—তুমি আর বাড়ি থেকে কোথাও বের হবে না।
স্বল বলল—আমি যাচ্ছি টুকুন দিদিমণি।

মজুমদার সাব বললেন—না, বোসো।

টুকুনের মা বলল—না, তুমি যাও শ্বল। অনেক রাত হয়েছে। স্থবল বলল—নেই ভালো।

টুকুন বলল—একটু দেরি করে গেলে কিছু হবে না। এগারোটার লাক্ট্রুট্রেন পেয়ে যাবে। একটু কফি করে দাও মা।

টুকুনের অহণ

মা যে কি জবাব দেবে ভেবে পেল না। মেয়েটা এত বেছায়া। ইন্দ্র বুলল—এটাও একটা অমুখ।

টুকুন বল**ল**—কি অমুখ!

—এই অমুখ!

মজুমদার সাব খুব বিব্রত বোধ করছেন। তিনি বললেন—তুমি আর এসো না স্থবল। তোমাকে নিয়ে সংসারে খুব অশান্তি।

টুকুন ভাবল, সবাই তবে তোমরা শান্তিতে আছ! সুবল এলেই যত অশান্তি। ঠিক আছে। সে বলল—স্থবল, আমি কাল যাব।

টুকুনের মা থ, মেয়ের এত সাহস! লোকটা তুকতাক করে একেবারে মাথাটা থেয়েছে। এবং স্থবল যথন চলে গেল, তথন টুকুনের মা-র ভীষণ মাথা ধরেছে। কি যে হবে। কবে একবার ওর বাবা একটা বেয়াভা চাকরকে গুলি করে হত্যা করেছিলেন, এবং জলেব কুয়োতে ফেলে দিয়ে মাটিতে বুঝিয়ে দিয়েছিলেন, কেন যে বাবা এমন করেছিলেন, সে জানত না। কেবল সে দেখেছে ঐ চাকরটার মৃত্যুর পর মা কেমন বিষয় হয়ে গিয়েছিলেন। তিনি সব সময় জানালার ধারে দাঁড়িয়ে থাকতেন। এবং চোখ উদাস। এখন সে ব্যাপারটা বু**ঝতে** পারে। বুঝতে পারে বাবা বেশি বয়সে দ্বিতীয়বার বিয়ে করেন। সে শেষ পক্ষের মেয়ে। বাবার সঙ্গে মা-র বয়সের তফাং কত যে বেশী ছিল, সে যেন সেটা এখনও অনুমান করতে পারে না। মা-র চোথ মুখ কি পবিত্র ছিল, মা বড় করে সিঁছুরের টিপ কপালে দিতেন। থুব মোটা করে আলতা পরতে ভালোবাসতেন, মা-র চোখে মুখে ছিল অসীম লাবণ্য। মা কখনও কঠিন কথা বলতে জানতেন না। ঝি-চাকরদের কাছে মা ছিলেন দেবীর মতো, অথচ বাবার সংশয় ভীষণ এবং এই সংশয় থেকে সংসারে ভীষণ ঝড় উঠেছিল।

এসব কথা মনে হলে মাথা ধরাটা আরও বেড়ে বায়। টুকুনের জন্স তার এমন একটা কিছু মনে হয়েছে। এবং সে যেতে যেতে দেখন

বড় বড় আয়নায় ওর প্রতিবিদ্ধ পড়ছে। সে নিজের মুখের দিকে নিজেই তাকাতে পারছে না। ভীষণ কুংসিত দেখাচেছ মুখ। সমাজে দে মুখ দেখাবে কি করে! মিঃ তর্ফদার এ-নিয়ে বেশ রসিকতা করবেন। কান গ্রম **হ**য়ে যাবে। পায়ের রক্ত মাথায় উঠে **আসবে।** ্স তার শোবার ঘরের দিকে যেতে যেতে দেখতে পেল—দেয়ালের সব ্রভূবড় ছবি ওব দিকে তাকিয়ে যেন হাসছে। অথবা সব ছবি**গুলো** নীবন্ত হয়ে যাড়ে। এবং ওর পিছনে ছটে আসছে। আর ঘডিতে তথন পাড়ে দ্শ। রেল স্টেশনে গাড়ি ছাড়ার শব্দ। কেমন বেহু শের মতো ্সে তার ঘরের দিকে ছুটে গিয়ে আলোটা।ন'ভয়ে দিল। আর একট্ট াদে এ-ঘরে সেঈ কাপুরুষ মানুষ্টা ঢুক্রে। মুখে লাগানো তাব নঃল দাঁত। ওকে চেটেপুটে খাবার দক্ত আসবে। সে এসে াতে ওকে চেটেপুটে না থেতে পারে নেজগু দরজা বন্ধ করে দিল। নবজা বন্ধ দেখলে মামুষটা ফিরে যাবে এবং সারা রাভ ছটফট করবে বিছানায়। ওর ঘুম আসবে না। সকাল হলে সে মানুষ্টার কাছে যা চাইবে ঠিক পেয়ে যাবে। সে জানে সারা দিন পর শরীর চেটে**পুটে** খেতে না দিলে মাত্রবটার কামনা-বাসনা মরে না। সে তার মেয়ে টুকুনকে স্থস্থ করে তোলার জন্ম আবার কি করা যায় ভেবে যা স্থির কর্ল সে বছ রূশংস। ভাবতেও ভয় হয়।

আর তথন টুকুন দবজা টরজা পার হয়ে নিজেব ঘরে চুকে গোল প্রায় সে ছুটে ছুটে নিঁডিকে লাফিয়ে লাফিয়ে ওপবে দিঠে গেছে কি যে মহার্ঘ বস্তু দার শরীরে আছে—যা স্ববলেব কাছে গেলেই ভীষ্ণ চঞ্চল হয়ে ওঠে। নদীতে স্নানেব দৃশ্য মনে হলে সে কেমন লজ্জাই গুটিয়ে আসে। ওব চোথ মুথ তথন বড স্বৰমামণ্ডিত মনে হয়। তাৰ কাছে স্বল এক আশ্চর্য মানুষ। সে এতক্ষণ স্ববলের ফলেব উপত্যকাই জ্যোৎসা রাতে চুপচাপ বসেছিল পাশাপাশি। ফুলেবা সব কর্ম শবীরেই চারপাশে বাতাসে তলেছে। আর সেই বুড়ো মানুষের স্থব ধুয়ে পড়ে যাওয়া সব স্থবা বাতাসে এক স্থন্দর সজীবতা গড়ে দিয়েছিল। মারে মাঝে স্থবল সেই সব স্থবাব অর্থ কবে দিলে—মনে হত আশ্চর্য এই জীবন—সে আছে মানুষের পাশাপাশি—যার শরীবে আছে নানা বর্ণেব ফুলের সৌরভ।

সে এ-ভাবে এমন একটা মুগ্ধতার ভিতর আছে যা ভাবা যায় না ঘরে ঢুকেই সে পিয়ানোর রিডে ঝম ঝম শব্দ তুলে হাত চালাতে থাকল। এবং আশ্চর্য সব সিম্ফনি গড়ে তুলতে চাইছে সেই সব শব্দেব ভিতর। যেমন যেমন সে সারাটা বিকেল, সারাটা সন্ধ্যা এবং রাতেব প্রথম দিকে সাবা জ্যোৎস্নায় ঘোরাঘুরি করেছে সে ঠিক তেমনি রিডেব ওপর হাত চালাতে থাকল।

প্রথমে সে গোটা রিডের ওপর দিয়ে ঝড়ের বেগে হু' হাতের আঙ্গুল চালিয়ে গেল। যেন সে স্ববলের কাছে যাবে বলে মোটরে যাচ্ছে ঝড়ের বেগে। ভার রাস্তাটা ঠিক জানা নেই। রিডে যে জন্ম মাঝে টুকুনের হাত কাঁপছে। হাত কাঁপলেই মনে হয় ইতন্তত মোটরটারাম্ব ভুল করে ফেলছে। ভুল করেই ফের শুধরে নিচ্ছে—তথন আবার হু' হাতের সমস্ত আঙ্গুল কোমল লতার মত হলে হলে যেন স্থতার বাঁধা সরু সক সব পুতৃলের হাল্কা পা রিডগুলোতে কখনও অল্প, কখনও বেশী এবং কখনও ছোট ছোট অক্ষরে লিখে যাবার মত তার মনের উদ্বিগ্ন ভাব এবং আকুতি ফুটিয়ে তুলতে চাইছে :

এ-ভাবে একটি মেয়ে এমন সব সুব কুলে ফেলছে এমন সব সুন্দর
কাকাব তুলছে পিয়ানোতে যে সমস্ত গাড়িটা যেন স্থাবের কালে ভাসছে।
কথনও ছাল্লা মেছেব ওপব—কথনও জলে গলে যাবাব মত, আবাব মনে
হয় স্থিব হয়ে আছে বাড়িটা—সাদা জ্যোৎস্নায় সব কেমন কৰুৰ হয়ে
আছে।

ঘরে ঘবে কেট আর ঘুমোচ্ছে না এখন। স্থবের ইন্দ্রজালের ভিতর সবাই ছুবে যাছেছ। এমন ঝংকার যে—মনে হয় কোথাও **ভু'**জন পাশাপাশি হেঁটে যাচ্ছে, কোথাও ওরা তুজন পাশাপাশি সাঁতার কাটছে নির্মল জলে। আবাৰ মনে হচ্ছে বনের ভিতর দাপাদাপি। একজন আগে ছুটে যাচ্ছে আর একজন পিছনে। পাতা পড়ার শব্দ পর্যন্ত শোনা বনের মর্মব শোনা যাচ্ছে আবার শোঁ। শোঁ। ঝড়ের বেগে গাছের ডালপালা ভাঙার শব্দ! আর খুব কান পাতলে বোঝা যায় এখন টুকুন যে ঝংকার তুলছে রিডে, সবই নদীতে নেমে যাবার আগের দৃশ্য। প্রথমে হ'জনে ধীর পায়ে জলে নামছে। থদ খদ শব্দ। শাড়ি **হ**াঁটুর ওপর উঠে আসছে। তারপর ঝুপঝাপ—ত্ব'জনে নেমে যাচ্ছে। ৰুলে সাতার কাটছে। খুব লঘুপক হয়ে জলে ভেসে যাছে। এত আন্তে এখন পিয়নোতে আঙ্গুলগুলো নড়ছে টুকুনের যে মনে হয় আঙ্গুলগুলো অবশ হয়ে গেছে। টুকুন চোখ বুব্ৰু বাজাচ্ছে। এবং সেই দৃশ্যের ভিতর জলের নীচে ডুব দেবার শব্দ, অথবা পা ছটো ঠিক মাছের মত যে খেলছে জলের নীচে তার শব্দ, অথবা লুকোচুরি খেলার জন্ম গভীর জলে ক্রমে ভূবে যাওয়া, ডুবতে ভূবতে গভীরে ভূবে যাওয়া

টুকুনের অহণ

আরও তলায় এবং শেষে কিছু জলের ওপর ফুটকরি তোলার আওয়াজ
—সবটাই এখন নিপুণভাবে টুকুন রিডের ওপর বিস্তার করার চেষ্টা
করছে।

আর চার পাশে ওপরে নীচে যত কামরা আছে, যত মানুয আছে এই প্রাসাদের মত বাড়ীতে ভারা ভেবে অবাক হচ্চে, টুকুন প্রায় যাহকরের মত এক অবিশ্বাস্থা সিমকনি একেব পব এক বাঞ্জিয়ে যাছে । একটা বাজাচ্ছে —শেষ করছে বাজনা, মিনিটের মত বিরতি গারপর আবার, বামবাম শব্দ। যেন ভাষণ বেগে প্রপাতের জল নেমে আসছে। বাড়িটা জলের নীচে ভুবে যাছে । আর নিংখাস বন্ধ করে একের পব এক সবাই এসে এবার পালারে জড় হচ্ছে। পালাবে সব নালো ছেলে দেওয়া হয়েছে। সবাই মুখোমুখি বসে। কেউ ওপরে যেতে পাছে না। কেমন এক মুগ্ধতায় সবাই বসে রয়েছে মুখোমুখি। ঝাড-লপ্ঠনে সব আলো ছলছে। দেয়ালের পুরানো পেন্টিঙ প্রযন্থ সজীব দেখাছে।

এবং মেয়েটা বাজাচ্ছে তো বাজাচ্ছেই। সে তার ঘরে খুব অল্ল আলো ছেলে রেখেছে। একটা মোন ছাললে যঙটা হয় ঠিক ততটা। সে সেই সিল্কেব শাড়িটাই পরে আছে। ওর কাধ থেকে আচল খসে পড়েছে। ওর চুল উড়ছিল পাথার হাওয়ায়। আর ও ভীষণ ঘানছে। কপালে বিন্দু বিন্দু ঘাম ক্রমে একাকার হয়ে যাচ্ছে। সে এবার বাজিয়ে গেল—একদল পাখি উড়ে যাচছে। মেয পালকেরা ঘরে ফিরছে। গরু-বাছুরের ডাক ভেসে আসছে। বাতাসে নদীর জলে টেউ। কেউ যেন সেই জলে ধীরে ধীরে হেঁটে যাচ্ছে তার শব্দ। ভারপর চুপচাপ বসে থাকলে যে এক নিরিবিলি ভাব থাকে তেমনি এক ভাব। কত অনায়াসে যে মেয়েটা এমনভাবে সামাক্ত কটা রিডে আশ্চর্য সব সিমফনি গড়ে যাচছে।

এবং সব শেষে ওরা শুনছে ক্রেমে বাজনা ক্রত লয়ে উঠতে উঠতে ঝম-ঝম শব্দ। বুঝি যুবক-যুবতী সাঁতরে নদী পার হচ্ছে। এবং নরম বাস মাড়িয়ে ছুটছে। তারপর বনের ভিতর আদম ইভের মত ওরা ঘুরে বেডাচ্ছে। শেষে জ্ঞান বৃক্ষের ফল থেকে যা হয় এক আশ্চর্য মাদকতা, অথবা মুগ্ধতা এবং অপার বিশ্বয়বোধ শরীর সম্পর্কে তিব আল লাগে, তাল লাগার যেন শেষ থাকে মা—অন্তহীন ঈশ্বরের অপার ইচ্ছা শরীরে থেলে বেড়ালে কেমন আবেগে বলার ইচ্ছা—তুমি আমায় দ্যাথো, সবকিছু দ্যাথো, আমাকে তোমার ভিতর নিংশেষ করে দাও। এইভাবে সব কিছু নিংশেষে হরণ করে নিলে মনে আছে টুকুন প্রলের দিকে চোথ তুলে তাকাতে পারেনি। টুকুন কত সহতে দে-সবও বাজিয়ে যাচ্ছে।

তারপর এক সময় টুকুন পাশের টুলটাতে বন্দে পড়ল। এবং পিয়ানোর রিভে মাথা রেখে চোখ বুজে থাকল। তাব এখন আর উঠতে ইচ্ছা হচ্ছে না। দরজায় বাবা এসে দাড়িয়েছেন। ডাকছেন, টুকুন। এটা কি হচ্ছে! এত রাতে ভূমি এমনভাবে বাজালো আমাদের ভয় লাগে। ভূমি দরজা খোল।

ইন্দ্রও বলছে, টুকুন দরজা খোল।

টুকুনের মা বলল, এক অস্থ সেরে অন্য অসুথে মেয়েটা ভুগছে। আমার কি যে হবে!

- কি হবে আবার! টুকুনের বাবা ধমক দিতে গিয়েও ইন্দ্রকে দেখে কিছু বলতে পারলেন না।
- —কিছু হবে না বলছ! মানুষ এভাবে কথনও পিয়ানো বাজাতে পারে ?
 - **—পারে না** ?
- —টুকুন কতটুকু বাজনা শিথেছে! যে এতেই সে এমন একটা আশ্চৰ্য লয় ভান শিখে কেলবে।
- —এটা তো মনের ব্যাপার। তুমি সব তাতেই এত ভয় পাও কেন বৃঝি না।

টুকুনের অহুথ

না, ভয় পাব না, একটা ডাইন এসে আমার মেয়েটাকে কি করে ফেলল। বলে, দরজায় নিজের কপাল ঠুকতে থাকল।

টুকুন আবার বসে থাকতে পারল না; দরজা খুলে বলল, তোমরা এখানে কেন ? মার দিকে তাকিয়ে বলল, এটা তুমি কি করছ!

- —না এখানে থাকব না। এটা কি বাড়ি না ভূতের বাসা!
- —পিয়ানো বাজালে ভূতের বাসা হয়।

মজুমদার সাহেব বাধা দিলেন কথায়। টুকুন মা লক্ষ্মী। তুমি এবার খেয়ে শুয়ে পড়। বাজাতে ইচ্ছা হয় সকালে উঠে বাজিও।

গীতা মাসি বলল, আমি সব গরম করে রেখেছি।

টুকুন আর কথা বাড়াল না। বাথক্রমে ঢুকে সে সব খুলে ফেলল।
শরীর কেন যে এত পবিত্র লাগছে। কেন যে এত হালা লাগছে।
শরীরে হা কিছু মুক্তাবিন্দু সব সে ধীবে ধীরে সাবানের ফেনায় তুলে
ফেলল। স্থবল এভাবে একটা ফুলের উপত্যকায় কিংবদন্তার মানুষ
ছয়ে যাবে কথনও যেন টুকুন জানত না। ওর ফুলের গাড়িগুলোর
টংলিং টংলিং শব্দ টুকুন এখনও যেন শুনতে পাচ্ছে। এবং ওর চুপচাপ
থাকা, বড় লহা শরীর, কালো পভীর চোখ, ঢোলা পাঞ্জাবী সব কিছু
আর সে ফুলের জগতে আছে বলেই ওর ভিতর এক অসাধারণ ব্যাক্তির্থ
ধেন জেগে উঠেছে। স্থবল বলেছে—যা কিছু এখানে দেখছ—আমার
বলতে কিছু নেই। যারা কাজ করে তাদের। যা কিছু লাভ অলাভ
ভাদের। ওরা না থাকলে—এভাবে একটা ফুলের উপত্যকা গড়া
যায় না।

টুকুন ভেবেছিল, এটা খুব সত্যি। এবং টুকুনের কাছে এটাই ভীষণ বিশ্ময়ের ব্যাপার যে সে এভাবে সবকিছু কবে বিশ্বাস করতে শিখল।

স্বল বলেছিল—এটা একটা আমার অহস্কার টুকুন দিদিমণি— মামুষের ভালোর জন্ম কতটা দূরে যাওয়া যায় দেখা। এ-কথাটাও টুকুনের খুব ভাল লেগেছিল। এবং মনে হয়েছিল—
একটা বিরাট অস্থথের শিকার তার মা-বাবা।। কথনও সে মা-বাবাকে
শান্তিতে বসবাস কবতে দেখেনি। ওর ইচ্ছা হয়েছিল বলতে, আমাদের
বাডিতে এমন একটা স্থন্দর ফুলের উপত্যকা গড়তে পার না! কিন্তু
বলতে গিয়েও থেমে গেল। কারণ সে তার মায়ের ভীষণ ছটো চোথ
তথন সামনে ভাসতে দেখেছিল।

আব তথন টুকুনের মা এবং বাবা ইন্দ্রকে গাভি বাবান্দায় ছেড়ে দিয়ে ফিবে আসছিল। মনে জল ঝি চাক্তর পাশে কেউ নেই ত পাশের ঘরগুলো ফাকা। ফবাদে বাবা কাজ করে তারা বারান্দায— মেমসার চুকে গেলেই ওবা সব এদিককার মালো নিভিয়ে দেবে। কেবল বড কেটা আলো ছলবে গাড়ি বারান্দান। এবং নিয়নের মালো ছালিহে রাখা হবে লয়া করিডোবে।

একটু ফাঁকা পেয়ে আর সবুর সইছে না, টুকুনের মা কঠিন গলায় ডাকল — শোন।

মজুমদার সাব দাঁড়ালেন।

- —কাল আমি ইল্রের বাবাকে কথা দেব।
- কি কথা।
- —আগামী আষাঢ়েই বিয়ে। আমি আর একদণ্ড নই করতে চাইছি না।
 - —সে তো ভাল কথা।
 - —কাল থেকে টুকুনের বাইরে বের ছাওয়া বারণ।
 - —আবার যদি পুরোনো অস্থুখটা দেখা দেয়
 - ্ৰে অনেক ভাল।
- —মন খারাপ থাকলে যা হয়, পুরুণো ছঃথ ফের ফিরে আসতে পারে।
 - --- এটা হলে আমি বেঁচে যাই।

টুকুনের অহুথ

- —মা হয়ে তুমি এমন কথা বলছ!
- —আমি আমার মান সম্মানটা বুঝি। তুমি তোমার কারথানা কারথানা করে সেটা পর্যন্ত হারিয়েছ।
 - —আর কার্থানা থাকছে না।

টুকুনেব মার মুখ কেমন ছোট সয়ে গেল।

- —সভিত্ত আর থাকছে না। খানি লকমাউট কবব ভাবছি। ওরা শেট-ইন-স্ট্রাইক করছে। আমে লক-আউটের কথা ভাবছি। দরকার হলে ক্লোজার।
 - —কিন্তু এ-সব করলে তুমি খাবে কি, আমরা খাব কি!
 - ---সে দেখা যাবে।

ওরা এভাবে কথা বলতে বলতে ওদের শোবার ঘরের দরকায় চলে এসেছে। তুনো ঘর আলালা। ওরা এক ঘরে শোয় না। ভিতরের দিকে একটা দরজা আছে—যা ইচ্ছা করলে হুজনেই হুদিক থেকে খুলে ফেলতে পারে। মজুনদার সাব স্ত্রীব মুখের দিকে তাকিয়ে বললেন, খুব ভাবনা হচ্ছে।

টুকুনের মা এখনও যুবতা—লম্বা, চুল কোমর পর্যন্ত এবং চোথে ভীষণ মায়া। আবার এই চোথ কখনও কখনও খুব থারাপ দেখায়। মনেই হয় না টুকুনের মার স্নেছ মমতা বলে পৃথিবীতে কিছু আছে। এবং যা হয়ে থাকে, ছংখী মুখ করে রাখলে মায়াবী এক ছবি চারপাশে দেখা যায়। তিনি তাঁর স্ত্রীকে দরজাতেই বুকের কাছে টেনে নিলেন। তারপর য হয় দরজা খোলার তর সয় না। ওরা পরক্ষার সংলগ্ন হয়ে যায়। মজুমদার সাব নানাভাবে অভয় দেন—আমি তো আছি, আমার লাইনেক আছে। উত্তম বিহনে পূরে কিবা মনোরথ। মাঝে মাঝে যেমন যেমন কবিতাটা আরত্তি করতে ভালবাসেন, তেমনি এটা আরত্তি করে স্ত্রীকে নরম বিছানায় কিছুক্লণের জক্ষ উদাসীন করে রাখলেন।

এবং এই উদাসীনতার ফাঁকে শরীরের সব কিছুর ভিতর আছে এক অহমিকা, ঠিক ঠিক জায়গায় হাত দিলে তিনি তা ধরতে পারেন। এবং এভাবে তিনি বেশ কিছু সময় স্ত্রীর শরীরে পার্থিব স্থ-তুঃথ খুঁজে যথন ক্লান্ত, তথন মনে হল চারপাশে কেমন একটা দমবন্ধ ভাব। রামনাথ ওপাশের দরজায় বসে ঝিমোচ্ছে। তাকে ছেড়ে দিতে হবে। ছেড়ে দেবার আগে বলজেন, আমার ঘরের সব জানালাগুলো খুলে দেতো।

দর্জা জানাল। খুলে দিলেও ভিতরের কষ্টটা যাচ্ছে না। তিনি টেবিল থেকে একটা গ্লাস তুলে জল থেলেন। তারপর কিছুক্ষণ চুপচাপ বসে থাকলেন। লম্বা সিক্ষের শ্লিপিং গাউনের ফাঁকে শরীরের সবকিছু দেখা যাচ্ছে। পেটে তিনি এই বয়সেও চর্বি জমতে দেননি। থব মিতাহারি। এবং শরীরের প্রতি অধিক যত্নের দরুণ নকল দাঁত থাকলেও তাঁকে এখনও যুৱা লাগে। খুব যুৱা। তিনি অনায়াদে নিজেকে কমবয়সী বলে চালিয়ে যেতে পারেন। যৌবন ধরে রাখার কি প্রাণান্তকর ইচ্ছা। এবার তিনি প্রথম কেমন নিরালম্ব মানুষের মত শুযে পড্লেন। তিনি ছোট বয়দের কথা ভাবলেন। তাঁর ছোট বয়সে মা তাঁকে তাঁর আত্মায়ের বাড়িতে নিয়ে গিয়েছিলেন। সেখানে তিনি থাকবেন। পড়াশোনা করবেন। এবং বড় ত্রংথের দিন—অনেক দূরে ছিল স্কুল। গ্রাম, মাঠ, কিছু ফলের বাগান পার হয়ে যেতে ছত। টিফিনের পয়সা থাকত না। রাস্তায় শীতে অথবা বসস্তে পডত খিরাইর জ্বমি, তিনি এবং অন্থ সব ছেলেরা মিলে খিরাই চুরি করে স্কুলের টিফিন, অথবা বর্ষার দিনে ছিল শালুক আর শাপলা, গ্রীগ্নে নানারকম ফলপাকুড় — যেমন আম, জাম, জামরুল—এভাবে একটা সময় কেটে গেছে তাঁর। এখন কেন জানি মনে হয় বড় আরামের দিন ছিল সেগুলো। আত্মীয়াটি খুব নিগ্রহ করত তাঁকে। সে-সব এখন তাঁর মনেই হয় না। বরং কি যেন একটা জাতাকলে পড়ে সব সময় ভীতু

টুকুনের অহুখ

মানুষের মত মুখ করে রাখার স্বভাব এখন। ভালভাবে হাসতে পর্যন্ত ভূলে গেছেন। মাঝে মাঝে ইচ্ছা হয় এ-থেকে নিষ্কৃতি পেতে। নিজেই একটা নিজের গোলকধাঁধা বানিয়ে এখন যে কি করবেন ভেবে 'পাচ্ছেন না। সেই অভিমন্তার মত ভিতরে ঢোকার পথটা বৃঝি কেবল জানা আছে। বাইরে বের হবার রাস্তা তাঁর জানা নেই।

তারপর গভীর রাতে ঘুম এলে তিনি একটা ভীষণ জড়বং মানুষের পৃথিবীতে কিছু অস্থির ছবি একের পর এক দেখে গেলেন। ছবিগুলো তার চোখের ওপর লম্বা হাত-পাওয়ালা কংকাল সদৃশ চেহাবায় নাচচে। কেউ হয়ত হাত-পা বাভিয়ে কোমর তুলিয়ে নাচছে। এবং স্থুন্দর এক মেয়ের চেহারা, সে এসেছে ভাদেব ভিতর নাচবে বলে। কেমন বায়ুগীন, অন্নহীন জগতে দে এদেছে দেবীর মত। তারপর কি যে মোহে দেই সব লম্বা হাতপাওয়াল। মানুষের ভিতর সে মিশে গেলে দেখতে পেল, ওরও হাত-পা ক্রমে লম্বা হয়ে যাচ্ছে। কেমন আগুনের মত ঝড়ো হাওয়ায় ওর নব মাংস খদে পড়ছে। এখানে এলে বুঝি কেট দঠিক চেহারায় ফিরে যেতে পারবে না। সেও নাচছে কোমর তুলিয়ে, মাঝে মাঝে হাত এত বেশী লম্বা করে দিচ্ছে যে সে ইচ্ছা করলে আকাশের স্ব গ্রাছ-নক্ষত্র পেড়ে আনতে পারে। এবং আকাশের স্বকটা নক্ষত্র হেলেত্রলে যেন এটা একটা খেলা, ওরা বেশ স্থন্দর নেয়ে হয়ে যাচ্ছে কখনও এবং অন্নহীন, বায়ুহীন পৃথিবীতে ওরা আকাশের সব গ্রহ-নক্ষত্র ফুলের মত পেড়ে পৃথিবাকে শ্রীহীন করে দিচ্ছে। তিনি তাঁর স্ত্রীর মুখও সহসা এদের ভিতর দেখে ফেললেন।

স্ত্রীর মুখ দেখতে পেয়েই মনে হল স্বপ্নটা খুব কুৎসিত। তিনি আরও স্থানর স্বপ্ন পছন্দ করেন। তবে কিভাবে বে সেই স্থানর দেখা যায়। তাঁর ইচ্ছা হচ্ছিল—এই বাড়িটা আরও বড় হয়ে যাক। গেটে টুপি পরা দারোয়ান থাকুক। অনেক দাসদাসী, কর্মচারী, পঁচিশ-ত্রিশটা কার্ম্বানার মালিক তিনি হতে চান। আজ্ঞ কলকাতা, কাল সানফ্রান্সিদকো এভাবে বিদেশিনীদের নিয়ে স্ট্যাচ্ অব লিবার্টির নীচে বসে থাকা। অথবা চোখের ওপর কেন যে সেই একশ আউভলা বাড়িটা ভেসে উঠছে না। অথচ স্বপ্লের ভিতর তিনি দেখলেন একটা কাচের বোয়েন। বোয়েনটা এক ছই করে অনেক তলা। এত ছোট বোয়েমে এত তলা থাকে কি করে! স্বপ্লেব ভিতর গুনতে সময় লাগে না। সেই বোয়েমে তিনি বুঝতে পাবলেন একশ আউতলাই আছে। এবং হাজাব, হ' হাজার তাবও বেশী হবে ফ্রাট। লক্ষেব ওপর মানুষের চিড়িয়াখানা। বোয়েমটা একটা দণ্ডেব ওপব বসানো। কেমন কেবল চোথের ওপর ঘুবে ঘুরে যাছেছ। আর যা দেখা গেল আশ্চর্য পৃথিবীটা এই একটা বোয়েমের ভিতর আশ্রায় করেছে। এবং তিনি দেখতে পেলেন সেখানে পঞ্চানন দাসের স্ত্রী স্থ্মতির গলায় দভি। এটা বোধহয় আত্মহত্যা। তিনি যেন্ডেত্ পঞ্চাননকে ভেকে চাকবি দিয়েছিলেন য দও এখন পঞ্চানন ইউনিয়ন করে লিভার বনে গেছে, তবু চাকবিব স্থবাদে তাকে তুই-তুকারি করতে বাঁধে না।

- এটা তোর বৌ ?
- --আজে **স্থা**ব।
- —আত্মহত্যা ?
- আন্তে: : !
- —কেন ?
- —ঠিক জানি না স্থার। তুপুরের শিক্টে থেয়ে কারথানায় গেছি
 —বৌ স্থন্দর করে রেঁধেবেড়ে খাইয়েছে। কারথানায় খবর পেলাম
 বে গলীয় দড়ি দিয়েছে।
 - —নিশ্চয়ই বকেছিলি।
 - —না স্যার। ইদানীং আমি ওকে কিছু বলতাম না।
 - —আগে বলভিদ।

টুকুনের অহুধ

- —আগে কথায় কথার মারধোর করেছি। অভাব-অনটনে মাথা ঠিক থাকত না। তবে আমাদের খুব মিল ছিল।
 - ---এখন।
 - —এখন তো আপনার দয়ায় সে-সবের কিছু নেই।
 - —জবে স্টে-ইন-স্ট্রাইক করেছিস কেন।
 - **—ছ**কুম স্যার।
 - —কার হুকুম ?
 - —ইউনিয়নের।
 - —কত মাইনেতে ঢুকেছিলি ^গ
 - —ত্রিশ টাকা।
 - —এখন কত গ
 - —ভিনশ' টাকা।
 - —ক' বছরে ^গ
 - ---ছ' বছবে।
 - —প্রডাক্সান কত বেডেছে?
 - --- কিছু না।
 - —কতটা করতে পারিস ইচ্ছা করলে ?
- —ভা দ্বিগুণ। মন দিয়ে কাজ করলে আমরা স্যার কি না করতে পারি ?
 - —মন দিতে কুণ্ঠা কেন ?
 - —यः न इत्यं यात्र्इ, हत्न यात्र्छ।
 - —এভাবে বেশীদিন চলে না। আমি ক্লেঞ্চার করব।
 - –ক্লেজার ?
- —কিন্তু কি কথায় কি কথা এসে গেল। তোর বোটা আত্মহত্যা কেন করল।
 - স্স্যার বলেছি তো জানি না।

—ঠিক জানিস! তিনি এক ধমক লাগালেন। স্বপ্নে বোধহয় তিনি জানেন, ধমক লাগালে পঞ্চানন তেড়ে আসবে না। অথবা বেরাও-র ভয় দেখাতে পারবে না। আর বাছাধন তে। বেশ আটকে গেছে কাচের বোয়েমে। এখান থেকে বের হবার আব উপায় নেই।

তিনি বললেন, সব জানিস। পুলিশের ভয়ে এখন মুখে ক্লুপ দিয়েছিস।

পঞ্চানন চুপ কবে থাকল। কিছু বলতে গিয়েও বলল না। ভারপব াস, পুলিশ নিয়ে গেলে মিনমিনে গলায় বলল, স্থাব পয়সা ছলে কন্টিনন্টি করার বাসনা হয়।

- —দেটা কাব গ
- —বৌর
- —তোর হয় না গ
- হয়। তবে কাজ কবে সময় পাই না। কার্থানার কাজ, ইউনিয়নের কাজ করে ফিরতে বেশ রাও হত। বাড়ি ফিরলে স্থমতি বে সতাসাধ্বী মৃথ করে রাথত। মৃথ দেখলে কেউ তাকে অবিশ্বাস বিতে পারবে না। অথচ কি আশ্চর্য দেখুন, তলে তলে সে বেশ একজন নাটকের লোককে ভালবেসে ফেলেছে। টের পেলে কত লেলুম— তুই ভুল করছিস। তোর ছেলেপুলেদের কথা ভাব। তথন গার কি বলব, স্থমতি কোন জবাব দিত না। চুপচাপ সংসারের কাজ রে যেত। যেন আমি মিথ্যা মিথ্যা বানিয়ে বানিয়ে বলছি। তীসাধ্বী বলে ওর কিছু আসে যায় না।
- . এবং যখন ফের আত্মহত্যার কথায় এল মজুমদার সাব, তেখন কোনন দাঁত বের করে হেসে দিল।—হঁয়া স্থার, এমন একটা করে কলেছি। এবং এভাবেই সংসারে টাকা-পয়সা বাড়তি ঝঞ্চাট বয়ে মানে। কে যেন এমন বলে যাচ্ছিল। পঞ্চাননের এটা সঠিক টাকা

हेक्टनब चक्थ

রোজগার নয়। সে নানাভাবে কাঁকি দিয়ে প্রাপ্যের ঢের বেশী আদায় করেছে। সংসারে এখন এসব টাকায় একটা বাড়তি খরচা তৈরি হয় এবং এভাবেই পাপ এসে সংসারে বাসা বাঁধে।

পঞ্চানন বলল, স্থার আমরা উত্তমশীল হলে আমাদের এমন অবস্থা হত না।

খুব ভাল লাগল এমন কথা শুনতে। যাক লোকটার ক্রেমে চৈতভোদয় হচ্ছে। এবং সেই যে লাঠির ওপর অথবা মনুমেন্টের মত একটা উচু লখা মঠের ওপর বোয়েমটা ঘুরছে এবং নাটক হচ্ছে প্রদিবরে, নাটকের কুশীলবদের চাউনি প্রেভাত্মার মত দেখাচ্ছে— ওরা সবাই হাড়গোড় বের করা মান্ত্র্য, মজুমদার সাব এসব দেখে ঢোক গিললেন। মনে হল বুকে কষ্ট হচ্ছে, খাস বন্ধ হয়ে আসছে। তিনি তাড়াতাড়ি উঠতে গিয়ে অন্ধকারে দেখলেন, কেউ তাঁর ঘর থেকে সরে যাচ্ছে। তিনি তাড়াতাড়ি ভয়ে চিংকার করে উঠলেন, জল।

তারপর যা হয় ডাকাডাকি, লোকজন উঠে এলে, সবারই মুখে এক কথা, কি করে এ-ঘরে কেউ ঢ়কতে পারে। তিনি বলে চলেছেন, জানো আমার মনে হচ্ছিল কেউ আমার গলা টিপে ধরেছে।

এভাবে স্বপ্নের ভিতর একটা ভীষণ অবিশ্বাস দানা বেঁধে যায় মামুষের মনে। মজুমদার সাবকে সকাল বেলাতে কেমন যেন খুব বিমর্থ দেখাতে থাকল। তিনি আর রাতে ঘুমোতে পারেননি। স্ত্রীকে বলেছেন ভেকে, সে যেন তাঁর পাশে শোয়। পাশে শুলেও ভয়টা কিছুতে গেল না। কেমন সারারাত চোখ বুজে পড়ে থাকলেন। লাইসেন্সের জন্ম মনটা খুব উদ্বিগ্ন ছিল। এবং কারখানার লক-আউটের ব্যাপারেও একটা ভয়াবহ টেনসান যাছে। এসৰ মিলে তিনি রাতের ঘটনার কার্যকারণ মেলাতে গিয়ে বুঝতে পারলেন—হিদাব ঠিক মিলছে না। তাঁর ভয়টা ক্রমে আরও বেড়ে গেল। সকালে থবর এল, সত্যি গত রাতে গলায় দড়ি দিয়ে পঞ্চাননের বৌ আত্মহত্যা করেছে।

টুকুনের অহধ

এবং এমন খবরেই মজুমদার সাবের আবার কেমন দম বন্ধ হবার উপক্রেম। তিনি বুকে এবার ব্যথা অনুভব করলেন। আবার মনে হচ্ছে গলায় খাসকষ্ট। ঠিক রাতের মত অবস্থা। ডাক্তার এসে বলল, আপনাকে এবার কেবল শুয়ে থাকতে হবে। বিছানা থেকে একদম উঠবেন না। নড়াচড়া একেবারে বারণ।

মজুমদার সাব ব্ঝতে পারলেন হাটটা তাঁর একেবারে গেছে। তাঁর হার্টের যথন অস্থ্য, এবং সংসারে এত যে সব করছেন, কেন খে করছেন, বরং এখন টুকুনকে ডেকে বললে হয়, না তুই পারবি না, তোর সেই ফুলের উপত্যকাতে নিয়ে যেতে। যেখানে মানুষেরা নিজের জন্ম ভারি স্থানর একটা ফুলের উপত্যকা তৈরি করছে। আমারও ইচ্ছা ছিল এমন। কিন্তু কিভাবে যে আমি একটা কাচের বোয়েমের ভেতরে বাস-করা মানুষ হয়ে গেলাম!

মজুমদার সাব ব্ঝতে পারছিলেন, ওপরে আবার কেউ নানারকম ঝংকার তুলে নানাভাবে আশ্চর্য সব সিমফনি গড়ে তুলছে। তাঁর ভীষণ ভাল লাগছিল শুনতে। মানুষেরা সব সময় স্থুন্দুর সব সিমফনি গড়তে চায়। গড়ায় স্বপ্ন থাকে। কিন্তু শেষ পর্যন্ত সে পারে না। কেন যে সে একটা অস্থাব্ধ পড়ে যায়!

সকাল বেলা যথন এমন অবস্থা, যখন টুকুন বাবার পাশে বদে ব্লাছে এবং টুকুনের মা ভীষণ বিশ্বস্ত মুখে কাজ কর্ম করে যাচ্ছে, তথন মনেই হল না, সংসারে স্বামী স্ত্রীতে এতটুকু অবিশ্বাস আছে। বরং অস্থ্রতা যেন ত্জনকৈ সহসা বারমুখী থেকে ঘরমুখী করে দিল। এবং এমন একটা অন্তথ নিয়ে মজুমদার সাধকে চিরদিন বিছানায় শুয়ে থাকতে হবে, টুকুনের মা চির্দিন এবার নীরবে মান্থ্যটাকে সেবা শুশ্রুষার স্বযোগ পাবে। এত বছর গেছে, এমন একটা স্বযোগ যেন তার এই প্রথম। ফলে দেখুব যত্ন নিয়ে দেখা শোনা করে যাচ্ছে। যদিও ইতিমধ্যে ত্রজন নার্সের কথা উঠেছে, এবং ওদের নিয়োগের ব্যাপারে বাইরের ঘরে কথাবার্তা চলছে তথন টুকুনের মা ভাগতে---এসব নাস-টাস কি দরকাব, সে লিজেং যখন আছে তখন অনর্থক, নিজের মানুষটাকে পরের হাতে ছেড়ে দেওয়া কেন। তারপরই মনে ছল হাতের কাছে কাজের লোক থাকলে মন্দ হয় না। প্রভরাং সকাল বেলাতে যে একটা জরুরী কথা ছিল টুকুনকে বলার, সেটা বুঝি আর বলা হল না। ইন্দ্রের বাবাকেও যে বলার ছিল কিছু, এখন এই অসময়ে আর কি হবে বলে, বরং তিনি ভাল হয়ে উঠুন, তারপর সব করা যা'ব।

কিন্তু মজুমদার সাব কথাটা ভোলেন নি। তিনি দেখলেন খুব বিষণ্ণ মুখে বদে আছে টুকুন। সকাল বেলাতে টুকুনের এলোমেলো চুল হাওয়ায় উভ্ছে। নাকে মুখে এসে চুল উড়ে পভ্ছে। এবং রাতে একেবারে মেয়েটার ঘুম হয়নি বোঝা যাচ্ছে। চোখ ভীষণ ভিতরে চুকে গেছে। হয়ত টুকুন ওর মার চেঁচামেচি থেকে টের পেয়েছে, এ বাড়ি থেকে তাকে আর একা বের হতে দেওয়া হবে না। এমন কি, গাড়িতে ড্রাইভার থাকবে। দে আর একা ইচ্ছামত ঘুরতে পারবে না। মেয়েটার জক্ম ভীষণ কপ্ত হয় মজুমদার সাবের। অথচ কেন যে মেয়েটা এ-ভাবে একটা ফুলেব উপত্যকায় হেঁটে যাবার আকর্ষণে পড়ে গেল। চার পাশে টুকুনের কত স্থান্দর স্থানর ছেলেবা আছে, কত বড় বড় পার্টিতে তিনি মেয়েকে নিয়ে গেছেন অথচ, একেবারে উদাসীন টুকুন। কিছুতেই টুকুন তার বক্ম স্বভাব ছাড়তে পারছে না।

মজুমদার সাব বললেন, তুমি এত চুপচাপ কেন টুকুন ?

টুকুন বোকাব মত এক গাল হেসে দিস। অর্থাৎ বাবাকে সে অভয় দিতে চাইল যেন—কোথায়! আমি তো বেশ হৈ চৈ করে আছি বাবা।

মজুমদার সাব এবার ছেদে বললেন, আমি খুব ভাড়াভাড়ি ভাল হয়ে উঠব টুকুন।

— তোমার বিচ্ছু হয়নি বাবা। ডাক্তার বাবু অনর্থক তোমাকে ভয় পাইয়ে দিচ্ছে।

ওমা, একি কথা ! এ যে দেখছি টুকুন একেবারে স্থবলের মত কথা বলছে।

টুকুন ফের বলল, তুমি বাজে তৃশ্চিন্তা ছেড়ে দাও, দেখবে ভাল হয়ে যাবে।

এখানে যেন টুকুন কোথায় প্রায় ডাক্তারস্থলভ কথা বলে ফেলল। সেতো এ-বাড়ির মেয়ে। স্থে টের পায় সংসারের জন্ম বাবাকে অনেক পাপ কাজ করতে হয়। এমন একটি স্ট্যাটাসের ভিতর বাবা উঠে এসেছেন যে ভারে জন্ম তিনি সারাটা দিন কি না করছেন। বাবা কোথায় কিভাবে কি করছেন সে জানে না, কিন্তু বাবার মুখ দেখে সেটের পায়, উদ্বিগ্ন চোখে মুখে বাবার এক অভীব ভয়। সব সময় যেন ভিনি জীবনে নিরাপত্তার অভাব বোধ ক্লুরছেন। সব কিছু ঠিকঠাক

টুকুনের অহুথ

রেখে যাবার জন্ম বাবার এই সব পাপ কাজ, বাবাকে খুব সহসা প্রাণহীন করে দিল।

টুকুন বলল, বাবা তুমি একটু ভাল হয়ে ওঠো। ভাল হলে ভোমাকে রোজ বিকেলে এফ জারগায় নিয়ে যাব। সেখানে গেলে তুমি নিরাময় হয়ে যাবে।

টুকুন 'ভাল হয়ে উঠবে' না বলে 'নিরাময়' কথাটা ব্যবহাব করল। নিরাময় কথাটা বলতে তার কেন জানি এ-সময় ভাল লাগল।

অর্থাৎ একদিনেই টুকুনের আশ্চর্য বিশ্বাস জন্ম গেছে, মানুষ নিজেই পারে এক আশ্চর্য স্থানর জগৎ তৈরি করতে—যেখানে মানুষ এতটুকু নিরাপত্তার অভাব বোধ করবে না। সেখানে সবাই সবার জন্ম ভাববে। এবং এমন একটা জগৎ এ-ভাবে তৈবি হযে যাবে একদিন। অহেতুক ভয় থাকবে না। ভয় থেকে কোন অস্থ্য জন্মাবে না। বাবার অস্থ্যা সে বৃথতে পেরেছে, ভয় থেকে হয়েছে। সব সময় এক ভয়, যা কিছু আছে মানুষেরা লুটেপুটে নিয়ে যাবে।

আবার সে বলল, বাবা ওখানে গেলে সত্যি তুমি ভাল হয়ে যাবে।
টুকুনের মার যেন এতক্ষণে মনে পড়ল কথাটা। সে বলল, টুকুন
তুমি বড় হয়েছ। এখন আর একা কোথাও যাবে না। বাড়ি থেকে
বের হবে না।

টুকুন বৃঝতে পারল মা তাকে সেই ফুলের উপত্যকায় যেতে বারণ করছে। কিন্তু সেই ফুলের উপত্যকার কথা মনে হলেই কেমন তার চোখ বৃদ্ধে আসে। সে যদি যায়, মা ভীষণ অশান্তি করবে। এবং এই অশান্তি বাবার পক্ষে আরও ক্ষতিকারক। সে বাবার মুখের দিকে তাকিয়ে বলল, তোমরা না বললে আমি আর কোথাও যাবো না।

সে বাবার জক্ম এই সংসারে কোন অশান্তি সৃষ্টি করতে চায় না। এবার টুকুন উঠে ওপরে চলে গেল। সকালে মুখ ধুয়ে সে এক গ্লাস ফলেব রস খায়। ঘবে গিয়ে দেখল, গীতা মাসি সব ঠিক কবে বেখেছে। ফলেব বস খেতে ভাব ভীষণ বিস্বাদ লাগল। সে এখন এ বাডিতে প্রায় বন্দী জীবন যাপন কববে কোথাও গেলেই মার ধাবণা হবে সেই ফুলের উপত্যকায় সে চলে গেছে।

এ-ভাবে বাডিতে সে কিছুদিন আটকা পড়ে গেল। হেমন্তেব শেষণশোষ বাবা একটু সুস্থ হয়ে উঠলেন। কাবখানা ক্লোভাবেব পব খুবত বাঙা ভি গভিল ক'দিক, এখন বোধ হল এটা সামলে উঠিছেন। ইউনিয়নেত ত্ৰফেব লোক এসে দখা কবাব চেষ্টা ক্ৰেছে। কিন্তু ডাক্তাবেব দোহাই পেডে ওঁব সেক্ৰেটাৱি তা ঠিবিয়ে বেখেছেন।

যেনন টুকুন নৈ নিষে বাব। মা কেদিন দব পাজাড়ী জায়গায শবীব ভালো কলনাৰ ল্যে ঘুবে বেডিয়েছেন, তেমনি টুকুন তাব বাবাকে নিষে নানা জায়গায় ব'মাদ থেকে এল। যেমন কিছুদিন ওবা ছিল নৈনিডাকে দেবাত্নেও গোছে। অর্থাৎ, এ-ভাবে যাবতীয় পাজাড়ী জায়গায় আশ্রম নিয়েও যথন দেখেছে বাবাব শবীবে সম্পূর্ণ নিবাময়েব চিহ্ন দেখা যাচেছ্ন না তথন ফেব ফিবে আদা।

মাঝে নাঝে টুকুন বাবাব পায়েব কাছে বসে থাকত। বাবা বৃঝতে পাবতেন, টুকুন কেমন বিষয় হয়ে যাচ্ছে ফেব। বাবাব রুশ্ম মূথে টুকুন তা ধবতে পবেলেই হেসে দিও। বলত, বাবা আমি কত যে চেষ্টা ববছি, চুশ্চাপ আগের মত শুয়ে থাকলে কেমন হয়, সেই আগের মত নিঃসাড পড়ে থাকতে গিয়ে দেখেছি একেবারেই ভালো লাগে না শুয়ে থাকতে। তোমাকে বলিনি বাবা, বললে কষ্ট পাবে, ভেবেছি, কম থেয়ে, না থেয়ে শরীর ছর্বল করে ফেললেই আগেব অস্থুখটা ফের আমাকে আশ্রয় করবে। কিন্তু বাবা ভোমাকে কি বলব, একবেলা না খেলেই চোথে অন্ধুকার দেখেছি। তথন গীতা মাসিই হেসে বেঁচে না।

একটু হেদে টুকুন আবার বলল, আমার আর অস্থথের ভিতর কিরে যাওয়া হবে না। এভাবে সারা মাস ঘরে চুপচাপ বসে থাকার চেয়ে

টুকুনের অহুথ

আমার অস্ত্রথের ভিতর ফিরে যাওয়া ভাল ছিল বাবা। ভোমরা আমাকে আর দেখানে যেতে দাও না।

মজুমদার সাব বুঝতে পারেন টুকুন মায়ের উপর অভিমান করে এমন একটা অস্থথের ভিতর ফের ফিরে যেতে চাইছে। তিনি বললেন, তুই ভারি বোকা মেয়ে। বিয়ে হলে দেখবি, এ-সব অভিমান আর থাকবে না।

টুকুন বলল, বাবা আমার বিয়ের জন্ম তোমরা এত ভাবছ কেন। যাকে আমার পছনদ নয়, তার সঙ্গে কেন তোমরা আমাকে জুড়ে দিতে চাইছ ?

কেমন মনটা খারাপ হয়ে যায় এমন কথা শুনলে। কিন্তু মেয়ের জেদ। মজুমদার সাব চুপ করে থাকেন।

টুকুন বুঝতে পারে বাবার থুব ক**ষ্ট হ**চ্ছে। সে বলল, ঠিক আছে, ভোমাদের যা ইচ্ছা তাই **হ**বে।

মজুমদার সাব সেই বিকেলেই বললেন, তুই যে বলেছিলি আম'কে কোথায় নিয়ে যাবি। সেথানে গেলে আমি ভাল হয়ে যাব।

- —তুমি যাবে বাবা ?
- যাবো। কিন্তু তোর মা যদি জানে!
- —ভবে তুমি জানো কোথায় নিয়ে যাব ভোমাকে ?
- —জানব না।
- ফি করে বুঝলে আমি তোমাকে আমাদের সেই ফুলের উপত্যকায়
 নিয়ে যাব !
 - —পৃথিবীতে মা তুই তো একটা **জা**য়গার কথাই ঠিক জানিস
 - টুকুন কেমন মাথা নীচু করে রাখল।
 - ---একটু যা মিথ্যে কথা বলতে হবে।
 - —কি মিথ্যে।
 - —বলবি, আমাকে নিয়ে তুই হাওয়া খেতে বাচ্ছিদ মাঠে।

- বলব।
- —বলবি আমরা গ্রাম মাঠ দেখে বেড়াচ্ছি।
- ---বলব।
- —বলবি গ্রাম মাঠের ভিতর দিয়ে গেলে নির্মল বাতাস বৃক ভরে নেওয়া যায়।
 - ---বলব বাবা।
 - —আর বলবি ডাক্তারের পরামর্শ মত নব হচ্ছে।
 - —বলব।

ভাক্তার এলে মজুমদার সাব ফিস ফিস করে বঙ্গালেন, এক ভাবে শুরে বলে থাকতে ভাল লাগছে না হে ডাক্তার। সকাল বিকেল গাড়িতে ঘুরে বেড়ালে কেমন হয়। এই যেমন ধর, বেহালার ভিতর দিয়ে গিয়ে যদি ভায়মগুহারবার রোভে পড়ি। অথবা ফুলবাগান হয়ে কাঁকুরগাছি পার হয়ে সোজা সল্ট লেক, লেক টাউন পিছনে ফেলে এরোড্রাম পার হয়ে বারাসাতের রাস্তায় চলে যাই।

- —থুব ভাল। ঘুরে বেড়ান না। এতে যদি মন ভাল থাকে ক্ষতির তোকিছু দেখছি না।
- —তুমি একবার তোমার বৌদিকে বৃঝিয়ে বল। ও তো বিছানা থেকে উঠতেই দিতে চায় না।

ডাক্তার হেনে বলল, বলব।

—আমার টুকুন মা আছে, ভারি স্থন্দর গাড়ি চালায়। কাজেই বুঝতে পারছ, আজে বাজে ডাইভিং হবে না।

ডাক্তার বলল, ঠিক আছে। আপনার এখন ক্ষিধে কেমন ?

—কিছু না। এখন মনে হয় ডাক্তার হাওয়া খেয়ে পেট যে ভরে প্রবাদটা একেবারে মিথ্যা না।

ভাক্তার কিছু ওযুধ পাল্টে দিল। টুকুনের মা এলে বলল, বৌদি, দাদার একট,বেড়ানো দরকার। বাড়িতে বলে থাকলে মন মেজাজ হই

টুকুনের অহুধ

খারাপ হবার কথা। টুকুন ওঁকে নিয়ে সকাল বিকেল গ্রাম মাঠ দেখে এলে মনটা প্রফুল্ল থাকবে। দেখা গ্রেছে অসুখ অনেক সময় এ-ভাবে সেরে যায়।

টুকুনের মা বলল, আমার সঙ্গে থাকা দরকার। ঝি চাকব দিয়ে কি সব হয়! টুকুন কি সব বোঝে।

মজুমদার সাব কেনে ফেললেন, তুমি সেই সেকেলে আছ।
এখনকাব মেয়েরা অনেব কম বয়দেই সব শিখে ফেলে। কি বল হে
ভাক্তার স্টুকুন তো আমাব লক্ষ্মী মেয়ে। সে না পারলে আব কে
পারবে।

এভাবেই ঠিক হয়ে যায় টকুন যাবে। আর যাবে মজুমদাব সাব।
সঙ্গে থাকবে পুরানো চাকর রামনাথ। ইন্দ্র ঘ্যান ঘ্যান করছিল—
সেও যাবে। কিন্তু মজুমদার সাব সব জানেন বলে বললেন, হন্দ্র
ভোমাদের ক্লাব এবার সেমিফাইনালে উঠেছে। সবটা তোমার কৃতিত।
ফাইনালে ওঠা চাই। আমাদের সঙ্গে বিকেল কাটিয়ে দিলে দেখবে—
এ পর্যন্ত। এবার যে শীল্ড হবে তোলা চাই।

মজুমদার সাব এভাবে বেশ ম্যানেজ করে এক বিকেলে বের সয়ে পড়লেন।

ধীরে ধীরে লাঠিতে ভর করে তিনি গাড়ি-বারান্দায় এলেন। টুকুন এবং রামনাথ ত্পাশে দাড়ালে তিনি ওদের কাঁধে ভর করে সিঁড়ি ভাঙলেন! তুপাশে সব বাড়ির এবং অফিসের কিছু আমলা কর্মচারী, করাসের লোক, খাস খানসামা রামনাথ সবাই মিলে বড় কর্তা বিকেলে যে বের হচ্ছেন এবং মামুষটি অস্থে ভুগলে কি যেন একটা ভয়—এত বড়ো বাড়ির বৈভব আর থাকবে না, সামনে কৃত্রিম পাহাড়ের পাশে ছোট্ট হুদ, হুদে কিছু পাখপাথালি—এমন সৌখন বাড়ি এ-তল্লাটে হয়, না অথচ এখন কেমন বাড়িটা ধীরে ধীরে শ্রীহীন হয়ে যাচ্ছে। ত্বছরের ওপর কারখানা ক্লোভার, ত্ব বছরের ওপর এ-ভাবে সাব বাড়িতে শুমে আছেন, ছ বছরের ওপর, কারখানার শ্রমিকেরা স্টেশনে স্টেশনে কোটো ফুটো করে পয়সা মাগছে—এসব দৃশ্য সবার মনে পড়ে গেলে ভারি খারাপ লাগে।

গাড়িতে মজুমদার সাব সামনে বসেছেন। পাশে টুকুন। টুকুনের চুল স্থাম্পু করা। ঘাড় পর্যন্ত চুল পরিপাটি বিছানো। মনে হয় দেবদেবীর চুলের মত—কি কোমল আর মিহি, হাত দিলে যেন ছোঁয়া যায় অথবা চুল স্যাম্পু করা থাকলে আকাশের মত ভারি দেখায় মুখ। চুলের ভিতর আছে আশ্চর্য এক গন্ধ। টুকুন পরেছে হালব। চাঁপা রজের শাড়ি। শাড়িতে লতাপাতা আকা এবং নানা রক্তমের বর্ণাচ্য শোভা—এমন একটা শাড়ির সৌন্দর্যে মুগ্ধ না হয়ে পারা যায় না। এবং মজুমলার সাব বেশ লক্ষ্য করে বুঝেছেন, মেয়ের খুব পছন্দ আছে—কীবঙে ওকে মানায় সে যেন ছানে। আশ্চর্য স্লিগ্ধ স্বভাবের মনে হচ্ছেটুকুনকে। এবং শাড়ির এমন রঙের সঙ্গে ওর শরীরের কোমল আভা অথবা বলা যায় লাবণ্য একেবারে মিলে মিশে গেছে। হালকা প্রসাধন পর্যন্ত। ঠোটে যে সামান্য রঙ তাও এত স্বাভাবিক যে মনেই হয় না টুকুন ঠোটে রঙ লাগিয়েছে। বরং এটুকু না লাগালেই ওকে যেন এই পোশাকের ভিতর সামান্য প্রীহীন করে রাখত।

আর এ-ভাবে এক মেয়ে—বোধ হয় এটা হেমন্তকাল – বেশ গাড়ি ছুটিয়ে যাচ্ছে। সে দোকান থেকে ফুল আনার সময় স্থবলের কিছু খোঁজ খবর রেখেছে। কারণ শহরের সব ফুলের দোকানগুলো বলে দিতে পারে স্থবলের কথা, স্থবলের ফুল একদিন এই শহরে না এলে সব অন্ধকার ছাখে, সেই স্থবলের খোঁজ খবর সব তার কাছে থাকবে সে আর বেশি কি—এবং এ-ভাবে সেও তার খোঁজ খবর স্থবলকে দিয়ে গেছে। স্থবলের এটুকুই লাভ। সে টুকুন দিদিমণির চিঠি অতি যত্নে রেখে দিয়েছে। সে তার জাল্ল তপোবনের মত আলাদা একটা আশ্রম করে দিয়েছে। বুড়ো মানুষটা মারা গেছে গত শীতে।

টুকুনের অহুধ

কাঞ্চন ফুলের চারপাশে সবুজ বাসের কাঠা চারেকের মাঠ। সেথানে ঘাসের ছায়ায় কাঞ্চন ফুলের সৌরভে বুড়ো মাতুষটা বেশ আছে। তার কবর শান বাঁধানো। কাঞ্চন ফল দিন-রাত পাঁপডি ফেলছে সেখানে। বিকেলে যখন হাতে কোন কাজ থাকে না, সুবল সেই ঘাসের ভিতর কাঞ্চন গাছটার নীচে চুপচাপ বসে থাকে। এ-সব খবর টুকুন দিদিমণিকে দে তার লোক মারফত জানিয়েছে। সে চিঠি লিখতে আজকাল পারে। কিন্তু হাতের লেখা এত খারাপ যে দিদিমণিকে চিঠি লেখতে লজ্জা পায়। টুকুন দিদিমণির সঙ্গে কত দিন দেখা নেই—বাড়ি থেকে বের হতে দেওয়া হচ্ছে না, সে যেন ব্রুতে পারে টুকুন দিদিমণি বাবানদায় অথবা রেলিঙে কি ভাবে দাঁডিয়ে আছে, বুঝতে পারলেই ওর ভীষণ কট্ট হয়—সব ফেলে চলে যেতে ইচ্ছা হ — কি এক আকর্ষণ শরীরে তার—কিন্তু টুকুন দিদিমণির অপমান ওর কাছে আরও কষ্টকর। এখন তো সে আর আগের মত পাঁচিল টপকে যেতে পারে না। সে কেমন যেন ক্রমে স্বভাবে শহরের মানুষ হয়ে যাচেছ। গাড়িগুলো শহরে ফুন নিয়ে যাচ্ছে--ভাদের টংলিং টংলিং শব্দ কানে এলে চোখ বুজে পৃথিবার যাবতীয় স্বয়মা দে শুষে নিতে পারে ৷ এবং টুকুন দি দমণিৰ আশ্চৰ্য ভালবাসা সে তথন ভিতৰে ভিতৰে বছ বেশী অনুভব করতে পারে।

মজুমদার সাব বললেন, ভোর স্থবল বাওবাব গাছ দিয়ে কি কববে রে টুকুন ⁹

টুকুন এমন কথায় ভীষণ লজ্জা পোল। বলস, বাওবাব গাছের কথা তুমি কি কবে জানলে ?

- সে জেনেছি।
- —ওটাতো বাবা একটা গল্পের গাছ ।
- -**মানে**!
- সানে ছোট্ট রাজপুত্রের একটা দেশ আছে। সেটা একটা ছোট্ট

গ্রহাণু। শিশুদের জন্ম লেখা গল্প। সেখানে বাওবাব গাছের কথা আছে।

— তুই জানিস না, বাওবাব বলে সত্যিকারের গাছ আছে। জায়গায় জায়গায় নামটা পাল্টে যায়।

এখানে রাস্তাটা একটা বড় পুকুরের পাশ দিয়ে ঘুরে গেছে বলে টুকুনকে খুব ধীরে ধীরে টার্ণ নিতে হল। এখন হেমন্তকাল বলে বেশ শীত শীত ভাব। চারপাশে ধানের জমি। কাঁচা পাকা ধানের মাঠ। চাষীরা মাঠের আলে আলে দাঁড়িয়ে গল্প-গুজব কবছে। কারণ বোঝাই যায়—ধান তোলার সময় হয়ে আসছে। খুব খুশী ওরা, ফসল ভাল, এবং এভাবে এই মাঠেব সব জমি, চাষীদের মুখ, আকাশের নীলিমা এবং কিছু পাখীর কলবব টুকুনকে ভীষণভাবে আপ্লুত কবছে। সেবাবার শেষ কথাটা ঠিক মন দিয়ে শুনতে পায় নি।

মজুমদাব সাব ফের বলে যাক্তেন—আমি একটা বইয়ে পড়েছি, কেনিয়াতে কাণ্ড্বার জঙ্গলে এই গাছ আছে। ছবিতে যা দেখেছি, ভাতে মনে হচ্ছে ঠিক আমাদেব দেশের বাবলা গাছের মত। আমাব শ্বনে হয় প্রবল সেজন্য বাওবাব খ্রাজ বেডাচ্ছে।

- —আমি ঠিক জানি না বাবা। স্ববলকে ভিজ্ঞাসা করে দেখব।
- —তোর মনে আছে যথন প্রথম স্থবল গাড়িতে উঠে এসেছিল গ
- —মনে আছে বাবা।
- —থুব হাসি পেত দেখলে। ওর পাখিটার খবর কিরে?
- —দে ওটা ছেড়ে দিয়েছে বাবা।

তারপর ওরা সেই ফুলের উপত্যকাতে ধীরে ধীরে গাড়ি এগিয়ে নিস। বড় রাস্তা। তারপরই উচু নিচুমাঠ, চন্দনের গাছ, এবং নানারকম লতাগুলাের বন। বনের ভিতর দিয়ে রাস্তা নেমে গেছে, একটু বন থেকে বের হলেই সামনে এক বিস্ময়কর দেশ। নানা জায়গায় নানা ফুল। ওরা দূর থেকেই ফুলের গন্ধ পাড়েছ। এত সব ফুলের

টুকুনের অহুধ

গন্ধ মিলে, যেমন গোলাপ, রজনী গন্ধা, গন্ধরাজ, চামেলি, চাঁপা, বেল ফুল এবং টগর, ষুঁই—কভ যে দব ফুল এবং ফুলের বাদ—

মজুমদার সাব বললেন, টুকুন স্থবল এখন একটা দেশের রাজা।

টুকুন বলল, না বাবা, সে রাজা নয়। সে বলে, সে এর কিছু নয়।
যারা কাজ করে তারাই সব। এবং সে দেখেশুনে বেড়ায় বলে তার
একটু থাকবার জায়গা ওরা দিয়েছে। ঐ যে দূরে দেখছ, উঁচু জায়গায়
আশ্রমের মতো ঘর, ওথানে স্থবল থাকে। তুমি শুনতে পাচ্ছ না,
টংলিং টংলিং শব্দ, দেখতে পাচ্ছ না, তুমি দেখতে পাবে না, ওপাশের
রাস্তা দিয়ে একটা ফুলের গাড়ি চলে যাচ্ছে। তোমার কপ্ত হচ্ছে
নাভো হাঁটতে ? আমি তোমাকে ধরব ?

মজুমদার সাবের এই প্রথম মনে হল তাঁর শরীর ভাল নেই। এ-ভাবে হেঁটে যাওয়া ঠিক না, কিন্তু আশ্চর্য, তার কন্ত হচ্ছে না, তিনি বেশ হেঁটে যেতে পারছেন।

মজুমদার সাব বললেন, টুকুন আমি বেশ হেঁটে যেতে পারছি রে

- —আমি তোমাকে ধরব!
- -- কি বল'ল।
- —তুমি যদি পড়ে টড়ে যাও ?
- —সুবলটা কোথায় ?
- —এখন সূর্য অস্ত যাবার সময়। সে হয়তো যারা খাটে তাদের এখন আগামী কালের কাজকর্ম বুঝিয়ে দিছে। ওদের টাকা পয়সা, সে এখানে নতুন দেশ গড়েছে বাবা। মানুষের জন্ম একটা ভালো আবান তৈরি করেছে।

মজুমদার সাব হেঁটে যাচ্ছিলেন। যেন ভিতরে থাকে মান্থরের এক হুজেরি ইচ্ছা, সেই শৈশব থেকে স্বপ্ন, বড় হওয়ার স্বপ্ন। মান্থরের মতো মাথা উঁচু করে হেঁটে যাবার স্বপ্ন, সব তাঁর হয়েছে, অথচ কোথার যেন তিনি মান্থ্যের চিরটা কাল অনিষ্ট করে বেড়িয়েছেন।

টুকুনের অহ্থ

স্থবলের মত তার জীবনেও ছিল অসীম হুঃথ দারিজ—তিনি তা জয় করতে গিয়ে এটা কি করে ফেলেছেন! বড় হতে যাওয়ার মানে কেমন বদলে যাচ্ছে ক্রমশঃ। স্থবলকে দেখে, স্থবলের উপত্যকা দেখে তাঁব মনে হল, পৃথিবীতে এভাবে বড় হলে অনেক পাপ থেকে মানুষ বেঁচে যায়। তিনি কেমন এবার ক্রত ইাটতে থাকলেন। সেই কুটীরে ওঁর যাওয়া চাই। সেথানে গেলেই বৃঝি তিনি আশ্চর্যভাবে ঠিক ঠিক নিবাময় হয়ে যাবেন।

এ ভাবেই এখানে প্রতিদিন সূর্য ডোবে। ও-পাশের বনের ভিতর
মনে হয়, সূর্য হারিয়ে যায়। কখনও হলুদ রঙ নিয়ে, কখনও বেগুনি
অথবা নীল নীলিমাতে আগুন ছড়িয়ে সূর্য রোজ ও-পাশের কাটায়
হারিয়ে যায়। বনের পাখিরা ডাকে। নদীতে বড় বড় গাছের ছায়া
ধীরে ধীরে নেমে আসে এবং এ-ভাবে পৃথিবী ক্রমে অন্ধকার হয়ে
ওঠে।

স্থবল লোকজনদের বিদায় করে নিজের আশ্রমের মতো ঘরের বারান্দায় বসে থাকে। সে দেখতে পায় পাথিরা উড়ে যাচ্ছে। গাছের ছায়া লম্বা হয়ে যাচ্ছে, নদীর জলে অন্ধকার নেমে আসছে। এ-সময়টাতে ওর এভাবে চুপচাপ নিরিবিলি বসে থাকতে ভাল লাগে। আর এ-সময় মনে হয় কেট আসবে, ঠিক পালিয়ে চলে আসবে সে তাকে বেশি দিন না দেখে থাকতে পাবে না। এমন একটা আশ্চর্য ফুলের উপত্যকা আর কোথাও নেই দে জানে। আর তখনই মনে হয়, দুরে ছায়াছবির মতে। ভেসে উঠছে টুকুন দিদিমণি। এমন ফুলের উপত্যকা পেয়ে টুকুন দিদিমণি প্রায় যেন ভেসে ভেসে চলে আসছে। সে চোথ মুছে ফের উঠে দাড়াল। না, সে অলীক কিছু দেখছে না, ওর ভিতরটা কি যে করছে! টুকুন, হালকা বাদামী রঙের প্রায় ফুলের গাছগুলে। মাড়িতে ছুটে আসছে। সঙ্গে কেউ আছে, বয়সী মামুষ, তিনিও যুবকের মতো হেঁটে আসছেন। স্থবল বুঝতে পারছে না, টুকুনের সঙ্গে কে আসছে! তার বারান্দা ফুলের ডালপালায় ঢাকা। ওর ভিতর থেকেই চিৎকার করে বলতে ইচ্ছা হচ্ছে, টকুন দিদিমণি, আমি এখানে।

এখন ছেমস্তের সময়। ছেমস্তে ফুলের চাষ তেমন জমে না। मानूरकन यात्रा আছে, (थए थए इरात्रान, পामल कम जूरन जानहरू, নদী থেকে জল এনে অসময়ে সে যা চাষাবাদ করছে ফুলের, না দেখলে বিশ্বাস করা যাবে না স্বে দূরে সব সাদা কোঠাবাড়ি, ছবির মতো উজ্জ্বল এক ছোট্ট ছিমছাম শহব যেন। পাকারাস্তা*চলে গেছে* উপত্যকার ভিত্র দিয়ে। নানা জায়গায় সব জলের ফোয়ারা এবং অসময়ে স্বফুলেরা ফুটে আছে। শীতে সে মাইলের পর মাই**ল** গোলাপের চাষ করে থাকে, কে কত বড় গোলাপ ফোটাতে পারে— স্বলের কাছে কে কভ বড় মানুষ তার দ্বারা প্রমাণ হবে। আমি এক মানুষ, আমার আছে এক বড় অঙকার, ফুলেব মতো ফুল ভাখো কি করে চাষাবাদ করে গড়ে তুলেছি। স্থালের মনে হল তথন, টুকুনের কেউ এদেছে সঙ্গে। ওরা, চাঁপা ফুলের যে সব সারি সারি গাছ আছে ভার নীচ দিয়ে হাঁটছে: মেহেদী পাভার গাছ চারপাশে সবুজ হয়ে थारक वरल ि (य सुन्नत लारा सुवल यथन दहरिं याय । लखा राजक्या বডের পাঞ্জারী, ঢোলা সাদারতের পাজামা আর ঘাসের চটি, সুবলকে তথন কেমন বনের দেবতা টেবতা মনে হয়।

সুবল কাঞ্চন গাছের নীতে চুপচাপ দাঁড়িয়ে আছে। ছটো একটা কাঞ্চন ফুল এখনও ফুটছে। সাদ। পাঁপড়ি বুড়োমান্ত্ৰটার সমাধিতে পড়ছে। আর চারপাশে কি সবুজ ঘাস, ঘাসে এখন সব সাদা ফুল, সব ফুলগুলোই যেন বলছে, আমরা বুড়োমান্ত্ৰটার হয়ে পৃথিবীতে বেঁচে আছি, বেঁচে থাকব। ফুলগুলো দেখলে স্বলের এমনই মনে হয়। সে আর সেখান থেকে বেরতে পারে না।

সূবল কাঞ্চনের ডাল মুখের ওপর থেকে সরিয়ে ফেসতেই দেখল, ও আর কেউ নয়, টুকুনের বাবা। সে প্রথমে অবাক, তারপর কেমন অস্বস্তি, তারপর মনে হল বামন হয়ে চাঁদ ধরতে যাওয়ার সামিল, বোধ হয় একুনি তিনি তাকে তাড়া করবেন, অথবা যেমন তিনি মান্থবের সূর্য

টুকুনের অহুগ

বগলদাবা করে পালাচ্ছিলেন, এখানেও তিনি তেমন কিছু করে কেলবেন। দূরে, নদীর পাড়ে তার দামী গাড়িটা। ডিমের মতো ঘাসের ওপর ভেসে আছে গাড়িটা। সূর্যাস্ত, বনের ছায়া, নদীর জল, দব মিলে দাদা রঙ্কের গাড়িটাকে অতিকায় রাজহাঁসের ডিম ছাড়া ভাবতে পারছে না স্বল। টুকুনের বাবাকে দেখে সে সত্যি ঘাবড়ে গেছে। সে আর পালাতে পর্যন্ত পারল না। ফুলের উপত্যকায় সে একজন বনবাদী মামুষের মতো দাড়িয়ে থাকল।

অথচ তিনি কাছে এসে বললেন, বাওবাব গাছ এনেছি ছেন্
সূবল ভেবে পোল না এমন কথা কেন! বলল, বাওবাব গাছ!
—কেন্তু উক্তন যে বলল কোমাব এমন সক্ষয় ফুলেব উপতাকাণ্ড

—কেন টুকুন যে বলল, তোমার এমন স্থন্দর ফুলের উপত্যকাতে একটা বাওবাব গাছ না থাকলে মানাচ্ছে না।

সুবল কেমন সহজ হয়ে গেল। ওর আর টুকুনের বাবাকে ভয় থাকল না। সে ভেবেছিল, আবার কি ঘটেছে, টুকুনকে নিয়ে কি অশান্তি দেখা দিয়েছে সংসারে যে, টুকুনের বাবা এখানে পর্যন্ত ছুটে এসেছেন! সে তো আর যায় না। টুকুনের মা ওর যাওয়া পছল্ফ করেন না, এ-নিয়ে বড় অশান্তি গেছে, সে টুকুনকে যেহেতু টুকুন দিদিমণি ডাকে, সে-জন্ম তার কোন অশান্তি ভাল লাগে না সে দেখল তখন টুকুনও কেমন সহজ হয়ে গেছে। পেছনে দাঁড়িয়ে হাসছে। হাসতে হাসতে বলছে, তুমি আমাকে বলতে না, একটা বাওবাব গাছ পেলে এই উপত্যকাতে লাগিয়ে দিতে।

-- কিন্তু সে তো রূপকথার গাছ। ছোট্ট রাজপুত্রের দেশে পাওয়া যায়।

টুকুনের বাবা বললেন, ছোট্ট রাজপুত্রের দেশে যা পাওয়া যায়, এখানে তা থাকবে না সে কি করে হয়!

স্থবল বলল, আজে তা ঠিক। আমার থুব ইচ্ছা—পেলে লাগাই। তবে রূপকথার গাছ তৈ৷ পাওয়া যায় না। যা কিছু ভাল, এই ফুলগাছ, লতাপাতা সব এনে লাগাতে ইচ্ছা হয়। তবে গল্পের গাছ তো পাওয়া যায় না। টুকুন দিদিমণি জানে সব। ওটা একটা অক্য গ্রহের গল্প।

- এস। বলে তিনি স্থবলের আশ্রমের মতো ঘরটার দিকে ইাটতে থাকলেন। ইাটতে হাটতেই বললেন, সব গ্রহের গল্পই আমরা বানিয়েছি। ছোট্ট রাজপুত্রের গ্রহটাতে একজনের মতো থাকার জায়গা আছে।
 - —তা আছে।
 - গুর একটা ভেড়ার বাচ্চা আছে।
 - —ভাও আছে।
 - —ওর গ্রহের সমুদ্র শুকিয়ে যাবে ভয়ে পাডায় ঢেকে রাখে।
 - —তা রাথে।
- আদলে আমরা চাই যে গ্রহেই মানুষ থাকুক, ঈশ্বর তার থাকা খাওয়ার নিরাপত্তা রাথবেন। রাজপুত্রেরও তা ছিল।

সুবল ভেবে পাচ্ছে না এমন সুন্দর সুন্দর কথা টুকুনের বাবা কি করে বলছেন। সে তো জানো টুকুনের বাবার থুব অসুখ। স্ট্রাইক, লক-আউট, ক্লোজার নানা রকমের হাঙ্গামায় মামুষটা হৃদরোগে ভুগছেন। অথচ এখানে একেবারে অন্ত মামুষ। যদিও এই মামুষটা তার সঙ্গে কোনও খারাপ ব্যবহার করেননি। টুকুনের জন্ম ভীষণ মমতা তার। টুকুন যা ভালবাসে, তিনিও তা ভালবাসেন। টুকুনের জন্ম প্রবল যখন ফুল নিয়ে যেড, দেয়াল টপকে, টুকুনের ঘরে পালিয়ে ফুল দিয়ে আসত, তখন দে জানত না ধরা পড়লে খুব সহজভাবে তিনি বলবেন, বড় বাড়িতে এ-ভাবে আসতে নেই। সদর দিয়ে আসবে। টুকুনের তো সময় থাকে না। রোববারে আসবে। বিকেলে সে ভোমার সঙ্গে গল্প করতে পারবে। রোববারের বিকেলে টুকুনের কোন কাজ থাকে না।

টুকুনের অহুথ

টুকুনের বাবা বঙ্গালেন, এসে খুব ভাল লাগছে। এমন একটা ফুলের উপত্যকা কোথাও থাকতে পারে জানা ছিল না। আমি তোবেশ হেঁটে যাচ্ছি, সাত তুলে তিনি বললেন, ডাক্তারদের কথা আর শুনাছ না। বেশ আছি হে। তা তুমি কেমন লাভ টাব কর!

- —লাভ <u>!</u>
- —এই ফুল বেচে! টুকুন বলল, তোমার নাকি লাখ টাকার ফুল বিক্রি হয় মাসে! তারও বেশি। এত টাকার ফুল বিক্রি করে খুব লাভ হওয়ার কথা।
 - —লাভ টাব বলে তো কিছু নেই।
 - —ভবে কি আছে গ
 - —যা আছে তাকে আরও বাড়ানো,
 - সেটা কার জন্ম ?
 - —যারা কাজ করে, যারা এখানে থাকে খায়⋯
 - —তবে তুমি কে?
 - —আমিও কাজ করি।
 - —কিন্তু বুড়ো মামুষ্টা ভোমাকে দানপত্র করেছে না
 - —ভা করেছে।
- —তবে তুমি মালিক। তোমার এখানে লেবার আনরেন্ট নেই শুনেছি!

স্থবল বুঝতে পারল, বিষয়ী মানুষ, তিনি বিষয় আশয় ছাড়া বোঝেন না। সে তাঁকে বল্পল, বস্থন।

তিনি এমন বড় উপভাকার বিচিত্র বর্ণের সব ফুল এবং মানুষের। এখনও কেউ কেউ কাঞ্চ করছে দেখে কেমন অবাক। —এরা বৃঝি ওভার-টাইম খাটছে।

স্থবল বলল, না। কাজ বোধ হয় শেষ করে উঠতে পারেনি।

—তোমার ফুলের গাড়ি কখনু,যায় ?

- —ভোর বাতে।
- —কতজন লোক এখানে কাজ করে **?**
- ∸তা অনেক হবে তার হিসাবটা⋯
- —তুমি কি সে। কোন হিদেবপত্র রাখ না।
- —না, মানে কি জানেন সবাই কাজ করে না ভো। সবাই
- ওরা কোপায় থাকে ?

তিনি বললেন, এ-পাশেব ছোট্ট একটা ছিমছাম শহরেব মতে চোখে পড়ল ওখানে কাবা থাকে গ

- এরা থাকে
 - -এ-সব তুমি ওদেশ করে দিয়েছ।
- আমি কবি ন। ওবা নিজেবাই করে নিয়েছে তা হলে তোমাব এ ানে সভ্যি গোলমাল হয় না।

স্থবল হেদে বঙ্গল, কিদের গোলমাল ?

- এই বোলাস নিয়ে, ইনজ্রিমেন্ট নিয়ে।

সুবল ভেবে অবাক হয়ে যায়, এ-সব কথা সে শোনেনি। যথন সবই ওদের, ওবা যৌথভাবে থেটে এমন একটা উপত্যকা বানিয়ে ফেলেছে. তথন কেন যে ওবা গোলমাল করবে, বুঝাতে পাবে না।

টুকুনেব বাবা বললেন, স্থবল তোমাকে আর চেনা যায় না। টুকুন তোব মনে আছে আমরা ট্রেনে আদছিলাম, তখন বিহার পূর্ণিয়া অঞ্চলে কি খরা। নীল রঙেব বেতের চেয়ারে বসে তিনি কথা বল'ছলেন। একটা নীল রঙেব লঠন কেউ জেলে দিয়ে গেছে। তিনি কেব বললেন তোমার পাখিটাব কথা খুব মনে হয়।

সে অনেকদিন আগের কথা। ওরা তিনজনই মনে কবতে পাবে— কোথায় কবে এক প্রচণ্ড থরায় সব স্থালে যাচ্ছিল, একদল তৃষ্ণার্ত লোক ট্রেন আটকে জল লুট করেছিল, এবং সুবল, সেও এসেছিল জল খেতে। কল খেতে এসে অবাক. এক মেয়ে কি স্থালর, মোমের পুতুলের মতো

টুকুনের অহুথ

বাংকে. শুমে আছে, উঠতে পারে না, কথা বলতে পারে না, কেবল চেয়ে থাকে, আর কি স্থানর মুখ তার, দেখতে দেখতে স্থাল অবাক কয়ে যায়। জল পান করতে হবে, অথবা দে তার তেষ্টার কথা ভূলে, কেমন ভেবে পায় না, কোথাও এমন স্থানর মোমের মতো নরম চোথ অথবা কুচফলের মতো নাক থাকতে পারে। সে মেয়েটিকে তার জ্যাবের পাথির খেলা দেখিয়েছিল। স্থবল, এক আশ্চর্য বালক, যাহ্নকরের সামিল তথন। টুকুনের বাবা দেখেছিলেন, টুকুন স্থবলকে বাংকের নীচে লুকিয়ে রেখেছে, পুলিস এলে বলেছে না নেই, এ-কামরায় কেট আসেনি। যে মেয়ের মরে যাবার কথা, যার কঠিন অস্থা, যে ক্রমে স্থ বির হয়ে যাচ্ছে তার এমন স্বাভাবিক কথাবার্তা শুনে তিনি চোথ বড় করে ফেলেছিলেন। অথচ টুকুনের মানর কি যে স্বভাব, কোথাকার এক নচ্ছার ছেলে উঠে এসেছে, তাকে নিয়ে বাড়াবাড়ি, চাল নেই, চুলো নেই, হয়তো মন্ত্র-টন্ত্রও জানে, মেয়েটাকে বশ করার তালে আছে, প্রায় জোরজার করে ব্যাণ্ডেলে গাড়ী এলে তিনি স্বলকে নামিয়ে দিয়েছিলেন।

অথচ স্বল মনে করতে পারে, এক হাসপাতালে আবার দেখা টুকুনের সঙ্গে। সে তার পাথিটাকে নিয়ে শহরে ঘুরে বেড়াচ্ছিল। সে তাব কেটে বিক্রি করত। সে ভেবেছিল, তথন শহরে এটাই সবচেয়ে তাল কাজ। সে প্রায় নিজের মতো করে একটা জলছত্রও দিয়েছিল। আরও অনেক কাজ, এবং কাজের ভিতরই সে ফের হাসপাতালের জানালায় আবিষ্কার করেছিল টুকুন দিদিমণিকে। সে তথন প্রাণপণ, সেই জানালায় দাঁড়িয়ে পৃথিবীর নানা রকম আশ্চর্য গল্প, রূপকথার গল্প, বাহুকরের দেশে মুগুমালার গল্প বলে টুকুন দিদিমণিকে সাহস দিত। বেঁচে থাকতে বলত। কারণ সে বিশ্বাস করতে পারত না, পৃথিবীতে স্থলর মেয়েরা কথনও মরে যায়।

স্থবলের এমন প্রাণপণ খেলা দেখে টুকুনেরও ভারি ছুটতে ইচ্ছা হত। টুকুন এই যে এখন বল্লে আছে, সুবল বলে রয়েছে সামনে, বাবা পাশে, বাবা সন্দেশ হব থাচ্ছেন, স্ববল চা থাচ্ছে, সে চা ডিম ভাজা খাচ্ছে, এরই ভিতর যেন এক আশ্চর্য সৌরভ সে পায় স্ববলের শরীরে, স্বলের কথা মনে হলেই সেই সব পুরনো দিনের কথা মনে হয়—এবং স্বলই পৃথিবীতে একমাত্র বাওবাব গাছ খুঁজে আনতে পারে—তার বিশ্বাস হয়। সে ভাবতে থাকে, স্বল না থাকলে, সে ব্রুতে পারত না, ছোট্ট রাজপুত্রের কোন গ্রহাণু থাকতে পারে, আর সেথানে আগ্রেয়গিরির মুথ তেকে রাথার জন্ম বাওবাব গাছের পাতা লাগে।

তারপর আবও কি সব দিন গেছে টুকুনের। স্থবল একবার এল ফুল নিয়ে। সব দামী দামী গোলাপ, তথন স্থবলকে চেনা যেত না। সে পালিয়ে আসত, আব কি বোমাঞ্চ, সে এলেই মনে হত শরীরের যাবতীয় অন্থথ কেমন সেরে গেছে। টুকুন তথন নাচতে পারত, সে জোরে পিয়ানোতে নানা বর্ণেব স্বব তুলতে পারত। যেন কবিতার মতো এক আণ আছে স্বলেব চোখে মুখে স্থবল এলেই শরীরের সব কন্ত এক মায়াবী সৌরভে মুছে যেত। ঘরের সাদা অথবা হলুদ রঙের দেয়ালে টুকুন মাঝে মাঝে তথন বনের দেবী হয়ে যেত।

এবং এ-ভাবে এক শাহান-সা মানুষ, সব অঙ্কার মুছে আজ এখানে চলে এসেছেন। স্থবলের ভারি ভাল লাগছে। তিনি বললেন, তোমার বুড়ো মনুষটা কোথায় থাকত ?

- —এ-ঘরেই।
- —ভোমাকে খুব ভালবদতেন তিনি 🔈

টুকুন বলল, বাবাকে দেখাবে না! অর্থাৎ টুকুন বাবাকে সেই বুড়ো মানুষটার সমাধি দেখাতে চায়। কত দিন টুকুন পালিয়ে এসে সবুজ ঘাসে কাঞ্চনের ছায়ায় চুপচাপ বসে রয়েছে। কতদিন পালিয়ে এসে বেশ রাত করে ফিরেছে। টুকুনের মা শেষ দিকে নানাদিক ভেবে ওর বের হওয়া বন্ধ করে দিয়েছিলেন। পরিবারের

টুকুনের অহুখ

মান-সম্মানের কথা ভেবে, তা ছাড়া টুকুনের এটা পাগলামি ছাড়া কি, কোথাকার এক ফুলয়ালা, যার চাল নেই চুলো নেই, শহরে এখন ফুল বিক্রি করে খায়, তেমন এক মানুষের সঙ্গে টুকুনের এ-সব ঘটনা বড় পীড়াদায়ক। তিনি টুকুনকে আর বের হতে দিতেন না

আর বিকেলে কি মনে হয়েছিল টুকুনের বাবার, হঠাৎ এ-সব মনে হতেই বৃঝি ভিতরে একটা গোলমাল দেখা দেয়। যা এতদিন সত্য জেনেছেন, সব মনে হয় অহমিকার কথা। সেই ফুলয়ালার কাছে যেতে মনে হয়। টুকুন নিশিদিন যায়, গল্প করতে ভালবাসে — বাবা. স্থবল তো ভোমার মতো ভাবে না, সে ভো ভোমার মতো ছংখ পায় না: সেখানে ভো ভোমার মানুষদের মতো মানুষরা কাজ করছে নদী থেকে জল আনছে। লভাপাতা থেকে সার বানাচ্ছে চারপাশে নান। রকম পাশ্প সেট, যখন যেখানে জল দরকার চলে যাচ্ছে। কারে: নালিশ নেই, কারো ভেমন ব্যক্তিগত উচ্চাশা নেই, বেশ ভো আছে ওরা। সারা উপত্যকাময় কি সব স্থানর স্থান ফুল ফুটে আছে।

এবং এ-ভাবেই তিনি মেয়েকে নিয়ে এসেছেন এখানে। স্ত্রী জানেন না। মেয়েকে নিয়ে পালিয়ে এসেছেন। যেন দেখতে চান, ষথার্থই পৃথিবীতে কোন ফুলের উপত্যকা গড়ে উঠতে পারে কি না। তিনি বললেন, চল, কাঞ্চন গাছগুলোর নীচে গিয়ে বদি।

সুবল ব্রাতে পারল, তিনি সেই বুড়ো মানুষটার সমাধির পাশে বিসে থাছতে চান। সুবল যেতে যেতে বলল, বুড়ো মানুষটার একমাত্র অহস্কার ছিল, কেউ ওর মতো ফুলের চাষ জানে না। ফুলের দালালরা ঠকিয়ে ফুল নিয়ে যেত, কিছু মনে করতেন না। কেবল বললেই হতো, মিঞাসাব আপনার ফুলের মতো ফুল আর কার আছে। তিনি ভার পরিশ্রমের পয়সা পেতেন না। একটু থেমে বলল, ফুলের দালালী করতে এসে এখানে থেকে গেলাম। কেমন বুড়োমানুষটার জক্ত মারা

হল! এর কাজ করতে কষ্ট ছলে কাজ করে দিতাম। বন থেকে পাতা এনে দিতাম। পাতা পুড়িয়ে তিনি জমির সার বানাতেন! তার কাছে আন্চর্য সব থবর জেনে নিলাম। তার ফুলের চাষ এত কেন ভাল, বনের কোন্ গাছ, কি পাতা কোন্ সময়ে পোড়ালে কোন্ ফুলের উপকারে আসে, পৃথিবীতে কেউ বোধ হয় ওঁর চেয়ে তা ভাল জানতেন না। তথন বুড়োমানুষটার আমি বাদে আর কেউ ছিন না।

বাবা বলকেন, সুবল তোমার অহস্কার হয় না ? এত বড় একটা ফুলের উপ হ্য হা তুমি গড়ে তুলেছ এখানে সব মানুষের জন্ম রেখেছ সমান দায়িত, বড় শহরে সকালে যার সারি সারি ফুলের গাড়ি, তোমার মনে হয় না, রাজার মতো বেঁচে আছ ?

সে বলল, আছে না। আমার তথন বুড়োমানুষটার কথা মনে হয়।

—কি বলেন তিনি <u>?</u>

ওরা সব্জ ঘাসে পা ডুবিয়ে বসে রয়েছে। টুকুন এখন নানা বর্ণের ফুলের ভিতর ঘুরেফিরে কেমন মজা পেয়ে গেছে, সামান্ত জ্যোৎসায় ওর ছুটতে পর্যস্ত ইচ্ছা করছে। তখন প্রবল্গ বলছে বড়োমান্ত্র্যটার কথা। সে বলল, তিনি বলতেন, আল্লা থুব সরল। তিনি চান পৃথিবীতে সবল এবং ভালমান্ত্রয়া সুখে থাকুক। তারপরই সুবল কেমন চুপ হয়ে যায়। একটু পরে থেমে থেমে সুবল বলল, তিনি বলতেন, সব লতাপাভার ভিতর, ফুলফলের ভিতর এবং সব গ্রহ-নক্ষত্র, অথবা এই যে সৌরলোক, যা কিছু আছে চারপাশে, সবার ভিতর তিনি আছেন। কোন উপাস্ত নেই তিনি ভিন্ন। তিনি রাজার রাজা। তিনি সবচেয়ে প্রাজ্ঞ। যা কিছু আছে আকাশে আর যা আছে পৃথিবীতে—সব তাঁর। তিনি জানেন সব কিছু। স্ফি স্থিতি প্রলয় তাঁর অস্তলোকের রহস্য। তিনিই জানেন একমাত্র কি আছে সামনে আর কি আছে পেছনে।

টুকুনের অহুধ

তাঁর আসন আকাশ আর পৃথিবীর ওপরে বিস্তৃত। আর এ-ছুয়ের তিনি নিশিদিন রক্ষাকারী। তার জন্ম তিনি ক্লান্ত বোধ করেন না।

সুবল কি দেখল এবার। সে দেখল টুকুন ঘাসের ভিতর কাঞ্চন ফুলের পাঁপড়ি সংগ্রহ করছে। কি স্থানরভাবে উবু হয়ে বসেছে। কি মায়ায় ভরা মুখ। সে কিছুতেই বেশি আশা করতে পারে না। সেবলল বুড়োমানুষটার কথা মনে হলে নিজেকে কিছুই ভাবতে ভাল লাগে না। এমন কথা শুনলে আপনার বিশ্বাস হবে কি না জানি না।

টুকুনের ভারি আশ্চর্য লাগে সেই স্থবল, ফুটপাতে যে ঘুরে বেড়াত যার কোন ঠিকানা ছিল না, নিজের বলতে কিছু ছিল না, কি করে সেই মানুষ এমন স্থানর একটা ফুলের উপত্যকা যা মাইলব্যাপী কি তারও বেশি হবে, কতদ্র গেছে সে ঠিক জানে না, কিভাবে গড়ে তুলেছে।

সুবল ফের বলল, তিনি প্রায়ই মুসার কথা বলতেন। বলতেন বারোটি প্রস্রবণের কথা। লোকদের জন্ম তিনি জল চাইলেন। মরু-ভূনিতে কোথায় জল। অথচ দৈববাণী, মুসা তার লাঠি দিয়ে বারোটা পাথরে বাড়ি মারলেন। জল উপছে উঠল। ঠাণ্ডা জলের প্রস্রবণ। মুসা বললেন, জল পান করো মনুষ্যাগণ। আল্লাহ যে জীবিকা দিয়েছেন তা থেকে থাও আর পান করো। অন্যায়কারী হয়ে দেশে অপবিত্র আচরণ করো না।

সামান্ত জ্যোৎসায় টুকুন বুঝতে পারল, বাবার মুখ কেমন শুকনো দেখাছে। আসলে কি স্থবল বাবাকে অন্তায়কারী ভাবছে। অন্তায়-কারী ভেবে গল্পটা বলছে। বাবাও কি ভেবে ফেলেছেন তিনি অন্তায়কারী। সংসারের জন্ত তিনি অনেক অন্তায় কাজ করে ফেলেছেন। রাতে এ জন্ত তিনি ঘুমোতে পারেন না। মনে হয় কেউ তাকে গলা টিপে মারতে আসছে।

ে তারপরই বাবার মুধ কের কেমন সরল সহজ হয়ে যায়। তিনি

বলতে থাকেন তোমার এখন শুধু দেখছি একটি বাওবাব গাছ ছলেই হয়ে যায়।

স্থবল কেমন বোকার মতো বলে ফেলল হয়ে যায়।

টুকুন হাসবে কি কাঁদবে বুঝতে পারছে না। কারণ স্থবল বাবার কথা ঠিক ধরতে পারছে না।

আর এ-ভাবেই জীবনের কোন স্থসময়ে কিছু ভাল কাজ করে কেলতে ইচ্ছা হয়। টুকুন স্বলকে ভীষণ ভালবাসে। টুকুনের জন্ম পৃথিবীর সব দামী অথবা মহার্ঘ যুবকেরা অপেক্ষা করছে। অথচ টুকুন সেই শৈশব থেকে এক পাথিয়ালার প্রেমে পাগল। মানুষের স্বভাবে কি যে থাকে ' বা ডুর সবাই যখন ভেবেছে সাময়িক খেয়াল, তখন ব'বা বুঝতে পারেন, টুকুন এমন একজন সংমানুষকেই সারাজীবন ধবে চেয়েছে। দে এ^ন চেয়ে বেশি কিছু চাইতে পারে না। তিনি তো দেখছেন যে-সব যুবকেরা টুকুনের পাশে ঘোরাফেরা করে, এই যেমন ইন্দ্র সে টুকুনকে না পেলে রুমপাকে বিয়ে করবে। ওতে ওর আসে যায় না। কিন্তু এই ফুলের উপত্যকাতে এদে বুঝতে পেরেছেন, স্ববল পৃথিবীর চারপাশে নিরন্তর খুঁজে যাবে একটি বাওবাব গাছ। না পেলে সে একা একা হেঁটে যাবে। কারণ ওর চোথ মুথ দেখলেই বোঝা যায়, গল্পের গাছটা ওর থুব দরকার। গল্পের গাছটা এই উপত্যকাতে না লাগাতে পারলে ওর ভারি হুঃখ থেকে যাবে। সারাদিন পরিশ্রমের পর মানুষের এমন একটি গাছের ছায়া দরকার। **আজীবন** তিনিও তা চেয়েছেন। সঠিক গাছেব ছায়া পেলে হয়তো তিনি এমন অস্থায়কারী হয়ে যেতেন না।

এবং এ-ভাবেই টুকুন এখন প্রায় সব ছুঁয়ে ছুঁয়ে যাচ্ছে, স্বলের পাশে হাঁটতে পারলে পৃথিবীতে দে আর কিছু চায় না এবং ভেবে কেলেছে, সেই ছোট্ট রাজপুত্রের গ্রহাণুর মতো এটা স্বলের গ্রহাণু এখানে মানুষের কোন কষ্ট নেই, এখানে মানুষেরা খেটে খায়, পরিশ্রমের

हुक्तित्र व्यक्ष

বিনিময়ে বাঁচে। স্থ্বলকে খুব বড় মনে হয় তথন। আর রাগ হলে ভাবে ভীষণ অহমারী।

বাবা বললেন বুঝলে হে সুবল, দেখেশুনে মনে হল, থুবই দরকার বাওবাব গাছের।

স্থবল বোকার মতো যেই বললে খুবই দরকার। তথন টুকুন ফিদ ফিস করে বলল, এই কি যা-তাখলছ।

তিনি গাড়ীর কাছে গিয়ে বললেন, বাড়ীতে আছে। বড হচ্ছে।

যথন সময় হবে নিয়ে আদবে। বুঝতে পারছি, গাছটা না হলে তোমার

এমন স্থান্দর ফুলের উপত্যকা সত্যি শ্রী-ছীন হয়ে থাকবে। মনে হয়
তোমার এই উপত্যকাতে বাওবাব গাছ লাগিয়ে দিতে পারলেই আমার
ঘুম আসবে। আমি ভাল হয়ে যাব।